মহাভারতম্

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

৮

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৯

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

এবং সম্ভাষমাণে তু ধৌম্যে কৌরবনন্দনম্।
লোমশঃ সুমহাতেজা ঋষিস্তত্রাজগাম হ ॥১॥
তং পাণ্ডবাগ্রজো রাজা সগণো ব্রাহ্মণাশ্চ তে।
উপাতিষ্ঠন্মহাভাগং দিবি শক্রমিবামরাঃ ॥২॥
তমভ্যর্চ্চ্য যথান্যায়ং ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
পপ্রচ্ছাগমনে হেতুমটনে চ প্রয়োজনম্ ॥৩॥
স পৃষ্টঃ পাণ্ডুপুত্রেণ প্রীয়মাণো মহামনাঃ।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা হর্ষয়ন্নিব পাণ্ডবান্ ॥৪॥

ভারতকৌমুদী

এবমিতি। কৌরবনন্দনং যুধিষ্ঠিরম্, এবং সম্ভাষমাণে ব্রুবতি সতি ॥১॥

তমিতি। সগণো ভীমাদিভিবনুচরৈঃ সহ। উপাতিষ্ঠৎ পাদ্যাদিভিবপূজয়ৎ ॥২॥

তমিতি। তং লোমশমেব হেতুং পপ্রচ্ছ। প্রচ্ছির্দ্বিকর্ম্মকঃ। অটনে বিচবণে ॥৩॥

স ইতি। স লোমশঃ। শ্লক্ষ্ণয়া কোম[illegible] ।৪।

মিলিত হইয়া এই তীর্থসমূহে বিচরণ কবিতে থাকিয়া অর্জ্জুনেব উৎকণ্ঠা ত্যাগ করিতে পারিবে" ॥৩৪॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—ধৌম্যপুরোহিত যুধিষ্ঠিরকে এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে অতিমহাতেজা লোমশমুনি সেখানে উপস্থিত হইলেন ॥১॥

তখন স্বর্গে দেবগণ যেমন দেবরাজের পূজা করেন, সেইরূপ অনুচরবর্গের সহিত যুধিষ্ঠির এবং সেই ব্রাহ্মণগণ মহাত্মা লোমশের পূজা করিলেন ॥২॥

যথানিয়মে পূজা করিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠির লোমশের নিকটে তাঁহার আগমনের কারণ এবং বিচরণের প্রয়োজন জিজ্ঞাসা করিলেন ॥৩॥

যুধিষ্ঠির ঐরূপ জিজ্ঞাসা করিলে, মহামনা লোমশ আনন্দিত হইয়া পাণ্ডবগণকেও আনন্দিত করিবার জন্য কোমল বাক্যে বলিতে লাগিলেন— ॥৪॥

---

(১) এবং সম্ভাষমাণে তু ধৌম্যে কৌরবনন্দন!—বা ব কা। (২)…উদতিষ্ঠন্মহাভাগম্—পি।

সঞ্চরন্নস্মি কৌন্তেয় ! সর্ব্বান্ লোকান্ যদৃচ্ছয়া ।
গতঃ শক্রস্য ভবনং তত্রাপশ্যং সুরেশ্বরম্ ॥৫॥
তব চ ভ্রাতরং বীরমপশ্যং সব্যসাচিনম্ ।
শক্রস্যার্দ্ধাসনগতং তত্র মে বিস্ময়ো মহান্ ॥৬॥
আসীৎ পুরুষশার্দ্দূল ! দৃষ্ট্বা পার্থং তথা গতম্ ।
আহ মাং তত্র দেবেশো গচ্ছ পাণ্ডুসুতান্ প্রতি ॥৭॥ (যুগ্মকম্)
সোঽহমভ্যাগতঃ ক্ষিপ্রং দিদৃক্ষুস্ত্বাং সহানুজম্ ।
বচনাৎ পুরুহূতস্য পার্থস্য চ মহাত্মনঃ ॥৮॥
আখ্যাস্যে তে প্রিয়ং তাত ! সুমহৎ পাণ্ডুনন্দন ! ।
ঋষিভিঃ সহিতো রাজন্ ! কৃষ্ণয়া চৈব তচ্ছৃণু ॥৯॥
যত্ত্বয়োক্তো মহাবাহুরস্ত্রার্থং ভরতর্ষভ ! ।
তদস্ত্রমাপ্তং পার্থেন রুদ্রাদপ্রতিমং বিভো ! ॥১০॥

ভারতকৌমুদী

কিমুবাচেত্যাহ—সঞ্চরন্নিতি । যদৃচ্ছয়া উদ্দেশ্যবিহীনেচ্ছয়া ॥৫॥

তবেতি । সব্যসাচিনমর্জ্জুনম্ । তথা গতং শক্রস্যার্দ্ধাসনগতং পার্থমর্জ্জুনং দৃষ্ট্বা মে মহান্ বিস্ময় আসীৎ, মানুষস্য দেবরাজার্দ্ধাসনে স্থিত্যসম্ভবাদিতি ভাবঃ ॥৬—৭॥

স ইতি । বচনাদনুরোধবাক্যাৎ, পুরুহূতস্য ইন্দ্রস্য, পার্থস্য অর্জ্জুনস্য ॥৮॥

আখ্যাস্য ইতি । প্রিয়ং প্রীতিকরং বচনম্ । কৃষ্ণয়া দ্রৌপদ্যা ॥৯॥

"কুন্তীনন্দন ! আমি যদৃচ্ছাক্রমে সমস্ত লোকে বিচরণ করিতে করিতে ইন্দ্রের ভবনে যাইয়া উপস্থিত হইয়াছিলাম এবং সেখানে ইন্দ্রকে দেখিয়াছিলাম ॥৫॥

এবং তোমার ভ্রাতা মহাবীর অর্জ্জুনকে ইন্দ্রের অর্দ্ধাসনে উপবিষ্ট দেখিয়াছিলাম । পুরুষশ্রেষ্ঠ ! অর্জ্জুনকে সেইস্থানে উপবিষ্ট দেখিয়া আমার গুরুতর বিস্ময় জন্মিয়াছিল । তখন দেবরাজ আমাকে বলিলেন—"ঋষি ! আপনি পাণ্ডবগণের নিকট গমন করুন" ॥৬—৭॥

তা'র পর দেবরাজের ও মহাত্মা অর্জ্জুনের অনুরোধে কনিষ্ঠ ভ্রাতাদের সহিত তোমাকে দেখিবার জন্য সত্বর আমি এখানে আসিয়াছি ॥৮॥

বৎস পাণ্ডুনন্দন ! আমি তোমার নিকট গুরুতর প্রিয় সংবাদ বলিব । রাজা ! ঋষিগণ ও দ্রৌপদীর সহিত তুমি তাহা শ্রবণ কর ॥৯॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! তুমি যে অস্ত্রলাভের জন্য অর্জ্জুনকে বলিয়াছিলে, অর্জ্জুন হাদেবের নিকট হইতে সেই অতুলনীয় অস্ত্র লাভ করিয়াছেন ॥১০॥

যত্তদ্ব্রহ্মশিরো নাম তপসা রুদ্রমাগতম্।
অমৃতাদুত্থিতং রৌদ্রং তল্লব্ধং সব্যসাচিনা ॥১১॥
তৎ সমন্ত্রং সসংহারং সপ্রায়শ্চিত্তমঙ্গলম্।
বজ্রমস্ত্রাণি চান্যানি দণ্ডাদীনি যুধিষ্ঠির! ॥১২॥
যমাৎ কুবেরাদ্বরুণাদিন্দ্রাচ্চ কুরুনন্দন!।
অস্ত্রাণ্যধীতবান্ পার্থো দিব্যান্যমিতবিক্রমঃ ॥১৩॥
বিশ্বাবসোস্তু তনয়াদ্গীতং নৃত্যঞ্চ সাম চ।
বাদিত্রঞ্চ যথান্যায়ং প্রত্যবিন্দদ্যথাবিধি ॥১৪॥
এবং কৃতাস্ত্রঃ কৌন্তেয়ো গান্ধর্ব্বং বেদমাপ্তবান্।
সুখং বসতি বীভৎসুরনুজস্যানুজস্তব ॥১৫॥

ভারতকৌমুদী

যদিতি। মহাবাহুরর্জ্জুনঃ। আপ্তং লব্ধম্, পার্থেন অর্জ্জুনেন ॥১০॥

কিং নাম তদস্ত্রমিত্যাহ—যদিতি। অমৃতাৎ মন্থনসময়ে অমৃতাশ্রয়াৎ সমুদ্রাৎ ॥১১॥

তদিতি। সংহারেণ নিবর্ত্তনেন সহেতি সসংহারম্, প্রায়শ্চিত্তং পরপ্রযুক্তস্য নিবারণং তদেব মঙ্গলং তেন সহেতি তৎ। লব্ধং লব্ধানি চেত্যনুবর্ত্ততে ॥১২॥

অথ কস্মাল্লব্ধং লব্ধানি বেত্যাহ যমাদিতি। যথাসম্ভবমধীতবান্ ॥১৩॥

বিশ্বেতি। বিশ্বাবসোস্তনয়াৎ চিত্রসেনাৎ। সাম সান্ত্ববাদং সামগানং বা ॥১৪॥

এবমিতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ, আপ্তবান্ চিত্রসেনাল্লব্ধবাংশ্চ সন্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—১১॥ সমন্ত্রং প্রয়োগাদৌ মন্ত্রসহিতম্। সংহারস্ত্যক্তস্যাকর্ষণম্। প্রায়শ্চিত্তম্ অস্ত্রাগ্নিনা নিরপরাধানাং দাহে যো দোষস্তস্য শোধনম্। মঙ্গলং দগ্ধানামেবারামাদীনাং পুনর্বিকসনম্। বজ্রং বজ্রবদপ্রতীকার্য্যং রৌদ্রমেব ॥১২—১৩॥ গীতং লৌকিকং

সেই যে 'ব্রহ্মশির'-নামক অস্ত্র সমুদ্রমন্থনের সময়ে তাহা হইতে উঠিয়াছিল এবং মহাদেবের তপস্যায় তাঁহার নিকট আসিয়াছিল; সেই পাশুপত অস্ত্র অর্জ্জুন লাভ করিয়াছেন ॥১১॥

আর, যুধিষ্ঠির! মন্ত্র, উপসংহার ও নিবারণের উপায়ের সহিত সেই বজ্র এবং দণ্ডপ্রভৃতি অন্যান্য অস্ত্রও অর্জ্জুন লাভ করিয়াছেন ॥১২॥

কুরুনন্দন! অসাধারণ-বিক্রমশালী অর্জ্জুন যম, কুবের, বরুণ ও ইন্দ্রের নিকট হইতে স্বর্গীয় অস্ত্র সকল শিক্ষা করিয়াছেন ॥১৩॥

তাহার পর তিনি—বিশ্বাবসুর পুত্র চিত্রসেনগন্ধর্ব্বের নিকট নৃত্য, গীত, বাদ্য ও সামগান যথানিয়মে ও যথাবিধানে শিক্ষা করিয়াছেন ॥১৪॥

(১১)...রুদ্রমাগমৎ—বা ব কা নি।

যদর্থং মাং সুরশ্রেষ্ঠ ইদং বচনমব্রবীৎ।
তচ্চ তে কথয়িষ্যামি যুধিষ্ঠির! নিবোধ মে ॥১৬॥
ভবান্ মনুষ্যলোকেঽপি গমিষ্যতি ন সংশয়ঃ।
ব্রূয়াদ্‌যুধিষ্ঠিরং তত্র বচনান্মে দ্বিজোত্তম! ॥১৭॥
আগমিষ্যতি তে ভ্রাতা কৃতাস্ত্রঃ ক্ষিপ্রমর্জ্জুনঃ।
সুরকার্য্যং মহৎ কৃত্বা যদশক্যং দিবৌকসৈঃ ॥১৮॥
তপসাপি ত্বমাত্মানং যোজয় ভ্রাতৃভিঃ সহ।
তপসো হি পরং নাস্তি তপসা বিন্দতে মহৎ ॥১৯॥
অহঞ্চ কর্ণং জানামি যথাবদ্ভরতর্ষভ!।
সত্যসন্ধং মহোৎসাহং মহাবীর্য্যং মহাবলম্ ॥২০॥

ভাবতকৌমুদী

যদিতি। সুরশ্রেষ্ঠো দেবরাজঃ। নিবোধ শৃণু ॥১৬॥

কিং তদ্বচনমিত্যাহ—ভবানিতি। তত্র মনুষ্যলোকে, বচনাদনুরোধবাক্যাৎ ॥১৭॥

আগমিষ্যতীতি। সুরকার্য্যং নিবাতকবচাদীনাং বধরূপম্। দিবৌকসৈর্দেবৈঃ, "সমাসান্তগতানাং বা রাজাদীনামদন্ততা" ইত্যদন্ততয়া ভিস্ ঐস্ ॥১৮॥

তপসেতি। ত্বমপীত্যন্বয়ঃ। পরমুত্তমম্। বিন্দতে লভতে, মহৎ ফলম্ ॥১৯॥

অহমিতি। সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্। বীর্য্যং কায়িকী শক্তিঃ, বলঞ্চ মানসিকী শক্তিঃ

ভাবতভাবদীপঃ

গানম্, সাম ঋতুগানম্ ॥১৭॥ অনুজস্য ভীমস্যানুজঃ ॥১৫—১৭॥ সুরকার্য্যং নিবাতকবচাদীনাং বধঃ। দিবৌকসৈরিতি বহুলং ছন্দসীত্যৈস্ ॥১৮—১৯॥ সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্

যুধিষ্ঠির! তোমার কনিষ্ঠ ভ্রাতার (ভীমের) কনিষ্ঠভ্রাতা অর্জ্জুন এইভাবে অস্ত্র ও গান্ধর্ববেদ শিক্ষা করিয়া স্বর্গলোকে সুখে বাস করিতেছেন ॥১৫॥

দেবরাজ যেজন্য আমাকে এই কথা বলিয়া দিয়াছেন, তাহা আমি তোমার নিকট বলিব; তুমি শ্রবণ কর ॥১৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি নিশ্চয়ই মনুষ্যলোকেও যাইবেন; সুতরাং আমার অনুরোধে সেখানে যুধিষ্ঠিরকে বলিবেন (যে)— ॥১৭॥

'তোমার ভ্রাতা অর্জ্জুন অস্ত্রশিক্ষা সমাপ্ত করিয়াছেন, এখন দেবগণের যাহা অসাধ্য, এমন একটী গুরুতর দেবকার্য্য সম্পন্ন করিয়া শীঘ্রই আসিবেন ॥১৮॥

তুমিও অপর ভ্রাতাদের সহিত মিলিত হইয়া তপস্যা কর।' কারণ, তপস্যা হইতে উত্তম কিছুই নাই; সুতরাং তপস্যা দ্বারা গুরুতর ফল পাওয়া যায় ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ! আমিও যথাযথভাবেই কর্ণকে জানি; কর্ণ—সত্যপ্রতিজ্ঞ,

মহাহবেম্বপ্রতিমং মহাযুদ্ধবিশারদম্।
মহাধনুর্দ্ধরং বীরং মহাস্ত্রং বরবর্ম্মিণম্ ॥২১॥
মহেশ্বরসুতপ্রখ্যমাদিত্যতনয়ং প্রভুম্।
তথাঽর্জ্জুনমতিস্কন্ধং সহজোল্বণপৌরুষম্।
ন স পার্থস্য সংগ্রামে কলামর্হতি ষোড়শীম্ ॥২২॥ (বিশেষকম্)
যচ্চাপি তে ভয়ং কর্ণান্মনসিস্থমরিন্দম!।
তচ্চাপ্যপহরিষ্যামি সব্যসাচিন্যতো গতে ॥২৩॥
যচ্চ তে মানসং বীর! তীর্থযাত্রামিমাং প্রতি।
স মহর্ষির্লোমশস্তে কথয়িষ্যত্যসংশয়ম্ ॥২৪॥

ভারতকৌমুদী

সাহসাখ্যা। মহাহবেষু মহাযুদ্ধেষু। বরবর্ম্মিণং সহজাভেদ্যবর্ম্মশালিনম্। মহেশ্বরসুতপ্রখ্যং কার্ত্তিকেয়তুল্যম্, আদিত্যতনয়ং সূর্য্যপুত্রম্, প্রভুম্ অস্ত্রপ্রভাবশালিনম্। অতিস্কন্ধং মহাধ্যবসায়ম্, "স্কন্ধঃ প্রকাণ্ডে সৈন্যাংশে বাহুমূলসমূহয়োঃ। সমীহানৃপয়োশ্চাপি" ইতি বিশ্বঃ। সহজং স্বাভাবিকম্ উল্বণম্ উদ্ধতঞ্চ পৌরুষং পুরুষকারো যস্য তম্। স তাদৃশোঽপি কর্ণঃ, সংগ্রামে, পার্থস্য অর্জ্জুনস্য, ষোড়শীং কলাং ভাগমপি নার্হতি, অর্জ্জুনস্যেদানীং দেবাস্ত্রলাভাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০—২২॥

যদিতি। হে অরিন্দম! কর্ণাৎ, ভয়ং ভয়হেতুভূতম্, যচ্চাপি অভেদ্যং কবচম্, মনসিস্থম্, তচ্চাপি সব্যসাচিনি অর্জ্জুনে, অতঃ স্বর্গলোকাৎ, গতে সতি, অহমপহরিষ্যামি ॥২৩॥

যদিতি। মানসং কর্ম্ম সঙ্কল্পঃ। স প্রসিদ্ধঃ। তৎ কথয়িষ্যতি ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥২০॥ বরবর্ণিনমতিসুন্দরম্ ॥২১॥ মহেশ্বরসুতপ্রখ্যং স্কন্দতুল্যম্, অতিস্কন্ধমুন্নতাংসম্, জ্ঞানগতিস্কন্ধমিতি পাঠে যোগিশ্রেষ্ঠম্ ॥২২—২৩॥ অপহরিষ্যামি কবচকুণ্ডলাপহরণে ইন্দ্রেণ কৃতে সতি তদপীন্দ্রস্যাস্তঃ প্রবিশ্য সম্পাদয়িষ্যামি আর্ষেণাভেদদর্শনেনাহং মন্মুরভব-

---

মহোৎসাহী, গুরুতর দৈহিক বল ও মানসিক বলসম্পন্ন, মহাযুদ্ধে অতুলনীয় বিশারদ, মহাধনুর্দ্ধর, মহাবীর, মহাস্ত্রসমূহে অভিজ্ঞ, উত্তম বর্ম্মধারী, কার্ত্তিকের তুল্য, সূর্য্যের পুত্র এবং অস্ত্রপ্রভাবসম্পন্ন। আবার অর্জ্জুনকেও জানি; অর্জ্জুনও গুরুতর অধ্যবসায়ী এবং স্বভাবতই মহাপুরুষকারসম্পন্ন; সুতরাং সে কর্ণ এখন অর্জ্জুনের ষোল ভাগের এক ভাগেরও যোগ্য নহে ॥২০—২২॥

অরিন্দম যুধিষ্ঠির! কর্ণের যে অভেদ্য কবচ তোমার ভয়ের কারণ, তাহাও আমি—অর্জ্জুন এ স্থান হইতে গেলে পরই হরণ করিব ॥২৩॥

---

(২২)…তথা জাতগতিং হ্যেনং সহস্রনয়নোপমম্—পি। (২৩) যচ্চাপি তে ভয়ং তস্মান্মনসিস্থং হি ধর্ম্মজ!। তদপ্যপহরিষ্যেঽয়ং সব্যসাচিন্যুপাগতে ॥—পি।

যচ্চ কিঞ্চিত্তপোযুক্তং ফলং তীর্থেষু ভারত ! ।
ব্রহ্মর্ষিরেষ ক্রয়াত্তে তচ্ছ্রদ্ধেয়মনন্যথা ॥২৫॥

লোমশ উবাচ ।

ধনঞ্জয়েন চাপ্যুক্তং যত্তচ্ছৃণু যুধিষ্ঠির ! ।
যুধিষ্ঠিরং ভ্রাতরং মে যোজয়েৰ্দ্ধৰ্ম্ম্যয়া গিরা ॥২৬॥
ত্বং হি ধর্ম্মান্ পরান্ বেত্থ তপাংসি চ তপোধন ! ।
শ্রীমতাঞ্চাপি জানাসি ধর্ম্মং রাজ্ঞাং সনাতনম্ ॥২৭॥
স ভবান্ পরমং বেদ পাবনং পুরুষান্ প্রতি ।
তেন সংযোজয়েথাস্ত্বং তীর্থপুণ্যেন পাণ্ডবান্ ॥২৮॥
যথা তীর্থানি গচ্ছেত গাশ্চ দদ্যাৎ স পার্থিবঃ ।
তথা সর্ব্বাত্মনা কার্য্যমিতি মামর্জ্জুনোঽব্রবীৎ ॥২৯॥

ভারতকৌমুদী

যদিতি। অনন্যথা সংশয়াদিরাহিত্যেন, তৎ, শ্রদ্ধেয়ং বিশ্বাস্যম্ ॥২৫॥
ধনেতি। ধর্ম্ম্যয়া ধর্ম্মাদনপেতয়া গিরা যোজয়েঃ তাং শ্রাবয়েরিত্যর্থঃ ॥২৬॥
ত্বমিতি। পরান্ শ্রেষ্ঠান্। শ্রীমতাং ধনাদিসম্পত্তিশালিনাম্ ॥২৭॥
স ইতি। পাবনং তীর্থপুণ্যম্, পুরুষান্ প্রতি পুরুষাণামিত্যর্থঃ ॥২৮॥

বীর ! তীর্থযাত্রা বিষয়ে তোমার যে ইচ্ছা জন্মিয়াছে, সে বিষয়ে প্রসিদ্ধ মহর্ষি লোমশ নিশ্চয়ই নিয়মাদি বলিবেন ॥২৪॥

ভরতনন্দন ! তীর্থে তপস্যাপ্রযুক্ত যে কিছু ফল হয়, তাহা তোমার নিকট এই ব্রহ্মর্ষি লোমশই বলিবেন ; তুমি নিঃসন্দেহে তাহা বিশ্বাস করিও" ' ॥২৫॥

লোমশ বলিলেন—"যুধিষ্ঠির ! অর্জ্জুনও যাহা বলিয়া দিয়াছেন, তাহাও শোন—"আপনি আমার ভ্রাতৃগণকে ধর্ম্মসঙ্গত বাক্য শুনাইবেন ॥২৬॥

কারণ, আপনি উত্তম ধর্ম্ম ও তপস্যার বিষয় জানেন এবং সম্পত্তিশালী রাজাদের সনাতন ধর্ম্মও অবগত আছেন ॥২৭॥

আর, আপনি মানুষের পরম তীর্থধর্ম্মের বিষয়ও জানেন ; সুতরাং আপনি পাণ্ডবগণকে সেই তীর্থধর্ম্মযুক্ত করিবেন ॥২৮॥

যাহাতে সেই রাজা তীর্থে গমন ও গোদান করেন, তাহা আপনি সর্ব্বপ্রযত্নে করিবেন," এই কথা অর্জ্জুন আমাকে বলিয়াছেন ॥২৯॥

---

(২৫)…ন তচ্ছ্রদ্ধেয়মন্যথা—বা ব কা নি। ইতঃ পরম্—'…একনবতিতমোঽধ্যায়ঃ'—বা ব কা পি, '…একোননবতিতমোঽধ্যায়ঃ'—নি। (২৬)…ধর্ম্ম্যয়া শ্রিয়া—বা ব কা, ধর্ম্ম্যয়া ধিয়া—নি। (২৮)…পুরুষং প্রতি—বা ব কা নি।

ভবতা চানুগুপ্তোঽসৌ চরেত্তীর্থানি সর্ব্বশঃ।
রক্ষোভ্যো রক্ষিতব্যশ্চ দুর্গেষু বিষমেষু চ ॥৩০॥
দধীচ ইব দেবেন্দ্রং যথা চাপ্যঙ্গিরা রবিম্।
তথা রক্ষস্ব কৌন্তেয়ান্ রাক্ষসেভ্যো দ্বিজোত্তম ! ॥৩১॥
যাতুধানা হি বহবো রাক্ষসাঃ পর্ব্বতোপমাঃ।
ত্বয়াভিগুপ্তান্ কৌন্তেয়ান্ নাভিবর্ত্তেয়ুরন্তিকাৎ ॥৩২॥
সোঽহমিন্দ্রস্য বচনান্নিয়োগাদর্জ্জুনস্য চ।
রক্ষমাণো ভয়েভ্যস্ত্বাং চরিষ্যামি ত্বয়া সহ ॥৩৩॥
দ্বিস্তীর্থানি ময়া পূর্ব্বং দৃষ্টানি কুরুনন্দন !।
ইদং তৃতীয়ং দ্রক্ষ্যামি তান্যেব ভবতা সহ ॥৩৪॥

ভারতকৌমুদী

যথেতি। স পার্থিবো যুধিষ্ঠিরঃ। সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন, কার্য্যং কর্ত্তব্যম্ ॥২৯॥
ভবতেতি। অনুগুপ্তো রক্ষিতঃ। দুর্গেষু দুর্গমেষু, বিষমেষু উচ্চাবচেষু স্থানেষু ॥৩০॥
দধীচ ইতি। দধীচো নাম মুনিঃ। রক্ষস্ব রক্ষোঘ্নমন্ত্রপাঠাদিনা ॥৩১॥
যাত্বিতি। যাতুং সময় এব দধতীতি যাতুধানাঃ। অভি লক্ষ্যীকৃত্য ॥৩২॥
স ইতি। চরিষ্যামি তীর্থেষ্বিতি শেষঃ ॥৩৩॥
দ্বিরিতি। দ্বির্বারদ্বয়ম্। তৃতীয়ং বারম্, তান্যেব তীর্থানি ॥৩৪॥

ভারতভাবদীপঃ

মিত্যাদিবদহমেবেন্দ্ররূপী রক্ষিষ্যামীতি ॥২৪॥ ত্বং ... রক্ষ্যং ন ত্বন্যায়গৃহীতব্যমিত্যর্থঃ ॥২৫॥ যোজয়েঃ যোজয়, ধর্ম্ম্যয়া ধর্ম্মাদনপেতয়া ॥২৬—২৭॥ দ্বিঃ দ্বিবারম্, তৃতীয়ং তৃতীয়বারম্

আপনি তাঁহাকে দুর্গমস্থানে এবং বিষমস্থানে রক্ষা করিবেন; আপনি রক্ষা করিলেই তিনি সকল তীর্থে বিচরণ করিতে পারিবেন ॥৩০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! দধীচমুনি যেমন দেবরাজকে এবং অঙ্গিরা যেমন সূর্য্যকে রক্ষা করেন, আপনিও তেমনই রাক্ষসগণ হইতে পাণ্ডবগণকে রক্ষা করিবেন ॥৩১॥

আপনি রক্ষা করিতে থাকিলে, হঠকারী পর্ব্বতপ্রমাণ বহুতর রাক্ষসও নিকট হইতে পাণ্ডবগণের সম্মুখে আসিতে পারিবে না" ॥৩২॥

ইন্দ্রের কথায় ও অর্জ্জুনের অনুরোধে আমি সর্ব্বপ্রকার ভয় হইতে তোমাকে রক্ষা করিতে থাকিয়া তোমার সহিত তীর্থে বিচরণ করিব ॥৩৩॥

কুরুনন্দন ! আমি পূর্ব্বে দুইবার তীর্থগুলি দেখিয়াছি; এখন তৃতীয় বার তোমার সহিত সেইগুলিই দেখিব ॥৩৪॥

ইয়ং রাজর্ষিভির্যাতা পুণ্যকৃদ্ভির্যুধিষ্ঠির ! ।
মন্বাদিভির্মহারাজ ! তীর্থযাত্রা ভয়াপহা ॥৩৫॥
নানৃজুর্নাকৃতাত্মা চ নাবিদ্যো ন চ পাপকৃৎ ।
স্নাতি তীর্থেষু কৌরব্য ! ন চ বক্রমতির্নরঃ ॥৩৬॥
ত্বন্তু ধর্ম্মমতির্নিত্যং ধর্ম্মজ্ঞঃ সত্যসঙ্গরঃ ।
বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো ভূয় এব ভবিষ্যসি ॥৩৭॥
যথা ভগীরথো রাজা রাজানশ্চ গয়াদয়ঃ ।
যথা যযাতিঃ কৌন্তেয় ! তথা ত্বমপি পাণ্ডব ! ॥৩৮॥
যুধিষ্ঠির উবাচ ।
ন হর্ষাৎ সম্প্রপশ্যামি বাক্যস্যাস্যোত্তরং ক্বচিৎ ।
স্মরেদ্ধি দেবরাজো যং কো নামাভ্যধিকস্ততঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

ইয়মিতি। যাতা প্রাপ্তা কৃতেত্যর্থঃ। ভয়াপহা পাপভয়নাশিকা ॥৩৫॥

নেতি। অনৃজুঃ অসরলঃ শঠঃ তীর্থেষু ন স্নাতি, পরপ্রতারণাব্যাপৃতত্বাৎ; অকৃতাত্মা ভূপ্রদেশদর্শনাভাবেনাশিক্ষিতচিত্তঃ তীর্থেষু ন স্নাতি, কূপমণ্ডূকতুল্যত্বাৎ; অবিদ্যঃ তীর্থেষু ন স্নাতি শাস্ত্রাজ্ঞানেন তীর্থফলাজ্ঞানাৎ; পাপকৃৎ তীর্থেষু ন স্নাতি চৌর্য্যাদিনিরতত্বাৎ; বক্রমতির্নরশ্চ, তীর্থেষু ন স্নাতি হেতুবাদেন তীর্থফলানঙ্গীকারাৎ ॥৩৬॥

ত্বমিতি। সত্যসঙ্গরঃ সত্যপ্রতিজ্ঞঃ। বিমুক্তঃ, তীর্থস্নানাদিনা সর্ব্বপাপক্ষয়াৎ ॥৩৭॥

যথেতি। অতস্তীর্থপর্য্যটনেনাধিকধর্ম্মলাভে তব বুদ্ধির্ভবেদেবেতি ভাবঃ ॥৩৮॥

মহারাজ যুধিষ্ঠির! মনুপ্রভৃতি পুণ্যকারী রাজর্ষিরা পাপভয়নাশক এই তীর্থপর্য্যটন করিয়া গিয়াছেন ॥৩৫॥

কুরুনন্দন! শঠ, কূপমণ্ডূকস্বভাব, মূর্খ, পাপকারী এবং কুটিলবুদ্ধি লোক তীর্থে স্নান করে না ॥৩৬॥

কিন্তু তোমার সর্ব্বদাই ধর্ম্মে মতি রহিয়াছে এবং তুমি ধর্ম্মজ্ঞ ও সত্যপ্রতিজ্ঞ; অতএব তুমি (তীর্থপর্য্যটন করিয়া) সম্পূর্ণরূপেই সমস্ত পাপ হইতে মুক্ত হইবে ॥৩৭॥

পাণ্ডুনন্দন! ভগীরথরাজা যেমন ছিলেন, গয়প্রভৃতি রাজারা যেমন গিয়াছেন এবং যযাতিরাজা যেমন ছিলেন, তুমিও তেমনই হইয়াছ" ॥৩৮॥

যুধিষ্ঠির বলিলেন—"আমি আনন্দবশতঃ এই বাক্যের উত্তর কোথাও খুঁজিয়া পাইতেছি না এবং দেবরাজ যাহাকে স্মরণ করেন, তাহা হইতে কোন্ ব্যক্তি বড় ? ॥৩৯॥

(৩৭)...বিমুক্তঃ সর্ব্বসঙ্গেভ্যঃ—বা ব কা।

ভবতা সঙ্গমো যস্য ভ্রাতা চৈব ধনঞ্জয়ঃ।
বাসবঃ স্মরতে যস্য কো নামাভ্যধিকস্ততঃ ॥৪০॥
যচ্চ মাং ভগবানাহ তীর্থানাং দর্শনং প্রতি।
ধৌম্যস্য বচনাদেষা বুদ্ধিঃ পূর্ব্বং কৃতৈব মে ॥৪১॥
তদ্‌যদা মন্যসে ব্রহ্মন্! গমনং তীর্থদর্শনে।
তদৈব গন্তাস্মি তীর্থান্যেষ মে নিশ্চয়ঃ পরঃ ॥৪২॥

বৈশম্পায়ন উবাচ।

গমনে কৃতবুদ্ধিন্তু পাণ্ডবং লোমশোঽব্রবীৎ।
লঘুর্ভব মহারাজ! লঘুঃ স্বৈরং গমিষ্যসি ॥৪৩॥

যুধিষ্ঠির উবাচ।

ভিক্ষাভুজো নিবর্ত্তন্তাং ব্রাহ্মণা যতয়শ্চ যে।
ক্ষুত্তৃষ্ণাধ্বশ্রমায়াসশীতার্ত্তিমসহিষ্ণবঃ ॥৪৪॥

ভাবতকৌমুদী

নেতি। হর্ষাৎ অর্জ্জুনস্য সর্ব্বদেবাস্ত্রলাভস্বাস্থ্যসংবাদপ্রাপ্তিজনিতাদানন্দাৎ ॥৩৯॥

ভবতেতি। বাসব ইন্দ্রঃ। যস্যেতি "স্মৃত্যর্থকর্ম্মণি" ইতি কর্ম্মণি ষষ্ঠী ॥৪০॥

যদিতি। ভগবান্ ভবান্। দর্শনং প্রতি দর্শনবিষয়ে। মে ময়া ॥৪১॥

তদিতি। গন্তাস্মি গমিষ্যামি। বনবাসপ্রতিজ্ঞায়া অগৃহবাসতাৎপর্য্যকত্বাৎ তীর্থভ্রমণেনাপি ন তৎপ্রতিজ্ঞাভঙ্গঃ। কিঞ্চ অবসরে মহাধর্ম্মার্জ্জনং মহালাভ এবেতি ভাবঃ ॥৪২॥

গমন ইতি। লঘুর্ভারশূন্যঃ স্বল্পপরিজন ইত্যর্থঃ। কথমিত্যাহ—লঘুরিতি। লঘুঃ সন্, স্বৈরং স্বচ্ছন্দং যথেচ্ছমিতি যাবৎ, গমিষ্যসি। বহুপরিজনসত্ত্বে তু ব্যাপারবাহুল্যাদিনা যথেচ্ছগমনব্যাঘাতো ভবিষ্যতীতি ভাবঃ। "মন্দস্বচ্ছন্দয়োঃ স্বৈরম্" ইত্যমরঃ ॥৪৩॥

ভিক্ষেতি। ভিক্ষাভুজো নিবর্ত্তন্তাম্, তীর্থে ভিক্ষালাভাসম্ভবাৎ "তীর্থে ন প্রতিগৃহ্নীয়াৎ

আপনার সহিত যাহার সম্মেলন হইল, অর্জ্জুন যাহার ভ্রাতা এবং ইন্দ্র যাহাকে স্মরণ করিয়াছেন, তাহা হইতে কোন্ ব্যক্তি প্রধান? ॥৪০॥

তা'র পর, আপনি যে আমাকে তীর্থদর্শনের বিষয়ে বলিতেছেন, এ বুদ্ধি আমি ধৌম্যপুরোহিতের বাক্যে পূর্ব্বেই করিয়াছি ॥৪১॥

অতএব যখনই আপনি তীর্থদর্শনে গমন করা সঙ্গত মনে করিবেন, তখনই আমি তীর্থে গমন করিব; ইহাই আমার একান্ত নিশ্চয়" ॥৪২॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির তীর্থগমনে মত করিলে, লোমশ তাঁহাকে কহিলেন—"যুধিষ্ঠির! লঘু হও (অল্প পরিজন সঙ্গে লও), লঘু হইলে ইচ্ছানুসারে গমন করিতে পারিবে" ॥৪৩॥

* রাজোবাচ—পি।

তে সর্ব্বে বিনিবর্ত্তন্তাং যে চ মিষ্টভুজো দ্বিজাঃ।
পক্বান্নলেহ্যপানানাং মাংসানাঞ্চ বিকল্পকাঃ ॥৪৫॥
তেঽপি সর্ব্বে নিবর্ত্তন্তাং যেঽপি সূদানুযায়িনঃ।
ময়া যথোচিতাজীবৈঃ সংবিভক্তাশ্চ বৃত্তিভিঃ ॥৪৬॥
যে চাপ্যনুগতাঃ পৌরা রাজভক্তিপুরস্কৃতাঃ।
ধৃতরাষ্ট্রং মহারাজমভিগচ্ছন্তু তে চ বৈ।
স দাস্যতি যথাকালমুচিতা যস্য বা ভৃতিঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

প্রাণৈঃ কণ্ঠগতৈরপি" ইতি স্মৃত্যা নিষেধাচ্চেতি ভাবঃ। যে যতযো জিতেন্দ্রিয়া ব্রাহ্মণাশ্চ, তেঽপি নিবর্ত্তন্তাম্, তেষামিন্দ্রিয়জয়িতয়া দর্শনাদ্যর্থং তত্র তত্র গমনাসম্ভবেন সর্ব্বেষামেব তদসম্ভবাৎ। ক্ষুধাদ্যসহিষ্ণূনাঞ্চ সর্ব্বত্র গমনস্যৈবাসম্ভবাৎ ॥৪৪॥

ত ইতি। মিষ্টভুজো মধুরভোজিনঃ, সর্ব্বত্র মধুরবস্তুলাভাসম্ভবাৎ। বিকল্পকা আহারে উক্ত-বিবিধকল্পগ্রাহিণঃ, তীর্থে তাদৃশবিবিধকল্পসম্পাদনাসম্ভবাৎ ॥৪৫॥

ত ইতি। সূদানুযায়িনঃ স্বয়ং স্বযং পাকাসামর্থ্যেন পাচকাপেক্ষিতাবঃ, সর্ব্বত্র পাচকপ্রাপ্ত্য-সম্ভবাৎ। যথোচিতাজীবৈঃ যথোচিতনির্দ্দিষ্টখাদ্যাদিদানৈঃ, বৃত্তিভির্নির্দ্দিষ্টবেতনৈশ্চ, সংবিভক্তা বিভজ্য রক্ষিতাঃ, তেঽপি নিবর্ত্তন্তাম্, সর্ব্বত্র তদ্দানাসম্ভবাৎ ॥৪৬॥

য ইতি। অভিগচ্ছন্তু, তত্রাপি রাজভক্তিসম্ভবাৎ তস্যৈব প্রকৃতরাজত্বাৎ। ভৃতির্বেতনং খাদ্যাদিকঞ্চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

॥২৮—৩৬॥ সত্যসঙ্গরঃ সত্যযজ্ঞঃ, "যান্যেব সংগ্রামনামানি তানি যজ্ঞনামানী"তি যাস্কবচনাৎ ॥৩৭—৪২॥ লঘুরল্পপরিবারঃ ॥৪৩—৪৪॥ বিকল্পকাঃ মৃষ্টামৃষ্টবিভাজিকাঃ ॥৪৫॥ আজীব্যো-

---

যুধিষ্ঠির বলিলেন—"যে সকল ব্রাহ্মণ ভিক্ষাভোজী ও জিতেন্দ্রিয় এবং যাঁহারা ক্ষুধা, পিপাসা, পথের পরিশ্রম, গ্রীষ্মের কষ্ট ও শীতের কষ্ট সহ্য করিতে না পারেন, তাঁহারা সকলেই নিবৃত্ত হউন ॥৪৪॥

যে সকল ব্রাহ্মণ কেবল সুস্বাদু বস্তু ভোজন করেন এবং যাঁহারা পক্বান্ন লেহ্য, পেয় ও মাংস ইত্যাদি বিবিধ বস্তু ভোজন করিয়া থাকেন, তাঁহারা সকলেও নিবৃত্ত হউন ॥৪৫॥

যাঁহারা পাচকের অপেক্ষা রাখেন, কিংবা আমি যাঁহাদিগকে নির্দ্দিষ্ট উপযুক্ত খাদ্য এবং নির্দ্দিষ্ট বেতন দিয়া রাখিয়াছি, তাঁহারা সকলেও নিবৃত্ত হউন ॥৪৬॥

আর, যে সকল পুরবাসীরা রাজভক্তিবশতঃ আমার সঙ্গে আসিয়াছেন, তাঁহারা মহারাজ ধৃতরাষ্ট্রের নিকট গমন করুন; তিনিই—যাহার যাহা যোগ্য বৃত্তি আছে. তাহা তাঁহাকে যথাসময়ে দিবেন" ॥৪৭॥

---

(৪৬)…ময়া যথোচিতাজীব্যৈঃ—বা ব কা নি।

স চেদ্‌যথোচিতাং বৃত্তিং ন দত্যান্মনুজেশ্বরঃ।
অস্মৎপ্রিয়হিতার্থায় পাঞ্চাল্যো বঃ প্রদাস্যতি ॥৪৮॥

বৈশম্পায়ন উবাচ।

ততো ভূয়িষ্ঠশঃ পৌরা গুরুভারপ্রপীড়িতাঃ।
বিপ্রাশ্চ যতয়ো মুখ্যা জগ্মুর্নাগপুরং প্রতি ॥৪৯॥

তান্ সর্ব্বান্ ধর্ম্মরাজস্য প্রেম্ণা রাজাঽম্বিকাসুতঃ।
প্রতিজগ্রাহ বিধিবদ্ধনৈশ্চ সমতর্পয়ৎ ॥৫০॥

ততঃ কুন্তীসুতো রাজা লঘুভির্ব্রাহ্মণৈঃ সহ।
লোমশেন চ সুপ্রীতস্ত্রিরাত্রং কাম্যকেঽবসৎ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরতীর্থযাত্রামন্ত্রণে ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। পাঞ্চাল্যো দ্রুপদো রাজা, বো যুষ্মভ্যম্। অতস্তত্রৈব গচ্ছেতেতি ভাবঃ ॥৪৮॥

তত ইতি। গুরুভারেণ দুঃখাতিরেকেণ প্রপীড়িতাঃ। নাগপুরং হস্তিনাম্ ॥৪৯॥

তানিতি। ধর্ম্মরাজস্য যুধিষ্ঠিরস্য, প্রেম্ণা বাৎসল্যেন ॥৫০॥

তত ইতি। লঘুভিরল্পসংখ্যকৈঃ। লোমশাগমনাবধিত্রিরাত্রবাসাভাবে যুধিষ্ঠিরাদীনাং যাত্রাসিদ্ধাবপি লোমশস্য যাত্রা ন স্যাৎ "ত্রিরাত্রং যত্র নো বাসস্ততো যাত্রা ন সিধ্যতি" ইতি জ্যোতিষাৎ লোকব্যবহারাচ্চ। তথাত্বে লোমশস্য তীর্থযাত্রাঙ্গকার্য্যমপি ন স্যাৎ। অতস্ত্রিরাত্রং কাম্যকেঽবসদিত্যুক্তম্ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ভৃত্যাদিভির্বৃত্তিভির্জীবনহেতুভিরন্নাদিভিঃ ॥৪৬—৪৭॥ পাঞ্চাল্যো দ্রুপদঃ, বো যুষ্মভ্যম্ ॥৪৮—৫১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৬॥

তিনি যদি যথোচিত বৃত্তি না দেন, তবে দ্রুপদরাজা আমাদের প্রীতি ও হিতের জন্য তাহা আপনাদিগকে দিবেন' ॥৪৮॥

তাহার পর বহুসংখ্যক পুরবাসী এবং জিতেন্দ্রিয় শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ অত্যন্ত দুঃখিত হইয়া হস্তিনানগরে গমন করিলেন ॥৪৯॥

রাজা ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরের প্রণয়বশতঃ তাঁহাদিগকে গ্রহণ করিলেন এবং ধনদ্বারা যথাবিধানে সন্তুষ্ট করিলেন ॥৫০॥

---

* '...দ্বিনবতিতমঃ...'—বা ব কা পি, '...নবতিতমঃ...'—নি।

সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রয়ান্তং কৌন্তেয়ং ব্রাহ্মণা বনবাসিনঃ।
অভিগম্য তদা রাজন্নিদং বচনমব্রুবন্ ॥১॥
রাজংস্তীর্থানি গন্তাসি পুণ্যানি ভ্রাতৃভিঃ সহ।
ঋষিণা চৈব সহিতো লোমশেন মহাত্মনা ॥২॥
অস্মানপি মহারাজ! নেতুমর্হসি পাণ্ডব!।
অস্মাভির্হি ন শক্যানি ত্বদৃতে তানি কৌরব! ॥৩॥
শ্বাপদৈরুপসৃষ্টানি দুর্গাণি বিষমাণি চ।
অগম্যানি নরৈরল্পৈস্তীর্থানি মনুজেশ্বর! ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। বনবাসিনঃ যুধিষ্ঠিরাগ্যাগমনাৎ পূর্ব্বাবধিকাম্যকবনস্থিতাঃ ॥১॥
রাজন্নিতি। গন্তাসি গমিষ্যসি ॥২॥
অস্মানিতি। নেতুং সহচরীকর্ত্তুম্। ত্বদৃতে ত্বাং বিনা, তানি তীর্থানি ॥৩॥
শ্বেতি। শ্বাপদৈর্হিংস্রজন্তুভিঃ, দুর্গাণি দুর্গমাণি, বিষমাণি বিপৎসঙ্কুলানি ॥৪॥

তদনন্তর যুধিষ্ঠির আনন্দিত হইয়া অল্পসংখ্যক ব্রাহ্মণ এবং লোমশমুনির সহিত আরও তিন রাত্রি কাম্যকবনে বাস করিলেন ॥৫১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয়! তাহার পর যুধিষ্ঠির যখন তীর্থযাত্রার আয়োজন করিতে লাগিলেন, তখন পূর্ব্ব হইতে, কাম্যকবনবাসী ব্রাহ্মণেরা যাইয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥১॥

"রাজা! আপনি—ভ্রাতৃগণ ও মহাত্মা লোমশমুনির সহিত তীর্থসমূহে ভ্রমণ করিবেন ॥২॥

অতএব মহারাজ! আপনি আমাদিগকেও সঙ্গে লইয়া চলুন। কারণ, আমরা আপনাকে ভিন্ন সে তীর্থভ্রমণে সমর্থ হইব না ॥৩॥

কারণ, নরনাথ! তীর্থ সকল হিংস্র জন্তুতে পরিপূর্ণ, দুর্গম ও বিপৎসঙ্কুল; সুতরাং সেগুলি অল্প লোকের অগম্য ॥৪॥

ভবন্তো ভ্রাতরঃ শূরা ধনুর্দ্ধরবরাঃ সদা।
ভবদ্ভিঃ পালিতাঃ শূরৈর্গচ্ছেম বয়মপ্যুত ॥৫॥
ভবৎপ্রসাদাদ্ধি বয়ং প্রাপ্নুয়ামঃ সুখং ফলম্।
তীর্থানাং পৃথিবীপাল! বনানাঞ্চ বিশাংপতে! ॥৬॥
তব বীর্য্যপরিত্রাতাঃ শুদ্ধাস্তীর্থপরিপ্লুতাঃ।
ভবেম ধূতপাপ্মানস্তীর্থসন্দর্শনান্নৃপ! ॥৭॥
ভবানপি নরেন্দ্রস্য কার্ত্তবীর্য্যস্য ভারত!।
অষ্টকস্য চ রাজর্ষের্লোমপাদস্য চৈব হ ॥৮॥
ভরতস্য চ বীরস্য সার্ব্বভৌমস্য পার্থিব!।
ধ্রুবং প্রাপ্স্যসি দুষ্প্রাপান্ লোকাংস্তীর্থপরিপ্লুতঃ ॥৯॥ (যুগ্মকম্)
প্রভাসাদীনি তীর্থানি মহেন্দ্রাদীংশ্চ পর্ব্বতান্।
গঙ্গাদ্যাঃ সরিতশ্চৈব প্লক্ষাদীংশ্চ বনস্পতীন্।
ত্বয়া সহ মহীপাল! দ্রষ্টুমিচ্ছামহে বয়ম্ ॥১০॥

ভারতকৌমুদী

ভবদ্ভিরিতি। পালিতা বিপদ্ভ্যো রক্ষিতাঃ। উতশব্দঃ পাদপূরণে ॥৫॥
ভবদিতি। সুখমনায়াসং যথা স্যাত্তথা। তীর্থানাং বনানাঞ্চ ভ্রমণাৎ ফলম্ ॥৬॥
তবেতি। শুদ্ধাঃ স্বভাবত এব নির্ম্মলচিত্তাঃ, তীর্থেষু পরিপ্লুতাঃ স্নাতাঃ ॥৭॥
ভবানিতি। অষ্টকস্য আদিপর্ব্বণি প্রাপ্তস্য। লোকান্ স্বর্গান্ ॥৮—৯॥

আপনারা ভ্রাতারা সকলেই প্রধান ধনুর্দ্ধর ও বীর; অতএব আপনারা সর্ব্বদা রক্ষা করিতে থাকিলে, আমরাও তীর্থভ্রমণ করিতে পারিব ॥৫॥

রাজা! নরনাথ! আপনার অনুগ্রহে আমরা তীর্থ ও বনভ্রমণের ফল অনায়াসে লাভ করিতে পারিব ॥৬॥

রাজা! আমরা স্বভাবতই নির্ম্মল চিত্ত; সুতরাং আপনার বলে রক্ষিত হইয়া, তীর্থস্নান ও তীর্থদর্শন করিয়া আমরা পাপশূন্য হইতে পারিব ॥৭॥

ভরতনন্দন রাজা! আপনি তীর্থে স্নান করিয়া—রাজা কার্ত্তবীর্য্যার্জ্জুন, রাজর্ষি অষ্টক ও লোমপাদ এবং মহাবীর ও সার্ব্বভৌম ভরতের দুর্লভ স্বর্গগুলি নিশ্চয়ই লাভ করিবেন ॥৮—৯॥

রাজা! আমরা আপনার সহিত মিলিত হইয়া—প্রভাসপ্রভৃতি তীর্থ, মহেন্দ্র-প্রভৃতি পর্ব্বত, গঙ্গাপ্রভৃতি নদী এবং প্লক্ষপ্রভৃতি বৃক্ষ সকল দেখিতে ইচ্ছা করি ॥১০॥

(৫) ভবতো ভ্রাতরঃ শূরাঃ—বা ব কা নি। (৯) ভরতস্য দিলীপস্য—পি।

যদি তে ব্রাহ্মণেম্বস্তি কাচিৎ প্রীতির্জনাধিপ ! ।
কুরু ক্ষিপ্রং বচোঽস্মাকং ততঃ শ্রেয়োঽভিপৎস্যসে ॥১১॥
তীর্থানি হি মহাবাহো ! তপোবিঘ্নকরৈঃ সদা ।
অনুকীর্ণানি রক্ষোভিস্তেভ্যো নস্ত্রাতুমর্হসি ॥১২॥
তীর্থান্যুক্তানি ধৌম্যেন নারদেন চ ধীমতা ।
যান্যুবাচ চ দেবর্ষির্লোমশঃ সুমহাতপাঃ ॥১৩॥
বিধিবত্তানি সর্ব্বাণি পর্য্যটস্ব নরাধিপ ! ।
ধূতপাপ্মা সহাস্মাভির্লোমশেনাভিপালিতঃ ॥১৪॥
বৈশম্পায়ন উবাচ । *
স রাজা পূজ্যমানস্তৈর্হর্ষাদশ্রুপরিপ্লুতঃ ।
ভীমসেনাদিভির্বীরৈর্ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥১৫॥
বাঢ়মিত্যব্রবীৎ সর্ব্বাংস্তানৃষীন্ পাণ্ডবর্ষভঃ ।
লোমশং সমনুজ্ঞাপ্য ধৌম্যঞ্চৈব পুরোহিতম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

প্রভাসেতি। প্লক্ষাদীন্ প্লক্ষাপ্লবনাদিতীর্থগতান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
যদীতি। বচো বাক্যানুরূপং কার্য্যম্। শ্রেয়ো মঙ্গলম, অভিপৎস্যসে লপ্স্যসে ॥১১॥
তীর্থানিতি। অনুকীর্ণানি ব্যাপ্তানি। নঃ অস্মান্ ॥১২॥
তীর্থানীতি। উবাচ গন্তুমাদিদেশ, লোমশেন প্রাক্ তীর্থানামবর্ণনাৎ ॥১৩॥
বিধিবদিতি। ধূতপাপ্মা তীর্থস্নানাদিনা ক্ষপিতপাপো ভবিষ্যসীতি শেষঃ ॥১৪॥

নরনাথ! আপনার যদি ব্রাহ্মণদের প্রতি কোনরূপ ভালবাসা থাকে, তবে সত্বর আমাদের প্রার্থনার অনুরূপ কার্য্য করুন; তাহা হইলে মঙ্গলই লাভ করিবেন ॥১১॥

মহাবাহু! তীর্থগুলি তপোবিঘ্নকারি-রাক্ষসগণকর্তৃক সর্ব্বদাই ব্যাপ্ত রহিয়াছে; সুতরাং আপনি সেই রাক্ষসগণ হইতে আমাদিগকে রক্ষা করিবেন ॥১২॥

জ্ঞানী নারদ ও ধৌম্য তীর্থসমূহের বিষয় বলিয়াছেন; যে সকল তীর্থে গমন করিবার জন্য পরে মহাতপা দেবর্ষি লোমশ আদেশ করিয়াছেন ॥১৩॥

নরনাথ! আপনি লোমশকর্তৃক রক্ষিত হইয়া যথাবিধানে সেই সকল তীর্থে পর্য্যটন করুন; তাহা হইলে আপনি আমাদের সহিত নিষ্পাপ হইতে পারিবেন ॥১৪॥

---

* অয়ং পাঠঃ বা ব কা নি নাস্তি।

ততঃ স পাণ্ডবশ্রেষ্ঠো ভ্রাতৃভিঃ সহিতো বশী।
দ্রৌপদ্যা চানবদ্যাঙ্গ্যা গমনায় মনো দধে ॥১৭॥
অথ ব্যাসো মহাভাগস্তথা পর্ব্বতনারদৌ।
কাম্যকে পাণ্ডবং দ্রষ্টুং সমাজগ্মুর্মনীষিণঃ ॥১৮॥
তেষাং যুধিষ্ঠিরো রাজা পূজাঞ্চক্রে যথাবিধি।
সৎকৃতাস্তে মহাভাগা যুধিষ্ঠিরমথাব্রুবন্ ॥১৯॥
যুধিষ্ঠির! যমৌ! ভীম! মনসা কুরুতার্জ্জবম্।
মনসা কৃতশৌচা বৈ শুদ্ধাস্তীর্থানি যাস্যথ ॥২০॥
শরীরনিয়মং প্রাহুর্ব্রাহ্মণা মানুষং ব্রতম্।
মনোবিশুদ্ধাং বুদ্ধিঞ্চ দৈবমাহুর্ব্রতং দ্বিজাঃ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। অশ্রুপরিপ্লুতো নয়নজলসিক্তগণ্ডঃ। বাঢ়ং যূয়মবশ্যমেবাস্মাভিঃ সহচরীকর্ত্তব্যা ইতি বাচম্। সমনুজ্ঞাপ্য সম্যগনুজ্ঞাং কারয়িত্বা ॥১৫—১৬॥

তত ইতি। বশী জিতেন্দ্রিয়ঃ। অনবদ্যাঙ্গ্যা অনিন্দ্যাবয়বয়া ॥১৭॥

অথেতি। পর্ব্বতো নাম মুনিবিশেষঃ। মনীষিণো জ্ঞানিনস্তে ত্রয়ঃ ॥১৮॥

তেষামিতি। সৎকৃতাঃ পূজয়া সম্মানিতাঃ, তে ব্যাসাদয়স্ত্রয়ঃ ॥১৯॥

যুধীতি। হে যমৌ নকুলসহদেবৌ!। আর্জ্জবং সারল্যং হিংসাচিন্তাদিত্যাগম্ ॥২০॥

শরীরেতি। শরীরস্য নিয়মম্ অগম্যদেশাগমনাদিকম্, মানুষং ব্রতং প্রাহুঃ। মনসা বিশুদ্ধাং হিংসাচিন্তাদিত্যাগেন নির্ম্মলাং বুদ্ধিঞ্চ, দৈবং ব্রতমাহুঃ ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—সেই ব্রাহ্মণেরা ঐরূপ গৌরব করিলে, পাণ্ডবশ্রেষ্ঠ যুধিষ্ঠির ভীমপ্রভৃতি বীর ভ্রাতৃগণে পরিবেষ্টিত থাকিয়া, লোমশ ও ধৌম্যপুরোহিতের অনুমতি লইয়া, সেই সকল ঋষিকে বলিলেন—"অবশ্যই আপনাদিগকে সঙ্গে লইয়া যাইব" ॥১৫—১৬॥

তদনন্তর জিতেন্দ্রিয় যুধিষ্ঠির ভ্রাতৃগণ ও অনিন্দ্যসুন্দরী দ্রৌপদীর সহিত মিলিত হইয়া তীর্থে গমন করিবার ইচ্ছা করিলেন ॥১৭॥

তাহার পর মহাত্মা বেদব্যাস, পর্ব্বত ও নারদ—এই জ্ঞানী তিনজন মহর্ষি যুধিষ্ঠিরের সহিত সাক্ষাৎ করিবার জন্য কাম্যকবনে আসিলেন ॥১৮॥

তখন রাজা যুধিষ্ঠির যথাবিধানে তাঁহাদের পূজা করিলেন। তৎপরে সেই মহাত্মারা পূজিত হইয়া যুধিষ্ঠিরপ্রভৃতিকে বলিলেন—॥১৯॥

"যুধিষ্ঠির! ভীম! নকুল! সহদেব! তোমরা আপন আপন মনকে নির্ম্মল কর; মন পবিত্র করিয়া শুদ্ধ হইয়া পরে তীর্থে যাইবে ॥২০॥

মনো হ্যদুষ্টং শৌচায় পর্য্যাপ্তং বৈ নরাধিপ ! ।
মৈত্রীং বুদ্ধিং সমাস্থায় শুদ্ধাস্তীর্থানি দ্রক্ষ্যথ ॥২২॥
তে যূয়ং মানসৈঃ শুদ্ধাঃ শরীরনিয়মব্রতৈঃ ।
দৈবং ব্রতং সমাস্থায় যথোক্তং ফলমাপ্স্যথ ॥২৩॥
তে তথেতি প্রতিজ্ঞায় কৃষ্ণয়া সহ পাণ্ডবাঃ ।
কৃতস্বস্ত্যয়নাঃ সর্ব্বে মুনিভির্দিব্যমানুষৈঃ ॥২৪॥
লোমশস্যোপসংগৃহ্য পাদৌ দ্বৈপায়নস্য চ ।
নারদস্য চ রাজেন্দ্র ! দেবর্ষেঃ পর্ব্বতস্য চ ॥২৫॥
ধৌম্যেন সহিতা বীরাস্তথা তৈর্বনবাসিভিঃ ।
মার্গশীর্ষ্যামতীতায়াং পুষ্যেণ প্রযযুস্ততঃ ॥২৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

মন ইতি। হিংসাচিন্তাদিভিরদুষ্টং মন এব শৌচায় পর্য্যাপ্তং যথেষ্টং শক্তম ॥২২॥

ত ইতি। তে যূয়ম্, দৈবং ব্রতং পরানিষ্টচিন্তাত্যাগাদিরূপম্, সমাস্থায় অবলম্ব্য, মানসৈর্দয়াদিভির্ভাবৈঃ, শরীরনিয়মব্রতৈর্নিরামিষৈকভক্তাদিরূপৈশ্চ, শুদ্ধাঃ সন্তঃ, যথোক্তং তীর্থকৃত্যানাং ফলম্, আপ্স্যথ লপ্স্যধ্বে। এতেনান্যেষামপ্যয়মেব নিয়ম উক্তঃ ॥২৩॥

ত ইতি। দিব্যৌ স্বর্গীয়ৌ নারদপর্ব্বতৌ মানুষাশ্চ ব্যাসাদয়স্তৈর্মুনিভিঃ, কৃতস্বস্ত্যয়নাঃ কৃতযাত্রাকালীনমাঙ্গলিকোপাসনাঃ সন্তঃ। উপসংগৃহ্য প্রণম্যেত্যর্থঃ। মার্গশীর্ষ্যাম্ অগ্রহায়ণপূর্ণিমায়ামতীতায়াং সত্যাম্, পুষ্যেণ নক্ষত্রেণ। অর্থাৎ তৎপরবর্ত্তিকৃষ্ণপক্ষতৃতীয়ায়াম্, পূর্ণিমায়াং মৃগশিরসি তৎপরতৃতীয়ায়ামেব পুষ্যনক্ষত্রসম্ভবাৎ, বুধবারে তয়োর্যোগে তু অমৃতযোগলাভাৎ। যাত্রায়াঞ্চ পুষ্যনক্ষত্রস্য প্রাশস্ত্যম্, "অশ্বিনীমৈত্ররেবত্যো মৃগমূলে পুনর্বসুঃ।

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১ ৩॥ দুর্গাণি কণ্টকাদ্যাক্রান্তত্বাৎ, বিষমাণি হিংস্রব্যাঘ্রাদ্যাবৃতত্বাৎ ॥৪—১২॥ অম্বুকীর্ণানি ব্যাপ্তানি, নোঽস্মান্ ॥১৩—১৯॥ আর্জ্জবমৃজুবুদ্ধিং শ্রদ্ধামিত্যর্থঃ ॥২০—২৬॥

কারণ, ব্রাহ্মণেরা বলিয়া থাকেন যে, শরীরসংযম মানুষব্রত ; আর মনঃসংযম দৈবব্রত ॥২১॥

কেন না, নির্দ্দোষ মনই পবিত্রতা জন্মাইতে সমর্থ ; অতএব সর্ব্বভূতে মৈত্রীবুদ্ধি অবলম্বন করিয়া পবিত্র হইয়া পরে তীর্থদর্শন করিবে ॥২২॥

তোমরা পরের অনিষ্টচিন্তাপ্রভৃতি দৈবব্রত অবলম্বন করিয়া, দয়াদাক্ষিণ্যপ্রভৃতি মানসিকভাবে এবং নিরামিষ একাহারাদি শারীরিক নিয়মে বিশুদ্ধ হইয়া, তীর্থে গমন করিলেই তীর্থের যথোক্ত ফল লাভ করিতে পারিবে" ॥২৩॥

"তাহাই হইবে" এইরূপ পাণ্ডবেরা স্বীকার করিলে, তখন স্বর্গীয়মুনি নারদপ্রভৃতি এবং পৃথিবীর মুনি বেদব্যাসপ্রভৃতি তাঁহাদের জন্য স্বস্ত্যয়ন করিলেন।

কঠিনানি সমাদায় চীরাজিনজটাধরাঃ।
অভেদ্যৈঃ কবচৈর্যুক্তাস্তীর্থান্যন্বচরংস্ততঃ ॥২৭॥
ইন্দ্রসেনাদিভির্ভৃত্যৈ রথৈঃ পরিচতুর্দ্দশৈঃ।
মহানসব্যাপৃতৈশ্চ তথান্যৈঃ পরিচারকৈঃ ॥২৮॥
সায়ুধা বদ্ধনিস্ত্রিংশাস্তূণবন্তঃ সমার্গণাঃ।
প্রাঙ্মুখাঃ প্রযযুর্বীরাঃ পাণ্ডবা জনমেজয়। ॥২৯॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরতীর্থগমনে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পুষ্যা হস্তা তথা জ্যেষ্ঠা যাত্রায়াঞ্চোত্তমাঃ স্মৃতাঃ ॥' ইতি জ্যোতির্বচনাৎ। অত্রেদমবধেয়ম্—দ্বাদশ বর্ষাণি বনবাসঃ, একং বর্ষঞ্চাজ্ঞাতবাসঃ প্রতিজ্ঞাতঃ, তত্র চ বনবাসবর্ষাণাং পঞ্চবর্ষাতিক্রমঃ প্রাগুক্তঃ, স্থিতানি সপ্ত বর্ষাণি অজ্ঞাতবাসস্য চৈকং বর্ষম্, ততশ্চ কতিপয়মাসাৎ পরং যুদ্ধম্, ততোঽপি চ যুদ্ধজয়াৎ পরং যুধিষ্ঠিরাভ্যারম্ভঃ কল্যব্দারম্ভশ্চ। এবঞ্চ যুধিষ্ঠিরাব্দারম্ভাৎ কল্যব্দারম্ভাচ্চ পূর্ব্ববর্ত্তিনি নবমে অব্দে তীর্থযাত্রা আরব্ধেতি ॥২৪ ২৬॥

কঠিনানীতি। কঠিনানি সূর্য্যদত্তস্থাল্যাদিস্থালীঃ, "কঠিনং নিষ্ঠুরে স্থাল্যাং শর্করায়াং গুড়স্য চ" ইতি বিশ্বঃ। এতেন 'কঠিনানি যষ্টীঃ" ইতি নীলকণ্ঠোক্তং হেয়ম, প্রমাণাভাবাৎ বহুবচনং স্থাল্যন্তরগ্রহণার্থম্। সমাদায় পাকসৌকর্য্যার্থং গৃহীত্বা। ততঃ কাম্যকবনাৎ, অন্বচরন্ লোমশাদিভিঃ সহ প্রস্থিতবন্তঃ ॥২৭॥

ইন্দ্রেতি। চতুর্দ্দশভ্যঃ পরি অধিকা ইতি পরিচতুর্দ্দশাস্তৈঃ। "সমাসান্তগতানাং বা"

ভারতভাবদীপঃ

কঠিনানি যষ্টীঃ, কাঠীতি মহারাষ্ট্রপ্রসিদ্ধেঃ। অন্যে তু শিক্যানি করণ্ডানি, বেতি ব্যাচখ্যুঃ ॥২৭॥ পরিচতুর্দ্দশৈঃ পঞ্চদশভিঃ চতুর্দ্দশভ্যঃ পরি উপরীতি ব্যুৎপত্তেঃ। সংখ্যয়াব্যয়াসন্নেতি সমাসঃ, বহুব্রীহৌ সংখ্যেয়ে ডজিতি ডচ্ ॥২৮—২৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৭॥

তৎপরে পাণ্ডবগণ দ্রৌপদীর সহিত মিলিত হইয়া লোমশ, বেদব্যাস, নারদ ও পর্ব্বতমুনিকে নমস্কার করিয়া, ধৌম্যপুরোহিত ও সেই সকল বনবাসী ব্রাহ্মণের সহিত অগ্রহায়ণমাসের পূর্ণিমা অতীত হইলে পুষ্যানক্ষত্রে কাম্যকবন হইতে যাত্রা করিলেন ॥২৪—২৬॥

তাঁহারা কৌপীন, কৃষ্ণাজিন ও জটা ধারণ করিয়া, সূর্য্যদত্ত স্থালীপ্রভৃতি লইয়া, অভেদ্য কবচে আবৃত হইয়া, কাম্যকবন হইতে তীর্থে রওনা হইয়াছিলেন ॥২৭॥

মহারাজ জনমেজয়! ইন্দ্রসেনপ্রভৃতি ভৃত্যগণ, চতুর্দ্দশাধিক রথ, রন্ধন-

---

* '...ত্রিনবতিতমঃ...'—বা ব বা পি, '...একনবতিতমঃ...'—নি।

অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

ন বৈ নির্গুণমাত্মানং মন্যে দেবর্ষিসত্তম!।
তথাস্মি দুঃখসন্তপ্তো যথা নান্যো মহীপতিঃ ॥১॥
পরাংশ্চ নির্গুণান্ মন্যে ন চ ধর্ম্মরতানপি।
তে চ লোমশ! লোকেঽস্মিন্নৃধ্যন্তে কেন হেতুনা ॥২॥

লোমশ উবাচ।

নাত্র দুঃখং ত্বয়া রাজন্! কার্য্যং পার্থ! কথঞ্চন।
যদধর্ম্মেণ বর্দ্ধেয়ুরধর্ম্মরুচয়ো জনাঃ ॥৩॥

ভারতকৌমুদী

ইত্যাদিনা অদন্তত্বম্। মহানসব্যাপৃতৈঃ পাকস্থানাধিকৃতৈঃ পুরুষৈঃ, অন্যৈঃ পরিচারকৈশ্চ সহ। বদ্ধনিস্ত্রিংশাঃ কটিবদ্ধকৃপাণাঃ। সমার্গণাঃ সবানাঃ ॥২৮—২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

নেতি। নির্গুণং ধর্ম্মশৌর্য্যাদিগুণহীনম্। তথাপি তথা দুঃখসন্তপ্তঃ অস্মি, যথা অন্যো মহীপতির্ন। অত্র গুণসত্ত্বে তৎফলসুখাসত্ত্বম্, দোষাসত্ত্বে চ তৎফলদুঃখসত্ত্বমিত্যন্বয়ব্যতিরেকোভয়-ব্যভিচার এব প্রশ্নবিষয় ইত্যাশয়ঃ। এবং পরত্রাপি ॥১॥

পরানিতি। পরান্ শত্রূন্ দুর্য্যোধনাদীন্। ঋধ্যন্তে বর্দ্ধন্তে ॥২॥

শালায় নিযুক্ত লোকসমূহ এবং অন্যান্য পরিচারকদের সহিত মিলিত হইয়া মহাবীর পাণ্ডবেরা কটীদেশে তরবারি বন্ধন করিয়া, অন্যান্য নানাবিধ অস্ত্র লইয়া, বাণপূর্ণ তূণ ধারণ করিয়া, পূর্ব্বমুখে প্রস্থান করিয়াছিলেন" ॥২৮—২৯॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—"দেবর্ষিশ্রেষ্ঠ লোমশ! আমি নিজেকে নির্গুণ মনে করি না; তথাপি অন্য রাজা যেরূপ দুঃখভোগ করেন না, আমি সেইরূপ দুঃখভোগ করিতেছি। ॥১॥

আবার শত্রুগণকে নির্গুণ বলিয়াই মনে করি এবং তাহাদিগকে ধর্ম্মে নিরত বলিয়াও ধারণা করিতে পারি না; তথাপি তাহারা কি কারণে এই জগতে উন্নতি লাভ করিতেছে।" ॥২॥

বৰ্দ্ধত্যধর্ম্মেণ নরস্ততো ভদ্রাণি পশ্যতি।
ততঃ সপত্নান্ জয়তি সমূলস্তু বিনশ্যতি ॥৪॥
ময়া হি দৃষ্টা দৈতেয়া দানবাশ্চ মহীপতে!।
বৰ্দ্ধমানা হ্যধর্ম্মেণ ক্ষয়ঞ্চোপগতাঃ পুনঃ ॥৫॥
পুরা দেবযুগে চৈব দৃষ্টং সর্ব্বং ময়া বিভো!।
অরোচয়ন্ সুরা ধর্ম্মং ধর্ম্মং তত্যজিরেঽসুরাঃ ॥৬॥
তীর্থানি দেবা বিবিশুর্নাবিশন্ ভারতাসুরাঃ।
তানধর্ম্মকৃতো দর্পঃ পূর্ব্বমেব সমাবিশৎ ॥৭॥
দর্পান্মানঃ সমভবন্মানাৎ ক্রোধো ব্যজায়ত।
ক্রোধাদহ্রীস্ততোঽলজ্জা বৃত্তং তেষাং ততোঽনশৎ ॥৮॥

ভারতকৌমুদী

নেতি। অধর্ম্মকচযঃ পাপপ্রবৃত্তযঃ ॥৩॥

বৰ্দ্ধতীতি। সপত্নান্ শত্রূন্। মূলং বংশস্থিতিহেতুঃ পুত্রাদিস্তৎসহিতঃ সমূলঃ। অত্র প্রাক্তন-কর্ম্মবশাদ্বৃদ্ধিঃ, ঐহিককর্ম্মবশাচ্চ পবং সমূলধ্বংস ইতি ভাবঃ ॥৪॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ—ময়েতি। হিশব্দোঽবধাবণে, ময়ৈবেত্যর্থঃ ॥৫॥

পুরেতি। দেবযুগে সত্যযুগে। অবোচযন্ প্রবৃত্ত্যা গ্রহীতুমৈচ্ছন্ ॥৬॥

তীর্থানীতি। অধর্ম্মকৃতঃ পাপসম্পাদিতঃ, অন্যূনতীর্থত্রযকৃত্যস্য নিত্যত্বাৎ তদকরণে প্রত্যবাযোদয়স্তাবশ্যম্ভাবাদিতি ভাবঃ। দর্পঃ বযং শ্রেষ্ঠা ইতি গর্ব্বঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

ন বা ইতি। নিগুণমুত্তমগুণহীনম্ ॥১॥ পবান্ শত্রূন্ ॥২-৩॥ সমূলঃ পুত্রপৌত্রাদিবংশ-বৃদ্ধিমূলং তৎসহিতঃ ॥৪—৬॥ বিবিশুঃ স্নানার্থমিতি শেষঃ। অধর্ম্মস্তীর্থযাত্রা-হপ্রবেশজস্তৎকর্ত্তৄন্ অধর্ম্মকৃতঃ। অধর্ম্মেণ কৃত উৎপাদিতো বা দর্পো গর্ব্বঃ, ততো মানঃ

লোমশ বলিলেন—"পৃথানন্দন রাজা! পাপপ্রবৃত্তিসম্পন্ন লোকেরা যে পাপেই বৃদ্ধি পায়, এ বিষয়ে তুমি কোনপ্রকার দুঃখ করিও না ॥৩॥

কারণ, মানুষ প্রথমে পাপে বৃদ্ধি পায়, তাহার পর নানাবিধ মঙ্গল দেখিতে থাকে, তৎপরে শত্রু জয় করে, তদনন্তর সমূলে বিনষ্ট হইয়া যায় ॥৪॥

রাজা! আমিই দেখিয়াছি—দৈত্যেরা ও দানবেরা পাপে বৃদ্ধি পাইয়া, আবার ক্ষয় পাইয়া গিয়াছে ॥৫॥

রাজা! আমি সত্যযুগে সমস্তই দেখিয়াছিলাম—দেবতারা ইচ্ছাপূর্ব্বক ধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন; আর অসুরেরা সেইভাবে সে ধর্ম্ম ত্যাগ করিয়াছিল ॥৬॥

ভরতনন্দন! দেবতারা সমস্ত তীর্থে বিচরণ করিয়াছিলেন; আর অসুরেরা কোন তীর্থেই গিয়াছিল না: সেই পাপে প্রথমেই তাহাদের দর্প জন্মিয়াছিল ॥৭॥

তানলজ্জান্ গতহ্রীকান্ হীনবৃত্তান্ বৃথাব্রতান্।
ক্ষমা লক্ষ্মীশ্চ ধর্ম্মশ্চ নচিরাৎ প্রজহুস্ততঃ ॥৯॥
লক্ষ্মীস্তু দেবানগমদলক্ষ্মীরসুরান্ নৃপ !।
তানলক্ষ্মীসমাবিষ্টান্ দর্পোপহতচেতসঃ ॥১০॥
দৈতেয়ান্ দানবাংশ্চৈব কলিরপ্যাবিশত্ততঃ।
তানলক্ষ্মীসমাবিষ্টান্ দানবান্ কলিনা হতান্ ॥১১॥
দর্পাভিভূতান্ কৌন্তেয় ! ক্রিয়াহীনানচেতসঃ।
মানাভিভূতানচিরাদ্বিনাশঃ সমপদ্যত ॥১২॥ (বিশেষকম্)
নির্যশস্কাস্তথা দৈত্যাঃ কৃৎস্নশো বিলয়ং গতাঃ।
অধর্ম্মরুচয়ো রাজন্নলক্ষ্ম্যা সমধিষ্ঠিতাঃ ॥১৩॥
দেবাস্তু সাগরাংশ্চৈব সরিতশ্চ সরাংসি চ।
অভ্যগচ্ছন্ ধর্ম্মশীলাঃ পুণ্যান্যায়তনানি চ ॥১৪॥

ভারতকৌমুদী

দর্পাদিতি। মান আত্মনি পূজ্যত্ববুদ্ধিঃ। মানাৎ মানব্যাঘাতাৎ। অহ্রীঃ অকোমলতা। অলজ্জা নিন্দ্যেহপি কর্ত্তব্যত্ববুদ্ধিঃ। বৃত্তং চরিত্রম্ ॥৮॥

তানিতি। গতহ্রীকান্ বিনষ্টকোমলভাবান্, হীনবৃত্তান্ ত্যক্তচরিত্রান্ ॥৯॥

লক্ষ্মীরিতি। দর্পোপহতচেতসঃ গর্ব্বেণ নাশিতকর্ত্তব্যবুদ্ধীন্। আবিশৎ অধিষ্ঠিতবান্। হতান্ হতসদ্বৃত্তীন্। সমপদ্যত সমাশ্রয়ৎ ॥১০—১২॥

নিরিতি। তথা তাদৃশৈরপকর্ম্মভিঃ, নির্যশস্কা লোকে নিন্দিতাঃ সন্তঃ ॥১৩॥

দর্প হইতে তাহাদের মান আসিয়াছিল, মান হইতে ক্রোধ জন্মিয়াছিল, ক্রোধ হইতে উগ্রতা প্রকাশ পাইয়াছিল, তাহা হইতে নির্লজ্জতা দেখা দিয়াছিল এবং তাহা হইতেই চরিত্র নষ্ট হইয়াছিল ॥৮॥

তাহারা নির্লজ্জ, উগ্রস্বভাব, হীনচরিত্র ও নিষ্ফলনিয়ম হইয়া পড়িলে, তৎপরে অচিরকালমধ্যে তাহাদিগকে ক্ষমা, লক্ষ্মী ও ধর্ম্ম পরিত্যাগ করিলেন ॥৯॥

লক্ষ্মী দেবগণের পক্ষে গেলেন ; আর অলক্ষ্মী অসুরদিগের পক্ষ লইলেন। এই-ভাবে অলক্ষ্মীসমাবিষ্ট এবং দর্পনষ্টবুদ্ধি সেই দৈত্যগণ ও দানবগণের ঘাড়ে আসিয়া কলি (শয়তান) অধিষ্ঠিত হইল। কুন্তীনন্দন ! তাহার পর অচিরকালমধ্যেই সেই অলক্ষ্মীসমাবিষ্ট, কলিকর্ত্তৃক হতচরিত্র, দর্পাভিভূত, সৎকার্য্যশূন্য, মানাক্রান্ত এবং অচেতনপ্রায় অসুরগণের বিনাশ উপস্থিত হইল ॥১০—১২॥

ক্রমে পাপপ্রবৃত্তি ও অলক্ষ্মীসমাবিষ্ট অসুরেরা সেইভাবে জগতে নিন্দিত হইয়া সকলেই লয় পাইয়া গেল ॥১৩॥

তপোভিঃ ক্রতুভির্দানৈর্বাশীর্ব্বাদৈশ্চ পাণ্ডব।।
প্রজহুঃ সর্ব্বপাপানি শ্রেয়শ্চ প্রতিপেদিরে ॥১৫॥
এবমাদানবন্তশ্চ নিরাদানাশ্চ সর্ব্বশঃ।
তীর্থান্যগচ্ছন্ বিবুধাস্তেনাপুর্ভূতিমুত্তমাম্ ॥১৬॥
তথা ত্বমপি রাজেন্দ্র। স্নাত্বা তীর্থেষু সানুজঃ।
পুনর্বেৎস্যসি তাং লক্ষ্মীমেষ পন্থাঃ সনাতনঃ ॥১৭॥
যথৈব হি নৃগো রাজা শিবিরৌশীনরো যথা।
ভগীরথো বসুমনা গয়ঃ পূরুঃ পুরূরবাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

দেবা ইতি। অত্র পুণ্যানীতি যথাসম্ভবলিঙ্গবিপরিণামেন সর্ব্বত্র যোজ্যম্ ॥১৪॥

তপোভিরিতি। তপোভিঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিভিঃ। প্রতিপেদিরে লেভিরে ॥১৫॥

এবমিতি। আদানবন্তো বৈধকর্ম্মগ্রহণবন্তঃ, নিরাদানা নিষিদ্ধকর্ম্মাগ্রহণকারিণঃ, সর্ব্বশঃ সর্ব্বথা। বিবুধা দেবাঃ, আপুর্লেভিরে, ভূতিমৈশ্বর্য্যম্ ॥১৬।

তথেতি। বেৎস্যসি লপ্স্যসে। লাভার্থস্য বিদেঃ প্রয়োগোঽয়ম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

পূজ্যোঽস্মীতি বুদ্ধিঃ ॥৭॥ ততঃ পূজায়া অলাভে প্রতিঘাতে বা ক্রোধঃ, ততঃ অশ্রীঃ অকার্য্যে প্রবৃত্তিঃ, ততঃ অলজ্জা লজ্জা নিন্দাভাদোবাস্তুয়' তস্য নাশঃ ।৮॥ নচিরাৎ শীঘ্রমেব ॥৯—১৪॥ আদানবন্ত আর্জ্জবাদিনিয়মগ্রহণবন্তঃ, নিরাদানা অপ্রতিবদ্ধাঃ, সর্ব্বশঃ দেবাদিভিরপি ॥১৫- ১৬॥ বেৎস্যসি লপ্স্যসে ॥১৭ - ২৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে [illegible] সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৮॥

কিন্তু ধর্ম্মশীল দেবতারা সমুদ্র, নদী, সরোবর ও পুণ্যক্ষেত্রসমূহে গমন করিলেন ॥১৪॥

এবং তপস্যা, যজ্ঞ, দান ও আশীর্ব্বাদলাভ দ্বারা সমস্ত পাপ হইতে মুক্ত হইলেন এবং উত্তম পুণ্য লাভ করিলেন ॥১৫॥

এইভাবে সর্ব্বপ্রকারে বৈধকর্ম্মের গ্রহণ এবং নিষিদ্ধ কর্ম্মের পরিত্যাগকারী দেবতারা তীর্থ পর্য্যটন করিয়াছিলেন, তাহাতেই উত্তম ঐশ্বর্য্য লাভ করিয়াছিলেন ॥১৬॥

রাজশ্রেষ্ঠ। সেইরূপ তুমিও ভ্রাতাদের সহিত তীর্থে স্নান করিয়া পুনরায় সেই সম্পদ লাভ করিবে। কারণ, ইহাই সনাতন পদ্ধতি ॥১৭॥

নরনাথ রাজশ্রেষ্ঠ! নৃগ, উশীনরপুত্র শিবি, ভগীরথ, বসুমনা, গয়, পূরু,

---

(১৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

চরমাণাস্তপো নিত্যং স্পর্শনাদম্ভসশ্চ তে।
তীর্থাভিগমনাৎ পূতা দর্শনাচ্চ মহাত্মনাম্ ॥১৯॥
অলভন্ত যশঃ পুণ্যং ধনানি চ বিশাংপতে!।
তথা ত্বমপি রাজেন্দ্র। লব্ধা সুবিপুলাং শ্রিয়ম্ ॥২০॥ (বিশেষকম্)
যথা চেক্ষ্বাকুরভবৎ সপুত্রধনবান্ধবঃ।
মুচুকুন্দোঽথ মান্ধাতা মরুত্তশ্চ মহীপতিঃ ॥২১॥
কীর্ত্তিং পুণ্যামবিন্দন্ত যথা দেবাস্তপোবলাৎ।
দেবর্ষয়শ্চ কাৎর্স্ন্যেন তথা ত্বমপি বেৎস্যসি ॥২২॥
ধার্ত্তরাষ্ট্রাস্ত্বধর্ম্মেণ মোহেন চ বশীকৃতাঃ।
নচিরাদ্বৈ বিনঙ্ক্ষ্যন্তি দৈত্যা ইব ন শংসয়ঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরতীর্থগমনে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যথেতি। ঔশীনর উশীনরপুত্রঃ শিবিঃ। অম্ভসস্তীর্থজলস্য। পুণ্যং যশঃ পুণ্যজন্যাং সুখ্যাতিম্। লব্ধা ভবিষ্যসি, তৃন্প্রত্যয়ান্তত্বাৎ কর্ম্মণি দ্বিতীয়ৈব ॥১৮—২০॥

যথেতি। তথা ত্বমপি সপুত্রধনবান্ধবো ভবিষ্যসীতি শেষঃ ॥২১॥

কীর্ত্তিমিতি। অবিন্দন্ত অলভন্ত। কাৎর্স্ন্যেন সাকল্যেন। বেৎস্যসি লপ্স্যসে ॥২২॥

ধার্ম্মেতি। মোহেন অকর্ত্তব্যে কর্ত্তব্যবুদ্ধ্যা, বশীকৃতাঃ সমাবিষ্টাঃ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

এবং পুরূরবা—এই সকল রাজা যেমন সর্ব্বদা তপস্যা করিতে থাকিয়া এবং তীর্থগমন, তীর্থজলস্পর্শ ও মহাত্মাদিগের দর্শন করিয়া, পবিত্র হইয়া, পুণ্যযশ ও ধনলাভ করিয়াছিলেন, তেমন তুমিও অতিবিপুল সম্পদ লাভ করিবে ॥১৮—২০॥

এবং ইক্ষ্বাকু, মুচুকুন্দ, মান্ধাতা ও মরুত্তরাজা যেমন পুত্র, ধন ও বন্ধুসম্পন্ন হইয়াছিলেন, তুমিও তেমনই হইবে ॥২১॥

আর, দেবতারা ও ঋষিরা যেমন তপস্যার বলে পুণ্যকীর্ত্তি লাভ করিয়াছিলেন, তুমিও তেমনই সমস্ত পুণ্যকীর্ত্তি লাভ করিবে ॥২২॥

কিন্তু পাপ ও মোহের বশীভূত ধৃতরাষ্ট্রপুত্রগণ অচিরকালমধ্যেই অসুরগণের ন্যায় বিনষ্ট হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই” ॥২৩॥

---

(২০)…‘লব্ধা’…ইতি ক্বাস্তঃ পাঠঃ—বা ক। পি নি। (২১)… সপুত্রজনবান্ধবঃ—বা ব কা পি। * ‘…চতুর্নবতিতমঃ…’—বা ব কা পি, ‘…ত্রিনবতিতমঃ…’—নি।

ঊনাশীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তে তথা সহিতা বীরা বসন্তস্তত্র তত্র হ।
ক্রমেণ পৃথিবীপাল! নৈমিষারণ্যমাগতাঃ ॥১॥
ততস্তীর্থেষু পুণ্যেষু গোমত্যাঃ পাণ্ডবা নৃপ!।
কৃতাভিষেকাঃ প্রদদুর্গাশ্চ বিত্তঞ্চ ভারত! ॥২॥
তত্র দেবান্ পিতৃন্ বিপ্রাংস্তর্পয়িত্বা পুনঃ পুনঃ।
কন্যাতীর্থেঽশ্বতীর্থে চ গবাং তীর্থে চ ভারত! ॥৩॥
কালকোট্যাং বিষপ্রস্থে গিরাবুষ্য চ পাণ্ডবাঃ।
বাহুদায়াং মহীপাল! চক্রুঃ সর্ব্বেঽভিষেচনম্ ॥৪॥ যুগ্মকম্
প্রয়াগে দেবযজনে দেবানাং পৃথিবীপতে!।
উষুরাপ্লুত্য গাত্রাণি তপশ্চাতস্থুরুত্তমম্ ॥৫॥

ভারতকৌমুদী

ত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ, বসন্তো বিশ্রামায় অবতিষ্ঠমানাঃ সন্তঃ ॥১॥
তত ইতি। তীর্থেষু ঘট্টেষু, গোমত্যা নদ্যাঃ। কৃতাভিষেকাঃ কৃতস্নানাঃ ॥২॥
তত্রেতি। বিপ্রতর্পণং ধনদানেন। উষ্য বাসং কৃত্বা। বাহুদায়াং নদ্যাম্ ॥৩—৪॥
প্রয়াগ ইতি। দেবা ইজ্যন্তে অস্মিন্নিতি দেবযজনম্। আপ্লুত্য মজ্জয়িত্বা ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! বীর পাণ্ডবগণ এইভাবে সম্মিলিত থাকিয়া সেই সেই স্থানে বাস করিতে করিতে ক্রমশঃ নৈমিষারণ্যে আসিয়া উপস্থিত হইলেন ॥১॥

ভরতনন্দন রাজা! তাহার পর পাণ্ডবেরা গোমতীনদীর পবিত্র তীর্থগুলিতে স্নান করিয়া বহুতর গরু ও ধন দান করিলেন ॥২॥

ভরতনন্দন রাজা! পাণ্ডবেরা সেখানে দেবগণ ও পিতৃগণের তর্পণ করিয়া এবং বার বার ধনদানে ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট করিয়া কন্যাতীর্থ, অশ্বতীর্থ, গোতীর্থ, কালকোটীতীর্থ ও বিষপ্রস্থপর্ব্বতে বাস করিয়া বাহুদানদীতে সকলেই স্নান করিলেন ॥৩—৪॥

রাজা! তৎপরে তাঁহারা দেবগণের যজ্ঞস্থান প্রয়াগে স্নান করিয়া বাস করিলেন এবং উত্তম তপস্যা করিলেন ॥৫॥

---

(১)…পৃথিবীপালাঃ—পি। (৪)…গিরাবুষ্য চ কৌরবাঃ—বা ব কা নি।

গঙ্গাযমুনয়োশ্চাপি সঙ্গমে সত্যসঙ্গরাঃ।
বিপাপ্মানো মহাত্মানো বিপ্রেভ্যঃ প্রদদুর্বসু ॥৬॥
তপস্বিজনজুষ্টাঞ্চ ততো বেদীং প্রজাপতেঃ।
জগ্মুঃ পাণ্ডুসুতা রাজন্! ব্রাহ্মণৈঃ সহ ভারত! ॥৭॥
তত্র তে ন্যবসন্ বীরাস্তপশ্চাতস্থুরুত্তমম্।
সন্তর্পয়ন্তঃ সততং বন্যেন হবিষা দ্বিজান্ ॥৮॥
ততো মহীধরং জগ্মুর্ধর্ম্মজ্ঞেনাভিসংস্কৃতম্।
রাজর্ষিণা পুণ্যকৃতা গয়েনানুপমদ্যুতে! ॥৯॥
নগো গয়শিরো যত্র পুণ্যা চৈব মহানদী।
বানীরমালিনী রম্যা নদী পুলিনশোভিতা ॥১০॥
পরিতশ্চিত্রকূটঞ্চ পবিত্রং ধরণীধরম্।
ঋষিজুষ্টং সুপুণ্যঞ্চ তীর্থং পুণ্যসরোত্তমম্ ॥১১॥

ভারতকৌমুদী

গঙ্গেতি। সত্যসঙ্গরাঃ সত্যপ্রতিজ্ঞাঃ, বিপাপ্মানঃ স্নানেন নিষ্পাপাঃ। বসু ধনম্ ॥৬॥

তপস্বীতি। তপস্বিজনৈর্জুষ্টাং সেবিতাম্, বেদীং নাম তীর্থম্ ॥৭॥

তত্রেতি। হবিষা ফলমূলাদিনা দ্বিজানামগ্নিরূপত্বেন তদ্ভক্ষ্যস্যাপি হবীরূপত্বম্ ॥৮॥

তত ইতি। অভিসংস্কৃতং যজ্ঞানুষ্ঠানেন পবিত্রীকৃতম্। গয়েন তন্নাম্না ॥৯॥

নগ ইতি। নগঃ পর্ব্বতঃ, গয়শিরো নাম। মহানদী নাম। বানীরো বেতসঃ ॥১০॥

পরিত ইতি। পরিতঃ সর্ব্বতঃ চিত্রা নানাবিধাঃ কূটা গৃহাণি যস্য তৎ, "কূটঃ কোটে ঘটে গেহে" ইত্যাদি বিশ্বঃ। ধরণীধরং নাম। পুণ্যসরোত্তমমিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১১॥

সত্যপ্রতিজ্ঞ মহাত্মা পাণ্ডবেরা গঙ্গাযমুনাসঙ্গমে স্নান করিয়া নিষ্পাপ হইয়া ব্রাহ্মণদিগকে ধনদান করিলেন ॥৬॥

ভরতনন্দন রাজা! তাহার পর পাণ্ডবেরা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া তপস্বিসেবিত ব্রহ্মবেদীতে গমন করিলেন ॥৭॥

সেখানে সেই বীর পাণ্ডবগণ বন্য ফল-মূলপ্রভৃতি দ্বারা ব্রাহ্মণগণকে সন্তুষ্ট করিতে থাকিয়া বাস ও উত্তম তপস্যা করিলেন ॥৮॥

অসাধারণপ্রতাপসম্পন্ন রাজা! তাহার পর ধর্ম্মজ্ঞ ও ধর্ম্মচারী রাজর্ষি গয় যজ্ঞ করিয়া যাহাকে পবিত্র করিয়াছিলেন, সেই পর্ব্বতে পাণ্ডবেরা গমন করিলেন ॥৯॥

যেখানে 'গয়শির'-নামে পর্ব্বত এবং বেতসযুক্তা, পুলিনশোভিতা ও স্বভাবমনোহরা 'মহানদী'-নামে নদী আছে ॥১০॥

---

(১১) পবিত্রং চিত্রকূটঞ্চ—বা ব কা নি।

অগস্ত্যো ভগবান্ যত্র গতো বৈবস্বতং প্রতি।
উবাস চ স্বয়ং যত্র ধর্ম্মরাজঃ সনাতনঃ ॥১২॥
সর্ব্বাসাং সরিতাঞ্চৈব সমুদ্ভেদো বিশাংপতে!।
তত্র সন্নিহিতো নিত্যং মহাদেবঃ পিনাকধৃক্ ॥১৩॥
তত্র তে পাণ্ডবা বীরাশ্চাতুর্মাস্যৈস্তদেজিরে।
ঋষিযজ্ঞেন মহতা যত্রাক্ষয়বটো মহান্ ॥১৪॥
অক্ষয়ে দেবযজনে অক্ষয়ং যত্র বৈ ফলম্।
তে তু তত্রোপবাসাংস্তু চক্রুর্নিশ্চিতমানসাঃ ॥১৫॥
ব্রাহ্মণাস্তত্র শতশঃ সমাজগ্মুস্তপোধনাঃ।
চাতুর্মাস্যেনাযজন্ত আর্ষেণ বিধিনা তদা ॥১৬॥
তত্র বিদ্যাতপোবৃদ্ধা ব্রাহ্মণা বেদপারগাঃ।
কথাং প্রচক্রিরে পুণ্যাং সদসিস্থা মহাত্মনাম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অগস্ত্য ইতি। বৈবস্বতং যমম্। ধর্ম্মরাজো যমঃ ॥১২॥
সর্ব্বাসামিতি। সমুদ্ভেদঃ প্রভাবেণাবির্ভাবঃ স্বস্বস্নানফলজনকতেত্যর্থঃ ॥১৩॥
তত্রেতি। চাতুর্মাস্যৈর্যজ্ঞৈঃ, মহতা ঋষিযজ্ঞেন চ ঈজিরে দেবান্ পূজিতবন্তঃ ॥১৪॥
অক্ষয় ইতি। দেবা ইজ্যন্তে যস্মিন্ তত্র, অক্ষয়ে অক্ষয়বটসন্নিধানে ॥১৫॥
ব্রাহ্মণা ইতি। চাতুর্মাস্যেন চতুর্মাসব্যাপিনা, আর্ষেণ ঋষিবিহিতেন ॥১৬॥

এবং অতিশয় পুণ্যজনক, ঋষিসেবিত ও পবিত্র 'ধরণীধর'-নামে একটী উত্তম সরোবর আছে ; তাহার সকল দিকে নানাবিধ গৃহ রহিয়াছে ॥১১॥

যেখানে সনাতন স্বয়ং ধর্ম্মরাজ বাস করিয়াছিলেন ; সুতরাং তাঁহার নিকটে ভগবান্ অগস্ত্যমুনি গিয়াছিলেন ॥১২॥

নরনাথ! সেখানে সমস্ত নদীরই (প্রভাব প্রকাশদ্বারা) অধিষ্ঠান আছে এবং পিনাকধারী মহাদেব সর্ব্বদা সন্নিহিত রহিয়াছেন ॥১৩॥

সেই তীর্থে যেখানে অক্ষয়বট রহিয়াছে, তাহার নিকটে বীর পাণ্ডবগণ চাতুর্ম্মাস্যব্রত ও বৃহৎ ঋষিযজ্ঞ করিয়া দেবগণের তৃপ্তিসাধন করিলেন ॥১৪॥

এবং দেবগণের যজ্ঞস্থান যে অক্ষয়বটের নিকটে কর্ম্মমাত্রেই অক্ষয় ফল হয়, সেইখানে তাঁহারা স্থিরচিত্ত হইয়া উপবাস করিলেন ॥১৫॥

তখন সেখানে শত শত তপস্বী ব্রাহ্মণ আগমন করিলেন এবং তাঁহারা ঋষিবিহিত বিধানে চতুর্ম্মাসব্যাপী যজ্ঞ আরম্ভ করিলেন ॥১৬॥

এবং তখন বিদ্যাবৃদ্ধ, তপোবৃদ্ধ ও বেদপারদর্শী ব্রাহ্মণেরা আসিয়া মহাত্মা পাণ্ডবদের সভায় থাকিয়া পুণ্য উপাখ্যান সকল বলিতে লাগিলেন ॥১৭॥

তত্র বিদ্যাব্রতস্নাতঃ কৌমারং ব্রতমাস্থিতঃ।
শমঠোঽকথয়দ্রাজন্নামূর্ত্তরয়সং গয়ম্ ॥১৮॥

শমঠ উবাচ।

অমূর্ত্তরয়সঃ পুত্রো গয়ো রাজর্ষিসত্তমঃ।
পুণ্যানি তস্য কর্ম্মাণি তানি মে শৃণু ভারত! ॥১৯॥
যস্য যজ্ঞো বভূবেহ বহ্বন্নো বহুদক্ষিণঃ।
যত্রান্নপর্ব্বতা রাজন্! শতশোঽথ সহস্রশঃ ॥২০॥
ঘৃতকুল্যাশ্চ দধ্নশ্চ নদ্যো বহুশতাস্তথা।
ব্যঞ্জনানাং প্রবাহাশ্চ মহার্হাণাং সহস্রশঃ ॥২১॥
অহন্যহনি চাপ্যেতদ্ যাচতাং সম্প্রদীয়তে।
অন্যে চ ব্রাহ্মণা রাজন্! ভুঞ্জতেঽন্নং সুসংস্কৃতম্ ॥২২॥

ভারতকৌমুদী

তত্রেতি। কথামাখ্যানম্। সদসিস্থা ইতি "বা তু বনেচবাদৌ" ইতি সপ্তম্যা অলুক্ ॥১৭॥
তত্রেতি। বিদ্যাব্রতাভ্যাং স্নাতঃ শোধিতচিত্তদেহঃ। আমূর্ত্তরযসম্ অমূর্ত্তরযসঃ পুত্রম্ ॥১৮॥
অমূর্ত্তেতি। অমূর্ত্তরযা নাম কশ্চিদ্রাজা তস্য। গয়ো নাম ॥১৯॥
যস্যেতি। বহূনি অন্নানি যত্র সঃ, বহবো দক্ষিণা যত্র স চ ॥২০॥
ঘৃতেতি। ঘৃতস্য কুল্যাঃ ক্ষুদ্রাঃ কৃত্রিমাঃ সরিতঃ। মহার্হাণাং মহামূল্যানাম্ ॥২১॥
অহনীতি। এতদ্ঘৃতাদিকম্। সম্প্রদীয়তে ভুঞ্জতে ইত্যুভয়ত্রাপি স্মশব্দাধ্যাহারঃ ॥২২॥

রাজা! তাঁহাদের মধ্যে বিদ্যা ও অনুশীলনে পরম পবিত্র এবং কৌমার-ব্রতাবলম্বী 'শমঠ'-নামে এক ব্রাহ্মণ অমূর্ত্তরয়ার পুত্র গয়ের উপাখ্যান বলিতে লাগিলেন ॥১৮॥

শমঠ বলিলেন—"অমূর্ত্তরয়ার পুত্র গয় রাজর্ষিদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন; ভরতনন্দন! আপনি তাঁহার প্রসিদ্ধ পুণ্যকর্ম্মগুলি আমার নিকট শ্রবণ করুন ॥১৯॥

রাজা! এইখানেই যাঁহার যজ্ঞ হইয়াছিল এবং সেই যজ্ঞে প্রচুর অন্ন ও দক্ষিণা বিতরণ করা হইয়াছিল; আর সেই যজ্ঞে শত শত ও সহস্র সহস্র অন্নপর্ব্বত হইয়াছিল ॥২০॥

এবং বহু শত ঘৃতের হ্রদ, দধির নদী ও সহস্র সহস্র মহামূল্য ব্যঞ্জনের প্রবাহ হইয়াছিল ॥২১॥

রাজা! যে কেহ আসিয়া প্রার্থনা করিলেই তাহাকে এই সকল বস্তু দেওয়া হইত; তাহাতে ব্রাহ্মণেরা ও অন্যান্য লোকেরা প্রত্যহই সুপক্ক অন্ন ভোজন করিতেন ॥২২॥

তত্রৈব দক্ষিণাকালে ব্রহ্মঘোষো দিবং গতঃ।
ন চ প্রজ্ঞায়তে কিঞ্চিদ্‌ব্রহ্মশব্দেন ভারত! ॥২৩॥
পুণ্যেন চরতা রাজন্! ভূর্দিশঃ খং নভস্তথা।
আপূর্ণমাসীচ্ছব্দেন তদপ্যাসীন্মহাদ্ভুতম্ ॥২৪॥
তত্র স্ম গাথা গায়ন্তি মনুষ্যা ভরতর্ষভ!।
অন্নপানৈঃ শুভৈস্তৃপ্তা দেশে দেশে সুবর্চ্চসঃ ॥২৫॥
গয়স্য যজ্ঞে কে ত্বদ্য প্রাণিনো ভোক্তুমীপ্সবঃ।
তত্র ভোজনশিষ্টস্য পর্ব্বতাঃ পঞ্চবিংশতিঃ ॥২৬॥
ন তৎ পূর্ব্বে জনাশ্চক্রুর্ন করিষ্যন্তি চাপরে।
গয়ো যদকরোদ্‌যজ্ঞে রাজর্ষিরমিতদ্যুতিঃ ॥২৭॥
কথং নু দেবা হবিষা গয়েন পরিতোষিতাঃ।
পুনঃ শক্যাস্ত্যুপাদাতুমন্যৈর্দত্তানি কানিচিৎ ॥২৮॥

ভারতকৌমুদী

তত্রেতি। ব্রহ্মঘোষো বেদধ্বনিঃ, "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম" ইত্যমরঃ ।২৩।
পুণ্যেনেতি। খং স্বর্গঃ, নভ আকাশম্। শব্দেন জয়ধ্বনিনা ॥২১॥
তত্রেতি। সুবর্চ্চসঃ অতিতেজসো গয়স্য শুভৈরন্নপানৈস্তৃপ্তা মনুষ্যাঃ ॥২৫॥
গয়স্যেতি। ঈপ্সব ইচ্ছবঃ সন্তি, তে আগচ্ছন্ত্বিতি শেষঃ ॥২৬॥
নেতি। পূর্ব্বে পূর্ব্ববর্ত্তিনঃ, অপরে পরবর্ত্তিনঃ। অমিতদ্যুতিরতুলপ্রতাপঃ ॥২৭॥
কথমিতি। হবিষা ঘৃতাদিনা। দত্তানি হবীংষি ॥২৮।

ভরতনন্দন! সেই যজ্ঞেই দক্ষিণাদানের সময়ে বেদধ্বনি উঠিয়া আকাশে গিয়াছিল; সুতরাং সেই বেদধ্বনিতে অন্য কিছুই শুনা যায় নাই ॥২৩॥

রাজা! পবিত্র জয়ধ্বনি উঠিয়া ভূলোক, স্বর্গলোক, আকাশ ও দিক্ সকল পরিপূর্ণ করিয়াছিল; তাহাও অত্যন্ত অদ্ভুতই হইয়াছিল ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ! মহাতেজা গয়রাজার সেই যজ্ঞে উৎকৃষ্ট অন্ন-পানে পরিতৃপ্ত হইয়া মানুষেরা দেশে দেশে এই সকল গাথা গাহিয়াছিল—॥২৫॥

'গয়রাজার যজ্ঞে কোন্ কোন্ প্রাণী ভোজন করিতে ইচ্ছা কর, (তাহারা আইস); এখনও সেখানে ভুক্তাবশিষ্ট অন্নের পঁচিশটী পাহাড় রহিয়াছে ॥২৬॥

পূর্ব্ববর্ত্তী লোকেরা তাহা করিতে পারেন নাই, পরবর্ত্তী লোকেরাও করিতে পারিবেন না, যাহা অমিতপ্রতাপ রাজর্ষি গয় করিলেন ॥২৭॥

হবির্দ্বারা গয়কর্ত্তৃক পরিতর্পিত দেবতারা অন্যপ্রদত্ত কিঞ্চিন্মাত্র হবিও কি করিয়া আবার গ্রহণ করিতে সমর্থ হইবেন ॥২৮॥

সিকতা বা যথা লোকে যথা বা দিবি তারকাঃ।
যথা বা বর্ষতো ধারা অসংখ্যেয়াঃ স্ম কেনচিৎ।
তথা গণয়িতুং শক্যা গয়যজ্ঞে ন দক্ষিণাঃ ॥২৯॥
এবংবিধাঃ সুবহবস্তস্য যজ্ঞা মহীপতেঃ।
বভূবুরস্য সরসঃ সমীপে কুরুনন্দন। ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং গয়যজ্ঞকথনে ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

সিকতা ইতি। সিকতা বালুকাঃ। কেনচিদপি গণয়িতুং ন শক্যাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

এবমিতি। তস্য গয়স্য। অস্য প্রাগ্‌ বর্ণিতস্য ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য মহাকবি পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

তে তথেতি ॥১—৯। বাণীবমালিনী বেত্রপঙ্‌ক্তিযুক্তা ॥১০—২২॥ ব্রহ্মঘোষেন বেদধ্বনিনা ॥২৩—২৮॥ সিকতাদিবদ্‌যজ্ঞে দক্ষিণা ন গণয়িতুং শক্যা ইত্যন্বয়ঃ ॥২৯—৩০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥৭৯॥

—:*:—

ভূতলের বালি, আকাশের নক্ষত্র এবং মেঘের বৃষ্টিধারা যেমন সংখ্যা করিতে পারা যায় না, তেমন গয়রাজার যজ্ঞের দক্ষিণাও কেহ সংখ্যা করিতে পারে নাই' ॥২৯॥

কুরুনন্দন! এই সরোবরের নিকটে গয়রাজার এইরূপ বহুতর যজ্ঞ হইয়াছিল" ॥৩০॥

—:*:—

* 'পঞ্চনবতিতমঃ...'—বা ব কা পি, '...ত্রিনবতিতমঃ...'—নি

অশীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সংপ্রস্থিতো রাজা কৌন্তেয়ো ভূরিদক্ষিণঃ।
অগস্ত্যাশ্রমমাসাদ্য দুর্জ্জয়ায়ামুবাস হ ॥১॥
তত্রৈব লোমশং রাজা পপ্রচ্ছ বদতাং বরঃ।
অগস্ত্যেনেহ বাতাপিঃ কিমর্থমুপশামিতঃ ॥২॥
আসীদ্বা কিংপ্রভাবশ্চ স দৈত্যো মানবান্তকঃ।
কিমর্থঞ্চোদিতো মন্যুরগস্ত্যস্য মহাত্মনঃ ॥৩॥

লোমশ উবাচ।

ইল্বলো নাম দৈতেয় আসীৎ কৌরবনন্দন।
মণিমত্যাং পুরি পুরা বাতাপিস্তস্য চানুজঃ ॥৪॥
স ব্রাহ্মণং তপোযুক্তমুবাচ দিতিনন্দনঃ।
পুত্রং মে ভগবানেকমিন্দ্রতুল্যং প্রযচ্ছতু ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। দুর্জ্জয়ায়াং পরিখাপ্রাচীরাদিমত্বাদিতি ভাবঃ। নাম তু তস্যা মণিমতীতি ॥১॥
তত্রেতি। উপশামিতো বিনাশিতঃ। অমন্ত্রত্বেঽপি দীর্ঘত্বং ধর্ম্ম ॥২॥
আসীদিতি। কঃ কীদৃশঃ প্রভাবো যস্য স কিংপ্রভাবঃ। মন্যুঃ ক্রোধঃ ॥৩॥
ইল্বল ইতি। মণিমত্যাং তদাখ্যায়াম্। বাতাপিনাম ॥৪॥
স ইতি। স ইল্বলঃ। প্রযচ্ছতু, আত্মনস্তপোবলাদিতি ভাবঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর রাজা যুধিষ্ঠির তত্রত্য ব্রাহ্মণদিগকে প্রচুর দক্ষিণা দিয়া, সে স্থান হইতে প্রস্থান করিয়া অগস্ত্যাশ্রমে যাইয়া, দুর্জ্জয় মণিমতীপুরীতে অবস্থান করিলেন ॥১॥

বাগ্মিশ্রেষ্ঠ যুধিষ্ঠির সে স্থানে থাকিয়াই লোমশের নিকট জিজ্ঞাসা করিলেন—"মহর্ষি অগস্ত্য কি কারণে এখানে বাতাপিকে বিনাশ করিয়াছিলেন? ॥২॥

মানুষহন্তা সেই দৈত্যের প্রভাবই বা কি প্রকার ছিল? মহাত্মা অগস্ত্যেরই বা কি জন্য ক্রোধ জন্মিয়াছিল?" ॥৩॥

লোমশ বলিলেন—"কৌরবনন্দন! পূর্ব্বকালে এই মণিমতীপুরীতে 'ইল্বল'-নামে এক দৈত্য ছিল; বাতাপি ছিল—তাহার কনিষ্ঠ ভ্রাতা ॥৪॥

তস্মৈ স ব্রাহ্মণো নাদাৎ পুত্রং বাসবসম্মিতম্ ।
চুক্রোধ সোঽসুরস্তস্য ব্রাহ্মণস্য ততো ভৃশম্ ॥৬॥
ততঃ প্রভৃতি রাজেন্দ্র ! ইল্বলো ব্রহ্মহাঽসুরঃ ।
মন্যুমান্ ভ্রাতরং ছাগং মায়াবী হ্যকরোত্ততঃ ॥৭॥
মেষরূপী চ বাতাপিঃ কামরূপ্যভবৎ ক্ষণাৎ ।
সংস্কৃত্য চ ভোজয়তি ততো বিপ্রং জিঘাংসতি ॥৮॥
স চাহ্বয়তি যং বাচা গতং বৈবস্বতক্ষয়ম্ ।
স পুনর্দেহমাস্থায জীবন্ সংপ্রত্যদৃশ্যত ॥৯॥
ততো বাতাপিমসুরং ছাগং কৃত্বা সুসংস্কৃতম্ ।
তং ব্রাহ্মণং ভোজয়িত্বা পুনবেব সমাহ্বয়ৎ ॥১০॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। বাসবসম্মিতমিন্দ্রতুল্যম্। তস্য ব্রাহ্মণস্য উপরি ॥৬॥

তত ইতি। ব্রহ্মহা ব্রহ্মঘ্নঃ সন্, তদ্ব্রাহ্মণং প্রতি ক্রোধেন ব্রাহ্মণজাত্যামেব ক্রোধাৎ ॥৭॥

মেষেতি। কামরূপী বাতাপিশ্চ, ক্ষণাদেব, মেষরূপী চকারাচ্ছাগরূপী চাভবৎ। ভোক্তুরিচ্ছয়া তাদৃশো রূপবিকল্প ইতি ভাবঃ। ততশ্চেল্বলঃ সংস্কৃত্য ছাগরূপিণং বাতাপিং ছিত্বা পক্বা চ বিপ্রং ভোজয়তি স্ম, ততোঽপি চ তং জিঘাংসতি হন্তুমিচ্ছতি স্ম ॥৮॥

সত্যযুগে অতি দারুণ যুদ্ধদুর্দ্ধর্ষ 'কালকেয়'-নামে বিখ্যাত বহুসংখ্যক দানব ছিল ॥৩॥

তাহারা বৃত্রাসুরকে অবলম্বন করিয়া নানাবিধ অস্ত্রশস্ত্র লইয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণের দিকে সকল দিক্ হইতে ধাবিত হইয়াছিল ॥৪॥

তৎপরে দেবতারা পূর্ব্বে বৃত্রাসুরকেই বধ করিবার জন্য যত্ন করিলেন; তাই তাঁহারা ইন্দ্রকে অগ্রবর্ত্তী করিয়া ব্রহ্মার নিকট উপস্থিত হইলেন ॥৫॥

তাঁহারা সকলে যাইয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন; তখন ব্রহ্মা বলিলেন—"দেবগণ! তোমরা যে কার্য্য করিবার ইচ্ছা করিয়াছ, তাহা সমস্তই আমি জানিতে পারিয়াছি ॥৬॥

তোমরা যে উপায়ে বৃত্রাসুরকে বধ করিতে পারিবে, সেই উপায় আমি বলিব। 'দধীচ'-নামে উদারচেতা এক মহর্ষি আছেন ॥৭॥

তোমরা সকলে যাইয়া সম্মিলিত হইয়া তাঁহার নিকট বর প্রার্থনা কর। তিনি ধর্ম্মাত্মা; সুতরাং তিনি সন্তুষ্ট চিত্তেই তোমাদিগকে বর দান করিবেন ॥৮॥

স বাচ্যঃ সহিতৈঃ সর্ব্বৈর্ভবদ্ভির্জয়কাঙ্ক্ষিভিঃ।
স্বান্যস্থীনি প্রযচ্ছেতি ত্রৈলোক্যস্য হিতায় বৈ ॥৯॥
স শরীরং সমুৎসৃজ্য স্বান্যস্থীনি প্রদাস্যতি।
তস্যাস্থিভির্মহাঘোরং বজ্রং সংক্রিয়তাং দৃঢ়ম্ ॥১০॥
মহচ্ছত্রুহণং ঘোরং ষড়স্রং ভীমনিস্বনম্।
তেন বজ্রেণ বৈ বৃত্রং বধিষ্যতি শতক্রতুঃ ॥১১॥ (যুগ্মকম্)
এতদ্বঃ সর্ব্বমাখ্যাতং তস্মাচ্ছীঘ্রং বিধীয়তাম্।
এবমুক্তাস্ততো দেবা অনুজ্ঞাপ্য পিতামহম্ ॥১২॥
নারায়ণং পুরস্কৃত্য দধীচস্যাশ্রমং যযুঃ।
সরস্বত্যাঃ পরে পারে নানাদ্রুমলতাবৃতম্ ॥১৩॥ (যুগ্মকম্)
ষট্‌পদোদ্‌গীতনিনদৈর্বিঘুষ্টং সামগৈরিব।
পুংস্কোকিলরবোন্মিশ্রং জীবঞ্জীবকনাদিতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তমিতি। সাহিত্যেন যাচ্ঞায়া গুরুত্বাতিরেক ইত্যাশয়ঃ। দাস্যতি তং বরম্ ॥৮॥
স ইতি। ত্রৈলোক্যস্য হিতায় একস্য প্রাণত্যাগো যুক্ত এবেত্যভিপ্রায়ঃ ॥৯॥
স ইতি। সংক্রিয়তাং নির্ম্মীয়তাম্। দৃঢ়ং লৌহাদপি, অতিপ্রাচীনত্বাত্তদস্থ্নামিতি ভাবঃ। শত্রুং হন্তীতি শত্রুহণম্, পচাদিত্বাদচ্। ষড়স্রং ষট্‌কোণম্ ॥১০—১১॥
এতদিতি। অনুজ্ঞাপ্য অনুজ্ঞাং কারয়িত্বা। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য ॥১২—১৩॥

ভারতভাবদীপঃ

ভূয় ইতি ॥১—৭॥ স বো দাস্যতি ঈপ্সিতমিতি শেষঃ ॥৮—১০॥ ষড়স্রি ষট্‌কোণম্ ॥১১—১৩॥ জীবঞ্জীববদিবেতি লুপ্তোপমা, যতো জীবকৈঃ ক্ষুদ্রজীবৈঃ পশ্বাদিভির্নাদিতমত-

তোমরা জয়াভিলাষীরা সকলেই সম্মিলিত হইয়া তাঁহাকে বলিবে যে, "ত্রিভুবনের মঙ্গলের জন্য আপনি আপনার অস্থিগুলি দান করুন" ॥৯॥

তিনি দেহত্যাগ করিয়া নিজের অস্থিগুলি দান করিবেন; তাঁহার অস্থি দ্বারা অতি ভয়ঙ্কর, দৃঢ়, বৃহৎ, শত্রুঘাতী, ষট্‌কোণ ও ভীমনাদী একটা বজ্র নির্ম্মাণ করিবে। সেই বজ্রদ্বারাই ইন্দ্র বৃত্রাসুরকে বধ করিবেন ॥১০—১১॥

দেবগণ! এই তোমাদের নিকট সমস্ত বলিলাম; তোমরা সত্বর এই কার্য্য কর।" ব্রহ্মা এইরূপ বলিলে, তাহার পর দেবতারা ব্রহ্মার অনুমতি লইয়া নারায়ণকে অগ্রবর্ত্তী করিয়া সরস্বতী নদীর অপর পারে নানাবিধ বৃক্ষলতায় আবৃত দধীচমুনির আশ্রমে গেলেন ॥১২—১৩॥

(১১)…ষড়স্রি ভীমনিস্বনম্—বা ব কা।

মহিষৈশ্চ বরাহৈশ্চ সৃমরৈশ্চমরৈরপি।
তত্র তত্রানুচরিতং শার্দ্দূলভয়বর্জ্জিতৈঃ ॥১৫॥
করেণুভির্বারণৈশ্চ প্রভিন্নকরটামুখৈঃ।
সরোঽবগাঢ়ৈঃ ক্রীড়দ্ভিঃ সমন্তাদনুনাদিতম্ ॥১৬॥
সিংহৈর্ব্যাঘ্রৈর্মহানাদান্ নদদ্ভিরনুনাদিতম্।
অপরৈশ্চাপি সংলীনৈর্গুহাকন্দরশায়িভিঃ ॥১৭॥
তেষু তেষ্ববকাশেষু শোভিতং সুমনোরমম্।
ত্রিপিষ্টপসমপ্রখ্যং দধীচাশ্রমমাগমন্ ॥১৮॥ (কুলকম্)
তত্রাপশ্যন্ দধীচং তে দিবাকরসমদ্যুতিম্।
জাজ্বল্যমানং বপুষা যথা লক্ষ্ম্যা পিতামহম্ ॥১৯॥

ভারতকৌমুদী

আশ্রমং বিশিনষ্টি পঞ্চভিঃ। ষট্পদেতি। সামগৈর্ব্রাহ্মণৈরিব, ষট্পদানাং ভ্রমরাণাম্ উদ্গীতনিনদৈর্গানধ্বনিভিঃ, বিঘুষ্টং শব্দিতম্। পুংস্কোকিলানাং রবৈরুন্মিশ্রং যুক্তম্, জীবঞ্জীবকৈঃ পক্ষিবিশেষৈর্নাদিতম্। সৃমরচমরৌ মৃগবিশেষৌ। শার্দ্দূলভয়বর্জ্জিতৈরিত্যনেন মুনিপ্রভাবাৎ হিংসারাহিত্যং সূচিতম্। সরোঽবগাঢ়ৈর্জলাশয়প্রবিষ্টৈঃ, করেণুভির্হস্তিনীভিঃ সহ ক্রীড়দ্ভিঃ, প্রভিন্নানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডদ্বয়বদনানি যেষাং তৈঃ। করটেতি হ্রস্বস্য দীর্ঘতা। বারণৈর্হস্তিভিঃ, সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, অনুনাদিতম্। নদদ্ভিঃ কুর্ব্বদ্ভিঃ। অপরৈশ্চাপি সিংহৈর্ব্যাঘ্রৈঃ, গুহাসু কন্দরেষু বিবরেষু চ শেরতে তিষ্ঠন্তীতি তৈঃ। "কন্দরোঽস্কুশে। বিবরে চ গুহায়াঞ্চ" ইতি হেমচন্দ্রঃ। অবকাশেষু বৃক্ষলতাদিশূন্যস্থানেষু, শোভিতং দূর্ব্বাদিভিঃ। ত্রিপিষ্টপসমা স্বর্গতুল্যা প্রখ্যা শোভা যস্য তম্। আগমন্ দেবা ইত্যনুবৃত্তিঃ ॥১৪—১৮॥

তত্রেতি। তে দেবাঃ। লক্ষ্ম্যা শরীরকান্ত্যা, পিতামহং ব্রহ্মাণম্ ॥১৯॥

যে আশ্রমে সামগানকারী ব্রাহ্মণগণের ন্যায় ভ্রমরগণ গান করিতেছিল; পুরুষজাতীয় কোকিলগণ ও চকোরপক্ষিগণ রব করিতেছিল; ব্যাঘ্রভয়বিহীন মহিষগণ, শূকরগণ, সৃমরহরিণগণ ও চমরহরিণগণ সেই সেই স্থানে বিচরণ করিতেছিল; মদস্রাবী হস্তিগণ হস্তিনীগণের সহিত মিলিত হইয়া, সরোবরে অবগাহনপূর্ব্বক খেলা করিতে থাকিয়া সকল দিকে শব্দ করিতেছিল; বিচরণকারী সিংহগণ ও ব্যাঘ্রগণ এবং গুহা ও গর্ত্তশায়ী অন্যভৃত সিংহগণ ও ব্যাঘ্রগণ গুরুতর গর্জ্জন করিতেছিল; সেই সেই স্থানে নবতৃণে শোভা জন্মাইতেছিল এবং স্বর্গের তুল্য সৌন্দর্য্য প্রকাশ পাইতেছিল; দেবতারা সেই দধীচমুনির আশ্রমে যাইয়া উপস্থিত হইলেন ॥১৪—১৮॥

তাঁহারা সেই আশ্রমে শরীরকান্তিতে ব্রহ্মার ন্যায় দেদীপ্যমান এবং সূর্য্যের তুল্য তেজস্বী দধীচমুনিকে দর্শন করিলেন ॥১৯॥

তস্য পাদৌ সুরা রাজন্নভিবাদ্য কৃতাঞ্জলি।
অযাচন্ত বরং সর্ব্বে যথোক্তং পরমেষ্ঠিনা ॥২০॥
ততো দধীচঃ পরমপ্রতীতঃ সুরোত্তমাংস্তানিদমভ্যুবাচ।
করোমি যদ্বো হিতমদ্য দেবাঃ! স্বঞ্চাপি দেহং স্বয়মুৎসৃজামি ॥২১॥
স এবমুক্ত্বা দ্বিপদাং বরিষ্ঠঃ প্রাণান্ বশী স্বান্ সহসোৎসসর্জ্জ।
ততঃ সুরাস্তে জগৃহুঃ পরাসোরস্থীনি তস্যাথ যথোপদেশম্ ॥২২॥
প্রহৃষ্টরূপাশ্চ জয়ায় দেবাস্ত্বষ্টারমাগম্য তমর্থমূচুঃ।
ত্বষ্টা তু তেষাং বচনং নিশম্য প্রহৃষ্টরূপঃ প্রযতঃ প্রযত্নাৎ ॥২৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। কৃতঃ অঞ্জলিঃ করদ্বযযোগো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥২০॥

তত ইতি। পরমপ্রতীত আত্মনা জগদুপকারসম্ভবশ্রবণাদতীবানন্দিতঃ, "প্রতীতঃ সাদরে জ্ঞাতে হৃষ্টপ্রখ্যাতয়োস্ত্রিষু" ইতি মেদিনী। বো যুষ্মাকম্। অহো! জগত্যামীদৃশমুদাহরণমন্যত্রা-সম্ভবমেব, যৎ স্বদেহত্যাগেনৈব পরোপকারকরণম্ ॥২১॥

স ইতি। দ্বিপদাং মনুষ্যাণাম্। বশী প্রাণত্যাগেঽপি স্বাধীনঃ। উৎসসর্জ্জ যোগবলেন তত্যাজ। পরাসোর্মৃতস্য। যথোপদেশং ব্রহ্মণ উপদেশমনতিক্রম্য ॥২২॥

ভারতভাবদীপঃ

শ্চেতনমিবেত্যর্থঃ ॥১৪—১৫॥ করেণুভির্হস্তিনীভিঃ, প্রভিন্নং মদস্রাবি করটা মদোদ্ভেদস্থানং গণ্ডস্থলৈকদেশস্তস্য মুখমুপবিভাগো যেষাং তৈঃ।১৬—১৭॥ ত্রিবিষ্টপসমপ্রখ্যং স্বর্গতুল্যপ্রকাশম্ ॥১৮—২১॥ পরাসোঃ গতপ্রাণস্য ॥২১—২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৫॥

রাজা! তখন দেবতারা সকলেই দধীচমুনির চরণযুগলে নমস্কার করিয়া কৃতাঞ্জলিপুটে—ব্রহ্মা যেমন বলিয়া দিয়াছিলেন, তেমন বরই প্রার্থনা করিলেন ॥২০॥

তাহার পর দধীচমুনি অত্যন্ত আনন্দিত হইয়া সেই দেবশ্রেষ্ঠগণকে এই কথা বলিলেন—"দেবগণ! আপনাদের যাহা হিত, তাহা আজ আমি করিতেছি, আমি নিজের দেহও নিজে ত্যাগ করিতেছি" ॥২১॥

মনুষ্যশ্রেষ্ঠ স্বাধীন দধীচমুনি এইরূপ বলিয়া (যোগবলে) তৎক্ষণাৎ নিজে প্রাণ পরিত্যাগ করিলেন। তাহার পর সেই দেবতারা ব্রহ্মার উপদেশক্রমে মৃত দধীচমুনির অস্থিগুলি গ্রহণ করিলেন ॥২২॥

তৎপরে দেবতারা আনন্দিত হইয়া জয়লাভের জন্য বিশ্বকর্ম্মার নিকট আসিয়া

(২০)…অভিবাদ্য প্রণম্য চ—বা ব কা নি।

চকার বজ্রং ভৃশমুগ্ররূপং কৃত্বা চ শক্রং স উবাচ হৃষ্টঃ।
অনেন বজ্রপ্রবরেণ দেব! ভস্মীকুরুষ্বাদ্য সুরারিমুগ্রম্ ॥২৪॥ (যুগ্মকম্)
ততো হতারিঃ সগণঃ সুখং বৈ প্রশাধি কৃৎস্নং ত্রিদিবং দিবিষ্ঠঃ।
ত্বষ্ট্রা তথোক্তস্তু পুরন্দরস্তদ্বজ্রং প্রহৃষ্টঃ প্রয়তো হ্যগৃহ্লাৎ ॥২৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং বজ্রনির্ম্মাণকথনে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ষড়শীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।
ততঃ স বজ্রী বলিভির্দৈবতৈরভিরক্ষিতঃ।
আসসাদ ততো বৃত্রং স্থিতমাবৃত্য রোদসী ॥১॥

ভারতকৌমুদী

প্রহৃষ্টেতি। ত্বষ্টারং বিশ্বকর্ম্মাণম্। অর্থং বজ্রনির্ম্মাণরূপং বিষয়ম্। প্রয়তঃ কৃতমনোযোগঃ সন্। শক্রমিন্দ্রম্, স ত্বষ্টা। সুরারিং বৃত্রাসুরম্ ॥২৩—২৪॥

তত ইতি। সগণ আত্মীয়বর্গসহিতঃ। দিবিষ্ঠঃ স্বর্গে স্থিত এব। প্রয়তঃ সাবধানঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রা- পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সেই বিষয় বলিলেন। তখন বিশ্বকর্ম্মা তাঁহাদের কথা শুনিয়া, আনন্দিত ও মনোযোগী হইয়া, যত্নপূর্ব্বক অতিভয়ঙ্করাকৃতি বজ্র নির্ম্মাণ করিলেন, সেইরূপ বজ্র নির্ম্মাণ করিয়া আনন্দিত হইয়া ইন্দ্রকে কহিলেন—"দেব! আপনি এখন এই উত্তম বজ্রদ্বারা ভয়ঙ্কর বৃত্রাসুরকে ভস্ম করুন ॥২৩—২৪॥

শত্রু সংহার করিয়া তৎপরে স্বর্গে থাকিয়া আত্মীয়স্বজনের সহিত সুখে সমস্ত স্বর্গরাজ্য শাসন করুন।" বিশ্বকর্ম্মা সেইরূপ বলিলে, দেবরাজ আনন্দিত ও সাবধান হইয়া সেই বজ্র গ্রহণ করিলেন" ॥২৫॥

—:*:—

লোমশ বলিলেন—"তাহার পর ইন্দ্র বজ্র ধারণ করিয়া, বলসম্পন্ন দেবগণ-কর্ত্তৃক সকল দিকে রক্ষিত হইয়া, স্বস্থান হইতে যাইয়া বৃত্রাসুরকে পাইলেন;

---

(২৫)…দিবিষ্ঠ!—বা ব কা। * '…শততমঃ…'—বা ব কা পি, '…একোনশততমঃ…'—নি।

কালকেয়ৈর্মহাকায়ৈঃ সমন্তাদভিরক্ষিতম্ ।
সমুদ্যতপ্রহরণৈঃ সশৃঙ্গৈরিব পর্ব্বতৈঃ ॥২॥ (যুগ্মকম্)
ততো যুদ্ধং সমভবদ্দেবানাং দানবৈঃ সহ ।
মুহূর্ত্তং ভরতশ্রেষ্ঠ ! লোকত্রাসকরং মহৎ ॥৩॥
উদ্যতপ্রতিপিষ্টানাং খড়্গানাং বীরবাহুভিঃ ।
আসীৎ সুতুমুলঃ শব্দঃ শরীরেষ্বভিপাত্যতাম্ ॥৪॥
শিরোভিঃ প্রপতদ্ভিশ্চাপ্যন্তরীক্ষান্মহীতলম্ ।
তালৈরিব মহারাজ ! বৃন্তাদ্‌ভ্রষ্টৈরদৃশ্যত ॥৫॥
তে হেমকবচা ভূত্বা কালেয়াঃ পরিঘায়ুধাঃ ।
ত্রিদশানভ্যবর্ত্তন্ত দাবদগ্ধা ইবাদ্রয়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। বজ্রী বজ্রধর ইন্দ্রঃ। রোদসী স্বর্গমর্ত্ত্যৌ, "ভূদ্যাবৌ রোদস্যৌ রোদসী চ তে" ইত্যমরঃ। ততঃ ব্যাপ্য। কালকেয়ৈরসুরৈঃ। প্রহরণানাং শৃঙ্গতুল্যত্বম্ ॥১—২॥

তত ইতি। মুহূর্ত্তং কিয়ন্তং কালং ব্যাপ্য। মহদ্‌যুদ্ধমিতি সম্বন্ধঃ ॥৩॥

উদ্যতেতি। বীরাণাং বাহুভিঃ, আদৌ উদ্যতা উত্তোলিতাঃ অনন্তরং প্রতিপিষ্টা বিপক্ষৈঃ প্রত্যাঘাতেন ভগ্নাস্তেষাম্, বিপক্ষাণাং শরীরেষু অভিপাত্যতাম্ অভিপাত্যমানানাং খড্গানাম্, সুতুমুলঃ শব্দ আসীৎ ॥৪॥

শিরোভিরিতি। তালৈঃ ফলৈরিব। মহীতলং ব্যাপ্তমিতি শেষঃ ॥৫॥

ত ইতি। কালেয়া অসুরাঃ। অভ্যবর্ত্তন্ত অভ্যধাবন্‌। দাবো বনবহ্নিঃ ॥৬॥

বৃত্রাসুর তখন (আপন সৈন্যগণ দ্বারা) স্বর্গ-মর্ত্ত্য ব্যাপ্ত করিয়া অবস্থান করিতেছিল; আর শৃঙ্গযুক্ত পর্ব্বতসমূহের ন্যায় উদ্যতাস্ত্র বিশাল দেহ কালকেয় অসুরগণ সকল দিক্ হইতে তাহাকে রক্ষা করিতেছিল ॥১—২॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর কিছুকাল দানবগণের সহিত দেবগণের লোকভয়জনক মহাযুদ্ধ হইল ॥৩॥

বীরগণ হস্ত দ্বারা তরবারি সকল উত্তোলন করিয়া বিপক্ষগণের শরীরে আঘাত করিবার উপক্রম করিবামাত্র বিপক্ষেরা প্রতিঘাত করিল; তৎক্ষণাৎ সে তরবারিগুলি ভগ্ন হইতে থাকায় অতিতুমুল শব্দ হইতে থাকিল ॥৪॥

মহারাজ! তখন দেখা গেল যে, বৃন্তচ্যুত তালফলের ন্যায় আকাশ হইতে নিপতিত মস্তকদ্বারা ভূতল ব্যাপ্ত হইতে লাগিল ॥৫॥

তখন কালকেয় অসুরগণ স্বর্ণময় কবচ ধারণপূর্ব্বক পরিঘ উত্তোলন করিয়া দাবাগ্নিদহ্যমান পর্ব্বতসমূহের ন্যায় দেবগণের দিকে ধাবিত হইল ॥৬॥

তেষাং বেগবতাং বেগং সাভিমানং প্রধাবতাম্।
ন শেকুস্ত্রিদশাঃ সোঢ়ুং তে ভগ্না প্রাদ্রবন্ ভয়াৎ ॥৭॥
তান্ দৃষ্ট্বা দ্রবতো ভীতান্ সহস্রাক্ষঃ পুরন্দরঃ।
বৃত্রে বিবর্দ্ধমানে চ কশ্মলং মহদাবিশৎ ॥৮॥
কালেয়ভয়সন্ত্রস্তো দেবঃ সাক্ষাৎ পুরন্দরঃ।
জগাম শরণং শীঘ্রং তন্তু নারায়ণং প্রভুম্ ॥৯॥
তং শক্রং কশ্মলাবিষ্টং দৃষ্ট্বা বিষ্ণুঃ সনাতনঃ।
স্বতেজো ব্যদধচ্ছক্রে বলমস্য বিবর্দ্ধয়ন্ ॥১০॥
বিষ্ণুনা গোপিতং শক্রং দৃষ্ট্বা দেবগণাস্ততঃ।
সর্ব্বে তেজঃ সমাদধ্যুস্তথা ব্রহ্মর্ষয়োঽমলাঃ ॥১১॥
স সমাপ্যায়িতঃ শক্রো বিষ্ণুনা দৈবতৈঃ সহ।
ঋষিভিশ্চ মহাভাগৈর্বলবান্ সমপদ্যত ॥১২॥

ভারতকৌমুদী

তেষামিতি। সাভিমানং সগর্ব্বম্। ভগ্নাঃ স্বসংঘবিশ্লিষ্টাঃ সন্তঃ ॥৭॥
তানিতি। কশ্মলং মোহম্, "মূর্চ্ছা তু কশ্মলং মোহঃ" ইত্যমরঃ ॥৮॥
কালেয়েতি। শরণং জগাম, আত্মনি বলাধানার্থমিতি ভাবঃ ॥৯॥
তমিতি। কশ্মলাবিষ্টং মোহাবিষ্টম্। ব্যদধৎ অর্পিতবান্ ॥১০॥
বিষ্ণুনেতি। গোপিতং রক্ষিতম্। সমাদধ্যুঃ অর্পিতবন্তঃ। অমলা নিষ্পাপাঃ ॥১১॥
স ইতি। সমাপ্যায়িতঃ তেজোঽর্পণেন বর্দ্ধিতঃ। সমপদ্যত অজায়ত ॥১২॥

ভারতভাবদীপঃ

তত ইতি। রোদসী দ্যাবাপৃথিব্যৌ ॥১—৩॥ বীরবাহুভিঃ সার্দ্ধমাদাবুদ্যতাঃ পশ্চাদন্যৈঃ প্রতিপিষ্টাস্তেষাম্ ॥৪॥ তালৈস্তালফলৈঃ ॥৫—৯॥ ব্যদধৎ নিহিতবান্ ॥১০—১২॥ বলস্থং

গর্ব্বের সহিত ধাবিত বেগবান্ সেই অসুরগণের বেগ দেবতারা সহ্য করিতে পারিলেন না; তাঁহারা রণে ভঙ্গ দিয়া ভয়ে পলায়ন করিতে লাগিলেন ॥৭॥

বৃত্রাসুরের পরাক্রম বৃদ্ধি পাইতে লাগিলে, দেবগণ ভীত হইয়া পলায়ন করিতেছেন—ইহা দেখিয়া দেবরাজ অত্যন্ত মোহাবিষ্ট হইলেন ॥৮॥

এবং তিনি কালেয় অসুরগণের ভয়ে অত্যন্ত ভীত হইয়া সত্বরই যাইয়া প্রভু নারায়ণের শরণাপন্ন হইলেন ॥৯॥

তখন সনাতন নারায়ণ দেবরাজকে মোহাবিষ্ট দেখিয়া উঁহার বলবৃদ্ধি করিবার জন্য নিজের তেজ উঁহার শরীরে সমর্পণ করিলেন ॥১০॥

তাহার পর দেবতারা ও নিষ্পাপ ব্রহ্মর্ষিরা সকলেই দেবরাজকে বিষ্ণুকর্ত্তৃক রক্ষিত দেখিয়া আপন আপন তেজ তাঁহার শরীরে সমর্পণ করিলেন ॥১১॥

জ্ঞাত্বা বলস্থং ত্রিদশাধিপন্তু ননাদ বৃত্রো মহতো নিনাদান্।
তস্য প্রণাদেন ধরা দিশশ্চ খং দ্যৌর্নগাশ্চাপি চচাল সর্ব্বম্ ॥১৩॥
ততো মহেন্দ্রঃ পরমাভিতপ্তঃ শ্রুত্বা রবং ঘোররূপং মহান্তম্।
ভয়ে নিমগ্নস্ত্বরিতো মুমোচ বজ্রং মহত্তস্য বধায় রাজন্। ॥১৪॥
স শক্রবজ্রাভিহতঃ পপাত মহাসুরঃ কাঞ্চনমাল্যধারী।
যথা মহাশৈলবরঃ পুরস্তাৎ স মন্দরো বিষ্ণুকরাদ্বিমুক্তঃ ॥১৫॥
তস্মিন্ হতে দৈত্যবরে ভয়ার্ত্তঃ শক্রঃ প্রদুদ্রাব সরঃ প্রবেষ্টুম্।
বজ্রং স মেনে ন করাদ্বিমুক্তং বৃত্রং ভয়াচ্চাপি হতং ন মেনে ॥১৬॥
সর্ব্বে চ দেবা মুদিতাঃ প্রহৃষ্টা মহর্ষয়শ্চেন্দ্রমভিষ্টুবন্তঃ।
বৃত্রং হতং সংদদৃশুঃ পৃথিব্যাং বজ্রাহতং শৈলমিবাবদীর্ণম্ ॥১৭॥

ভাবতকৌমুদী

জ্ঞাত্বেতি। বলস্থং বলবন্তম্। ননাদ চকার। নগাঃ পর্ব্বতাশ্চ, এতৎ সর্ব্বম্ ॥১৩॥
তত ইতি। পরমাভিতপ্তঃ অতীবসন্তপ্তচিত্তঃ। তস্য বৃত্রাসুরস্য ॥১৪॥
স ইতি। স বৃত্রঃ। পুরস্তাৎ পূর্ব্বং সমুদ্রমন্থনানন্তরমিত্যর্থঃ ॥১৫॥
তস্মিন্নিতি। ভয়াতিরেকাদিন্দ্রস্যায়ং মহানেব বিভ্রম আসীদিত্যাশয়ঃ ॥১৬॥

তখন মহাভাগ ঋষিগণ ও দেবগণের সহিত বিষ্ণু তেজ দান করিয়া বর্দ্ধিত করিলে, দেবরাজ অত্যন্ত বলবান হইলেন ॥১২॥

দেবরাজ বলবান হইয়াছেন—ইহা জানিয়া বৃত্রাসুর বিশাল সিংহনাদ করিয়া উঠিল; তাহার সেই সিংহনাদে পৃথিবী, দিক্ সকল, আকাশ, স্বর্গ ও পর্ব্বত এই সমস্তই যেন কাঁপিতে লাগিল ॥১৩॥

রাজা! তাহার পর দেবরাজ বৃত্রাসুরের বিশাল ও ভয়ঙ্কর সিংহনাদ শুনিয়া, অত্যন্ত সন্তপ্ত ও ভয়ে নিমগ্ন হইয়া, তাহার বধের জন্য সত্বরই সেই বিশাল বজ্র নিক্ষেপ করিলেন ॥১৪॥

স্বর্ণমাল্যধারী মহাসুর বৃত্র ইন্দ্রের বজ্রে তাড়িত হইয়া—পূর্ব্বকালে বিষ্ণুর হস্ত হইতে বিমুক্ত মহাপর্ব্বত মন্দরের ন্যায় ভূতলে পতিত হইল ॥১৫॥

সেই দৈত্যশ্রেষ্ঠ বৃত্র নিহত হইলে, ইন্দ্র ভয়বিহ্বল হইয়া সরোবরে প্রবেশ করিবার জন্য ধাবিত হইলেন। কারণ, আপন হস্ত হইতে বজ্র যে নিক্ষিপ্ত হইয়াছিল, তাহা তিনি ভয়বশতঃ ধারণা করিতে পারিয়াছিলেন না; কিংবা বৃত্রাসুর যে নিহত হইয়াছিল, তাহাও তিনি ভয়বশতই মনে করিতে পারিয়াছিলেন না ॥১৬॥

---

(১৭) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

সর্ব্বাংশ্চ দৈত্যাংস্ত্বরিতাঃ সমেত্য জঘ্নুঃ সুরা বৃত্রবধাভিতপ্তান্।
তৈস্ত্রাস্যমানাস্ত্রিদশৈঃ সমেতৈঃ সমুদ্রমেবাবিবিশুর্ভয়ার্ত্তাঃ ॥১৮॥
প্রবিশ্য চৈবোদধিমপ্রমেয়ং ঝষাকুলং নক্রসমাকুলঞ্চ।
তদা স্ম মন্ত্রং সহিতাঃ প্রচক্রুস্ত্রৈলোক্যনাশার্থমভিস্ময়ন্তঃ ॥১৯॥
তত্র স্ম কেচিন্মতিনিশ্চয়জ্ঞাস্তাংস্তানুপায়াননুপবর্ণয়ন্তি।
তেষান্তু তত্র ক্রমকালযোগাদ্ঘোরা মতিশ্চিন্তয়তাং বভূব ॥২০॥
যে সন্তি বিদ্যাতপসোপপন্নাস্তেষাং বিনাশঃ প্রথমন্তু কার্য্যঃ।
লোকা হি সর্ব্বে তপসা ধ্রিয়ন্তে তস্মাত্ত্বরধ্বং তপসঃ ক্ষয়ায় ॥২১॥

ভাবতকৌমুদী

সর্ব্ব ইতি। মুদিতা আনন্দিতাঃ, অতএব প্রহৃষ্টা উৎফুল্লবদনা ইত্যপৌনরুক্ত্যম্ ॥১৭॥

সর্ব্বানিতি। ত্রিদশৈর্দেবৈঃ, সমেতৈঃ সম্মিলিতৈঃ। আবিবিশুর্দৈত্যা ইতি শেষঃ ॥১৮॥

প্রবিশ্যেতি। ঝষনক্রৌ মৎস্যকুম্ভীরৌ। অভিস্ময়ন্তো গর্ব্বিতা ভবন্তঃ ॥১৯॥

তত্রেতি। তত্র মন্ত্রণাসভায়াম্, মত্যা স্বস্ববুদ্ধ্যা নিশ্চয়ং কার্য্যসিদ্ধেরবশ্যম্ভাবং জানন্তীতি তে মতিনিশ্চয়জ্ঞাঃ, কেচিদ্দৈত্যাঃ, জগদ্বিনাশায় তাংস্তান্ পৃথক্ পৃথগ্ভূতানুপায়ান্, উপবর্ণয়ন্তি স্ম। তত্র তদানীম্, চিন্তয়তাং জগদ্বিনাশোপায়ং ভাবয়তাম্, তেষাং দৈত্যানাম্, ক্রমকালযোগাৎ ক্রমশঃ, ইয়ং ঘোরা মতির্বভূব ॥২০॥

য ইতি। হি যস্মাৎ। ধ্রিয়ন্তে অবতিষ্ঠন্তে। ত্বরধ্বং ত্বরয়া যতধ্বম্ ॥২১॥

এদিকে দেবতারা ও মহর্ষিরা সকলে আনন্দিত এবং উৎফুল্লমুখ হইয়া ইন্দ্রের প্রশংসা করিতে থাকিয়া, বজ্রতাড়িত ভূতলপতিত পর্ব্বতের ন্যায় নিহত বৃত্রাসুরকে দর্শন করিলেন ॥১৭॥

তাহার পর দেবতারা সম্মিলিত ও ত্বরিত হইয়া বৃত্রবধসন্তপ্ত দৈত্যগণকে বধ করিতে লাগিলেন; তখন সম্মিলিত দেবগণের আক্রমণে সন্ত্রস্ত হইয়া দৈত্যেরা যাইয়া সমুদ্রেই প্রবেশ করিল ॥১৮॥

মৎস্য ও কুম্ভীরে পরিপূর্ণ অপরিমেয় সমুদ্রে প্রবেশ করিয়া দৈত্যেরা আবার সম্মিলিত ও গর্ব্বিত হইয়া তখনই ত্রিভুবনবিনাশের জন্য মন্ত্রণা করিতে লাগিল ॥১৯॥

সেই সভায় বুদ্ধিমান্ বলিয়া অভিমানী কতকগুলি দৈত্য জগদ্বিনাশের জন্য নানা উপায়ের বর্ণনা করিল; তাহার পর চিন্তা করিতে করিতে তাহাদের ক্রমশঃ এই ভয়ঙ্কর বুদ্ধি হইল—॥২০॥

"বিদ্যা ও তপস্যাসম্পন্ন যে সকল লোক আছে, প্রথমে তাহাদিগকে বিনাশ করাই উচিত। কারণ, তপস্যার বলেই সমস্ত লোক অবস্থান করিতেছে; অতএব তপস্যা নষ্ট করিবার জন্যই সত্বর চেষ্টা কর ॥২১॥

যে সন্তি কেচিচ্চ বসুন্ধরায়াং তপস্বিনো ধর্ম্মবিদশ্চ তজ্জ্ঞাঃ।
তেষাং বধঃ ক্রিয়তাং ক্ষিপ্রমেব তেষু প্রণষ্টেষু জগৎ প্রণষ্টম্ ॥২২॥
এবং হি সর্ব্বে গতবুদ্ধিভাবা জগদ্বিনাশে পরমপ্রহৃষ্টাঃ।
দুর্গং সমাশ্রিত্য মহোর্ম্মিমন্তং রত্নাকরং বরুণস্যালয়ং স্ম ॥২৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং বৃত্রবধোপাখ্যানে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

য ইতি। তান্ তপস্বিনো ধর্ম্মবিদশ্চ জানন্তীতি তে তথা, তৎসম্বোধনম্ ॥২২॥

এবমিতি। জগদ্বিনাশে গতৌ বুদ্ধিভাবৌ মত্যভিপ্রায়ৌ যেষাং তে। বরুণস্য আলয়ং সমুদ্রং তদ্রূপং দুর্গং সমাশ্রিত্য পরমপ্রহৃষ্টা আসন্। স্মেতি পাদপূরণে ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

বলবন্তম্ ॥১৩—১৪॥ মাল্যধারী মালাধারী ॥১৫॥ হতমপি বৃত্রং ভয়াৎ ন হতমিব মেনে ॥১৬—২০॥ ধ্রিয়ন্তে জীবন্তি ॥২১—২২॥ গতবুদ্ধিভাবাঃ প্রাপ্তধীনিশ্চয়াঃ। বরুণস্যালয়ং সমুদ্রম্ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥৮৬॥

—:*:—

হে অভিজ্ঞ দৈত্যগণ! পৃথিবীতে যে কেহ তপস্বী বা ধর্ম্মজ্ঞ আছে, সত্বরই তাহাদিগকে বধ কর। কারণ, তাহারা বিনষ্ট হইলেই জগৎ বিনষ্ট হইবে" ॥২২॥

এইভাবে জগদ্বিনাশের দিকে বুদ্ধি ও অভিপ্রায় স্থির হইলে, দৈত্যেরা সকলে মহাতরঙ্গশালী ও রত্নের আকর সমুদ্র-দুর্গ আশ্রয় করিয়া পরম আনন্দিত হইয়া অবস্থান করিতে লাগিল" ॥২৩॥

—:*:—

* '…একাধিকশততমঃ…'—বা ব কা পি, '…শততমঃ…'—নি।

সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।

সমুদ্রং তে সমাশ্রিত্য বারুণং নিধিমম্ভসঃ।
কালেয়াঃ সম্প্রবর্ত্তন্ত ত্রৈলোক্যস্য বিনাশনে ॥১॥
তে রাত্রৌ সমভিক্রুদ্ধা ভক্ষয়ন্তি সদা মুনীন্।
আশ্রমেষু চ যে সন্তি পুণ্যেষ্বায়তনেষু চ ॥২॥
বশিষ্ঠস্যাশ্রমে বিপ্রা ভক্ষিতাস্তৈর্দুরাত্মভিঃ।
অশীতিঃ শতমষ্টৌ চ নব চান্যে তপস্বিনঃ ॥৩॥
চ্যবনস্যাশ্রমং গত্বা পুণ্যং দ্বিজনিষেবিতম্।
ফলমূলাশনানাং হি মুনীনাং ভক্ষিতং শতম্ ॥৪॥
এবং রাত্রৌ স্ম কুর্ব্বন্তি বিবিশুশ্চার্ণবং দিবা।
কালেয়াস্তে দুরাত্মানো ভক্ষয়ন্তস্তপোধনান্ ॥৫॥

ভারতকৌমুদী

সমুদ্রমিতি। বারুণং বরুণদেবতাকম। সম্প্রবর্ত্তন্তেতি অড়াগমাভাব আর্ষঃ ॥১॥
ত ইতি। ভক্ষয়ন্তি বিনাশয়ন্তি স্মেত্যর্থঃ। আয়তনেষু ক্ষেত্রেষু ॥২॥
বশিষ্ঠস্যেতি। অত্রাপি ভক্ষিতা বিনাশিতা ইত্যর্থঃ ॥৩॥
চ্যবনস্যেতি। ফলমূলাশনানাং ফলমূলভোজিনাম্ ॥৪॥

লোমশ বলিলেন—"সেই কালেয় অসুরেরা বরুণপালিত ও জলের আধার সমুদ্র-দুর্গ আশ্রয় করিয়া ত্রিভুবনবিনাশে প্রবৃত্ত হইল ॥১॥

আশ্রমে ও পুণ্যক্ষেত্রে যাঁহারা থাকিতেন, সেই সকল মুনিকে তাহারা প্রত্যহ রাত্রিতেই ক্রুদ্ধ হইয়া যাইয়া বিনাশ করিত ॥২॥

সেই দুরাত্মারা বশিষ্ঠের আশ্রমে যাইয়া একশত সাতান্নব্বই জন তপস্বী ব্রাহ্মণকে বিনাশ করিল ॥৩॥

ব্রাহ্মণসেবিত পবিত্র চ্যবনের আশ্রমে যাইয়া ফল-মূলভোজী একশত ব্রাহ্মণকে সংহার করিল ॥৪॥

তপস্বি-সংহারে প্রবৃত্ত সেই দুরাত্মা কালেয় দৈত্যগণ রাত্রিতে এইরূপ করিত এবং দিনের বেলায় সমুদ্রে প্রবেশ করিত ॥৫॥

---

(৫) পরার্দ্ধং বা ব কা পি নাস্তি।

ভরদ্বাজাশ্রমে চৈব নিয়তা ব্রহ্মচারিণঃ।
বায়্বাহারাম্বুভক্ষাশ্চ বিংশতিঃ সংনিসূদিতাঃ ॥৬॥
এবং ক্রমেণ সর্ব্বাংস্তানাশ্রমান্ দানবাস্তদা।
নিশায়াং পরিধাবন্তি মত্তা ভুজবলাশ্রয়াৎ।
কালোপসৃষ্টাঃ কালেয়া ঘ্নন্তো দ্বিজগণান্ বহূন্ ॥৭॥
ন চৈনানন্ববুধ্যন্ত মনুজা মনুজোত্তম!।
এবং প্রবৃত্তান্ দৈত্যাংস্তাংস্তাপসেষু তপস্বিনঃ ॥৮॥
প্রভাতে সমদৃশ্যন্ত নিয়মাহারকর্শিতাঃ।
মহীতলস্থা মুনয়ঃ শরীরৈর্গতজীবিতৈঃ ॥৯॥

ভারতকৌমুদী

এবমিতি। রাত্রৌ গুপ্তহত্যাসৌকর্য্যাৎ দিবা চ দেবভয়াদিতি ভাবঃ ॥৫॥

ভরদ্বাজেতি। নিয়তা নিয়মবন্তো ব্রতিন ইতি যাবৎ। সংনিসূদিতা নাশিতাঃ ॥৬॥

এবমিতি। কালোপসৃষ্টা আসন্নমৃত্যবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

নেতি। হে মনুজোত্তম! তপস্বিনো মনুজা অপি, তাপসেষু এবং গুপ্তহত্যায়াং প্রবৃত্তান্ তান্ এনান্ দৈত্যান্ ন চ নৈব অন্ববুধ্যন্ত নাজানন্ত। যদ্যজ্ঞাস্যন, তদাবশ্যমেব তপোবলেন গুবারয়িষ্যন্নিতি ভাবঃ ॥৮॥

প্রভাত ইতি। নিয়মেন উপবাসাদিব্রতেন আহারেণ ফলমূলাদিমাত্রভোজনেন চ কর্শিতাঃ কৃশীকৃতশরীরাঃ। গতজীবিতৈঃ শরীরৈর্বিশিষ্টাঃ সমদৃশ্যন্তাপরৈঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

সমুদ্রমিতি। কালেয়াঃ কালায়াঃ কশ্যপভার্য্যায়াঃ পুত্রাঃ ॥১—৬॥ কালোপসৃষ্টাঃ মৃত্যুনা গ্রস্তাঃ ॥৭॥ তাপসেষু প্রবৃত্তান্ দৈত্যাংস্তাপসা এব তাপসা কুতো ন বারয়ন্তি ইত্যাশঙ্ক্যাহ—তপস্বিম্বিতি। তপসৈব ধনবৎসু দেহনাশেঽপি তপোনাশো মাভূদিতি ভাবঃ ॥৮॥

এবং তাহারা ভরদ্বাজের আশ্রমে যাইয়া ব্রতী, ব্রহ্মচারী, বায়ুভোজী ও জলমাত্রপায়ী কুড়ি জন তপস্বীকে সংহার করিল ॥৬॥

বাহুবলে মত্ত সেই আসন্নমৃত্যু কালেয়দানবেরা তখন এই প্রকারে বহুতর ব্রাহ্মণকে বধ করিতে থাকিয়া রাত্রিতে সেই সকল আশ্রমে বিচরণ করিতে লাগিল ॥৭॥

নরশ্রেষ্ঠ! সেই দৈত্যেরা তপস্বিগণের প্রতি এইভাবে গুপ্তহত্যায় প্রবৃত্ত হইলেও তপস্বীরা তাহা বুঝিতে পারিতেন না ॥৮॥

প্রভাতকালে দেখা যাইত উপবাসে ও ফলমূলমাত্র ভোজনে কৃশ এবং প্রাণহীন মুনিগণের শরীরগুলি ভূতলে পড়িয়া রহিয়াছে ॥৯॥

(৮)…তাপসেষু তপস্বিষু—বা ব কা নি। (৯)…নিয়মাহারকর্ষিতাঃ—বা ব কা পি।

ক্ষীণমাংসৈর্বিরুধিরৈর্বিমজ্জান্ত্রৈর্বিসন্ধিভিঃ।
আকীর্ণৈরাবভৌ ভূমিঃ শঙ্খানামিব রাশিভিঃ ॥১০॥
কলসৈর্বিপ্রবিদ্ধৈশ্চ স্রুবৈর্ভগ্নৈস্তথৈব চ।
বিকীর্ণৈরগ্নিহোত্রৈশ্চ ভূর্বভূব সমাবৃতা ॥১১॥
নিঃস্বাধ্যায়বষট্কারং নষ্টযজ্ঞোৎসবক্রিয়ম্।
জগদাসীন্নিরুৎসাহং কালেয়ভয়পীড়িতম্ ॥১২॥
এবং সংক্ষীয়মাণাশ্চ মানবা মনুজেশ্বর !।
আত্মত্রাণপরা ভীতাঃ প্রাদ্রবন্ত দিশো ভয়াৎ ॥১৩॥
কেচিদ্গুহাঃ প্রবিবিশুর্নির্ঝরাংশ্চাপরে তথা।
অপরে মরণোদ্বিগ্না ভয়াৎ প্রাণানবাসৃজন্ ॥১৪॥
কেচিদত্র মহেষ্বাসাঃ শূরাঃ পরমহর্ষিতাঃ।
মার্গমাণাঃ পরং যত্নং দানবানাং প্রচক্রিরে ॥১৫॥

ভারতকৌমুদী

ক্ষীণেতি। বিমজ্জান্ত্রৈঃ মজ্জান্ত্ররহিতৈঃ, বিসন্ধিভিঃ বিশ্লিষ্টসংযোগস্থানৈঃ ॥১০॥

কলসৈরিতি। বিপ্রবিদ্ধৈঃ ঊর্দ্ধ্বাদিনা বিপরীতীকৃতৈঃ, স্রুবৈর্যজ্ঞপাত্রবিশেষৈঃ ॥১১॥

নিরিতি। নিঃস্বাধ্যায়বষট্কারং বেদপাঠদেবহবির্দানরহিতম্ ॥১২॥

এবমিতি। আত্মত্রাণপরা আত্মরক্ষাব্যাপৃতাঃ সন্তঃ ॥১৩॥

কেচিদিতি। নির্ঝরান্ পর্ব্বতজলপ্রবাহান্ তদাবৃতদেশানিত্যর্থঃ ॥১৪॥

রক্ত, মাংস, মজ্জা ও অন্ত্র না থাকায় এবং সন্ধিসকল বিশ্লিষ্ট হওয়ায় কেবল অস্থিরাশিই অবশিষ্ট রহিত; সুতরাং শঙ্খরাশির ন্যায় বিক্ষিপ্ত সেই অস্থিরাশিদ্বারা ভূতল ব্যাপ্ত থাকিত ॥১০॥

উল্টা-পাল্টা করা কলসী, ভগ্ন স্রুব এবং ইতস্ততঃ বিক্ষিপ্ত অগ্নিহোত্রের পাত্রগুলি দ্বারা ভূতল আবৃত থাকিত ॥১১॥

তখন জগৎটাই কালেয় অসুরগণের ভয়ে পীড়িত হইয়া পড়িল বলিয়া বেদপাঠ, বষট্কার, যজ্ঞ ও উৎসবকার্য্য তিরোহিত হইয়া গেল এবং কাহারও কোন উৎসাহ থাকিল না ॥১২॥

রাজা! মনুষ্যগণ এইভাবে ক্ষয় পাইতে থাকিয়া অসুরগণের ভয়ে ভীত হইয়া আত্মরক্ষার জন্য নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥১৩॥

কতকগুলি লোক যাইয়া গুহায় প্রবেশ করিল, অন্য কতকগুলি পার্ব্বত্য জলপ্রপাতের অন্তরালে লুকাইল এবং মৃত্যুভয়ে অস্থির অপর কতকগুলি লোক ভয়ে প্রাণত্যাগই করিল ॥১৪॥

ন চৈতানধিজগ্মুস্তে সমুদ্রং সমুপাশ্রিতান্ ।
শ্রমং জগ্মুশ্চ পরমমাজগ্মুঃ ক্ষয়মেব চ ॥১৬॥
জগত্যুপশমং যাতে নষ্টযজ্ঞোৎসবক্রিয়ে ।
আজগ্মুঃ পরমামার্ত্তিং ত্রিদশা মনুজেশ্বর ! ॥১৭॥
সমেত্য সমহেন্দ্রাশ্চ ভয়ান্মন্ত্রং প্রচক্রিরে ।
শরণ্যং শরণং দেবং নারায়ণমজং বিভুম্ ॥১৮॥
তেঽভিগম্য নমস্কৃত্য বৈকুণ্ঠমপরাজিতম্ ।
ততো দেবা সমস্তাস্তে তদোচুর্মধুসূদনম্ ॥১৯॥
ত্বং নঃ স্রষ্টা চ ভর্ত্তা চ হর্ত্তা চ জগতঃ প্রভো ! ।
ত্বয়া সৃষ্টমিদং বিশ্বং যচ্চেঙ্গং যচ্চ নেঙ্গতি ॥২০॥

ভারতকৌমুদী

অথ তেষাং বিনাশায় কোঽপি কিং ন যততে স্মেত্যাহ দ্বাভ্যাং—কেচিদিতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। মার্গমাণাঃ তানম্বেষমাণাঃ, দানবানাং বিনাশায়েতি শেষঃ ॥১৫॥

নেতি। অধিজগ্মুঃ প্রাপুঃ। ক্ষয়ং গৃহম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥১৬॥

জগতীতি। উপশমম্ উৎসাহনিবৃত্তিম্, নষ্টা যজ্ঞা উৎসবক্রিয়াশ্চ যস্মিন্ তত্র ॥১৭॥

সমেত্যেতি। সমেত্য প্রাপ্য। শরণ্যং শরণেষু রক্ষকেষু সাধুম্, শরণং রক্ষকম্ ॥১৮॥

ত ইতি। বৈকুণ্ঠং নারায়ণম্। সর্ব্বত্রাপরাজিতত্বাদেবাশ্বাস ইতি ভাবঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

শরীরৈর্মাংসাদিরহিতত্বাদস্থিমাত্রৈরিত্যর্থঃ ॥৯॥ অতএব শঙ্খরাশিতুল্যৈঃ ॥১০॥ কলশৈঃ শিরোঘটৈঃ ॥১১—১৪॥ দানবানাং বধায়েতি শেষঃ ॥১৫॥ ক্ষয়ং গৃহং নাশং বা ॥১৬—১৯॥

এই সময়ে কতকগুলি মহাধনুর্দ্ধর বীর অত্যন্ত হৃষ্টচিত্তে সেই দানবগণকে অন্বেষণ করিতে থাকিয়া তাহাদের বধের জন্য বিশেষ চেষ্টা করিয়াছিল ॥১৫॥

কিন্তু সেই দানবেরা সমুদ্রে ছিল বলিয়া তাহাদিগকে তাহারা পাইল না ; পরে সেই বীরগণ পরিশ্রান্ত হইয়া গৃহেই ফিরিয়া আসিয়াছিল ॥১৬॥

রাজা ! যজ্ঞ ও উৎসবকার্য্য তিরোহিত হওয়ায় জগৎটাই অবসন্ন হইয়া পড়িলে দেবতারাও অত্যন্ত দুঃখিত হইয়া পড়িলেন ॥১৭॥

তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবগণ ভয়বশতঃ রক্ষকশ্রেষ্ঠ, অনাদি ও প্রভু নারায়ণের শরণাপন্ন হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন ॥১৮॥

সেই দেবতারা সকলেই যাইয়া অপরাজিত নারায়ণকে নমস্কার করিয়া তাহার পর তখনই তাঁহাকে বলিতে লাগিলেন—॥১৯॥

---

(২০) ত্বং নঃ স্রষ্টা চ কর্ত্তা চ—বা ব কা পি।

ত্বয়া ভূমিঃ পুরা নষ্টা সমুদ্রাৎ পুষ্করেক্ষণ ! ।
বারাহং বপুরাশ্রিত্য জগদর্থে সমুদ্ধৃতা ॥২১॥
আদিদৈত্যো মহাবীর্য্যো হিরণ্যকশিপুস্ত্বয়া।
নারসিংহং বপুঃ কৃত্বা সূদিতঃ পুরুষোত্তম ! ॥২২॥
অবধ্যঃ সর্ব্বভূতানাং বলিশ্চাপি মহাসুরঃ।
বামনং বপুরাশ্রিত্য ত্রৈলোক্যাদ্ভ্রংশিতস্ত্বয়া ॥২৩॥
অসুরশ্চ মহেষ্বাসো জম্ভ ইত্যভিবিশ্রুতঃ।
যজ্ঞক্ষোভকরঃ ক্রূরস্ত্বয়ৈব বিনিপাতিতঃ ॥২৪॥
এবমাদীনি কর্ম্মাণি যেষাং সংখ্যা ন বিদ্যতে।
অস্মাকং ভয়ভীতানাং ত্বং গতির্মধুসূদন ! ॥২৫॥

ভারতকৌমুদী

ত্বমিতি। ভর্ত্তা পালয়িতা। জগতো মধ্যে। ইঙ্গতীতি ইঙ্গং জঙ্গমম্, নেঙ্গতি ন চলতি স্থাবরমিত্যর্থঃ। ইঙ্গমিতি গত্যর্থস্য ইঙ্গধাতোঃ পচাদিত্বাদচি সিদ্ধম্ ॥২০॥

ত্বয়েতি। নষ্টা জলমগ্নত্বাদদৃশ্যতাং গতা। পুষ্করেক্ষণ ! পদ্মনয়ন ! ॥২১॥

আদীতি। নারসিংহং বপুঃ নরসিংহরূপাং মূর্ত্তিম্। সূদিতো নাশিতঃ ॥২২॥

অবধ্য ইতি। ত্রৈলোক্যাৎ ত্রৈলোক্যরাজ্যাৎ, ভ্রংশিতঃ প্রচ্যাবিতঃ ॥২৩॥

অসুর ইতি। মহেষ্বাসো মহাধানুষ্কঃ, যজ্ঞস্য ক্ষোভকরো বিঘ্নকারী ॥২৪॥

এবমিতি। কর্ম্মাণি তবেতি শেষঃ। গতিরুপায়ঃ ॥২৫॥

"প্রভু ! জগতের মধ্যে আপনিই আমাদের সৃষ্টিকর্ত্তা, রক্ষাকর্ত্তা ও সংহারকর্ত্তা এবং আপনিই এই স্থাবর-জঙ্গমাত্মক সকল সৃষ্টি করিয়াছেন ॥২০॥

পুণ্ডরীকাক্ষ ! আপনিই পূর্ব্বকালে বরাহরূপ ধারণ করিয়া জলমগ্ন পৃথিবীকে জগতের জন্য সমুদ্র হইতে উত্তোলন করিয়াছিলেন ॥২১॥

পুরুষোত্তম ! আপনি নৃসিংহমূর্ত্তি ধারণ করিয়া মহাবল আদিদৈত্য হিরণ্যকশিপুকে বিনাশ করিয়াছিলেন ॥২২॥

এবং আপনিই বামনরূপ ধারণ করিয়া সর্ব্বভূতের অবধ্য মহাসুর বলিকেও ত্রিভুবনের রাজত্ব হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥২৩॥

যজ্ঞবিঘ্নকারী, হিংস্রস্বভাব ও মহাধনুর্দ্ধর 'জম্ভ'-নামে বিখ্যাত অসুরকেও আপনিই নিপাত করিয়াছিলেন ॥২৪॥

মধুসূদন ! ইত্যাদি কর্ম্ম আপনার অতীত হইয়া গিয়াছে, যাহার সংখ্যা নাই। বর্ত্তমানে আমরা ভীত হইয়া পড়িয়াছি ; সুতরাং আপনিই আমাদের গতি ॥২৫॥

তস্মাত্ত্বাং দেবদেবেশ ! লোকার্থং জ্ঞাপয়ামহে ।
রক্ষ লোকাংশ্চ দেবাংশ্চ শক্রঞ্চ মহতো ভয়াৎ ॥২৬॥
তব প্রসাদাদ্বর্দ্ধন্তে প্রজাঃ সর্ব্বাশ্চতুর্বিধাঃ ।
তা ভাবিতা ভাবয়ন্তি হব্যকব্যৈর্দিবৌকসঃ ॥২৭॥
লোকা হ্যেবং বিবর্দ্ধন্তে হ্যন্যোন্যং সমুপাশ্রিতাঃ ।
ত্বৎপ্রসাদান্নিরুদ্বিগ্নাস্ত্বয়ৈব পরিরক্ষিতাঃ ॥২৮॥
ইদঞ্চ সমনুপ্রাপ্তং লোকানাং ভয়মুত্তমম্ ।
ন চ জানীম কেনেমে রাত্রৌ বধ্যন্তি ব্রাহ্মণাঃ ॥২৯॥
ক্ষীণেষু চ ব্রাহ্মণেষু পৃথিবী ক্ষয়মেষ্যতি ।
ততঃ পৃথিব্যাং ক্ষীণায়াং ত্রিদিবং ক্ষয়মেষ্যতি ॥৩০॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। লোকার্থং লোকরক্ষার্থম্। শক্রঞ্চেতি রাজত্বাৎ পৃথগুক্তিঃ ॥২৬॥

তবেতি। চতুর্বিধাঃ জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাঃ। ভাবিতা বর্দ্ধিতাঃ ॥২৭॥

লোকা ইতি। অন্যোন্যং দেবা মানুষান্ মানুষাশ্চ দেবানিত্যর্থঃ ॥২৮॥

ইদমিতি। বধ্যন্তি বধ্যন্তে। জানীম ইতি বিসর্গাভাবঃ বধ্যন্তীতি পরস্মৈপদঞ্চার্ষম্ ॥২৯॥

ক্ষীণেম্বিতি। পৃথিবী ক্ষয়মেষ্যতি উপদেষ্টুরভাবাৎ, ত্রিদিবং স্বর্গঃ ক্ষয়মেষ্যতি পৃথিবীলোককর্ত্তব্য-যাগাদ্যভাবাদিতি ভাবঃ ॥৩০॥

অতএব হে দেবদেব ! হে পরমেশ্বর ! লোকরক্ষার জন্য আমরা আপনার নিকট নিবেদন করিতেছি—আপনি লোকসমূহ, দেবগণ ও দেবরাজকে মহাভয় হইতে রক্ষা করুন ॥২৬॥

আপনার অনুগ্রহেই সমস্ত চতুর্বিধ প্রাণী বৃদ্ধি পাইতেছে ; তাহারা বৃদ্ধি পাইয়া হব্য-কব্যদ্বারা দেবগণকে বর্দ্ধিত করিতেছে ॥২৭॥

লোকসকল আপনাকর্ত্তৃক রক্ষিত হইয়া আপনার অনুগ্রহেই নিরুদ্বেগে থাকিয়া, পরস্পর পরস্পরকে আশ্রয় করিয়া বৃদ্ধি পাইতেছে ॥২৮॥

কিন্তু লোকদিগের এই একটা দারুণ ভয় উপস্থিত হইয়াছে। কে যে রাত্রিতে আসিয়া এই ব্রাহ্মণদিগকে বধ করিতেছে, তাহা আমরা জানিতে পারিতেছি না ॥২৯॥

ব্রাহ্মণ ক্ষয় পাইয়া গেলে পৃথিবীই ক্ষয় পাইবে, পৃথিবী ক্ষয় পাইলে স্বর্গও ক্ষয় পাইবে ॥৩০॥

---

(২৬) শ্লোকাৎ পরম্ '...দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ'—বা ব কা পি, '...একাধিকশততমোঽধ্যায়ঃ'—নি, দেবা ঊচুঃ—বা ব কা নি।

ত্বৎপ্রসাদান্মহাবাহো! লোকাঃ সর্ব্বে জগৎপতে!।
বিনাশং নাধিগচ্ছেয়ুস্ত্বয়া বৈ পরিরক্ষিতাঃ ॥৩১॥

বিষ্ণুরুবাচ।

বিদিতং মে সুরাঃ! সর্ব্বং প্রজানাং ক্ষয়কারণম্।
ভবতাঞ্চাপি বক্ষ্যামি শৃণুধ্বং বিগতজ্বরাঃ ॥৩২॥
কালেয় ইতি বিখ্যাতো গণঃ পরমদারুণঃ।
তৈশ্চ বৃত্রং সমাশ্রিত্য জগৎ সর্ব্বং প্রমাথিতম্ ॥৩৩॥
তে বৃত্রং নিহতং দৃষ্ট্বা সহস্রাক্ষেণ ধীমতা।
জীবিতং পরিরক্ষন্তঃ প্রবিষ্টা বরুণালয়ম্ ॥৩৪॥
তে প্রবিশ্যোদধিং ঘোরং নক্রগ্রাহসমাকুলম্।
উৎসাদনার্থং লোকানাং রাত্রৌ ঘ্নন্তি মুনীনিহ ॥৩৫॥
ন তু শক্যাঃ ক্ষয়ং নেতুং সমুদ্রাশ্রয়ণা হি তে।
সমুদ্রস্য ক্ষয়ে বুদ্ধির্ভবদ্ভিঃ সম্প্রধার্য্যতাম্ ॥৩৬॥

ভাবতকৌমুদী

ত্বদিতি। নাধিগচ্ছেয়ুর্ন প্রাপ্নুয়ুঃ ॥৩১॥
বিদিতমিতি। প্রজানাং জনানাম। বিগতজ্বরাঃ তিরোহিতসন্তাপাঃ সন্তঃ ॥৩২॥
কালেয় ইতি। গণো দানবানাং সংঘঃ। প্রমাথিতম্ উৎপীড়িতম্ ॥৩৩॥
ত ইতি। সহস্রাক্ষেণ ইন্দ্রেণ। পরিরক্ষন্তঃ পরিরক্ষিতুমিচ্ছন্তঃ, বরুণালয়ং সমুদ্রম্ ॥৩৪॥
ত ইতি। নক্রৈঃ কুম্ভীরৈঃ গ্রাহৈস্তদিতরজলজন্তুভিঃ সমাকু ব্যাপ্তম্ ॥৩৫॥

অতএব মহাবাহু! জগৎপতি! নারায়ণ! আপনার অনুগ্রহে আপনা-কর্ত্তৃক রক্ষিত হইয়া লোকসকল যেন বিনাশ পায় না" ॥৩১॥

বিষ্ণু বলিলেন—"দেবগণ! আমি লোকবিনাশের সমস্ত কারণই জানি; আপনাদের নিকটেও তাহা বলিব, আপনারা সন্তাপবিহীন হইয়া শ্রবণ করুন ॥৩২॥

'কালেয়'-নামে বিখ্যাত অতিভয়ঙ্কর কতকগুলি দানব আছে; তাহারা পূর্ব্বে বৃত্রাসুরকে আশ্রয় করিয়া সমগ্র জগৎ উৎপীড়িত করিত ॥৩৩॥

পরে ধীমান্ দেবরাজ সেই বৃত্রাসুরকে বধ করিয়াছেন দেখিয়া তাহারা জীবন রক্ষা করিবার ইচ্ছায় সমুদ্রে প্রবেশ করিয়াছিল ॥৩৪॥

তাহারা এখন জগৎ উৎসন্ন করিবার জন্য দিনে কুম্ভীর ও জলজন্তুগণে পরিপূর্ণ ভয়ঙ্কর সমুদ্রে প্রবেশ করিয়া থাকিয়া রাত্রিতে আসিয়া মুনিগণকে বধ করিতেছে ॥৩৫॥

(৩৬)...সমুদ্রাশ্রয়গা হি তে—বা ব কা, সমুদ্রাশ্রয়িণো হি তে—নি।

অগস্ত্যেন বিনা কো হি শক্তোঽন্যোঽর্ণবশোষণে।
অন্যথা হি ন শক্যাস্তে বিনা সাগরশোষণম্ ॥৩৭॥
এতচ্ছ্রুত্বা তদা দেবা বিষ্ণুনা সমুদাহৃতম্।
পরমেষ্ঠিনমাজ্ঞাপ্য অগস্ত্যস্যাশ্রমং যযুঃ ॥৩৮॥
তত্রাপশ্যন্মহাত্মানং বারুণিং দীপ্ততেজসম্।
উপাস্যমানমৃষিভির্দেবৈরিব পিতামহম্ ॥৩৯॥
তেঽভিগম্য মহাত্মানং মৈত্রাবরুণিমচ্যুতম্।
আশ্রমস্থং তপোরাশিং কর্ম্মভিঃ স্বৈরভিষ্টুবন্ ॥৪০॥
দেবা ঊচুঃ।
নহুষেণাভিতপ্তানাং ত্বং লোকানাং গতিঃ পুরা।
ভ্রংশিতশ্চ সুরৈশ্বর্য্যাৎ স্বর্লোকাল্লোককণ্টকঃ ॥৪১॥

ভারতকৌমুদী

তর্হি বয়মেব তান্ হনিষ্যাম ইত্যাহ—নেতি। সম্প্রধার্য্যতাং স্থিরীক্রিয়তাম্ ॥৩৬॥
তৎ সম্প্রধারণং ভবতৈব ক্রিয়তামিত্যাহ—অগস্ত্যেনেতি। শক্যা হন্তুমিতি শেষঃ ॥৩৭॥
এতদিতি। পরমেষ্ঠিনং ব্রহ্মাণম্, আজ্ঞাপ্য আজ্ঞাং কারয়িত্বা ॥৩৮॥
তত্রেতি। বারুণিং মৈত্রাবরুণপুত্রমগস্ত্যম্। পিতামহং ব্রহ্মাণম্ ॥৩৯॥
ত ইতি। অচ্যুতম্ অচ্যুতসদৃশং মহাশক্তিম্। অভিষ্টুবন্নিত্যাড়াগমাভাব আর্ষঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

ইঙ্গতি চলতীতি ইঙ্গং পচাদ্যচ্, জঙ্গমং নেঙ্গতি স্থাবরম্ ॥২০—২৬॥ চতুর্বিধাঃ সুরনরতির্য্যক্স্থাবরাঃ, দিবৌকসো দেবান্ ॥২৭—৩৮॥ বারুণিং মৈত্রাবরুণপুত্রম্ ॥৩৯॥ অভিষ্টুবন্

কিন্তু তাহাদিগকে বিনষ্ট করা সম্ভবপর নহে। কারণ, তাহারা সমুদ্রের ভিতরে রহিয়াছে; সুতরাং সেই সমুদ্রকে নষ্ট করিবার জন্যই আপনারা বুদ্ধি স্থির করুন ॥৩৬॥

অগস্ত্য ব্যতীত অন্য কোন লোকই সমুদ্র শোষণ করিতে সমর্থ হইবে না, আবার সমুদ্র শোষণ ব্যতীত অন্য প্রকারেও সে দানবগণকে সংহার করা যাইবে না" ॥৩৭॥

দেবতারা বিষ্ণুর এই কথা শুনিয়া, ব্রহ্মার অনুমতি লইয়া তখনই মহর্ষি অগস্ত্যের আশ্রমে চলিয়া গেলেন ॥৩৮॥

তাঁহারা সেখানে যাইয়া দেখিলেন—দেবতারা যেমন ব্রহ্মার সেবা করেন, তেমনই অন্যান্য ঋষিরা উজ্জ্বলতেজা মহাত্মা অগস্ত্যের সেবা করিতেছেন ॥৩৯॥

তখন দেবতারা নিকটে যাইয়া বিষ্ণুর তুল্য শক্তিশালী এবং তপোরাশির ন্যায় আশ্রমে অবস্থিত মহাত্মা অগস্ত্যকে তাঁহারই চরিত্রের উল্লেখ করিয়া স্তব করিতে লাগিলেন ॥৪০॥

ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসা ভাস্করস্য নগোত্তমঃ।
বচস্তবানতিক্রামন্ বিন্ধ্যঃ শৈলো ন বর্দ্ধতে ॥৪২॥
তমসা চাবৃতে লোকে মৃত্যুনাঽভ্যর্দ্দিতাঃ প্রজাঃ।
ত্বামেব নাথমাসাদ্য নির্বৃতিং পরমাং গতাঃ ॥৪৩॥
অস্মাকং ভয়ভীতানাং নিত্যশো ভগবান্ গতিঃ।
ততস্ত্বার্ত্তাঃ প্রযাচামো বরং ত্বাং বরদো হ্যসি ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামগস্ত্যমাহাত্ম্যকথনে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নহুষেণেতি। গতিঃ উপায় আসীঃ। স্বৈশ্বর্য্যাৎ দেবরাজত্বপদাৎ ॥৪১॥

ক্রোধাদিতি। ভাস্করস্য তমনাদৃত্যেত্যর্থঃ, নগোত্তমঃ পর্ব্বতশ্রেষ্ঠঃ ॥৪২॥

তমসেতি। তমসা বিন্ধ্যবৃদ্ধ্যা সূর্য্যপথরোধাদন্ধকারেণ। মন্যুনা দৈন্যেন ॥৪৩॥

অস্মাকমিতি। নিত্যশশ্চিরমেব। আর্ত্তাঃ কালেয়োৎপীড়নেন ক্লিষ্টা বয়ম্ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অস্তুবন্ অভভাব আর্ত্তাঃ ॥৪০—৪১॥ নগোত্তমঃ পর্ব্বতেষু শ্রেষ্ঠঃ, বিন্ধ্যো নাম্না ॥৪২॥ তমসা বিন্ধ্যবৃদ্ধ্যা আবৃতে গ্রস্তালোকে লোকে জগতি • স • ॥৪৩—৪৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৭॥

দেবগণ বলিলেন—"মহর্ষি! আপনি পূর্ব্বকালে নহুষসন্তপ্ত লোকদিগের উদ্ধারের উপায় হইয়াছিলেন এবং জগতের কণ্টক সেই নহুষকে দেবগণের রাজত্বপদ হইতে ও স্বর্গলোক হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥৪১॥

পর্ব্বতশ্রেষ্ঠ বিন্ধ্যপর্ব্বত ক্রোধবশতঃ সূর্য্যকে অগ্রাহ্য করিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে থাকিয়াও, আপনার বাক্য অতিক্রম করিতে না পারিয়া বৃদ্ধি পায় নাই ॥৪২॥

জগৎটা অন্ধকারে আবৃত হইলে লোক সকল বিষাদে পীড়িত হইয়াছিল, তাহার পর তাহারা আপনাকে রক্ষক পাইয়া পরম নির্বৃতি লাভ করিয়াছিল ॥৪৩॥

আমাদেরও ভয়ভীত অবস্থায় চিরকালই আপনি উদ্ধারের উপায় হইয়া আসিতেছেন; সুতরাং বর্ত্তমান সময়েও আমরা অত্যন্ত পীড়িত হইয়া আপনার নিকট বর প্রার্থনা করিতেছি; কারণ, আপনি বরদাতা" ॥৪৪॥

* '…ত্র্যধিকশততমঃ…'—বা ব কা পি, '…দ্ব্যধিকশততমঃ…'—নি।

অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

কিমর্থং সহসা বিন্ধ্যঃ প্রবৃদ্ধঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ মহামুনে! ॥১॥

লোমশ উবাচ।

অদ্রিরাজং মহাশৈলং মেরুং কনকপর্ব্বতম্।
উদয়াস্তমনে ভানুঃ প্রদক্ষিণমবর্ত্তত ॥২॥
তন্তু দৃষ্ট্বা তথা বিন্ধ্যঃ শৈলঃ সূর্য্যমথাব্রবীৎ।
যথা হি মেরুর্ভবতা নিত্যশঃ পরিগম্যতে ॥৩॥
প্রদক্ষিণশ্চ ক্রিয়তে মামেবং কুরু ভাস্কর!।
এবমুক্তস্ততঃ সূর্য্যঃ শৈলেন্দ্রং প্রত্যভাষত ॥৪॥ (যুগ্মকম্)
নাহমাত্মেচ্ছয়া শৈল! করোম্যেনং প্রদক্ষিণম্।
এষ মার্গঃ প্রদিষ্টো মে যেনেদং নির্ম্মিতং জগৎ ॥৫॥

ভারতকৌমুদী

কিমিতি। বিন্ধ্যঃ পর্ব্বতঃ, ক্রোধমূর্চ্ছিতঃ মূর্চ্ছয়েব ক্রোধেন কর্ত্তব্যজ্ঞানহীনঃ ॥১॥
অদ্রীতি। উদয়াস্তমনে উদয়াস্তকালে, ভানুঃ সূর্য্যঃ ॥২॥
তমিতি। পরিগম্যতে পরিতো বিচর্য্যতে; শৈলেন্দ্রং বিন্ধ্যম্ ॥৩—৪॥

ভারতভাবদীপঃ

কিমর্থমিতি ॥১—২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

যুধিষ্ঠির বলিলেন—"মহর্ষি! বিন্ধ্যপর্ব্বত কিজন্য ক্রুদ্ধ হইয়া সহসা বৃদ্ধি পাইয়াছিল, ইহা আমি বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি" ॥১॥

লোমশ বলিলেন—"সূর্য্য উদয়কালে ও অস্তকালে পর্ব্বতরাজ ও মহাপর্ব্বত স্বর্ণময় সুমেরুকে প্রদক্ষিণ করিয়া যাইতেন ॥২॥

বিন্ধ্যপর্ব্বত সূর্য্যকে সেইরূপ করিতে দেখিয়া তাঁহাকে বলিয়াছিল—"প্রভাকর! আপনি যেমন প্রত্যহই সুমেরুপর্ব্বতে বিচরণ করেন এবং তাহাকে প্রদক্ষিণ করেন, আমাকেও এইরূপ করুন।" বিন্ধ্যপর্ব্বত এইরূপ বলিলে সূর্য্য তাহাকে বলিলেন—॥৩—৪॥

এবমুক্তস্ততঃ ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসাঽচলঃ।
সূর্য্যাচন্দ্রমসোর্মার্গং রোদ্ধুমিচ্ছন্ পরন্তপ ! ॥৬॥
ততো দেবাঃ সহিতাঃ সর্ব্ব এব বিন্ধ্যং সমাগম্য মহাদ্রিরাজম্।
নিবারয়ামাসুরুপায়তস্তং ন চ স্ম তেষাং বচনং চকার ॥৭॥
অথাভিজগ্মুর্মুনিমাশ্রমস্থং তপস্বিনং ধর্ম্মভৃতাং বরিষ্ঠম্।
অগস্ত্যমত্যদ্ভুতবীর্য্যবন্তং তঞ্চার্থমূচুঃ সহিতাঃ সুরাস্তে ॥৮॥
সূর্য্যাচন্দ্রমসোর্মার্গং নক্ষত্রাণাং গতিং তথা।
শৈলরাজো বৃণোত্যেষ বিন্ধ্যঃ কোপবশানুগঃ ॥৯॥
তং নিবারয়িতুং শক্তো নান্যঃ কশ্চিদ্দ্বিজোত্তম !।
ঋতে ত্বাং হি মহাভাগ ! তস্মাদেনং নিবারয় ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। এনং মেরুম্। প্রদিষ্টো নির্দ্দিষ্টঃ। যৈরীশ্বরৈঃ, গৌরবাদ্বহুবচনম্। তেষামাদেশং নাতিক্রমিতুমর্হামীতি ভাবঃ ॥৫॥

এবমিতি। অচলো বিন্ধ্যঃ। মার্গং দৈনিকবিচরণপথম্ ॥৬॥

তত ইতি। উপায়তঃ অনুনয়ভীতিপ্রদর্শনাভিরুপায়ৈঃ। চকার বিন্ধ্যঃ ॥৭॥

অথেতি। বীর্য্যমত্র তপঃপ্রভাবঃ। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৮॥

সূর্য্যেতি। বৃণোতি রুণদ্ধি। কোপবশানুগঃ সূর্য্যং প্রতি ॥৯॥

তমিতি। তং বিন্ধ্যম্। ঋতে বিনা ॥১০॥

"পর্ব্বত ! আমি নিজের ইচ্ছায় সুমেরুকে প্রদক্ষিণ রি না; যিনি এই জগৎ সৃষ্টি করিয়াছেন, তিনিই আমার এই পথ নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন" ॥৫॥

পরন্তপ ! সূর্য্য এইরূপ বলিলে, তাহার পরই বিন্ধ্যপর্ব্বত ক্রোধে চন্দ্র ও সূর্য্যের পথ রোধ করিতে ইচ্ছা করিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে লাগিল ॥৬॥

তাহার পর দেবতারা সকলেই সম্মিলিত হইয়া, পর্ব্বতরাজ বিন্ধ্যের নিকট যাইয়া, নানাবিধ উপায়ে তাহাকে বারণ করিবার চেষ্টা করিলেন; কিন্তু সে বিন্ধ্যপর্ব্বত তাঁহাদের অনুরোধ রক্ষা করিল না ॥৭॥

তদনন্তর সেই দেবতারা সম্মিলিত হইয়াই আশ্রমস্থিত, তপস্বী, ধার্ম্মিকশ্রেষ্ঠ এবং অত্যন্ত অদ্ভুতপ্রভাবশালী অগস্ত্যমুনির নিকট গমন করিলেন এবং সেই বিষয় বলিতে লাগিলেন—॥৮॥

"পর্ব্বতরাজ এই বিন্ধ্য ক্রোধের বশবর্ত্তী হইয়া চন্দ্র ও সূর্য্যের পথ এবং নক্ষত্রমণ্ডলের গতি রোধ করিতেছে ॥৯॥

(৮) শ্লোকাৎ পরং 'দেবা উচুঃ'—বা ব কা পি।

তচ্ছ্রুত্বা বচনং বিপ্রঃ সুরাণাং শৈলমভ্যগাৎ।
সোঽভিগম্যাব্রবীদ্বিন্ধ্যং সদারঃ সমুপস্থিতম্ ॥১১॥
মার্গমিচ্ছাম্যহং দত্তং ভবতা পর্ব্বতোত্তম!।
দক্ষিণামভিগন্তাস্মি দিশং কার্য্যেণ কেনচিৎ ॥১২॥
যাবদাগমনং মহ্যং তাবত্ত্বং প্রতিপালয়।
নিবৃত্তে ময়ি শৈলেন্দ্র! ততো বর্দ্ধস্ব কামতঃ ॥১৩॥
এবং স সময়ং কৃত্বা বিন্ধ্যেনামিত্রকর্ষণ!।
অদ্যাপি দক্ষিণাদ্দেশাদ্বারুণির্ন নিবর্ত্ততে ॥১৪॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যথা বিন্ধ্যো ন বর্দ্ধতে।
অগস্ত্যস্য প্রভাবেণ যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥১৫॥

ভারতকৌমুদী

তদিতি। বিপ্রঃ অগস্ত্যঃ। দারৈর্ভার্য্যয়া লোপামুদ্রয়া সহেতি সদারঃ ॥১১॥

মার্গমিতি। মার্গং মদ্গমনপথম্। কেনচিৎ কার্য্যেণ তদুদ্দেশেন ॥১২॥

যাবদিতি। মহ্যং মম। প্রতিপালয় প্রতীক্ষস্ব। নিবৃত্তে প্রত্যাবৃত্তে সতি ॥১৩॥

এবমিতি। হে অমিত্রকর্ষণ! স বারুণিরগস্ত্যঃ, বিন্ধ্যেন সহ, এবং সময়ং প্রতিজ্ঞাং কৃত্বা, দক্ষিণং দেশং গত্বেতি শেষঃ, তস্মাদ্দক্ষিণাদ্দেশাদদ্যাপি ন নিবর্ত্ততে ॥১৪॥

এতদিতি। আখ্যাতং ময়া উক্তম্। পরিপৃচ্ছসীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা ॥১৫॥

কিন্তু ব্রাহ্মণশ্রেষ্ঠ মহাত্মন্! আপনি ব্যতীত অন্য কোন লোকই তাহাকে বারণ করিতে সমর্থ হইতেছে না; অতএব আপনি ইহাকে বারণ করুন” ॥১০॥

অগস্ত্যমুনি দেবগণের সেই কথা শুনিয়া, ভার্য্যা লোপামুদ্রার সহিত মিলিত হইয়া বিন্ধ্যপর্ব্বতের নিকটে গেলেন এবং নিকটে যাইয়া সমাগত বিন্ধ্যপর্ব্বতকে বলিলেন—॥১১॥

“পর্ব্বতশ্রেষ্ঠ! আমি কোন কার্য্য উদ্দেশ্যে দক্ষিণদিকে যাইব; অতএব আমি ইচ্ছা করি যে, আপনি আমাকে পথ ছাড়িয়া দেন ॥১২॥

পর্ব্বতরাজ! যে পর্য্যন্ত আমার পুনরায় আগমন হয়, সেই পর্য্যন্ত আপনি প্রতীক্ষা করুন; তা’র পর আমি ফিরিয়া আসিলে, আপনি ইচ্ছানুসারে বৃদ্ধি পাইবেন” ॥১৩॥

শত্রুকর্ষণ রাজা! অগস্ত্যমুনি বিন্ধ্যপর্ব্বতের সহিত এইরূপ প্রতিজ্ঞা করিয়া দক্ষিণদেশে যাইয়া অদ্যাপি সে দক্ষিণদেশ হইতে ফিরিয়া আসেন নাই ॥১৪॥

---

(১১)…সদারঃ সমুপস্থিতঃ—পি নি।

কালেয়াস্তু যথা রাজন্! সুরৈঃ সর্ব্বৈর্নিসূদিতাঃ।
অগস্ত্যাদ্বরমাসাদ্য তন্মে নিগদতঃ শৃণু ॥১৬॥
ত্রিদশানাং বচঃ শ্রুত্বা মৈত্রাবরুণিরব্রবীৎ।
কিমর্থমভিযাতাঃ স্থ বরং মত্তঃ কিমিচ্ছথ ॥১৭॥
এবমুক্তাস্ততস্তেন দেবতা মুনিমব্রুবন্।
সর্ব্বাঃ প্রাঞ্জলয়ো ভূত্বা পুরন্দরপুরোগমাঃ ॥১৮॥
এবং ত্বয়েচ্ছাম কৃতং হি কার্য্যং মহার্ণবং পীয়মানং মহাত্মন্!।
ততো বধিষ্যাম সহানুবন্ধান্ কালেয়সংজ্ঞান্ সুরবিদ্বিষস্তান্ ॥১৯॥
ত্রিদশানাং বচঃ শ্রুত্বা তথেতি মুনিরব্রবীৎ।
করিষ্যে ভবতাং কামং লোকানাঞ্চ মহৎ সুখম্ ॥২০॥

ভারতকৌমুদী

প্রকৃতমনুসরন্নাহ—কালেয়া ইতি। কালেয়াস্তদাখ্যা অসুরাঃ ॥১৬॥
ত্রিদশানামিতি। মৈত্রাবরুণিরগস্ত্যঃ। অভিযাতা আগতাঃ ॥১৭॥
এবমিতি। তেন অগস্ত্যেন। মুনিমগস্ত্যমেব ॥১৮॥
এবমিতি। অনুবন্ধৈরনুচরৈঃ সহেতি সহানুবন্ধাস্তান্ ॥১৯॥
ত্রিদশানামিতি। কাম্যত ইতি কামস্তম্ অভীষ্টং সমুদ্রপানমিত্যর্থঃ ॥২০॥

বিন্ধ্যপর্ব্বত অগস্ত্যের প্রভাবেই যে বৃদ্ধি পায় নাই—যাহা তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট সে সমস্তই বলিলাম ॥১৫॥

রাজা! দেবতারা সকলে অগস্ত্যের নিকট বর লাভ করিয়া যে ভাবে কালেয় অসুরগণকে বিনাশ করিয়াছিলেন, তাহা আমি বলিতেছি, শ্রবণ কর ॥১৬॥

দেবগণের কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—"দেবগণ! আপনারা কি জন্য আসিয়াছেন? কোন্ বরই বা আমার নিকট হইতে লাভ করিতে ইচ্ছা করেন?" ॥১৭॥

অগস্ত্য এইরূপ বলিলে, তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবতারা সকলে কৃতাঞ্জলি হইয়া অগস্ত্যকে বলিলেন—॥১৮॥

"মহাত্মন্! আপনি এইরূপ কার্য্য করেন, অর্থাৎ মহাসমুদ্রটাকে পান করেন—ইহা আমরা ইচ্ছা করি। তাহার পর আমরা সেই কালেয়নামক অসুরগণকে অনুচরদের সহিতই বিনাশ করিব" ॥১৯॥

দেবগণের কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—"তাহাই হইবে। আমি আপনাদের অভীষ্ট বিষয় এবং লোকের বিশেষ নির্বৃতি করিব" ॥২০॥

(১৮) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

এবমুক্ত্বা ততোঽগচ্ছৎ সমুদ্রং সরিতাং পতিম্।
ঋষিভিশ্চ তপঃসিদ্ধৈঃ সার্দ্ধং দেবৈশ্চ সুব্রত! ॥২১॥
মনুষ্যোরগগন্ধর্ব্ব-যক্ষকিম্পুরুষাস্তদা।
অনুজগ্মুর্মহাত্মানং দ্রষ্টুকামাস্তদদ্ভুতম্ ॥২২॥
ততোঽভ্যগচ্ছন্ সহিতাঃ সমুদ্রং ভীমনিস্বনম্।
নৃত্যন্তমিব চোর্ম্মীভির্বল্গন্তমিব বায়ুনা ॥২৩॥
হসন্তমিব ফেনৌঘৈঃ স্খলন্তং কন্দরেষু চ।
নানাগ্রাহসমাকীর্ণং নানাদ্বিজগণান্বিতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
অগস্ত্যসহিতা দেবাঃ সগন্ধর্ব্বমহোরগাঃ।
ঋষয়শ্চ মহাভাগাঃ সমাসেদুর্মহোদধিম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামগস্ত্যমাহাত্ম্যকথনে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। শাস্ত্রবিহিতনিয়মানাং যথাযথপালনাৎ সুব্রতেতি যুধিষ্ঠিরস্য সম্বোধনম্ ॥২১॥

মনুষ্যেতি। মহাত্মানমগস্ত্যম্। তৎ সমুদ্রপানম্ ॥২২॥

তত ইতি। বায়ুনা বায়ুপ্রাতিকূল্যেন, বল্গন্তং সাটোপং গচ্ছন্তমিব। ফেনৌঘৈর্হসন্তমিব, ফেনৌঘানাং শুভ্রত্বাৎ, কন্দরেষু গুহাসু, স্খলন্তং স্খলিত্বা পতন্তমিব। নানা অনেকৈর্গ্রাহৈ-র্জলজন্তুভিঃ সমাকীর্ণং ব্যাপ্তম্, নানা দ্বিজগণৈঃ পক্ষিগণৈরন্বিতম্ ॥২৩ ২৪॥

অগস্ত্যেতি। সমাসেদুঃ প্রাপুঃ, মহোদধিম্ উক্তরূপং মহাসমুদ্রম্ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

যুধিষ্ঠির! এইরূপ বলিয়া তাহার পর অগস্ত্য তপঃসিদ্ধ ঋষিগণ ও দেবগণের সহিত মিলিত হইয়া সরিৎপতি সমুদ্রে গমন করিলেন ॥২১॥

তখন মনুষ্য, নাগ, গন্ধর্ব্ব, যক্ষ ও কিম্পুরুষগণ সেই অদ্ভুত ঘটনা দেখিবার জন্য মহাত্মা অগস্ত্যের অনুগমন করিলেন ॥২২॥

তাহার পর তাঁহারা সম্মিলিত হইয়া সমুদ্রের তীরে উপস্থিত হইলেন। তখন সমুদ্র ভয়ঙ্কর গর্জ্জন করিতেছিল, তরঙ্গদ্বারা যেন নৃত্য করিতেছিল, বায়ুর প্রতিকূলতা-বশতঃ যেন উদ্ধতভাবে চলিতেছিল এবং গুহা সকলের ভিতরে যেন পড়িয়া যাইতেছিল; আর সে সমুদ্র নানাবিধ জলজন্তুতে পরিপূর্ণ এবং নানাবিধ পক্ষিগণে সমাকীর্ণ ছিল ॥২৩—২৪॥

---

* '...চতুরধিকশততমঃ...'—বা ব কা পি, '...ত্র্যধিকশততমঃ...'—নি।

ঊননবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।

সমুদ্রং স সমাসাদ্য বারুণির্ভগবানৃষিঃ।
উবাচ সহিতান্ দেবানৃষীংশ্চৈব সমাগতান্ ॥১॥
এষ লোকহিতার্থং বৈ পিবামি বরুণালয়ম্।
ভবদ্ভির্যদনুষ্ঠেয়ং তচ্ছীঘ্রং সংবিধীয়তাম্ ॥২॥
এতাবদুক্ত্বা বচনং মৈত্রাবরুণিরচ্যুতঃ।
সমুদ্রমপিবৎ ক্রুদ্ধঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ ॥৩॥
পীয়মানং সমুদ্রন্তু দৃষ্ট্বা সেন্দ্রাস্তদাঽমরাঃ।
বিস্ময়ং পরমং জগ্মুঃ স্তুতিভিশ্চাপ্যপূজয়ন্ ॥৪॥

ভারতকৌমুদী

সমুদ্রমিতি। বারুণিরগস্ত্যঃ। সহিতান্ সম্মিলিতান্ ॥১॥
এষ ইতি। বরুণালয়ং সমুদ্রম্। অনুষ্ঠেয়ং বিধেয়ম্ ॥২॥
এতাবদিতি। মৈত্রাবরুণিরগস্ত্যঃ, অচ্যুতঃ তপঃপ্রভাবাদভ্রষ্টঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

সমুদ্রমিতি ॥১—২১॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥৮৯॥

তখন দেবতারা ও মহাত্মা ঋষিরা অগস্ত্যের সহিত এবং গন্ধর্ব্বগণ ও নাগগণের সহিত মিলিত হইয়া উক্তবিধ মহাসমুদ্রের তীরে গমন করিলেন" ॥২৫॥

—:*:—

লোমশ বলিলেন—"ভগবান্ অগস্ত্যমুনি সমুদ্রতীরে উপস্থিত হইয়া সমাগত এবং সম্মিলিত দেবগণ ও ঋষিগণকে কহিলেন—॥১॥

"লোকহিতের জন্য এই আমি সমুদ্র পান করিতেছি। আপনাদের যাহা কর্ত্তব্য, তাহা শীঘ্র করুন" ॥২॥

এইটুকুমাত্র কথা বলিয়া মহাপ্রভাবসম্পন্ন অগস্ত্য ক্রুদ্ধ হইয়া সকল লোকের সাক্ষাতে সমুদ্র পান করিতে আরম্ভ করিলেন ॥৩॥

তখন অগস্ত্য সমুদ্র পান করিতেছেন দেখিয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণ অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং স্তব দ্বারা তাঁহার সম্মান করিতে লাগিলেন—॥৪॥

---

(২) অহং লোকহিতার্থং বৈ—বা ব কা।

ত্বং নস্ত্রাতা বিধাতা চ লোকানাং লোকভাবন ! ।
ত্বৎপ্রসাদাৎ সমুচ্ছেদং ন গচ্ছেৎ সামরং জগৎ ॥৫॥
স পূজ্যমানস্ত্রিদশৈর্মহাত্মা গন্ধর্ব্বতূর্য্যেষু নদৎসু সর্ব্বশঃ ।
দিব্যৈশ্চ পুষ্পৈরবকীর্য্যমাণো মহার্ণবং নিঃসলিলং চকার ॥৬॥
দৃষ্ট্বা কৃতং নিঃসলিলং মহার্ণবং সুরাঃ সমস্তাঃ পরমপ্রহৃষ্টাঃ ।
প্রগৃহ্য দিব্যানি বরায়ুধানি তান্ দানবান্ জঘ্নুরদীনসত্ত্বাঃ ॥৭॥
তে বধ্যমানাস্ত্রিদশৈর্মহাত্মভির্মহাবলৈর্বেগিভিরুন্নদদ্ভিঃ ।
ন সেহিরে বেগবতাং মহাত্মনাং বেগং তদা ধারয়িতুং দিবৌকসাম্ ॥৮॥
তে বধ্যমানাস্ত্রিদশৈর্দানবা ভীমনিস্বনাঃ ।
চক্রুঃ সুতুমুলং যুদ্ধং মুহূর্ত্তমিব ভারত ! ॥৯॥

ভারতকৌমুদী

পীয়মানমিতি । ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ । অপূজয়ন্ অগস্ত্যমিতি শেষঃ ॥৪॥
ত্বমিতি । বিধাতা শুভস্যেতি শেষঃ । লোকভাবন ! লোকানাং নির্বৃতিকারক ! ॥৫॥
স ইতি । সঃ অগস্ত্যঃ, ত্রিদশৈর্দেবৈঃ । নদৎসু বাদনাৎ শব্দায়মানেষু ॥৬॥
দৃষ্ট্বেতি । দিব্যানি স্বর্গীয়াণি । অদীনসত্ত্বা অনল্পাধ্যবসায়াঃ ॥৭॥
ত ইতি । তে দানবাঃ । উন্নদদ্ভিঃ সিংহনাদং কুর্ব্বদ্ভিঃ । সেহিরে শেকুঃ ॥৮॥
ত ইতি । ত্রিদশৈর্দেবৈঃ । ভীমনিস্বনা ভয়ঙ্করসিংহনাদাঃ ॥৯॥

'জগতের নির্বৃতিকারক মহর্ষি ! আপনি আমাদের রক্ষাকর্ত্তা এবং ত্রিভুবনেরই মঙ্গলবিধাতা। আপনার অনুগ্রহেই দেবগণের সহিত সমস্ত জগৎ উচ্ছেদ প্রাপ্ত হইবে না' ॥৫॥

এইভাবে দেবতারা স্তব করিতে লাগিলেন, গন্ধর্ব্বেরা সকল দিকে তূর্য্যধ্বনি করিতে থাকিল এবং আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইতে লাগিল ; এই অবস্থায় মহাত্মা অগস্ত্য মহাসমুদ্রটাকে জলশূন্য করিয়া ফেলিলেন ॥৬॥

অগস্ত্য মহাসমুদ্রটাকে জলশূন্য করিয়াছেন দেখিয়া দেবতারা সকলেই আনন্দিত হইয়া স্বর্গীয় উৎকৃষ্ট অস্ত্র সকল ধারণ করিয়া বিশেষ অধ্যবসায়ের সহিত সেই দানবগণকে বধ করিতে লাগিলেন ॥৭॥

মহাবল, বেগবান্ ও সিংহনাদকারী মহাত্মা দেবতারা বধ করিতে লাগিলে, তখন সেই দানবেরা বেগবান্ ও মহাবল দেবগণের সেই বেগ ধারণ করিতে সমর্থ হইল না ॥৮॥

ভরতনন্দন ! দেবতারা দানবগণকে বধ করিতে লাগিলে, তাহারা ভয়ঙ্কর সিংহনাদ করিয়া কিছুকাল অতিতুমুল যুদ্ধ করিল ॥৯॥

তে পূর্ব্বং তপসা দগ্ধা মুনিভির্ভাবিতাত্মভিঃ।
যতমানাঃ পরং শক্ত্যা ত্রিদশৈর্বিনিসূদিতাঃ ॥১০॥
তে হেমনিষ্কাভরণাঃ কুণ্ডলাঙ্গদধারিণঃ।
নিহতা বহ্বশোভন্ত পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥১১॥
হতশেষাস্ততঃ কেচিৎ কালেয়া মনুজোত্তম!।
বিদার্য্য বসুধাং দেবীং পাতালতলমাশ্রিতাঃ ॥১২॥
নিহতান্ দানবান্ দৃষ্ট্বা ত্রিদশা মুনিপুঙ্গবম্।
তুষ্টুবুর্বিবিধৈর্বাক্যৈরিদঞ্চৈবাব্রুবন্ বচঃ ॥১৩॥
ত্বৎপ্রসাদান্মহাবাহো! লোকৈঃ প্রাপ্তং মহৎ সুখম্।
ত্বত্তেজসা চ নিহতাঃ কালেয়াঃ ক্রূরবিক্রমাঃ ॥১৪॥
পূরয়স্ব মহাবাহো! সমুদ্রং লোকভাবন!।
যত্ত্বয়া সলিলং পীতং তদস্মিন্ পুনরুৎসৃজ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। ভাবিতাত্মভিঃ মৈত্র্যাদিভাবনয়া শোধিতচিত্তৈঃ ॥১০॥
ত ইতি। হেমনিষ্কঃ স্বর্ণমাল্যম আভরণং যেষাং তে। বহু অধিকম্ ॥১১॥
হতেতি। কালেযাঃ কশ্যপভার্য্যায়াঃ কালায়াঃ পুত্র। আদিপর্ব্বণ্যুক্তাঃ ॥১২॥
নিহতানিতি। মুনিপুঙ্গবমগস্ত্যম্ ॥১৩॥
ত্বদিতি। মহাবাহুবন্মহাশত্রুসংহারঘটনান্মহাবাহো ইত্যগস্ত্যস্যৈব সম্বোধনম্ ॥১৪॥

নির্ম্মলচিত্ত মুনিরা পূর্ব্বেই তাহাদিগকে তপস্যানলে দগ্ধ করিয়াছিলেন; সুতরাং তখন তাহারা শক্তি অনুসারে জয়ের জন্য বিশেষ যত্ন করিতে থাকিলেও দেবতারা তাহাদিগকে সংহার করিলেন ॥১০॥

স্বর্ণময় হার, কুণ্ডল ও অঙ্গদধারী সেই দানবেরা নিহত হইয়া পুষ্পিত কিংশুক-বৃক্ষের ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥১১॥

নরশ্রেষ্ঠ! তাহার পর হতাবশিষ্ট কতকগুলি কালেয় অসুর পৃথিবী বিদারণ করিয়া পাতালে যাইয়া আশ্রয় লইল ॥১২॥

তখন দেবগণ দানবগণকে নিহত দেখিয়া নানাবিধ বাক্যে মুনিশ্রেষ্ঠ অগস্ত্যের স্তব করিলেন এবং এই কথা বলিলেন—॥১৩॥

"মহাবাহু! আপনার অনুগ্রহেই লোকেরা মহাসুখ লাভ করিল। কারণ, আপনার তেজেই ক্রূরবিক্রম কালেয়গণ নিহত হইয়াছে ॥১৪॥

---

(১২)…পাতালতলমাস্থিতাঃ—বা ব কা নি। (১৩)…ইদং বচনমব্রুবন্—বা ব কা নি।

এবমুক্তঃ প্রত্যুবাচ ভগবান্ মুনিপুঙ্গবঃ।
তাংস্তদা সহিতান্ দেবানগস্ত্যঃ সপুরন্দরান্ ॥১৬॥
জীর্ণং তদ্ধি ময়া তোয়মুপায়োঽন্যঃ প্রচিন্ত্যতাম্।
পূরণার্থং সমুদ্রস্য ভবদ্ভির্যত্নমাস্থিতৈঃ ॥১৭॥
এতচ্ছ্রুত্বা তু বচনং মহর্ষের্ভাবিতাত্মনঃ।
বিস্মিতাশ্চ বিষণ্ণাশ্চ বভূবুঃ সহিতাঃ সুরাঃ ॥১৮॥
পরস্পরমনুজ্ঞাপ্য প্রণম্য মুনিপুঙ্গবম্।
প্রজাঃ সর্ব্বা মহারাজ! বিপ্রজগ্মুর্যথাগতম্ ॥১৯॥
ত্রিদশা বিষ্ণুনা সার্দ্ধমুপজগ্মুঃ পিতামহম্।
পূরণার্থং সমুদ্রস্য মন্ত্রয়িত্বা পুনঃ পুনঃ ॥২০॥

ভাবতকৌমুদী

পূরযস্বেতি। হে লোকভাবন! লোকানাং মঙ্গলকারক। অস্মিন্ সমুদ্রখাতে ॥১৫॥
এবমিতি। ভগবান্ অতিশযেনাণিমাদ্যৈশ্বর্য্যবান্, মহার্ণবস্যৈব পানাৎ ॥১৬॥
জীর্ণমিতি। অন্যঃ মৎকর্তৃকোদ্গারাদপরঃ ॥১৭॥
এতদিতি। বিস্মিতাঃ ক্ষণেনৈব জলরাশের্জীর্ণীকরণাৎ, বিষণ্ণাঃ সমুদ্রস্য জলশূন্যত্বাৎ ॥১৮॥
পরস্পরমিতি। প্রজা গন্ধর্ব্বমনুষ্যাদযো জনাঃ। যথাগতং যথাস্থানম্ ॥১৯॥
ত্রিদশা ইতি। পিতামহং ব্রহ্মাণমুপজগ্মুঃ, সমুদ্রপূরণার্থমিতি ভাবঃ ॥২০॥

মহাবাহু! লোকমঙ্গলকারক! আপনি আবার সমুদ্র পূরণ করুন; আপনি যে জল পান করিয়াছেন, তাহা আবার এই খাতে বিসর্জ্জন করুন" ॥১৫॥

দেবতারা এইরূপ বলিলে, মুনিশ্রেষ্ঠ ভগবান্ অগস্ত্য তখন ইন্দ্রপ্রভৃতি সেই সম্মিলিত দেবগণকে বলিলেন—॥১৬॥

"আমি সে জল জীর্ণ করিয়া ফেলিয়াছি; সুতরাং আপনারা সমুদ্র পূরণের জন্য বিশেষ যত্ন অবলম্বন করিয়া অন্য উপায় চিন্তা করুন" ॥১৭॥

নির্ম্মলচিত্ত মহর্ষি অগস্ত্যের এই কথা শুনিয়া সম্মিলিত দেবতারা সকলেই বিস্মিত এবং বিষণ্ণ হইলেন ॥১৮॥

মহারাজ! তাহার পর তত্রত্য লোকেরা সকলেই মুনিশ্রেষ্ঠ অগস্ত্যকে প্রণাম করিয়া পরস্পর পরস্পরের অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেল ॥১৯॥

আর, দেবতারা সমুদ্রকে পূরণ করিবার জন্য বিষ্ণুর সহিত বার বার মন্ত্রণা করিয়া ব্রহ্মার নিকট গমন করিলেন ॥২০॥

---

(১৬) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তে ধাতারমুপাগম্য ত্রিদশাঃ সহ বিষ্ণুনা।
উচুঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে সাগরস্যাভিপূরণম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং সমুদ্রপূরণমন্ত্রণে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

নবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।
তানুবাচ সমেতাংস্তু ব্রহ্মা লোকপিতামহঃ।
নির্হ্রাদিন্যা গিরা রাজন্। দেবানাশ্বাসয়ংস্তদা ॥১॥
গচ্ছধ্বং বিবুধাঃ সর্ব্বে যথাকামং যথেপ্সিতম্।
মহতা কালযোগেন প্রকৃতিং যাস্যতেঽর্ণবঃ ॥২॥

ভারতকৌমুদী

ত ইতি। ধাতারং ব্রহ্মাণম্। উচুঃ পপৃচ্ছুঃ। অভিপূরণং তদুপায়ম্ ॥২১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামূননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তানিতি। সমেতান্ সমাগতান্। নির্হ্রাদিন্যা স্বভাবত এব গম্ভীরয়া ॥১॥
গচ্ছধ্বমিতি। যথাকামং গচ্ছধ্বম্, যথেপ্সিতঞ্চ কুরুধ্বমিতি শেষঃ ॥২॥

সেই দেবতারা বিষ্ণুর সহিত ব্রহ্মার নিকট যাইয়া, সকলেই কৃতাঞ্জলি হইয়া, সমুদ্র পূরণের উপায় জিজ্ঞাসা করিলেন" ॥২১॥

—:*:—

লোমশ বলিলেন—"রাজা! লোকপিতামহ ব্রহ্মা সমাগত দেবগণকে আশ্বস্ত করিবার জন্য গম্ভীর বাক্যে তাঁহাদিগকে বলিলেন—॥১॥

"দেবগণ! তোমরা সকলে ইচ্ছা হইলে যাইতে পার এবং ইচ্ছানুসারে কার্য্য করিতে পার। কারণ, সমুদ্র বহুকাল পরে নিজেই স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইবে ॥২॥

---

(২১) পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। * '...পঞ্চাধিকশততমঃ...'—বা ব কা পি, '...চতুরধিকশততমঃ...'—নি। (১) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

জ্ঞাতীংশ্চ কারণং কৃত্বা মহারাজো ভগীরথঃ।
পূরয়িষ্যতি তোয়ৌঘৈঃ সমুদ্রং নিধিমম্ভসাম্ ॥৩॥
পিতামহবচঃ শ্রুত্বা সর্ব্বে বিবুধসত্তমাঃ।
কালযোগং প্রতীক্ষন্তো জগ্মুশ্চাপি যথাগতম্ ॥৪॥

যুধিষ্ঠির উবাচ।

কথং বৈ জ্ঞাতয়ো ব্রহ্মন্! কারণঞ্চাত্র বৈ মুনে!।
কথং সমুদ্রঃ পূর্ণশ্চ ভগীরথপ্রতিশ্রয়াৎ ॥৫॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ তপোধন!।
কথ্যমানং ত্বয়া বিপ্র! রাজ্ঞাং চরিতমুত্তমম্ ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু বিপ্রেন্দ্রো ধর্ম্মরাজ্ঞা মহাত্মনা।
কথয়ামাস মাহাত্ম্যং সগরস্য মহাত্মনঃ ॥৭॥

ভারতকৌমুদী

জ্ঞাতীনিতি। অম্ভসাং নিধিম্, অতস্তোয়ৌঘৈরেব পূরয়িষ্যতীতি ভাবঃ ॥৩॥
পিতামহেতি। কালযোগং ভাবিকালপ্রাপ্তিসম্বন্ধম্, প্রতীক্ষন্তঃ প্রতীক্ষমাণাঃ ॥৪॥
কথমিতি। অত্র সমুদ্রপূরণে। ভগীরথস্য প্রতিশ্রয়াদবলম্বনাৎ ॥৫॥
এতদিতি। রাজচরিতস্যোত্তমত্বাদেব তদেতচ্ছ্রোতুমিচ্ছামীত্যাশয়ঃ ॥৬॥
এবমিতি। বিপ্রেন্দ্রো লোমশঃ। ধর্ম্মরাজ্ঞেতি আর্ষত্বাদদন্তত্বাভাবঃ ॥৭॥

মহারাজ ভগীরথ জ্ঞাতিগণকে হেতু করিয়া জলরাশি দ্বারাই জলনিধি সমুদ্রকে পূর্ণ করিবেন" ॥৩॥

তখন দেবতারা সকলে ব্রহ্মার সেই কথা শুনিয়া, সেই কালের প্রতীক্ষা করিয়া যথাস্থানে চলিয়া গেলেন" ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ব্রহ্মন্! মুনে! এ বিষয়ে ভগীরথের জ্ঞাতিরা কি করিয়া কারণ হইয়াছিলেন? এবং কি করিয়াই বা ভগীরথকে অবলম্বন করিয়া সমুদ্র পূর্ণ হইয়াছিল? ॥৫॥

ব্রাহ্মণ! তপোধন! আপনি রাজাদের উত্তম চরিত্র বিস্তরক্রমে বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি" ॥৬॥

বৈশম্পায়ন কহিলেন—মহাত্মা যুধিষ্ঠির এইরূপ বলিলে, লোমশমুনি মহাত্মা সগরের মাহাত্ম্য বলিতে আরম্ভ করিলেন ॥৭॥

(৩) জ্ঞাতীন্ বৈ কারণং কৃত্বা মহারাজো ভগীরথাৎ। দ্বিতীয়ার্দ্ধং নাস্তি—বা ব কা পি।
(৫)···কারণঞ্চাত্র কিং মুনে!—বা ব কা নি।

লোমশ উবাচ।

ইক্ষ্বাকূণাং কুলে জাতঃ সগরো নাম পার্থিবঃ।
রূপসত্ত্ববলোপেতঃ স চাপুত্রঃ প্রতাপবান্ ॥৮॥
স হৈহয়ান্ সমুৎসাদ্য তালজঙ্ঘাংশ্চ ভারত!।
বশে চ কৃত্বা রাজন্যান্ স্বরাজ্যমন্বশিষ্টবান্ ॥৯॥
তস্য ভার্য্যে ত্বভবতাং রূপযৌবনদর্পিতে।
বৈদর্ভী ভরতশ্রেষ্ঠ! শৈব্যা চ ভরতর্ষভ! ॥১০॥
স পুত্রকামো নৃপতিস্তপ্যতে স্ম মহত্তপঃ।
পত্নীভ্যাং সহ রাজেন্দ্র! কৈলাসং গিরিমাশ্রিতঃ ॥১১॥
স তপ্যমানঃ সুমহত্তপোযোগসমন্বিতঃ।
আসসাদ মহাত্মানং ত্র্যক্ষং ত্রিপুরমর্দ্দনম্ ॥১২॥
শঙ্করং ভবমীশানং শূলপাণিং পিনাকিনম্।
ত্র্যম্বকং শিবমুগ্রেশং বহুরূপমুমাপতিম্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইক্ষ্বাকূণামিতি। রূপং সৌন্দর্য্যং সত্ত্বমধ্যবসায়ঃ বলং শক্তিশ্চ তৈরুপেতঃ ॥৮॥

স ইতি। হৈহয়ান্ তালজঙ্ঘাংশ্চ তত্তদ্বংশীয়ান্ নৃপতীন্ ॥৯॥

তস্যেতি। বৈদর্ভী বিদর্ভরাজতনয়া, শৈব্যা শিবিতনয়া চ ॥১০॥

স ইতি। আশ্রিতঃ অধিষ্ঠিতঃ ॥১১॥

স ইতি। তপো বৈধক্লেশ-উপবাসাদিঃ যোগশ্চ ধ্যানাদিস্তাভ্যাং সমন্বিতঃ। ত্র্যক্ষং ত্রিলোচনম্। কর্ম্মানুসারিভির্নামভিস্তং বিশিনষ্টি শঙ্করমিত্যাদি ॥১২—১৩॥

লোমশ বলিলেন—"ইক্ষ্বাকুবংশে 'সগর'-নামে এক রাজা জন্মিয়াছিলেন; তিনি রূপ, উৎসাহ, শক্তি ও প্রতাপশালী হইয়াও অপুত্রক ছিলেন ॥৮॥

ভরতনন্দন! তিনি হৈহয়বংশীয় ও তালজঙ্ঘবংশীয় রাজগণকে উৎসন্ন করিয়া এবং অন্যান্য ক্ষত্রিয়দিগকে বশীভূত করিয়া আপন রাজ্য শাসন করিতেন ॥৯॥

ভরতশ্রেষ্ঠ! সেই সগররাজার দুইটী ভার্য্যা ছিল; তাঁহারা দুই জনই রূপযৌবনগর্ব্বিতা ছিলেন; তাঁহাদের একজন বিদর্ভরাজার তনয়া, অপরজন শিবিরাজার দুহিতা ছিলেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ! সেই সগররাজা ভার্য্যাদের সহিত মিলিত হইয়া কৈলাসপর্ব্বতে যাইয়া পুত্রকামনা করিয়া গুরুতর তপস্যা করেন ॥১১॥

তিনি উপবাসাদি ও ধ্যানপ্রভৃতি করিতে থাকিয়া গুরুতর তপস্যায় প্রবৃত্ত

---

(৯)···স্বরাজ্যমন্বশাসত—বা ব কা পি। (১৩)···পিনাকিং শূলপাণিনম্—বা ব কা নি।

স তং দৃষ্ট্বৈব বরদং পত্নীভ্যাং সহিতো নৃপঃ।
প্রণিপত্য মহাবাহুঃ পুত্রার্থং সমযাচত ॥১৪॥
তং প্রীতিমান্ হরঃ প্রাহ সভার্য্যং নৃপসত্তমম্।
যস্মিন্ বৃতো মুহূর্ত্তেঽহং ত্বয়েহ নৃপতে! বরম্ ॥১৫॥
ষষ্টিঃ পুত্রসহস্রাণি শূরাঃ পরমদর্পিতাঃ।
একস্যাং সম্ভবিষ্যন্তি পত্ন্যাং নরবরোত্তম! ॥১৬॥
তে চৈব সর্ব্বে সহিতাঃ ক্ষয়ং যাস্যন্তি পার্থিব!।
একো বংশধরঃ শূর একস্যাং সম্ভবিষ্যতি ॥১৭॥ (বিশেষকম্)
এবমুক্ত্বা তু তং রুদ্রস্তত্রৈবান্তরধীয়ত।
স চাপি সগরো রাজা জগাম স্বং নিবেশনম্ ॥১৮॥
পত্নীভ্যাং সহিতস্তত্র সোঽতিহৃষ্টমনাস্তদা।
অমোঘত্বাদ্বিধেশ্চৈব ভাবিত্বাদ্দৈবনির্ম্মিতাৎ ॥১৬॥
তস্যাং মৃগ্যাং সমভবত্তস্য পুত্রো মহানৃষিঃ।
ঋষ্যশৃঙ্গস্তপোনিত্যো বন এবাভ্যবর্ত্তত ॥১৭॥ (যুগ্মকম্)
তস্যর্ষেঃ শৃঙ্গং শিরসি রাজন্নাসীন্মহাত্মনঃ।
তেনর্ষ্যশৃঙ্গ ইত্যেবং তদা স প্রথিতোঽভবৎ ॥১৮॥
ন তেন দৃষ্টপূর্ব্বোঽন্যঃ পিতুরন্যত্র মানুষঃ।
তস্মাত্তস্য মনো নিত্যং ব্রহ্মচর্য্যেঽভবন্নৃপ ! ॥১৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। উপস্পৃশতঃ স্নানং কুর্ব্বতস্তস্য রেতঃ, অপ্সু জলে, প্রচস্কন্দ স্খলতি স্ম। তচ্চ তৃষিতা মৃগী তোয়েন সহাপিবৎ। লোককর্ত্তৃণেতি আর্ষত্বাদনগ্নিত্বেঽপি নাদেশঃ ॥১৪—১৫॥

ব্রহ্মণা কিমুক্তেত্যাহ—দেবেতি। ত্বং দেবকন্যাপি অপরাধান্মৃগী ভূত্বা, মুনিং সূয় প্রসূয় বিমোক্ষ্যস ইতি। অমোঘত্বাদব্রহ্মবাক্যস্য অব্যর্থত্বাৎ, বিধেশ্চ অবশ্যম্ভাবিনো ব্যাপারস্য চ দৈবনির্ম্মিতাৎ অদৃষ্টকৃতাদ্ভাবিত্বাদ্ধেতোঃ। তস্য বিভাণ্ডকস্য। তপ এব নিত্যং যস্য সঃ। অভ্যবর্ত্তত অতিষ্ঠৎ ॥১৬ – ১৭॥

অথ তস্য ঋষ্যশৃঙ্গনামত্বে কো হেতুরিত্যাহ—তস্যেতি। ইত্যেবং নাম্না ॥১৮॥

ভারতভাবদীপঃ

মম ইতি সম্বন্ধঃ ॥১০—১১॥ মহার্হস্যাতিপূজ্যস্য ॥১৩—১৪॥ তোয়েন সহাঽপিবদিত্যন্বয়ঃ ॥১৫॥ সূয় প্রসূয়, বিধের্বিধিবাক্যস্য দৈবনির্ম্মিতাদ্ধেতোর্ভাবিত্বাৎ অপরিহার্য্যত্বাচ্চ ॥১৬ – ১৯॥

দেখিয়া জলের ভিতরেই তাঁহার শুক্র স্খলন হইয়াছিল; তখন পিপাসার্ত্ত কোন হরিণী জলের সহিত সেই শুক্র পান করিয়াছিল; তাহাতেই সেই হরিণী গর্ভবতী হইয়াছিল। কারণ, জগৎসৃষ্টিকর্ত্তা ভগবান্ ব্রহ্মা পূর্ব্বজন্মে তাহাকে বলিয়াছিলেন—॥১৪—১৫॥

'তুমি দেবকন্যা হইলেও (অপরাধনিবন্ধন) হরিণী হইয়া কোন মুনিকে প্রসব করিয়া পরে মুক্তি লাভ করিবে।' বিধাতার বাক্য অব্যর্থ বলিয়া এবং দৈববশতঃ সেইরূপ হইবে বলিয়া সেই হরিণীর গর্ভেই বিভাণ্ডকের মহর্ষি পুত্র হইয়াছিল। সেই ঋষ্যশৃঙ্গ সর্ব্বদা তপস্যায় প্রবৃত্ত থাকিয়া বনেই থাকিতেন ॥১৬—১৭॥

রাজা! মহাত্মা বিভাণ্ডকপুত্রের মস্তকে শৃঙ্গ ছিল; সেই জন্যই তিনি তখন 'ঋষ্যশৃঙ্গ'-এই নামে প্রসিদ্ধ হইয়াছিলেন ॥১৮॥

এতস্মিন্নেব কালে তু সখা দশরথস্য বৈ।
লোমপাদ ইতি খ্যাতো হ্যঙ্গানামীশ্বরোঽভবৎ ॥২০॥
তেন কামাৎ কৃতং মিথ্যা ব্রাহ্মণস্যেতি নঃ শ্রুতিঃ।
স ব্রাহ্মণৈঃ পরিত্যক্তস্তদা বৈ জগতঃ পতিঃ ॥২১॥
পুরোহিতাপচারাচ্চ তস্য রাজ্ঞো মহামতেঃ।
ন ববর্ষ সহস্রাক্ষস্ততোঽপীড্যন্ত বৈ প্রজাঃ ॥২২॥
স ব্রাহ্মণান্ পর্য্যপৃচ্ছত্তপোযুক্তান্ মনীষিণঃ।
প্রবর্ষণে সুরেন্দ্রস্য সমর্থান্ পৃথিবীপতে! ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। পিতুর্বিভাণ্ডকাৎ। অন্যত্র স্থানেঽপি। ব্রহ্মচর্য্যে সর্ব্বথা স্ত্রীসংসর্গরাহিত্যে ॥১৯॥
এতস্মিন্নিতি। অঙ্গানাম্ অঙ্গদেশস্য, ঈশ্বরঃ পতিঃ ॥২০॥
তেনেতি। কামাদিচ্ছাত এব, মিথ্যা নিক্ষিপ্তধনস্যানঙ্গীকারাদিতি ভাবঃ ॥২১॥
পুরোহিতেতি। পুরোহিতে ব্রাহ্মণে অপচারাদপব্যবহারাচ্চ। সহস্রাক্ষ ইন্দ্রঃ ॥২২॥
স ইতি। প্রবর্ষণে অর্চ্চনাদিনা প্রকৃষ্টবর্ষণসম্পাদনে সমর্থান্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

অঙ্গানাং দেশানাম্ ॥২০॥ তেন কামাৎ বুদ্ধিপূর্ব্বং ব্রাহ্মণস্য প্রতিশ্রুত্যেতি শেষঃ, মিথ্যাকৃতং—"ময়া তুভ্যং দাতুং কিমপি ন প্রতিশ্রুত"মিত্যপলাপং কৃতবানিত্যর্থঃ ॥২১॥ তত্র হেতুঃ—

রাজা! তিনি অন্য স্থানেও পিতা বিভাণ্ডক ব্যতীত অন্য কোন মানুষ দেখিতে পাইতেন না; তাহাতেই তাঁহার মন সর্ব্বদা ব্রহ্মচর্য্যে নিবিষ্ট থাকিত ॥১৯॥

এই সময়েই দশরথের সখা 'লোমপাদ'-নামে এক ব্যক্তি অঙ্গদেশের রাজা ছিলেন ॥২০॥

আমাদের শুনা আছে যে, তিনি ইচ্ছাবশতই এক ব্রাহ্মণের সম্বন্ধে মিথ্যা ব্যবহার করিয়াছিলেন; তাহাতেই তখন ব্রাহ্মণেরা তাঁহাকে পরিত্যাগ করিয়াছিলেন ॥২১॥

আর, তিনি নিজের পুরোহিতের সঙ্গেও অপব্যবহার করিয়াছিলেন; তাহাতেই ইন্দ্র সেই মহামতি লোমপাদের রাজ্যে বর্ষণ করেন নাই; সেই কারণেই তাঁহার প্রজারা কষ্ট পাইতেছিল ॥২২॥

রাজা! তখন লোমপাদ—তপস্বী, জ্ঞানী ও ইন্দ্রকে দিয়া বর্ষণ করাইতে সমর্থ—এইরূপ ব্রাহ্মণগণের নিকট জিজ্ঞাসা করিলেন— ॥২৩॥

---

(২১)···নঃ শ্রুতম্—পি। (২২)···তস্য রাজ্ঞো যদৃচ্ছয়া—বা ব কা নি।

কথং প্রবর্ষেৎ পর্জ্জন্য উপায়ঃ পরিদৃশ্যতাম্ ।
তমূচুশ্চোদিতাস্তে তু স্বমতানি মনীষিণঃ ॥২৪॥
তত্র ত্বেকো মুনিবরস্তং রাজানমুবাচ হ ।
কুপিতাস্তব রাজেন্দ্র ! ব্রাহ্মণা নিষ্কৃতিং চর ॥২৫॥
ঋষ্যশৃঙ্গং মুনিসুতমানয়স্ব চ পার্থিব ! ।
বানেয়মনভিজ্ঞঞ্চ নারীণামার্জ্জবে রতম্ ॥২৬॥
স চেদবতরেদ্রাজন্ ! বিষয়ং তে মহাতপাঃ ।
সদ্যঃ প্রবর্ষেৎ পর্জ্জন্য ইতি মে নাত্র সংশয়ঃ ॥২৭॥
এতচ্ছ্রুত্বা বচো রাজন্ ! কৃত্বা নিষ্কৃতিমাত্মনঃ ।
স গত্বা পুনরাগচ্ছৎ প্রসন্নেষু দ্বিজাতিষু ।
রাজানমাগতং দৃষ্ট্বা প্রতিসংজহৃষুঃ প্রজাঃ ॥২৮॥
ততোঽঙ্গপতিরাহূয় সচিবান্ মন্ত্রকোবিদান্ ।
ঋষ্যশৃঙ্গাগমে যত্নমকরোন্মন্ত্রনিশ্চয়ে ॥২৯॥

ভারতকৌমুদী

কথমিতি । পর্জ্জন্যো মেঘঃ । পরিদৃশ্যতামালোচ্যতাম্ । চোদিতা নিযুক্তাঃ ॥২৪॥

তত্রেতি । নিষ্কৃতিং ব্রাহ্মণকোপোপশমায় সামদানাদিরূপং প্রায়শ্চিত্তম্ ॥২৫॥

ঋষ্যেতি । বানেয়ং বনোৎপন্নম্ । অতএব নারীণাং সম্বন্ধে অনভিজ্ঞম্ ॥২৬॥

স ইতি । অবতরেদাগচ্ছেৎ, বিষয়ং দেশম্ । পর্জ্জন্যো মেঘঃ ॥২৭॥

এতদিতি । নিষ্কৃতিং প্রায়শ্চিত্তম্ । ব্রাহ্মণভবনং গত্বা তেষু দ্বিজাতিষু প্রসন্নেষু সৎসু, পুনঃ স্বরাজ্যমাগচ্ছৎ । প্রতিসংজহৃষুঃ আনন্দং চক্রুঃ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

"মেঘ কি করিয়া বর্ষণ করে, এই বিষয়ের উপায় আপনারা পর্য্যালোচনা করুন।" তখন সেই মনস্বীরা আপন আপন মত রাজাকে বলিলেন ॥২৪॥

তাঁহাদের মধ্যে একজন প্রধান মুনি রাজাকে বলিলেন—"রাজশ্রেষ্ঠ ! আপনার উপরে ব্রাহ্মণেরা কুপিত হইয়াছেন ; সুতরাং প্রথমে আপনি তাহার প্রায়শ্চিত্ত করুন ॥২৫॥

রাজা ! তাহার পর বনে উৎপন্ন, স্ত্রীলোকদের সম্বন্ধে অনভিজ্ঞ এবং সর্ব্বদা সরলতায় নিরত মুনিপুত্র ঋষ্যশৃঙ্গকে আনয়ন করুন ॥২৬॥

রাজা ! সেই মহাতপা ঋষ্যশৃঙ্গ যদি আপনার রাজ্যে আগমন করেন, তবে সদ্যই মেঘ বর্ষণ করিবে ; এ বিষয়ে আমার সন্দেহ নাই" ॥২৭॥

রাজা ! এই কথা শুনিয়া লোমপাদ নিজের প্রায়শ্চিত্ত করিয়া, ব্রাহ্মণদের ভবনে যাইয়া, ব্রাহ্মণেরা প্রসন্ন হইলে আবার আগমন করিলেন ; তখন তাঁহাকে আগত দেখিয়া প্রজারা আনন্দিত হইল ॥২৮॥

সোঽধ্যগচ্ছদুপায়ন্তু তৈবমাত্যৈঃ সহাচ্যুত!।
শাস্ত্রজ্ঞৈরলমর্থজ্ঞৈর্নীত্যাঞ্চ পরিনিষ্ঠিতৈঃ ॥৩০॥
তত আনায়য়ামাস বারমুখ্যা মহীপতিঃ।
বেশ্যাঃ সর্ব্বত্র নিষ্ণাতাস্তা উবাচ স পার্থিবঃ ॥৩১॥
ঋষ্যশৃঙ্গমৃষেঃ পুত্রমানয়ধ্বমুপায়তঃ।
লোভয়িত্বাভিবিশ্বাস্য বিষয়ং মম শোভনাঃ! ॥৩২॥
তা রাজভয়ভীতাশ্চ শাপভীতাশ্চ যোষিতঃ।
অশক্যমূচুস্তৎ কার্য্যং বিবর্ণা গতচেতসঃ ॥৩৩॥
তত্র ত্বেকা জরদ্‌যোষা রাজানমিদমব্রবীৎ।
প্রযতিষ্যে মহারাজ! তমানেতুং তপোধনম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

৩৩ ইতি। অঙ্গপতিলোমপাদঃ। মন্ত্রনিশ্চয়ে মন্ত্রণয়া উপায়নির্দ্ধারণে ॥২৯॥

স ইতি। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট!। অলমতিশয়েন। পরিনিষ্ঠিতৈরভিজ্ঞৈঃ ॥৩০॥

তত ইতি। বারমুখ্যা বেশ্যাগণপ্রধানাঃ। সর্ব্বত্র সর্ব্বপ্রকারেষ্বেব পুরুষেষু নিষ্ণাতা বশীকরণ-নিপুণাঃ। "প্রবীণে নিপুণাভিজ্ঞবিজ্ঞনিষ্ণাতশিক্ষিতাঃ" ইত্যমরঃ। বলপ্রয়োগেণানয়নচেষ্টায়াং শাপাৎ সর্ব্বনাশাশঙ্কা, সাম্না পিত্রধীনস্য দানেন চ নিস্পৃহস্যানয়নচেষ্টা নিষ্ফলৈব, অতঃ প্রতারণামূলকপ্রলোভনেনৈব ঋষ্যশৃঙ্গস্যানয়নপ্রবৃত্তিরিত্যবধেয়ম ॥৩১॥

ঋষ্যেতি। উপায়ত উপযুক্তোপায়েন। অভিবিশ্বাস্য, যথা শাপং ন দদ্যাদিতি ভাবঃ ॥৩২॥

তা ইতি। রাজভয়ভীতা অগমনে, শাপভীতাশ্চ গমনে। অতএবোদ্বেগাদ্বিবর্ণাঃ ॥৩৩॥

তত্রেতি। জরদ্‌যোষা বৃদ্ধস্ত্রী। তম্ ঋষ্যশৃঙ্গম্ ॥৩৪॥

তাহার পর লোমপাদ মন্ত্রণাভিজ্ঞ মন্ত্রিগণকে ডাকিয়া, ঋষ্যশৃঙ্গের আগমন সম্বন্ধে মন্ত্রণাদ্বারা উপায় নির্দ্ধারণ করিবার জন্য চেষ্টা করিলেন ॥২৯॥

হে ধার্ম্মিক! তদনন্তর বিশেষ শাস্ত্রজ্ঞ, কার্য্যজ্ঞ ও নীতিজ্ঞ সেই মন্ত্রিগণের সহিত আলোচনা করিয়া লোমপাদ তাহার উপায় অবগত হইলেন ॥৩০॥

তৎপরে রাজা লোমপাদ, বেশ্যাগণের মধ্যে প্রধান এবং সমস্ত পুরুষকেই বশ করিতে নিপুণ কতকগুলি বেশ্যাকে আনাইলেন এবং তাহাদিগকে বলিলেন—॥৩১॥

"সুন্দরীগণ! তোমরা উপযুক্ত উপায়ে ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গকে প্রলুব্ধ করিয়া এবং তাঁহার বিশ্বাস জন্মাইয়া তাঁহাকে আমার রাজ্যে আনয়ন কর" ॥৩২॥

সেই রমণীরা এদিকে রাজার ভয়ে এবং ওদিকে শাপের ভয়ে ভীত হইয়া, বিবর্ণ ও গতচৈতন্যের ন্যায় থাকিয়া সে কার্য্য অসাধ্য বলিয়াই রাজাকে জানাইল ॥৩৩॥

অভিপ্রেতাংস্তু মে কামাংস্ত্বমনুজ্ঞাতুমর্হসি।
ততঃ শক্যাম্যানয়িতুমৃষ্যশৃঙ্গমৃষেঃ সুতম্ ॥৩৫॥
তস্যাঃ সর্ব্বমভিপ্রেতমন্বজানাৎ স পার্থিবঃ।
ধনঞ্চ প্রদদৌ ভূরি রত্নানি বিবিধানি চ ॥৩৬॥
ততো রূপেণ সম্পন্না বয়সা চ মহীপতে!।
স্ত্রিয় আদায় কাশ্চিৎ সা জগাম বনমঞ্জসা ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়ামৃষ্যশৃঙ্গোপাখ্যানে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

অভীতি। কাম্যন্ত ইতি কামা অভীষ্টপদার্থাস্তান্। আনয়িতুমানেতুম্ ॥৩৫॥

তস্যা ইতি। অন্বজানাৎ দাতুমনুমতবান্, পার্থিবো লোমপাদঃ ॥৩৬॥

তত ইতি। স্ত্রিয়ো বেশ্যা এব। সা জরদ্‌যোষা, অঞ্জসা ঝটিতি ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

পুরোহিতস্যাপচারে দোষঃ, সোঽপি যদৃচ্ছয়া ব্রাহ্মণাপরাধাভাবেঽপি স্বেচ্ছয়া কৃতঃ ॥২২—২৪॥ নিষ্কৃতিং প্রায়শ্চিত্তম্ ॥২৫॥ বানেয়ং বনভবম্ ॥২৬—৩০॥ সর্ব্বত্র পরবঞ্চনাদৌ, নিষ্ণাতাঃ কুশলাঃ ॥৩১—৩৩॥ জরদ্‌যোষা বৃদ্ধা স্ত্রী ॥৩৪—৩৫॥ অন্বজানাদনুজ্ঞাতবান্ ॥৩৬—৩৭॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

তাহাদের মধ্যে একজন বৃদ্ধবেশ্যা রাজাকে এই কথা বলিল—"মহারাজ! সেই তপোধন ঋষ্যশৃঙ্গকে আনিবার জন্য আমি চেষ্টা করিব ॥৩৪॥

আপনি আমার অভিপ্রেত বস্তুগুলি দিয়া দিবার অনুমতি করুন, তাহা হইলেই আমি ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গকে আনিতে পারিব" ॥৩৫॥

তখন রাজা তাহার অভিপ্রেত সমস্ত বস্তুই দিয়া দিবার অনুমতি করিলেন এবং তাহাকে প্রচুর ধন ও নানাবিধ রত্ন দান করিলেন ॥৩৬॥

রাজা! তাহার পর সেই বৃদ্ধবেশ্যা কতকগুলি রূপবতী ও যুবতি বেশ্যা লইয়া সত্বরই বনে গমন করিল" ॥৩৭॥

---

* '...দশাধিকশততমঃ...'—বা ব কা, '...একাদশাধিকশততমঃ...'—পি নি।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।

সা তু নাব্যাশ্রমং চক্রে রাজকার্য্যার্থসিদ্ধয়ে।
সন্দেশাচ্চৈব নৃপতেঃ স্ববুদ্ধ্যা চৈব ভারত! ॥১॥
নানাপুষ্পফলৈর্বৃক্ষৈঃ কৃত্রিমৈরুপশোভিতৈঃ।
নানাগুল্মলতোপেতৈঃ স্বাদুকামফলপ্রদৈঃ ॥২॥
অতীব রমণীয়ং তদতীব চ মনোহরম্।
চক্রে নাব্যাশ্রমং রম্যমদ্ভুতোপমদর্শনম্ ॥৩॥ (যুগ্মকম্)
ততো নিবধ্য তাং নাবমদূরে কাশ্যপাশ্রমাৎ।
চারয়ামাস পুরুষৈর্বিহারং তস্য বৈ মুনেঃ ॥৪॥

ভাবতকৌমুদী

সেতি। সা জরদ্‌যোষা, নাবি কস্যাঞ্চিদ্‌বৃহন্নৌকায়াম্। সন্দেশাদুপদেশাৎ। বিভাণ্ডকাশ্রমান্তিকে তদদূরে বা স্থলে আশ্রমনির্ম্মাণে বিভাণ্ডকস্য তদ্দর্শনে প্রতারণাভিব্যক্তিঃ স্যাৎ। অতো যথাপসারণেন বিভাণ্ডকো ন পশ্যেৎ, উপসরণেন চ ঋষ্যশৃঙ্গো পশ্যেদিতি বিভাব্য নৌকায়ামেবাশ্রমনির্ম্মাণমিতি বোধ্যম্ ॥১॥

নানেতি। স্বাদুকামফলপ্রদৈঃ মধুরাভীষ্টফলদায়িভির্বৃক্ষৈঃ। রমণীয়ং লোভনীয়ম্, তদ্বনম্, মনোহরং সুন্দরম্। রম্যং ক্রীড়াযোগ্যম্। নাবি বৃহন্নৌকায়াম্ ॥২—৩॥

তত ইতি। পুরুষৈঃ, তস্য বিভাণ্ডকস্য মুনেবিহারম অন্যত্র গমনম্, চারয়ামাস জ্ঞাপয়ামাস, দুহিতরমিতি শেষঃ। তস্য মুনেরাশ্রমে স্থিতৌ কার্য্যাসিদ্ধেরসম্ভব ইতি ভাবঃ ॥৪॥

লোমশ বলিলেন—"ভরতনন্দন! সেই বৃদ্ধরমণী রাজার কার্য্যসিদ্ধির জন্য তাঁহার উপদেশে এবং নিজের বুদ্ধি অনুসারে একখানা বড় নৌকার উপরে একটী আশ্রম নির্ম্মাণ করিল ॥১॥

তাহাতে সুন্দর সুন্দর কৃত্রিম বৃক্ষ এবং নানাবিধ গুল্ম ও লতা সাজাইয়া রাখিল; সেগুলিতে আবার নানাবিধ ফুল, ফল এবং সুমধুর বাঞ্ছনীয় ফল সাজাইয়া দিল। তাহাতে সেই, কৃত্রিম বনটী অত্যন্ত লোভনীয় ও অত্যন্ত মনোহর হইল। এইভাবে সেই নৌকার উপরে মনোহর ও অদ্ভুত দর্শন কৃত্রিম আশ্রম নির্ম্মাণ করিল ॥২—৩॥

তত্তো দুহিতরং বেশ্যাং সমাধায়েতিকার্য্যতাম্ ।
দৃষ্ট্বান্তরং কাশ্যপস্য প্রাহিণোদ্বুদ্ধিসম্মতাম্ ॥৫॥
সা তত্র গত্বা কুশলা তপোনিত্যস্য সন্নিধৌ ।
আশ্রমং তং সমাসাদ্য দদর্শ তমৃষেঃ সুতম্ ॥৬॥

বেশ্যোবাচ ।

কচ্চিন্মুনে ! কুশলং তাপসানাং কচ্চিচ্চ বো মূলফলং প্রভূতম্ ।
কচ্চিদ্ভবান্ রমতে চাশ্রমেঽস্মিংস্ত্বাং বৈ দ্রষ্টুং সাম্প্রতমাগতোঽস্মি ॥৭॥
কচ্চিত্তপো বর্দ্ধতে তাপসানাং পিতা চ তে কচ্চিদহীনতেজাঃ ।
কচ্চিত্ত্বয়া প্রীয়তে চৈব বিপ্র ! কচ্চিৎ স্বাধ্যায়ঃ ক্রিয়তে চর্ষ্যশৃঙ্গ ! ॥৮॥

ঋষ্যশৃঙ্গ উবাচ ।

ঋদ্ধ্যা ভবান্ জ্যোতিরিব প্রকাশতে মন্যে চাহং ত্বামভিবাদনীয়ম্ ।
পাদ্যং তে বৈ সম্প্রদাস্যামি কামাদ্যথাধর্ম্মং মূলফলানি চৈব ॥৯॥

ভারতকৌমুদী

তত ইতি । সমাধায় উপদিশ্য, ইতিকার্য্যতাম্ ইতিকর্ত্তব্যতাম্ । অন্তরমন্তর্দ্ধানম্ ॥৫॥

সেতি । সা জরদ্যোষায়া দুহিতা । তপ এব নিত্যং যস্য তস্য ঋষ্যশৃঙ্গস্য ॥৬॥

কচ্চিদিতি । কচ্চিৎ বেদিতুমিচ্ছামীত্যর্থঃ । বো যুষ্মাকম্, প্রভূতং প্রচুরম্ ॥৭॥

কচ্চিদিতি । অহীনতেজা অনষ্টব্রাহ্মপ্রভাবঃ । স্বাধ্যায়ো বেদপাঠঃ ॥৮॥

ঋদ্ধ্যেতি । ঋদ্ধ্যা তেজঃসম্পদা জ্যোতিস্তেজঃপুঞ্জঃ । কামাদিচ্ছাতঃ ॥৯॥

তাহার পর যাইয়া বিভাণ্ডকের আশ্রমের অদূরে সেই নৌকা বাঁধিয়া, কতকগুলি লোক দ্বারা বিভাণ্ডকমুনির অনুপস্থিতি জানিয়া লইল ॥৪॥

তৎপরে সেই বৃদ্ধরমণী বিভাণ্ডকমুনির অনুপস্থিতি জানিয়া, নিজের বুদ্ধিমতী বেশ্যাকন্যাকে কর্ত্তব্য বিষয় বুঝাইয়া দিয়া, তাহাকে পাঠাইয়া দিল ॥৫॥

তখন সেই কার্য্যনিপুণা বেশ্যাকন্যা সর্ব্বদা তপস্যানিরত ঋষ্যশৃঙ্গের নিকটে যাইয়া, ক্রমে তাঁহার আশ্রমেই উপস্থিত হইয়া তাঁহাকে দর্শন করিল ॥৬॥

পরে সেই বেশ্যাকন্যা বলিল—"মুনি ! তপস্বীদিগের মঙ্গল ত ? আপনাদের প্রচুর পরিমাণে ফলমূল আছে ত ? এবং আপনি এই আশ্রমে সুখে আছেন ত ? আমি এখন আপনার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছি ॥৭॥

তপস্বীদিগের তপস্যা বৃদ্ধি পাইতেছে ত ? আপনার পিতার তেজ নষ্ট হয় নাই ত ? ব্রাহ্মণ ! আপনি সুখে আছেন ত ? এবং ঋষ্যশৃঙ্গ ! আপনি বেদপাঠ করিয়া থাকেন ত ?" ॥৮॥

ঋষ্যশৃঙ্গ বলিলেন—"আপনি কান্তিসম্পদে তেজঃপুঞ্জের ন্যায় প্রকাশ পাইতে-

কৌশ্যাং বৃষ্যামাস্স্ব যথোপজোষং কৃষ্ণাজিনেনাবৃতায়াং সুখায়াম্।
ক চাশ্রমস্তব কিং নাম চেদং ব্রতং ব্রহ্মংশ্চরসি দেববত্ত্বম্ ॥১০॥

বেশ্যোবাচ।

মমাশ্রমঃ কাশ্যপপুত্র। রম্যস্ত্রিযোজনং শৈলমিমং পরেণ।
তত্র স্বধর্ম্মোঽনভিবাদনং মে ন চোদকং পাদ্যমুপস্পৃশামি ॥১১॥
ভবতা নাভিবাদ্যোঽহমভিবাদ্যো ভবান্ ময়া।
ব্রতমেতাদৃশং ব্রহ্মন্। পরিষ্বজ্যো ভবান্ ময়া ॥১২॥

ঋষ্যশৃঙ্গ উবাচ।

ফলানি পক্কানি দদানি তেঽহং ভল্লাতকান্যামলকানি চৈব।
করূষকাণীঙ্গুদধন্বনানি প্রিয়ালকানাং কামকারং কুরুষ্ব ॥১৩॥

ভারতকৌমুদী

কৌশ্যামিতি। কৌশ্যাং কুশময্যাম, বৃষ্যাং ব্রতিযোগ্যাসনে, "ব্রতিনামাসনং বৃষী" ইত্যমরঃ। আস্স্ব উপবিশ, যথোপজোষং যথাসুখম। সুখায়াং সুখজনিকায়াম্ ॥১০॥

মমেতি। পরেণেত্যেনপ্রত্যয়ান্তস্তয়া শৈলমিতি "দ্বিতীয়ৈনেন" ইতি দ্বিতীয়া ॥১১॥

ভবতেতি। ব্রতং মজ্জাতিনিয়মঃ। ইদং সর্ব্বথা সত্যমুক্তম্। পরিষ্বজ্য আলিঙ্গনীয়ঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

সান্ত্বিতি। নান্যাশ্রমং নাবান্যাশ্রমম্ ॥১—৩॥ মুনের্বিভাণ্ডকস্য বিচারং বহির্গমনম্, চারয়ামাস চারৈরধিগতবতী ॥৪॥ সমাধায় শোধয়িত্বা, ই। ন্যাস্যতামিতিকর্ত্তব্যতাম,

ছেন; অতএব আপনি আমার নমস্য বলিয়া আমি মনে করি, আর আমি ইচ্ছা করিয়া অতিথির নিয়ম অনুসারে আপনাকে পাদ্য, ফল ও মূল প্রদান করিব ॥৯॥

ব্রাহ্মণ! আপনি এই কৃষ্ণাজিনাবৃত সুখজনক কুশময় ব্রতীর আসনে যথাসুখে উপবেশন করুন; আপনার আশ্রম কোথায়? এবং আপনি দেবতার ন্যায় এই কোন্ ব্রত আচরণ করিতেছেন?" ॥১০॥

বেশ্যাকন্যা বলিল—"বিভাণ্ডকপুত্র! এই ত্রিযোজনব্যাপী পর্ব্বতের অপর দিকে আমার মনোহর আশ্রম রহিয়াছে। তাহাতে আমার স্বধর্ম্ম এই যে, আমি কাহার অভিবাদন গ্রহণ করি না, কিংবা পাদ্যজল স্পর্শ করি না ॥১১॥

সুতরাং আপনি আমাকে অভিবাদন করিবেন না, আমিই আপনাকে অভিবাদন করিব; আর ব্রাহ্মণ! আমাদের এইরূপ একটী ব্রত আছে যে, আমি আপনাকে আলিঙ্গন করিব" ॥১২॥

(১৩)...পিপ্পলানাং কামকারং কুরুষ্ব—বা ব কা পি।

লোমশ উবাচ।

সা তানি সর্ব্বাণি বিসর্জ্জয়িত্বা ভক্ষ্যাণ্যনর্হাণি দদৌ ততোঽস্য।
তান্যৃষ্যশৃঙ্গস্য মহারসানি ভৃশং সুরূপাণি রুচিং দধুর্হি ॥১৪॥
দদৌ চ মাল্যানি সুগন্ধবন্তি চিত্রাণি বাসাংসি চ ভানুমন্তি।
পেয়ানি চাগ্র্যাণি ততো মুমোদ চিক্রীড় চৈব প্রজহাস চৈব ॥১৫॥
সা কন্দুকেনারমতাস্য মূলে বিভজ্যমানা ফলিতা লতেব।
গাত্রৈশ্চ গাত্রাণি নিষেবমাণা সমাশ্লিষচ্চাসকৃদৃষ্যশৃঙ্গম্ ॥১৬॥
সর্জ্জানশোকাংস্তিলকাংশ্চ বৃক্ষান্ সুপুষ্পিতানবনাম্যাবভজ্য।
বিলজ্জমানেব মদাভিভূতা প্রলোভয়ামাস সুতং মহর্ষেঃ ॥১৭॥

ভাবকৌমুদী

ফলানীতি। প্রিয়ালকপদমন্যেষামুপলক্ষণম্। কাঙ্ক্ষিতং স্বদভীষ্টং ভোজনম্ ॥১৩॥
সেতি। অনর্হাণি রাজভবননির্ম্মিতত্বাদমূল্যানি। রুচিমুৎকটপ্রবৃত্তিম্ ॥১৪॥
দদাবিতি। ভানুমন্তি স্বর্ণাদিখচিতত্বাদুজ্জ্বলানি। অগ্র্যাণি উত্তমানি ॥১৫॥
সেতি। কন্দুকেন গেণ্ডুকেন। মূলে সমীপে, বিভজ্যমানা বক্রীক্রিয়মাণা ॥১৬॥
সর্জ্জানিতি। বৃক্ষাণামবনমনমবভঞ্জনঞ্চ ধৃষ্টতাপ্রদর্শনার্থম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

মসান্নিধ্যম্ ॥৫—৯॥ কৌশ্যাং বৃষ্যামাস্স্ব কুশাসনে উপবিশ, যথোপজোষং যথাসুখম্, সুখায়াং সুখকর্য্যাম্ ॥১০—১৩॥ অনর্হাণ্যত্যুত্তমত্বাদমূল্যানি ॥১৪—১৫॥ মূলে সমীপে, বিভজ্যমানা অঙ্গমোটনাদীনি কুর্ব্বাণা নিষেবমাণা স্বচোবদভ্যন্তরং প্রবিশন্তী। "ষিবু তন্তুসন্তানে" ইতি

ঋষ্যশৃঙ্গ বলিলেন—"মহাশয়! আমি আপনাকে পক্ক ভল্লাতক, আমলক, করূষক, ইঙ্গুদ, ধন্বন ও প্রিয়ালক ফল দিব, আপনি ইচ্ছানুসারে সেগুলির সদ্ব্যবহার করুন" ॥১৩॥

লোমশ বলিলেন "সেই বেশ্যাকন্যা সে সমস্ত ফলই পরিত্যাগ করিয়া, তৎপরে ঋষ্যশৃঙ্গকে অমূল্য খাদ্যবস্তু সকল প্রদান করিল; তখন অতিসুস্বাদু ও পরমসুন্দর সেই খাদ্যবস্তুগুলি ঋষ্যশৃঙ্গের বিশেষ রুচিকর হইল ॥১৪॥

পরে সুগন্ধ মাল্য, বিচিত্র ও উজ্জ্বল বস্ত্র এবং উত্তম পানীয় বস্তু সকল ঋষ্যশৃঙ্গকে দান করিল; তাহার পর আমোদ, ক্রীড়া ও হাস-পরিহাস করিতে লাগিল ॥১৫॥

তদনন্তর বেশ্যাকন্যা ফলবতী লতার ন্যায় বক্র হইয়া হইয়া ঋষ্যশৃঙ্গের নিকটে কন্দুক-(গেঁড়ু) ক্রীড়া করিল এবং গাত্র দ্বারা ঋষ্যশৃঙ্গের গাত্র সেবা করতঃ বার বার তাঁহাকে গাঢ় আলিঙ্গন করিল ॥১৬॥

অথর্ষ্যশৃঙ্গং বিকৃতং সমীক্ষ্য পুনঃ পুনঃ পীড্য চ কায়মস্য।
অবেক্ষ্যমাণা শনকৈর্জগাম কৃত্বাঽগ্নিহোত্রস্য তদাপদেশম্ ॥১৮॥
তস্যাং গতাযাং মদনেন মত্তো বিচেতনশ্চাভবদৃষ্যশৃঙ্গঃ।
তামেব ভাবেন গতেন শূন্যো বিনিশ্বসন্নার্ত্তরূপো বভূব ॥১৯॥
ততো মুহূর্ত্তাদ্ধরিপিঙ্গলাক্ষঃ প্রবেষ্টিতো রোমভিরানখাগ্রাৎ।
স্বাধ্যাযবান্ বৃত্তসমাধিযুক্তো বিভাণ্ডকঃ কাশ্যপঃ প্রাদুরাসীৎ ॥২০॥
সোঽপশ্যদাসীনমুপেত্য পুত্রং ধ্যাযন্তমেকং বিপরীতচিত্তম্।
বিনিশ্বসন্তং মুহুরূর্দ্ধদৃষ্টিং বিভাণ্ডকঃ পুত্রমুবাচ দীনম্ ॥২১॥
ন কল্প্যন্তে সমিধঃ কিন্নু তাত। কচ্চিদ্ধুতঞ্চাগ্নিহোত্রং ত্বযাদ্য।
সুনির্ণিক্তং স্রুক্স্রুবং হোমধেনুঃ কচ্চিৎ সবৎসাদ্য কৃতা ত্বযা চ ॥২২॥

ভারতকৌমুদী

অথেতি। পীড্য চ লিঙ্গনেন পীডযিত্বা। অগ্নিহোত্রস্য অপদেশং ছলম ॥১৮॥
তস্যামিতি। তাং বেশ্যামেব গতেন, ভাবেন মনোবৃত্ত্যা, শূন্যশ্চিন্তান্তররহিতঃ ॥১৯॥
তত ইতি। হরিঃ সিংহ ইব পিঙ্গলাক্ষঃ, প্রবেষ্টিত আবৃতঃ। বৃত্তং সদাচারঃ ॥২০॥
স ইতি। আসীনমুপবিষ্টম্। একমেকাকিনম্। মুহুর্বিনিশ্বসন্তম্ ॥২১॥

তৎপরে আশ্রমস্থ পুষ্পভূষিত সজ্জ, অশোক ও তিলকবৃক্ষগুলিকে অবনত ও ভগ্ন করিযা লজ্জিত হইযাই যেন মদমত্তা সেই বেশ্যাকন্যা ঋষ্যশৃঙ্গকে প্রলুব্ধ করিয়া ফেলিল ॥১৭॥

তাহার পর ঋষ্যশৃঙ্গকে বিকারগ্রস্ত দেখিযা, আলিঙ্গনদ্বারা বার বার উঁহার শরীরটাকে নিপীডিত করিযা, অগ্নিহোত্রহোম করিবার ছল করিযা ধীরে ধীরে চলিযা গেল, তখন ঋষ্যশৃঙ্গ তাহার দিকে চাহিযা রহিলেন ॥১৮॥

সেই বেশ্যাকন্যা চলিযা গেলে, ঋষ্যশৃঙ্গ কামে মত্ত ও অচেতন প্রায হইযা পড়িলেন এবং তদ্গত চিন্তায শূন্যচিত্ত ও পীডিতের ন্যায় হইলেন এবং ঘন ঘন নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥১৯॥

তাহার পর মুহূর্ত্তকালমধ্যেই সিংহের ন্যায পিঙ্গলনযন, নখাগ্র হইতে আরম্ভ করিয়া রোমাবৃতদেহ, বেদপাঠনিরত এবং সদাচার ও সমাধিযুক্ত কাশ্যপ বিভাণ্ডকমুনি উপস্থিত হইলেন ॥২০॥

তিনি উপস্থিত হইযা দেখিলেন—পুত্র ঋষ্যশৃঙ্গ দীনভাবে একাকী বসিয়া রহিয়াছেন, কি যেন চিন্তা করিতেছেন, তাঁহার চিত্ত যেন বিপরীত হইয়া গিয়াছে, তিনি মুহুর্মুহুঃ নিশ্বাস ত্যাগ করিতেছেন এবং তাঁহার দৃষ্টি উপরের দিকে রহিয়াছে। তখন তিনি ঋষ্যশৃঙ্গকে বলিলেন- -॥২১॥

ন বৈ যথাপূর্ব্বমিবাসি পুত্র। চিন্তাপরশ্চাসি বিচেতনশ্চ।
দীনোঽতিমাত্রং ত্বমিহাগ্য কিন্নু পৃচ্ছামি ত্বাং ক ইহাভ্যাগতোঽভূৎ ॥২৩॥

ঋষ্যশৃঙ্গ উবাচ।

ইহাগতো জটিলো ব্রহ্মচারী ন বৈ হ্রস্বো নাতিদীর্ঘো মনস্বী।
সুবর্ণবর্ণঃ কমলায়তাক্ষঃ সুতঃ সুরাণামিব শোভমানঃ ॥২৪॥
সমৃদ্ধরূপঃ সবিতেব দীপ্তঃ সুশ্লক্ষ্ণকৃষ্ণাক্ষিরতীবগৌরঃ।
নীলাঃ প্রসন্নাশ্চ জটাঃ সুগন্ধা হিরণ্যরজ্জুগ্রথিতাঃ সুদীর্ঘাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

নেতি। কল্যান্তে অগ্নিপ্রক্ষেপোপযোগিন্যঃ ক্রিয়ন্তে। সুনির্ণিক্তং সম্মার্জ্জিতম্ ॥২২॥
নেতি। যথাপূর্ব্বং নাসীর, বিকৃতাবস্থাপন্নত্বাদিতি ভাবঃ। দীনো বিষণ্ণঃ ॥২৩॥
ইহেতি। আজীবনং ব্রহ্মচারীতরদর্শনাভাবাৎ বেশ্যা যামপি ব্রহ্মচারিজ্ঞানম্ ॥২৪॥
সমৃদ্ধেতি। সমৃদ্ধরূপঃ সম্পন্নসৌন্দর্য্যঃ। সুশ্লক্ষ্ণে অতিকোমলে কৃষ্ণে চাক্ষিণী যস্য সঃ। হিরণ্যরজ্জুগ্রথিতাঃ স্বর্ণরজ্জুবদ্ধাঃ। ইদন্ত বেণিষু জটাজ্ঞানম্ ।২৫।

ভারতভাবদীপঃ

ধাতুঃ ॥১৬—১৭॥ কায়ং দেহম্, পীড্য আলিঙ্গনেন নিপীড্য, অপদেশং ছলম্ ॥১৮॥ ভাবেনাভিপ্রায়েণ ॥১৯॥ প্রবেষ্টিতো ব্যাপ্তঃ ॥২০—২১॥ কল্যান্তে সিদ্ধাঃ ক্রিয়ন্তে, নির্ণিক্তং প্রক্ষালিতং সবৎসা কৃতা দোহনায়েতি শেষঃ ॥২২—২৩॥ স্বত এব নালঙ্কারাদিনা ॥২৪—২৫॥

"বৎস! তুমি সমিধ নির্ম্মাণ কর নাই কেন? তুমি আজ অগ্নিহোত্রহোম করিয়াছ ত? স্রুক্ ও স্রুব মার্জিয়াছ ত? এবং তুমি আজ হোমধেনুকে তাহার বৎসের সহিত সংযোজিত করিয়াছ ত? ॥২২॥

পুত্র! তোমার ভাব যেন আজ আর পূর্ব্বের মত নাই, তুমি চিন্তাসক্ত রহিয়াছ যেন অচেতনের মত হইয়া পড়িয়াছ, এখানে আজ তুমি অত্যন্ত দীনভাবাপন্ন হইয়াছ কেন? আমি তোমাকে জিজ্ঞাসা করি—এখানে আজ কে আসিয়াছিল?" ॥২৩॥

ঋষ্যশৃঙ্গ বলিলেন -"এখানে আজ একজন জটিল ব্রহ্মচারী আসিয়াছিলেন; তিনি অতিখর্ব্বও নহেন, অতিদীর্ঘও নহেন, অথচ প্রশস্তহৃদয়, তাঁহার বর্ণ সোণার মত এবং নয়ন দুইটী পদ্মের মত দীর্ঘ, সুতরাং তিনি দেবপুত্রের ন্যায় শোভা পাইতেছিলেন ॥২৪॥

তিনি অত্যন্ত রূপবান্, সূর্য্যের ন্যায় উজ্জ্বল ও অত্যন্ত গৌরবর্ণ এবং তাঁহার

(২৩) শ্লোকাৎ পরম্ '...একাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বা ব কা পি, '...দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

আলোলমানা পুনরস্য কণ্ঠে বিভ্রাজতে বিদ্যুদিবান্তরীক্ষে।
দ্বৌ চাস্য পিণ্ডাবধরেণ কণ্ঠাদজাতরোমৌ সুমনোহরৌ চ ॥২৬॥
বিলগ্নমধ্যশ্চ স নাভিদেশে কটিশ্চ তস্যাতিকৃশপ্রমাণা।
তথাস্য চীরান্তরতঃ প্রভাতি হিরণ্ময়ী মেখলা মে যথেয়ম্ ॥২৭॥
অন্যচ্চ তস্যাদ্ভুতদর্শনীয়ং বিকূজিতং পাদয়োঃ সম্প্রভাতি।
পাণ্যোশ্চ তদ্বৎ স্বনবন্নিবদ্ধৌ কলাপকাবক্ষমালা যথেয়ম্ ॥২৮॥
বিচেষ্টমানস্য চ তস্য তানি কূজন্তি হংসাঃ সরসীব মত্তাঃ।
চীরাণি তস্যাদ্ভুতদর্শনানি নেমানি তদ্বন্মম রূপবন্তি ॥২৯॥

ভারতকৌমুদী

আলোলেতি। আলোলমানা দোদুল্যমানা। হারলতেয়ম্। পিণ্ডৌ মাংসস্তেতি ভাবঃ। স্তনয়োরুক্তিরিয়ম্। অধরেণ অধস্তাৎ। রোমশব্দস্য নকারলোপ আর্ষঃ ॥২৬॥

বিলগ্নেতি। বিলগ্নঃ পিপীলিকা তদ্বন্মধ্যো যস্য সঃ, স ব্রহ্মচারী। চীরান্তরতঃ কৌপীনা-ভ্যন্তরতঃ। চীরমেব চারদর্শনাৎ পূর্ববসনেঽপি চীরজ্ঞানম্ ॥২৭॥

অন্যদিতি। বিশিষ্টং কূজিতং শিঞ্জিতং যস্য তৎ নূপুরদ্বয়মিত্যর্থঃ। স্বনবন্তৌ চ তৌ নিবদ্ধৌ চেতি তৌ, কলাপকৌ ভূষণদ্বয়ং কঙ্কণদ্বয়মিতি যাবৎ ॥২৮॥

বীতি। বিচেষ্টমানস্য নৃত্যাদিনা ক্রীড়তঃ, তানি করচরণভূষণানি ॥২৯॥

ভারতভাবদীপঃ

আধাররূপা আলবালসদৃশী কণ্ঠাভরণবিশেষঃ। "আধারশ্চাধিকরণেঽপ্যালবালেঽম্বুধারণে" ইতি বিশ্বঃ ॥২৬॥ বিলগ্ন ইবেতি কৃশত্বং লক্ষ্যতে। অতিকৃতপ্রমাণাতিকৃশা ॥২৭॥ কলাপকৌ

নয়ন দুইটী অতি কোমল ও কৃষ্ণবর্ণ এবং জটাগুলি তার কৃষ্ণবর্ণ, নির্ম্মল, সুগন্ধ, স্বর্ণরজ্জুবদ্ধ ও সুদীর্ঘ ॥২৫॥

আবার আকাশে যেমন বিদ্যুৎ শোভা পায়, তেমন উহার কণ্ঠদেশে একটী বস্তু দুলিতে থাকিয়া শোভা পাইতেছিল; আর উঁহার কণ্ঠের নিম্নভাগে রোমশূন্য অতিমনোহর দুইটী মাংসপিণ্ড রহিয়াছে ॥২৬॥

তাঁহার নাভিদেশটী পিপীলিকার মধ্যভাগের ন্যায় ক্ষীণ এবং কটিদেশটীও অতিকৃশ; আর আমার এই মেখলার ন্যায় তাঁহারও কৌপীনের ভিতর হইতে স্বর্ণময়ী মেখলা প্রকাশ পাইতেছিল ॥২৭॥

আর তাঁহার চরণযুগলে আশ্চর্য্য দৃশ্য ও রবকারী দুইটী বস্তু শোভা পাইতেছিল এবং আমার যেমন এই জপের মালা, তেমন তাঁহারও হস্তযুগলে দুইটী অলঙ্কার বদ্ধ ছিল এবং শব্দ করিতেছিল ॥২৮॥

তা'র পর সরোবরে যেমন মত্ত হংসগণ রব করে, চলিবার সময়ে তাঁহার

(২৬) আধাররূপা—বা ব কা, আধারভূতঃ—নি। (২৭)...তস্যাতিকৃতপ্রমাণা—বা ব কা নি।

বক্ত্রঞ্চ তস্যাদ্ভুতদর্শনীয়ং প্রব্যাহৃতং হ্লাদয়তীব চেতঃ।
পুংস্কোকিলস্যেব চ তস্য বাণী তাং শৃণ্বতো মে ব্যথিতোঽন্তরাত্মা ॥৩০॥
যথা বনং মাধবমাসমধ্যে সমীরিতং শ্বসনেনাবভাতি।
তথা স ভাত্যুত্তমপুণ্যগন্ধী নিষেব্যমাণঃ পবনেন তাত! ॥৩১॥
সুসংযতাশ্চাপি জটা বিভক্তা দ্বৈধীকৃতা ভান্তি ললাটদেশে।
কর্ণৌ চ চিত্রৈরিব চক্রবাকৈঃ সমাবৃতৌ তস্য সুরূপবদ্ভিঃ ॥৩২॥
তথা ফলং বৃত্তমথো বিচিত্রং সমাহরৎ পাণিনা দক্ষিণেন।
তদ্ভূমিমাসাদ্য পুনঃ পুনশ্চ সমুৎপতত্যদ্ভুতরূপমুচ্চৈঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

বক্ত্রমিতি। প্রব্যাহৃতম্ উক্তিঃ। পুংস্কোকিলস্যেবেতি স্বরমাত্রে সাদৃশ্যম্ ॥৩০॥

যথেতি। মাধবমাসমধ্যে বৈশাখে মাসি, সমীরিতং সঞ্চালিতম্, শ্বসনেন বায়ুনা। স ব্রহ্মচারী। পবননিষেবণেন সৌরভসঞ্চারাদিতি ভাবঃ ॥৩১॥

জটাদ্বয়েন বেণীবিবৃণোতি—সুসমিতি। সুসংযতাঃ সুবদ্ধাঃ। কর্ণয়োঃ কুণ্ডলানি বর্ণয়তি—কর্ণাবিতি। চিত্রৈশ্চক্রবাকৈরিব সুরূপবদ্ভিভূর্ষণৈস্তস্য কর্ণৌ সমাবৃতৌ ॥৩২॥

কন্দুকক্রীড়াং বর্ণয়তি—তথেতি। ফলং ফলাকারং কন্দুকম, বৃত্তং গোলম্ ॥৩৩॥

সেই অলঙ্কারগুলিও তেমনই রব করিয়াছিল এবং তাঁহার কৌপীনগুলি অদ্ভুত দৃশ্য; কিন্তু আমার এ কৌপীনগুলি সেরূপ সুন্দর নহে ॥২৯॥

আর, তাঁহার মুখখানি অদ্ভুত দৃশ্য, বাক্যোচ্চারণ যেন চিত্তে আহ্লাদ জন্মায় এবং কোকিলের ন্যায় তাঁহার বাক্য; তাহা শুনিবার সময়ে আমার অন্তঃকরণ ব্যথিত হইয়াছিল ॥৩০॥

পিতঃ! বৈশাখমাসে বায়ুসঞ্চালিত বন যেমন (সৌরভ বিস্তার করিতে থাকিয়া) শোভা পায়, তিনিও তেমন বায়ুসেবিত হইয়া উত্তম ও পবিত্র সৌরভ বিস্তার করিতে থাকিয়া শোভা পাইয়াছিলেন ॥৩১॥

তাঁহার জটাগুলি পরিপাটীরূপে বদ্ধ এবং ললাটদেশে দুই ভাগে বিভক্ত ছিল; আর বিচিত্র চক্রবাকপক্ষীর ন্যায় অতি সুন্দর কতকগুলি বস্তু (কুণ্ডল) দ্বারা তাঁহার কাণ দু'খানি আবৃত ছিল ॥৩২॥

তাহার পর তিনি দক্ষিণ হস্ত দ্বারা একটী গোলাকার ফলকে (গেঁডুকে) আঘাত করিতে লাগিলেন; তখন সেই ফলটী বার বার ভূতলে পড়িয়া আবার অদ্ভুতভাবে উপরে উঠিতে লাগিল ॥৩৩॥

---

(৩১)…মাধবমাসি মধ্যে…শ্বসনেনৈব ভাতি—বা ব কা নি। (৩২)…দ্বৈধীকৃতা নাতিসমা ললাটে—বা ব কা, …দ্বিধাকৃতাশ্চাপি সমা ললাটে—পি।

তচ্চাভিহত্বা পরিবর্ত্ততেঽসৌ বাতেরিতো বৃক্ষ ইবাথ ঘূর্ণন্।
তং প্রেক্ষতঃ পুত্রমিবামরাণাং প্রীতিঃ পরা তাত! রতিশ্চ জাতা ॥৩৪॥
স মে সমাশ্লিষ্য পুনঃ শরীরং জটাসু গৃহ্যাভ্যবনাম্য বক্ত্রম্।
বক্ত্রেণ বক্ত্রং প্রণিধায় শব্দং চকার তন্মেঽজনয়ৎ প্রহর্ষম্ ॥৩৫॥
ন চাপি পাদ্যং বহু মন্যতেঽসৌ ফলানি চেমানি ময়াহৃতানি।
এবংব্রতোঽস্মীতি চ মামবোচৎ ফলানি চান্যানি স চাদদন্মে ॥৩৬॥
ময়োপযুক্তানি ফলানি যানি নেমানি তুল্যানি রসেন তেষাম্।
ন চাপি তেষাং ত্বগিয়ং যথৈষাং সারাণি নৈষামিব সন্তি তেষাম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

তদিতি। তচ্চ ফলঞ্চ, অভিহত্বা আহত্য। অসৌ ব্রহ্মচারী। রতিরনুরাগঃ ॥৩৪॥

স ইতি। গৃহ্য ধৃত্বা। বক্ত্রমভ্যবনাম্যেত্যনেন ঋষ্যশৃঙ্গস্য দীর্ঘশরীরত্বম্, তেন চ যৌবনং সূচিতম্। প্রণিধায় ধৃত্বা বিচুম্ব্যেত্যর্থঃ, শব্দং চুম্বনরবম্ ॥৩ ॥

স্বদত্তপাদ্যাদিপ্রত্যাখ্যানমাহ — নেতি। আহৃতানি আহৃত্য দত্তানি ॥৩৬॥

ময়েতি। উপযুক্তানি ভক্ষিতানি, ফলানি তদ্দত্তানি। ইমানি অস্মদাশ্রমজাতানি। তেষাং তদ্দত্তফলানাম্, ত্বগ্ বল্কলং নাস্তি যথা এষামস্মদাশ্রমজাতানাং ফলানামিয়ং ত্বগস্তি। সারাণি অষ্ঠয়ঃ সন্তি। এতেনেদানীমিব তদানীমপি শর্করাদিমিশ্রণেনামিক্ষালড্ডুকাদিনির্ম্মাণরীতিরাসী-দিতি প্রতীয়তে ॥৩৭॥

ভারতভাবদীপঃ

ভূষণবিশেষো। স্বার্থে কঃ। "কলাপঃ সংহতে বর্হে তূণীরে ভূষণে হরে" ইতি বিশ্বঃ। কঙ্কণা-বিত্যর্থঃ ॥২৮—৩২॥ তথা ফলং ফলসদৃশং কন্দুকম্ ॥৩৩॥ প্রীতিরাহ্লাদঃ, রতিরাসক্তিঃ

সেই ফলটীকে আঘাত করিয়া করিয়া সেই ব্রহ্মচারী বায়ুসঞ্চালিত বৃক্ষের ন্যায় ঘুরিতে থাকিয়া ফিরিতে থাকিলেন। বাবা! তখন দেবপুত্রের ন্যায় তাঁহাকে দেখিয়া আমার পরম প্রীতি ও পরম অনুরাগ জন্মিল ॥৩৪॥

তা'র পর আবার তিনি আমাকে গাঢ় আলিঙ্গন করিয়া, আমার জটা ধরিয়া মুখখানিকে নোয়াইয়া. মুখদ্বারা আমার মুখখানিকে ধরিয়া (চুম্বন করিয়া) একরকম শব্দ করিলেন, তাহা আমার অত্যন্ত আনন্দ জন্মাইল ॥৩৫॥

আমার প্রদত্ত পাদ্য কিংবা আমার দত্ত এই সকল ফল তিনি গ্রহণ করিলেন না; আমাকে বলিলেন— 'এই প্রকারই আমাদের ব্রত।" পরে তিনিও আমাকে অন্যান্য ফল দিলেন ॥৩৬॥

তাঁহার প্রদত্ত যে সকল ফল আমি ভোজন করিয়াছি, আমাদের আশ্রমের এই সকল ফল, রসে সে ফলের তুল্য নহে; এই ফলগুলির যে রকম বাকল আছে, সে ফলগুলির সে রকম বাকল নাই এবং এই ফলগুলির যে রকম আঁঠি আছে, সে ফলগুলির সে রকম আঁঠি নাই। ॥৩৭॥

তোয়ানি চৈবাতিরসানি মহ্যং প্রাদাৎ স বৈ পাতুমুদাররূপঃ।
পীত্বৈব যান্যভ্যধিকঃ প্রহর্ষো মমাভবদ্ভূশ্চলিতেব চাসীৎ ॥৩৮॥
ইমানি চিত্রাণি চ গন্ধবন্তি মাল্যানি তস্যোদ্‌গ্রথিতানি পট্টৈঃ।
যানি প্রকীর্য্যেহ গতঃ স্বমেব স আশ্রমং তপসা দ্যোতমানঃ ॥৩৯॥
গতেন তেনাস্মি কৃতো বিচেতা গাত্রঞ্চ মে সম্পরিদহ্যতীব।
ইচ্ছামি তস্যান্তিকমাশু গন্তুং তঞ্চেহ নিত্যং পরিবর্ত্তমানম্ ॥৪০॥
গচ্ছামি তস্যান্তিকমেব তাত! কা নাম সা ব্রহ্মচর্য্যা নু তস্য।
ইচ্ছাম্যহং চরিতুং তেন সার্দ্ধং যথা তপঃ স চরত্যার্য্যধর্ম্মা ॥৪১॥

ভারতকৌমুদী

তোয়ানীতি। উদাররূপঃ অতীবসুন্দরঃ। তোয়ানি আসবরূপাণীতি প্রতীয়তে ॥৩৮॥

ইমানীতি। পট্টৈঃ পট্টসূত্রৈঃ। প্রকীর্য্য বিক্ষিপ্য। স ব্রহ্মচারী ॥৩৯॥

গতেনেতি। বিচেতা বিকৃতচিত্তঃ। সম্পরিদহ্যতীতি পরস্মৈপদমার্ষম্ ॥৪০॥

গচ্ছামীতি। আর্য্যধর্ম্মা সজ্জননিয়মশালী। অহো! ধন্যমিদং কবিত্বম্, ধন্যং তদাশ্রমপদম্, ধন্যশ্চাসৌ যুবা ঋষ্যশৃঙ্গঃ; যেন বারবনিতামেব ব্রহ্মচারিপ্রকার ঋষ্যশৃঙ্গাত্মনি দর্শিতঃ; যত্র চ তাবতি কালেঽপি স্ত্রীদর্শনং নাসীৎ; যশ্চ যুবাপি বারবনিতামেব ব্রহ্মচারিণং জানাতি স্ম ॥৪১॥

সেই পরমসুন্দর ব্রহ্মচারী আমাকে পান করিবার জন্য অতিসুস্বাদু জল দিয়াছিলেন; যাহা পান করিবার পরেই আমার অত্যন্ত আনন্দ হইয়াছিল এবং পৃথিবীটাই যেন ঘুরিতেছিল বলিয়া বোধ হইতেছিল ॥৩৮॥

পট্টসূত্রদ্বারা গ্রথিত সৌরভশালী এই সকল বিচিত্র মালা তাঁহারই; যেগুলি এই-খানে ফেলিয়া সেই তপস্যার প্রভাবে উজ্জ্বলকান্তি ব্রহ্মচারী নিজেরই আশ্রমে চলিয়া গিয়াছেন ॥৩৯॥

তিনি চলিয়া গিয়া আমাকে বিকৃতচিত্ত করিয়া গিয়াছেন এবং আমার গাত্র যেন দগ্ধ হইতেছে; অতএব আমার ইচ্ছা হইতেছে যে, আমি সত্বরই তাঁহার নিকট যাই, কিংবা তিনি সর্ব্বদাই এখানে থাকেন ॥৪০॥

বাবা! আমি তাঁহার নিকটেই যাই; তাঁহার সেই ব্রহ্মচর্য্যটার নাম কি? সেই সজ্জন যেরূপ তপস্যা করিতেছেন, তাঁহার সহিত সেই রূপ তপস্যা করিতে আমি ইচ্ছা করি" ॥৪১॥

---

(৪১) শ্লোকাৎ পরম্ 'চর্ত্তুং তথেচ্ছা হৃদয়ে মমাস্তি দুনোতি চিত্তং যদি তং ন পশ্যে' ইতি চরণদ্বয়মধিকং—বা ব কা নি। তৎপরঞ্চ '…দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—বা ব কা পি, '…ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

বিভাণ্ডক উবাচ।

রক্ষাংসি চৈতানি চরন্তি পুত্র! রূপেণ তেনাদ্ভুতদর্শনেন।
অতুল্যবীর্য্যাণ্যতিরূপবন্তি বিঘ্নং সদা তপসশ্চিন্তয়ন্তি ॥৪২॥
সুরূপরূপাণি চ তানি তাত! প্রলোভয়ন্তে বিবিধৈরুপায়ৈঃ।
সুখাচ্চ লোকাচ্চ নিপাতয়ন্তি তান্যুগ্ররূপাণি মুনীন্ বনেষু ॥৪৩॥
ন তানি সেবেত মুনির্যতাত্মা সতাং লোকান্ প্রার্থয়ানঃ কথঞ্চিৎ।
কৃত্বা বিঘ্নং তাপসানাং রমন্তে পাপাচারাস্তাপসস্তান্ ন পশ্যেৎ ॥৪৪॥
অসজ্জনেনাচরিতানি পুত্র! পানান্যপেয়ানি মধূনি তানি।
মাল্যানি চৈতানি ন বৈ মুনীনাং স্মৃতানি চিত্রোজ্জ্বলগন্ধবন্তি ॥৪৫॥

লোমশ উবাচ। †

রক্ষাংসি তানীতি নিবার্য্য পুত্রং বিভাণ্ডকস্তাং মৃগয়াম্বভূব।
নাসাদয়ামাস যদা ত্র্যহেণ তদা স পর্য্যাবরৃতে শ্রমায় ॥৪৬॥

ভারতকৌমুদী

রক্ষাংসীতি। তেন ত্বদ্দৃষ্টপ্রকারেণ। অতিরূপবন্তি পরমসুন্দরাণি ॥৪২॥
সুরূপেতি। সুরূপরূপাণি পরমসুন্দরাকৃতীনি, তানি রক্ষাংসি। লোকাৎ স্বর্গাৎ ॥৪৩॥
নেতি। তানি রক্ষাংসি, যতাত্মা সংযতচিত্তঃ। পাপাচারা রাক্ষসাঃ ॥৪৪॥
অসদিতি। আচরিতানি কৃতানি। যেন হি তানি মধূনি মদ্যানি ॥৪৫॥

বিভাণ্ডক বলিলেন—"পুত্র! উহারা রাক্ষস; উহারা সেই রূপ অদ্ভুত রূপ ধারণ করিয়া বিচরণ করে এবং পরমসুন্দর রূপ ধারণ করিয়া সর্ব্বদা তপস্যার বিঘ্ন করিবার চিন্তা করে ॥৪২॥

বৎস! সেই রাক্ষসেরা পরমসুন্দর আকৃতি ধারণ করিয়া নানাবিধ উপায়ে মানুষকে প্রলুব্ধ করে এবং সেই ভয়ঙ্কর রাক্ষসেরাই তপোবনে আসিয়া মুনিগণকে সুখ ও স্বর্গ হইতে নিপাতিত করে ॥৪৩॥

যিনি সাধুদিগের লোক প্রার্থনা করেন, সেই সংযতচিত্ত মুনি সেই রাক্ষসদের সেবা করিবেন না। সেই পাপকারীরা তপস্বিগণের বিঘ্ন করিয়াই আনন্দ অনুভব করে; সুতরাং তপস্বী লোক তাহাদের প্রতি দৃষ্টিপাতও করিবেন না ॥৪৪॥

পুত্র! অসজ্জনেরাই মদ্যপান করিয়া থাকে; কিন্তু সে মদ্য সজ্জনদিগের পান করা উচিত নহে। আর বিচিত্র, উজ্জ্বল ও সৌরভশালী এই মালাগুলি মুনিদের ব্যবহার্য্য নহে" ॥৪৫॥

† অয়ং পাঠো নাস্তি—বা ব কা নি।

যদা পুনঃ কাশ্যপো বৈ জগাম ফলান্যাহর্ত্তুং বিধিনাশ্রমেঽসৌ ।
তদা পুনর্লোভয়িতুং জগাম সা বেশযোষা মুনিমৃষ্যশৃঙ্গম্ ॥৪৭॥
দৃষ্ট্বৈব তামৃষ্যশৃঙ্গঃ প্রহৃষ্টঃ সম্ভ্রান্তরূপোঽভ্যপতত্তদানীম্ ।
প্রোবাচ চৈনাং ভবতোশ্রমায় গচ্ছাব যাবন্ন পিতা মমৈতি ॥৪৮॥
ততো রাজন্ ! কাশ্যপস্যৈকপুত্রং প্রবেশ্য যোগেন বিমুচ্য নাবম্ ।
প্রলোভয়ন্ত্যো বিবিধৈরুপায়ৈরাজগ্মুরঙ্গাধিপতেঃ সমীপম্ ॥৪৯॥
সংস্থাপ্য তামাশ্রমদর্শনে তু সন্তারিতাং নাবমথাতিশুভ্রাম্ ।
তীরাদুপাদায় তথৈব চক্রে রাজাশ্রমং নাম বনং বিচিত্রম্ ॥৫০॥

ভারতকৌমুদী

রক্ষাংসীতি। তাং বেশ্যাকন্যাম্। শ্রমায় আশ্রমায়, আকারলোপ আর্ষঃ ॥৪৬॥
যদেতি। বেশযোষা বেশ্যা, "বেশো বেশ্যাজনসমাশ্রয়ঃ" ইত্যমরঃ ॥৪৭॥
দৃষ্ট্বেতি। অভ্যপতৎ তামভিগতবান। ভবতোশ্রমায়েতি সন্ধিরাকারলোপশ্চার্ষঃ ॥৪৮॥
তত ইতি। প্রবেশ্য নৌকাস্থিতাশ্রমে, যোগেন যোগ্যোপায়েন ॥৪৯॥
সংস্থাপ্যেতি। অথ রাজা লোমপাদঃ, সন্তারিতাং নাবিকৈর্নদীজলে সংস্থাপিতাম্,

ভারতভাবদীপঃ

॥৩৪—৩৭॥ ভূশ্চলিতেবেতি মধুপানজা ভ্রান্তিঃ সূচিতা ॥৩৮—৪৫॥ শ্রমায় আশ্রমায় ॥৪৬॥ অশ্রাবণেন অপাষণ্ডেন বৈদিকেন। "শ্রবণো মাসি পাষণ্ডে" ইতি বিশ্বঃ। আশ্রাবণেনেতি

লোমশ বলিলেন—"'তাহারা রাক্ষস' এই কথা বলিয়া পুত্র ঋষ্যশৃঙ্গকে নিবারণ করিয়া বিভাণ্ডকমুনি সেই বেশ্যাটার অন্বেষণ করিতে লাগিলেন, কিন্তু যখন তিনি তিন দিনেও তাহাকে পাইলেন না, তখন আশ্রমে ফিরিয়া আসিলেন ॥৪৬॥

তা'র পর যখন সেই বিভাণ্ডকমুনি যথাবিধানে আশ্রমে ফল আহরণ করিয়া আনিবার জন্য পুনরায় গমন করিলেন, তখন সেই বেশ্যাটা ঋষ্যশৃঙ্গকে প্রলুব্ধ করিবার জন্য পুনরায় আশ্রমে গমন করিল ॥৪৭॥

তাহাকে দেখিয়াই ঋষ্যশৃঙ্গ আনন্দিত ও চকিত হইয়া তখনই তাহার সম্মুখে গেলেন এবং তাহাকে বলিলেন—"যে পর্য্যন্ত আমার পিতা না আইসেন, তাহার মধ্যেই আমরা আপনার আশ্রমে যাইব" ॥৪৮॥

রাজা! তাহার পর সেই বেশ্যারা বিভাণ্ডকের একমাত্র পুত্র ঋষ্যশৃঙ্গকে সঙ্গত উপায়ে নৌকায় উঠাইয়া, নৌকা ছাড়িয়া, নানা উপায়ে তাহাকে প্রলুব্ধ করিতে থাকিয়া লোমপাদের নিকটে আগমন করিল ॥৪৯॥

---

(৪৭)···বিধিনাশ্রামণেন—পি, ···বিধিনাশ্রাবণেন—বা ব কা। (৫০)···নীরাদুপাদায়··· নাব্যাশ্রমং নাম—বা ব কা।

অন্তঃপুরে তং তু নিবেশ্য রাজা বিভাণ্ডকস্যাত্মজমেকপুত্রম্।
দদর্শ দেবং সহসা প্রবৃষ্টমাপূর্য্যমাণঞ্চ জগজ্জলেন ॥৫১॥
স লোমপাদঃ পরিপূর্ণকামঃ সুতাং দদাবৃষ্যশৃঙ্গায় শান্তাম্।
ক্রোধপ্রতীকারকরঞ্চ চক্রে গাশ্চৈব মার্গেষু চ কর্ষণানি ॥৫২॥
বিভাণ্ডকস্যাব্রজতঃ স রাজা পশূন্ প্রভূতান্ পশুপাংশ্চ বীরান্।
সমাদিশৎ পুত্রগৃদ্ধী মহর্ষির্বিভাণ্ডকঃ পরিপৃচ্ছেদ্‌যদা বঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

অতিশুভ্রাং তাং নাবম্, রাজধানীসমীপে সংস্থাপ্য, আশ্রমদর্শনে ঋষ্যশৃঙ্গায় আশ্রমপ্রদর্শনার্থে, তীরাৎ নদীতটাৎ, উপাদায় আরভ্য, তথৈব বিভাণ্ডকাশ্রমবদেব আশ্রমং নাম বিচিত্রং বনং চক্রে, অন্যথা ঋষ্যশৃঙ্গস্য বৈমনস্যাশঙ্কেতি ভাবঃ ॥৫০॥

অন্তরিতি। দেবমিন্দ্রম্, প্রবৃষ্টং প্রকর্ষেণ মেঘবারি বর্ষন্তম্ ॥৫১॥

স ইতি। বিভাণ্ডকস্য ক্রোধপ্রতীকারকরঞ্চ উপায়ং চক্রে। কোঽসাবুপায় ইত্যাহ—গাশ্চেতি। মার্গেষু বিভাণ্ডকস্যাগমনপথেষু, গাশ্চ ররক্ষ, কর্ষণানি চ কৃষকৈঃ কারয়ামাস; তদীয়স্বত্বজ্ঞাপনেন তৎক্রোধনিবারণার্থমিত্যাশয়ঃ ॥৫২॥

ভাবভাবদীপঃ

প্রশ্লেষে তু ইষ্টাপ্যর্থং তত্রাপ্রাবযে‌ত্যাদিশব্দপ্রয়োগাৎ, বেশযোষা বেশ্যা ॥৪৭-৪৯॥ আশ্রমো যত্রস্থৈর্দৃশ্যতে তাবতি দেশে আশ্রমদর্শনে ॥৫০—৬৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবভাবদীপে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥৯৪॥

তৎপরে লোমপাদরাজা নাবিকসঞ্চালিত সেই অতিশুভ্র নৌকাখানাকে রাজধানীর নিকটে সংস্থাপিত করিয়া, ঋষ্যশৃঙ্গকে দেখাইবার নিমিত্ত বিভাণ্ডকের আশ্রমেরই তুল্য নদীতীর হইতে আরম্ভ করিয়া আশ্রমনামক একটী বিচিত্র কৃত্রিম বন করিলেন ॥৫০॥

তাহার পর রাজা, বিভাণ্ডকের একমাত্রপুত্র ঋষ্যশৃঙ্গকে অন্তঃপুরে প্রবেশ করাইয়া তৎক্ষণাৎই দেখিলেন যে, দেবরাজ প্রচুরপরিমাণে জল বর্ষণ করিতেছেন এবং জগৎটাই জলে পরিপূর্ণ হইতেছে ॥৫১॥

তাহাতে লোমপাদরাজার অভিলাষ পরিপূর্ণ হইল; তাই তিনি ঋষ্যশৃঙ্গকে শান্তানাম্নী কন্যা দান করিলেন এবং বিভাণ্ডকমুনির ক্রোধের প্রতীকারের জন্য তাঁহার আসিবার পথে বহুতর গরু রাখিয়া দিলেন এবং কৃষকগণদ্বারা ভূমিকর্ষণ করাইতে লাগিলেন ॥৫২॥

আর তিনি, বিভাণ্ডকমুনির আসিবার পথে প্রচুর পরিমাণে অন্যান্য পশু ও পশুপালনগণকে থাকিতে আদেশ করিলেন (এবং তাহাদিগকে

স বক্তব্যঃ প্রাঞ্জলিভির্ভবদ্ভিঃ পুত্রস্য তে পশবঃ কর্ষণঞ্চ।
কিং তে প্রিয়ং বৈ ক্রিয়তাং মহর্ষে। দাসাঃ স্ম সর্ব্বে তব বাচি বদ্ধাঃ ॥৫৪॥
(যুগ্মকম্)

অথোপায়াৎ স মুনিশ্চণ্ডকোপঃ স্বমাশ্রমং মূলফলং গৃহীত্বা।
অন্বেষমাণশ্চ ন তত্র পুত্রং দদর্শ চুক্রোধ ততো ভৃশং সঃ ॥৫৫॥
ততঃ স কোপেন বিদীর্য্যমাণ আশঙ্কমানো নৃপতের্বিধানম্।
জগাম চম্পাং প্রতি ধক্ষ্যমাণস্তমঙ্গরাজং সপুরং সরাষ্ট্রম্ ॥৫৬॥
স বৈ শ্রান্তঃ ক্ষুধিতঃ কাশ্যপস্তান্ ঘোষান্ সমাসাদিতবান্ সমৃদ্ধান্।
গোপৈশ্চ তৈর্বিধিবৎ পূজ্যমানো রাজেব তাং রাত্রিমুবাস তত্র ॥৫৭॥

ভাবতকৌমুদী

বিভেতি। আব্রজতো রাজধান্যামাগচ্ছতঃ পথি। সমাদিশৎ স্থাপয়িতুং স্থ তুঞ্চেতি শেষঃ। পুত্রগৃদ্ধী পুত্রগ্রহণাকাঙ্ক্ষী। বো যুষ্মান্। ক্রিয়তামস্মাভিঃ ॥৫৩—৫৪॥

অথেতি। উপায়াদাগচ্ছৎ, চণ্ডকোপো মহাকোপনঃ। পুত্রমৃষ্যশৃঙ্গম্।৫৫।

তত ইতি। নৃপতের্লোমপাদস্য, বিধানং কার্য্যমাশঙ্কমানঃ, তস্যৈব রাজ্যে বর্ষাভাবেন তৎপ্রতীকারায়ৈব হরণসম্ভবাদিতি ভাবঃ। চম্পাং নাম লোমপাদরাজধানীম্।৫৬॥

স ইতি। ঘোষান্ আভীরপল্লীঃ, সমাসাদিতবান্ গচ্ছন প্রাপ্তবান ॥৫৭॥

বলিয়া দিলেন যে,) পুত্রপ্রিয় মহর্ষি বিভাণ্ডক যখন তোমাদিগকে জিজ্ঞাসা করিবেন, তখন তোমরা কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিবে—"মহর্ষি। এই সকল পশু আপনার পুত্রের এবং এই ভূমিকর্ষণও আপনার পুত্রের জন্যই হইতেছে; আমরা আপনার কি প্রিয় কার্য্য করিব, আমরা সকলেই আপনার দাস এবং আপনার আদেশের অধীন" ॥৫৩—৫৪॥

এ দিকে মহাক্রোধী বিভাণ্ডকমুনি ফলমূল লইয়া নিজের আশ্রমে আসিলেন এবং অন্বেষণ করিয়াও পুত্র ঋষ্যশৃঙ্গকে দেখিতে পাইলেন না; তাহার পর তিনি অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ॥৫৫॥

তাহার পর তিনি ক্রোধে বিদীর্ণ হইতে থাকিয়া, উহা লোমপাদরাজারই কার্য্য এইরূপ ধারণা করিয়া, রাজধানী ও রাজ্যের সহিত সেই অঙ্গরাজকে দগ্ধ করিবেন ভাবিয়া, চম্পানগরীর দিকেই গমন করিতে লাগিলেন ॥৫৬॥

ক্রমে সেই বিভাণ্ডকমুনি পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া, সমৃদ্ধিসম্পন্ন সেই গোপপল্লীতে যাইয়া উপস্থিত হইলেন; তখন সেই গোপালেরা যথাবিধানে তাঁহার সেবা করিতে লাগিলেন, তিনি রাজার ন্যায় সেইখানেই সেই রাত্রি রাত্রি বাস করিলেন ॥৫৭॥

অবাপ্য সৎকারমতীব তেভ্যঃ প্রোবাচ কস্য প্রথিতাঃ স্থ গোপাঃ।।
উচুস্ততস্তেঽভ্যুপগম্য সর্ব্বে ধনং তবেদং বিহিতং সুতস্য ॥৫৮॥
এবং স দেশেষ্বভিপূজ্যমানস্তাংশ্চৈব শৃণ্বন্ মধুরান্ প্রলাপান্।
প্রশান্তভূয়িষ্ঠরজাঃ প্রহৃষ্টঃ সমাসসাদাঙ্গপতিং পুরস্থম্ ॥৫৯॥
স পূজিতস্তেন নরর্ষভেণ দদর্শ পুত্রং দিবি দেবং যথেন্দ্রম্।
শান্তাং স্নুষাঞ্চৈব দদর্শ তত্র সৌদামিনীমুচ্চরন্তীং যথৈব ॥৬০॥
গ্রামাংশ্চ ঘোষাংশ্চ সুতস্য দৃষ্ট্বা শান্তাঞ্চ শান্তোঽস্য পরঃ স কোপঃ।
চকার তস্যৈব পরং প্রসাদং বিভাণ্ডকো ভূমিপতের্নরেন্দ্র।॥৬১॥
স তত্র নিক্ষিপ্য সুতং মহর্ষিরুবাচ সূর্য্যাগ্নিসমপ্রভাবঃ।
জাতে তু পুত্রে বনমেবাব্রজেথা রাজ্ঞঃ প্রিয়াণ্যস্য সর্ব্বাণি কৃত্বা ॥৬২॥

ভাবত্তকৌমুদী

অবাপ্যেতি। প্রথিতা অতিশয়েন প্রসিদ্ধাঃ, স্থ ভবথ। বিহিতং দত্তম্ ॥৫৮॥

এবমিতি। মধুরান্ পুত্রবার্ত্তাবিষয়ত্বেন মনোহরান, প্রলাপান্ বাচঃ। প্রশান্তং নিবৃত্তং ভূয়িষ্ঠং বহুলমেব রজো রজোগুণসম্পাদিতঃ ক্রোধো যস্য সঃ ॥৫৯॥

স ইতি। নরর্ষভেণ লোমপাদেন। স্নুষাং পুত্রবধূম্। উচ্চরন্তীং গগনে ॥৬০॥

গ্রামানিতি। শান্তাং তন্নামীং পুত্রবধূম্, শান্তো নিবৃত্তঃ, পরঃ অবশিষ্টঃ ॥৬১॥

স ইতি। নিক্ষিপ্য নিক্ষেপরূপেণ সংস্থাপ্য। আব্রজেঃ আগচ্ছেঃ ॥৬২॥

সেই গোপালগণের নিকট অত্যন্ত সদ্ব্যবহার পাইয়া বিভাণ্ডক বলিলেন—"গোপালগণ! তোমরা কাহার প্রজা?" তাহার পর তাহারা সকলে নিকটে যাইয়া বলিল—"মহর্ষি! আপনার পুত্রের জন্যই রাজা এই সকল ধন নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন" ॥৫৮॥

এইভাবে সেই দেশে সম্মানিত হইতে থাকায় এবং সেইরূপ মধুর বাক্য শুনিতে থাকায় বিভাণ্ডকমুনির ক্রোধ অধিক পরিমাণেই নিবৃত্তি পাইল এবং তিনি হৃষ্টচিত্ত হইয়াই রাজধানীস্থিত লোমপাদের নিকট উপস্থিত হইলেন ॥৫৯॥

তখন লোমপাদরাজা পূজা করিলে বিভাণ্ডকমুনি স্বর্গে দেবরাজের ন্যায় সেখানে পুত্র ঋষ্যশৃঙ্গকে দেখিতে পাইলেন এবং আকাশে বিচরণশীলা সৌদামিনীর ন্যায় পুত্রবধূ শান্তাকেও সেখানে দেখিতে পাইলেন ॥৬০॥

যুধিষ্ঠির! গ্রাম, গোপপল্লী ও শান্তা—পুত্র ঋষ্যশৃঙ্গের হইয়াছে দেখিয়া বিভাণ্ডকমুনির অবশিষ্ট ক্রোধটুকুও নিবৃত্তি পাইল, তখন বিভাণ্ডকমুনি সেই লোমপাদরাজার উপরে অত্যন্ত অনুগ্রহ করিলেন ॥৬১॥

সূর্য্য ও অগ্নির তুল্য প্রভাবশালী মহর্ষি বিভাণ্ডক পুত্র ঋষ্যশৃঙ্গকে রাজার

স তথচঃ কৃতবানৃষ্যশৃঙ্গো যযৌ চ যত্রাস্য পিতা বভূব।
শান্তা চৈনং পর্য্যচরন্নরেন্দ্র! খে রোহিণী সোমমিবানুকূলা ॥৬৩॥
অরুন্ধতী বা সুভগা বশিষ্ঠং লোপামুদ্রা বাপি যথা হ্যগস্ত্যম্।
নলস্য বা দময়ন্তী যথাভূদ্‌যথা শচী বজ্রধরস্য চৈব ॥৬৪॥
নারায়ণী চেন্দ্রসেনা যথৈব বশ্যা নিত্যং মুদ্‌গলস্যাজমীঢ়!।
তথা শান্তাপ্যৃষ্যশৃঙ্গং বনস্থং প্রীত্যা যুক্তা পর্য্যচরন্নরেন্দ্র! ॥৬৫॥ (বিশেষকম্)
তস্যাশ্রমঃ পুণ্য এষোঽবভাতি মহাহ্রদং শোভয়ন্ পুণ্যকীর্ত্তেঃ।
অত্র স্নাতঃ কৃতকৃত্যো বিশুদ্ধস্তীর্থান্যন্যান্যনুসংযাহি রাজন্! ॥৬৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়ামৃষ্যশৃঙ্গোপাখ্যানে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। বভূবেত্যন্তেঃ প্রয়োগঃ। খে আকাশে। বাশব্দ ইবার্থে, "বা স্যাদ্বিকল্পোপময়োরেবার্থে চ সমুচ্চয়ে" ইতি বিশ্বঃ। মুদ্‌গলস্য ঋষেঃ। হে আজমীঢ়! অজমীঢবংশোৎপন্ন!। তথা বশ্যা সতীত্যর্থঃ ॥৬৩—৬৫॥

তস্যেতি। পুণ্যঃ পবিত্রঃ। মহাহ্রদং সম্মুখবর্ত্তিনম্। বিশুদ্ধো নিষ্পাপঃ ॥৬৬॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

নিকটেই গচ্ছিতভাবে রাখিয়া বলিলেন—"ঋষ্যশৃঙ্গ! তোমার পুত্র জন্মিলে পর তুমি এই রাজার সমস্ত প্রিয় কার্য্য করিয়া আবার বনেই আসিও" ॥৬২॥

ঋষ্যশৃঙ্গও সে বাক্য রক্ষা করিয়াছিলেন; অর্থাৎ যেখানে উঁহার পিতা ছিলেন, উনিও সেইখানেই গিয়াছিলেন। রাজা! ওদিকে আকাশে রোহিণী যেমন চন্দ্রের, ভাগ্যবতী অরুন্ধতী যেমন বশিষ্ঠের এবং লোপামুদ্রা যেমন অগস্ত্যের পরিচর্য্যা করেন, তেমন শান্তাও অনুকূলা থাকিয়া ঋষ্যশৃঙ্গের পরিচর্য্যা করিতে লাগিলেন এবং আজমীঢ়রাজা! দময়ন্তী যেমন নলের, শচী যেমন ইন্দ্রের এবং নারায়ণী ইন্দ্রসেনা যেমন মুদ্‌গলঋষির বশবর্ত্তিনী ছিলেন, শান্তাও তেমনই ঋষ্যশৃঙ্গের বশবর্ত্তিনী থাকিয়া এবং প্রীতিযুক্ত হইয়া বনবাসী সেই ঋষ্যশৃঙ্গের পরিচর্য্যা করিতেন ॥৬৩—৬৫॥

রাজা! সেই পুণ্যকীর্ত্তি ঋষ্যশৃঙ্গের এই পবিত্র আশ্রম সম্মুখবর্ত্তী মহাহ্রদের শোভা জন্মাইতে থাকিয়া শোভা পাইতেছে; তুমি এইখানে স্নান করিয়া কৃতকার্য্য ও নিষ্পাপ হইয়া অন্যান্য তীর্থে গমন কর" ॥৬৬॥

---

(৬৬)...পুণ্যকীর্ত্তিঃ—বা ব কা। * '...ত্রয়োদশাধিকশততমঃ...'—বা ব কা. '...চতুর্দ্দশাধিকশততমঃ...'—পি, '...পঞ্চদশাধিকশততমঃ...'—নি।

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ।

—:•:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রয়াতঃ কৌশিক্যাঃ পাণ্ডবো জনমেজয়!।
আনুপূর্ব্ব্যেণ সর্ব্বাণি জগামায়তনান্যথ ॥১॥
স সাগরং সমাসাদ্য গঙ্গায়াঃ সঙ্গমে নৃপ!।
নদীশতানাং পঞ্চানাং মধ্যে চক্রে সমাপ্লবম্ ॥২॥
ততঃ সমুদ্রতীরেণ জগাম বসুধাধিপঃ।
ভ্রাতৃভিঃ সহিতো বীরঃ কলিঙ্গান্ প্রতি ভারত! ॥৩॥

লোমশ উবাচ।

এতে কলিঙ্গাঃ কৌন্তেয়! যত্র বৈতরণী নদী।
যত্রাযজত ধর্ম্মোঽপি দেবান্ শরণমেত্য বৈ ॥৪॥
ঋষিভিঃ সমুপাযুক্তং যজ্ঞিয়ং গিরিশোভিতম্।
উত্তরং তীরমেতদ্ধি সততং দ্বিজসেবিতম্ ॥৫॥

ভারতকৌমুদী

ততইতি। কৌশিক্যা নদ্যাঃ সকাশাৎ, প্রযাতঃ প্রস্থিতঃ। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ ॥১॥

স ইতি। স যুধিষ্ঠিরঃ। সমাপ্লবং স্নানম্ ॥২॥

তত ইতি। কলিঙ্গান্ কলিঙ্গদেশম্, "বহুত্ববদস্বাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥৩॥

এত ইতি। শরণমেত্য আশ্রিত্যেত্যর্থঃ। এতেন বৈতরণ্যা মহাপুণ্যত্বং সূচিতম্ ॥৪॥

ঋষিভিরিতি। যজ্ঞিয়ং যজ্ঞার্হম্। উত্তরং তীরং বৈতরণ্যা এব ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! তাহার পর যুধিষ্ঠির সেই কৌশিকী নদী হইতে প্রস্থান করিয়া ক্রমশঃ সমস্ত তীর্থক্ষেত্রে গমন করিয়াছিলেন ॥১॥

রাজা! তিনি সমুদ্রতীরে উপস্থিত হইয়া পাঁচ শত নদীর মধ্যবর্ত্তী গঙ্গাসঙ্গমে স্নান করিলেন ॥২॥

ভরতনন্দন! তদনন্তর বীর যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া কলিঙ্গদেশের দিকে গমন করিলেন ॥৩॥

লোমশ বলিলেন—"কুন্তীনন্দন! এই কলিঙ্গদেশ; যে দেশে বৈতরণী নদী রহিয়াছে এবং যে বৈতরণী নদীর তীরে স্বয়ং ধর্ম্মও দেবগণকে লইয়া যজ্ঞ করিয়াছিলেন ॥৪॥

সমানং দেবযানেন পথা স্বর্গমুপেয়ুষঃ।
অত্র বৈ ঋষয়োঽন্যে চ পুরা ক্রতুভিরীজিরে ॥৬॥
অত্রৈব রুদ্রো রাজেন্দ্র! পশুমাদত্তবান্ মখে।
পশুমাদায় রাজেন্দ্র! ভাগোঽয়মিতি চাব্রবীৎ ॥৭॥
হৃতে পশৌ তদা দেবাস্তমূচুর্ভরতর্ষভ!।
মা পরস্বমভিদ্রোগ্ধা মা ধর্ম্মান্ সকলান্ বশীঃ ॥৮॥
ততঃ কল্যাণরূপাভির্বাগ্‌ভিস্তে রুদ্রমস্তুবন্।
ইষ্ট্যা চৈনং তর্পয়িত্বা মানয়াঞ্চক্রিরে তদা ॥৯॥
ততঃ স পশুমুৎসৃজ্য দেবযানেন জগ্মিবান্।
তত্রানুবংশো রুদ্রস্য তং নিবোধ যুধিষ্ঠির! ॥১০॥

ভারতকৌমুদী

সমানমিতি। স্বর্গমুপেয়ুষো যিযাসোরিত্যর্থঃ, জনস্য, দেবযানেন পথা সমানমিদং স্থানম্ ॥৬॥

অত্রেতি। মখে যাজ্ঞিকৈরনুষ্ঠীয়মানে যজ্ঞে। অয়ং ভাগো মমেতি শেষঃ ॥৭॥

হৃত ইতি। মা অভিদ্রোগ্ধা গ্রহণেন ন নাশয, সকলান্ যজ্ঞস্য ধর্ম্মাংশ্চ মা বশীর্ন কাময়। বশীরিতি "বশ কান্তৌ" ইত্যস্যাশ্চতন্যাঃ সৌ রূপম্, মাযোগাচ্চাড়াগমাভাবঃ ॥৮॥

তত ইতি। কল্যাণরূপাভির্মধুরাভিরিত্যর্থঃ। তে দেবাঃ। ইষ্ট্যা যজনেন ॥৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪। উত্তরং তীরং বৈতরণ্যাঃ ॥৫—৭॥ মা পরস্বমভিদ্রোগ্ধা পরভাগস্য নাশং মা কুর্ব্বিত্যর্থঃ। ধর্ম্মান্ মা বশীঃ ধর্ম্মসাধনান্ যজ্ঞভাগান্ সর্ব্বান্ কাময়েথাঃ। "বশ

পর্ব্বতপরিশোভিত, সর্ব্বদা ব্রাহ্মণগণসেবিত, ঋষিগণসমন্বিত এবং যজ্ঞের উপযুক্ত এই বৈতরণী নদীর উত্তর তীর ॥৫॥

এই স্থানটী স্বর্গাভিলাষী লোকের পক্ষে দেবযানপথের তুল্য এবং এই স্থানেই পূর্ব্বকালে ঋষিরা ও অন্যান্য ধার্ম্মিক লোকেরা বহুতর যজ্ঞ করিয়াছিলেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ! এই স্থানেই রুদ্র একটী যজ্ঞে তাহার পশু গ্রহণ করিয়াছিলেন এবং তিনি সেই পশু গ্রহণ করিয়া বলিয়াছিলেন যে, 'ইহা আমার অংশ' ॥৭॥

ভরতশ্রেষ্ঠ! রুদ্র পশু হরণ করিলে, তখন দেবতারা তাঁহাকে বলিলেন— "আপনি পরকীয় বস্তু গ্রহণ করিয়া নষ্ট করিবেন না এবং যজ্ঞের সমস্ত ধর্ম্ম লাভ করিবারও ইচ্ছা করিবেন না" ॥৮॥

তাহার পর তখনই দেবতারা মধুর বাক্যে রুদ্রের স্তব করিলেন এবং পূজা-দ্বারা সন্তুষ্ট করিয়া তাঁহাকে সম্মানিত করিলেন ॥৯॥

অযাতযামং সর্ব্বেভ্যো ভাগেভ্যো ভাগমুত্তমম্।
দেবাঃ সঙ্কল্পয়ামাসুর্ভয়াদ্রুদ্রস্য শাশ্বতম্ ॥১১॥
ইমাং গাথামত্র গায়ন্নুপস্পৃশতি যো নরঃ।
দেবযানোঽস্য পন্থাশ্চ চক্ষুষাঽভিপ্রকাশতে ॥১২॥

বৈশম্পায়ন উবাচ।

ততো বৈতরণীং সর্ব্বে পাণ্ডবা দ্রৌপদী তথা।
অবতীর্য্য মহাভাগাস্তর্পয়াঞ্চক্রিরে পিতৄন্ ॥১৩॥

যুধিষ্ঠির উবাচ।

উপস্পৃশ্যেহ বিধিবদস্যাং নদ্যাং তপোবলাৎ।
মানুষাদস্মি বিষয়াদপেতঃ পশ্য লোমশ ! ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অত্রান্বশব্দো ভাগার্থে বংশশব্দশ্চ পরম্পরার্থে। ততশ্চ অনুবংশো ভাগপরম্পরা তদ্বোধকঃ শ্লোকঃ কশ্চিদস্তীত্যর্থঃ ॥১০॥

অযাতেতি। দেবা রুদ্রস্য ভয়াৎ, ন যাতোঽতীতঃ যামঃ প্রহরো যস্য তং সদ্যোনির্ম্মিতমিত্যর্থঃ, সর্ব্বেভ্যো ভাগেভ্য উত্তমং ভাগম্, শাশ্বতং চিরকালীনম্, কল্পয়ামাসুঃ, রুদ্রায় দেয়ত্বেনেতি শেষঃ; অন্যথা বলাদেবাসৌ গৃহ্লীয়াদিত্যাশয়ঃ ॥১১॥

ইমামিতি। গাথাং শ্লোকম্। উপস্পৃশতি স্নাতি। চক্ষুষা তদ্বিষয়তয়ৈব ॥১২॥

তত ইতি। দ্রৌপদী পিতৄন্ তর্পয়াঞ্চকার স্নানদানাদিনা তোষয়ামাসেত্যর্থো বাচ্যঃ, “তর্পণং প্রত্যহং কার্য্যং ভর্ত্তুস্তিলকুশোদকৈঃ। তৎপিতুস্তৎপিতুশ্চাপি নামগোত্রাদিপূর্ব্বকম্ ॥” ইতি শুদ্ধিতত্ত্বধৃতস্মৃত্যা সধবায়াস্তর্পণানধিকারদ্যোতনাৎ ॥১৩॥

তৎপরে রুদ্র সেই পশু পরিত্যাগ করিয়া দেবযানে আরোহণপূর্ব্বক চলিয়া গেলেন। যুধিষ্ঠির! যজ্ঞে রুদ্রের ভাগ-পরম্পরাবোধক একটি শ্লোক আছে, তাহা তুমি শ্রবণ কর ॥১০॥

“দেবতারা রুদ্রের ভয়ে সদ্যোনির্ম্মিত এবং সমস্ত ভাগ অপেক্ষা উৎকৃষ্ট একটি ভাগ চিরকাল তাঁহাকে দিবেন বলিয়া সঙ্কল্প করিয়াছিলেন ॥১১॥

যে লোক এই গাথা গান করিতে থাকিয়া (উক্ত শ্লোকটী পড়িতে থাকিয়া) এই নদীতে স্নান করে, দেবযানপথ তাহার দৃষ্টিগোচর হয়” ॥১২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহাত্মা পাণ্ডবেরা সকলে বৈতরণী নদীতে নামিয়া পিতৃতর্পণ করিলেন এবং দ্রৌপদীও নামিয়া স্নান-দানাদি করিয়া পিতৃলোককে সন্তুষ্ট করিলেন ॥১৩॥

যুধিষ্ঠির বলিলেন—“মহর্ষি লোমশ! আপনি দেখুন—আমি যথাবিধানে এই বৈতরণী নদীতে স্নান করিয়া তপোবলে মনুষ্যভাব হইতে উত্তীর্ণ হইয়াছি ॥১৪॥

সর্ব্বাল্লোঁকান্ প্রপশ্যামি প্রসাদাত্তব সুব্রত ! ।
বৈখানসানাং জপতামেষ শব্দো মহাত্মনাম্ ॥১৫॥

লোমশ উবাচ ।

ত্রিশতং বৈ সহস্রাণি যোজনানাং যুধিষ্ঠির ! ।
যত্র ধ্বনিং শৃণোষ্যেনং তূষ্ণীমাস্স্ব বিশাংপতে ! ॥১৬॥
এতৎ স্বয়ম্ভুবো রাজন্ ! বনং দিব্যং প্রকাশতে ।
যত্রাযজত রাজেন্দ্র ! বিশ্বকর্ম্মা প্রতাপবান্ ॥১৭॥
যস্মিন্ যজ্ঞে হি ভূর্দত্তা কশ্যপায় মহাত্মনে ।
সপর্ব্বতবনোদ্দেশা দক্ষিণার্থে স্বয়ম্ভুবা ॥১৮॥
অবাসীদচ্চ কৌন্তেয় ! দত্তমাত্রা মহী তদা ।
উবাচ চাপি কুপিতা লোকেশ্বরমিদং প্রভুম্ ॥১৯॥

ভারতকৌমুদী

উপেতি । উপস্পৃশ্য স্নাত্বা, বিধিবৎ উক্তগাথাং গায়ন্নিত্যর্থঃ । বিস্ময়াভাবাৎ ॥১৪॥

সর্ব্বানিতি । হে সুব্রত । তব প্রসাদাৎ উক্তগাথাগানেন স্নানোপদেশরূপানুগ্রহাৎ, সর্ব্বান্ লোকান্ ভুবনানি প্রপশ্যামি ; তথা মহাত্মনাং জপতাম্ অস্ফুটং মন্ত্রমুচ্চারয়তাম্, বৈখানসানাং বানপ্রস্থানাম্, এষ শব্দঃ শ্রূয়তে । "বানপ্রস্থো বৈখানসোঽগ্রগঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥১৫॥

ত্রীতি । ত্রিশতং ত্রিশতগুণীকৃতানি সহস্রাণি ত্রীণি লক্ষাণীত্যর্থঃ । যত্র উৎপদ্যমানমিতি শেষঃ । তূষ্ণীং নীরবঃ সন্, আস্স্ব তিষ্ঠ, তচ্ছ্রবণায়েতি ভাবঃ ॥১৬॥

এতদিতি । প্রকাশতে তব দৃষ্টিপথ ইতি শেষঃ । বিশ্বং কর্ম্ম যস্য স ব্রহ্মা ॥১৭॥

যস্মিন্নিতি । পর্ব্বতৈর্বনৈঃ উদ্দেশৈস্তদিতরৈঃ স্থানৈশ্চ সহেতি সা ॥১৮॥

ভারতভাবদীপঃ

কান্তৌ" অস্য লুঙি রূপম ॥৮—১ ॥ অযাতযামং তাৎকালিকম্ ॥১১—১৬॥ "ভূমির্হ জগাবিত্যাদাহরন্তি ন মা মর্ত্ত্যঃ কশ্চন দাতুমর্হতি বিশ্বকর্ম্মন্ ভৌবন মাং দিদাসিথ নিমঙ্ক্ষ্যেঽহং

মহর্ষি ! আপনার অনুগ্রহে আমি সমস্ত জগৎ দেখিতেছি এবং জপপ্রবৃত্ত মহাত্মা বানপ্রস্থগণের এই শব্দ শুনিতেছি !" ॥১৫॥

লোমশ বলিলেন—"নরনাথ ! যুধিষ্ঠির ! তুমি যে স্থানের এই শব্দ শুনিতেছ, উহা এ স্থান হইতে তিন লক্ষ যোজন দূরে অবস্থিত । (ঐ শব্দ শুনিবার জন্য তুমি একটু কাল) নীরব হইয়া থাক ॥১৬॥

রাজা ! তোমার দৃষ্টিপথে এই ব্রহ্মার দিব্য কানন প্রকাশ পাইতেছে ; রাজশ্রেষ্ঠ ! যেখানে প্রতাপশালী বিশ্বস্রষ্টা ব্রহ্মা যজ্ঞ করিয়াছিলেন ॥১৭॥

যে যজ্ঞে ব্রহ্মা মহাত্মা কশ্যপকে পর্ব্বত, বন ও প্রান্তরাদির সহিত সমগ্র পৃথিবী দক্ষিণারূপে দান করিয়াছিলেন ॥১৮॥

ন মাং মর্ত্ত্যায় ভগবন্! কস্মৈচিদ্দাতুমর্হসি।
প্রদানং মোঘমেতত্তে যাস্যাম্যেষা রসাতলম্ ॥২০॥
বিষীদন্তীং তু তাং দৃষ্ট্বা কশ্যপো ভগবানৃষিঃ।
প্রসাদয়াম্বভূবাথ ততো ভূমিং বিশাংপতে! ॥২১॥
ততঃ প্রসন্না পৃথিবী তপসা তস্য পাণ্ডব!।
পুনরুন্মজ্য সলিলাদ্বেদীরূপা স্থিতা বভৌ ॥২২॥
সৈষা প্রকাশতে রাজন্! বেদী সংস্থানলক্ষণা।
আরুহ্যাত্র মহারাজ! বীর্য্যবান্ বৈ ভবিষ্যসি ॥২৩॥
সৈষা সাগরমাসাদ্য রাজন্! বেদী সমাশ্রিতা।
এতামারুহ্য ভদ্রং তে ত্বমেকস্তর সাগরম্ ॥২৪॥

ভারতকৌমুদী

অবেতি। অবাসীদদ্বিষণ্ণাভবৎ। লোকেশ্বরং ব্রহ্মাণম্ ॥১৯॥

নেতি। মোঘং ব্যর্থম্। তত্রাপি কারণমাহ যাস্যামীতি ॥২০॥

বিষীদন্তীমিতি। ভূমিং তাং পৃথিবীম্, প্রসাদয়াম্বভূব, তপসেতি শেষঃ ॥২১॥

তত ইতি। উন্মজ্য উত্থায়, বেদীরূপা পরিষ্কৃতমৃত্তিকাস্তূপরূপা ॥২২॥

সেতি। সংস্থানং মৃত্তিকামাত্ররূপেণ স্থিতিরেব লক্ষণং স্বরূপং যস্যাঃ সা ॥২৩॥

সেতি। হে রাজন্! সা পৃথিবী, সাগরমাসাদ্য এষা বেদী সতী, এতৎ স্থানং সমাশ্রিতা। এতামারুহ্য স্থিতস্য তে ভদ্রং ভবেৎ, অতস্ত্বমেক এব সাগরং তং প্রবিশ ॥২৪॥

কুন্তীনন্দন! দান করিবামাত্র পৃথিবী বিষণ্ণা হইলেন এবং ক্রুদ্ধ হইয়া তখনই প্রভু ব্রহ্মাকে এই কথা বলিলেন—॥১৯॥

"ভগবন্! আপনি আমাকে কোন মানুষের হস্তে দান করিতে পারেন না। (সে যাহা হউক,) আপনার এই দান ব্যর্থ। কারণ, আমি এই পাতালে যাইতেছি" ॥২০॥

নরনাথ! পৃথিবীকে বিষণ্ণ দেখিয়া ভগবান্ কশ্যপমুনি তপস্যাদ্বারা তাঁহাকে প্রসন্ন করিবার চেষ্টা করিতে লাগিলেন ॥২১॥

পাণ্ডুনন্দন! তাহার পর পৃথিবী কশ্যপের তপস্যায় প্রসন্ন হইয়া, পুনরায় জল হইতে উঠিয়া, বেদীরূপে থাকিয়া শোভা পাইয়াছিলেন ॥২২॥

রাজা! সেই পৃথিবীই এই কেবল মৃত্তিকারূপা বেদী হইয়া প্রকাশ পাইতেছেন; অতএব মহারাজ! তুমি উহাতে আরোহণ করিয়া বলবান্ হইতে পারিবে ॥২৩॥

রাজা! সেই পৃথিবীই সমুদ্রে আসিয়া এই বেদী হইয়া এইখানে রহিয়াছেন;

অহঞ্চ তে স্বস্ত্যয়নং প্রযোক্ষ্যে যথা ত্বমেনানধিরোহসেঽদ্য।
স্পৃষ্টা হি মর্ত্ত্যেন ততঃ সমুদ্রমেষা বেদী প্রবিশত্যাজমীঢ়! ॥২৫॥
ওঁ নমো বিশ্বগুপ্তায় নমো বিশ্বপরায় তে।
সান্নিধ্যং কুরু দেবেশ! সাগরে লবণাম্ভসি ॥২৬॥
অগ্নির্মিত্রো যোনিরাপোঽথ দেব্যো বিষ্ণো রেতস্ত্বমমৃতস্যাস্য নাভিঃ।
এবং ব্রুবন্ পাণ্ডব! সত্যবাক্যং বেদীমিমাং ত্বং তরসাধিরোহ ॥২৭॥

ভাবতকৌমুদী

অহমিতি। স্বস্তি মঙ্গলম্ অয়তে প্রাপ্নোত্যনেনেতি স্বস্ত্যযনং জপাদি ॥২৫॥

বেদ্যারোহণমন্ত্রমাহ—ও নম ইতি। বিশ্বং জগৎ গুপ্তং রক্ষিতং যেন তস্মৈ, বিশ্বপরায ত্রিভুবন-শ্রেষ্ঠায়। হে দেবেশ! নারাযণ। ॥২৬॥

অগ্নিরিতি। ত্বম্, অগ্নি, মিত্রঃ সূর্য্যঃ, যোনিজগৎকারণম্, দেব্যশ্চলনাত্মাত্মকক্রীডনশীলাঃ, আপো জলম, "আপো নারাযণঃ সাক্ষাৎ" ইতি স্মৃতেঃ, বিষ্ণোর্ব্যাপকস্য পরমাত্মনঃ, রেতঃ রেতঃ-পরিণতিরূপাকারবান্, তথা অস্য অমৃতস্য মোক্ষস্য, নাভিঃ প্রধানং কারণম্, ত্বজ্জ্ঞানেনৈব তৎসাধনাৎ ॥২৭॥

ভাবভাবদীপঃ

সলিলস্য মধ্যে মোঘস্য এব কষ্টপায়াস সঙ্গরঃ" ইতি শ্রুতেঃ, সংগৃহ্ণাতি—"যত্রাযজত রাজেন্দ্রে"ত্যাদিনা ॥১৭—২৫॥ স্নানান্তরং সমুদ্রপ্রার্থনামন্ত্রম হ—ওঁ নম ইতি। বিশ্বং গুপ্তং লীনমস্মিন্ প্রলয়ে ইতি বিশ্বগুপ্তঃ, পবিশ্বস্মাৎ, পরায় শ্রেষ্ঠায় বিষ্ণবে ইত্যর্থঃ। লবণাম্ভসি ক্ষারোদকে ॥২৬॥ অগ্নিমিত্রশ্চ তেজস্বাদগ্নিবৎ, সূর্য্যোঽপ্যপাং যোনিঃ, অপামিতি শেষঃ, বিষ্ণোর্ব্যাপকস্যাত্মনো রেতঃ শরীরাকারপরিণতমভিব্যক্তিস্থানং ত্বম্, হে সমুদ্র! অমৃতস্য

ইহাতে আরোহণ করিলে তোমার মঙ্গল হইবে; অতএব তুমি একাকীই সমুদ্রে অবতরণ কর ॥২৪॥

আমি তোমার জন্য স্বস্ত্যয়ন করিব; যাহাতে তুমি এখনই ইহাতে আরোহণ করিতে পার। অজমীঢবংশোদ্ভব! এ বেদী মানুষস্পৃষ্ট হইলে সমুদ্রে প্রবেশ করিয়া থাকে ॥২৫॥

"দেবদেব নারায়ণ! আপনি জগতের রক্ষক, আপনাকে নমস্কার; আপনি জগতের শ্রেষ্ঠ, আপনাকে নমস্কার। আপনি এই লবণসমুদ্রে সন্নিহিত হউন ॥২৬॥

আপনি অগ্নি, আপনি সূর্য্য, আপনি জগতের কারণ, আপনি ক্রীড়াশীল জল, আপনি পরমাত্মার সাকার অবস্থা এবং আপনিই মুক্তির প্রধান কারণ।" যুধিষ্ঠির তুমি এইরূপ সত্যবাক্য বলিতে বলিতে সত্বর এই বেদীতে আরোহণ কর ॥২৭॥

---

(২৬) অয়ং শ্লোকঃ পি নাস্তি।

অগ্নিশ্চ তে যোনিরিড়া চ দেহো রেতোধা বিষ্ণোরমৃতস্য নাভিঃ।
এবং জপন্ পাণ্ডব! সত্যবাক্যং ততোহবগাহেত পতিং নদীনাম্ ॥২৮॥
অন্যথা হি কুরুশ্রেষ্ঠ! দেবযোনিরপাংপতিঃ।
কুশাগ্রেণাপি কৌন্তেয়! ন স্প্রষ্টব্যো মহোদধিঃ ॥২৯॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কৃতস্বস্ত্যয়নো মহাত্মা যুধিষ্ঠিরঃ সাগরমভ্যগচ্ছৎ।
কৃত্বা চ তচ্ছাশনমস্য সর্ব্বং মহেন্দ্রমাসাদ্য নিশামুবাস ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং মহেন্দ্রাচলগমনে পঞ্চনবতিতমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অগ্নিরিতি। হে নারায়ণ! অগ্নিস্তেজোময়ং নিরাকারং ব্রহ্ম চ তে যোনিঃ কারণম্, "নিরাকারং নির্বিকারং নিরঞ্জনম্" ইতি শ্রুতৌ নিরাকারো যস্মাদিতি ব্যুৎপত্তেরিতি ভাবঃ। ইড়া পৃথ্বী চ দেহঃ, "চত্বারি শৃঙ্গাস্ত্রয়োহস্য পাদা দ্বে শীর্ষে সপ্ত হস্তসঃ ত্রিধা বদ্ধো বৃষভো রোরবীতি মহো দেবো মর্ত্ত্যা আবিবেশ" ইতি শ্রুতেরিত্যাশয়ঃ। কিঞ্চ, অমৃতস্য নিত্যমুক্তস্য, বিষ্ণোর্ব্যাপকস্য ব্রহ্মণঃ, নাভিঃ প্রধানভাগশ্চ, তে রেতোধা বিরাডবস্থাজনকশুক্রনিষেক্তৃ, পিতুরিব পুত্রস্যেত্যভিপ্রায়ঃ। নদীনাং পতিং সমুদ্রম্। তদ্দশায়াং নারায়ণস্য শয়নাশ্রয়তয়া সমুদ্রস্য স্তুত্যত্বমিত্যবধেয়ম্ ॥২৮॥

অন্যথেতি। দেবানাং চন্দ্রাদীনাং যোনিঃ কারণম্। ন স্প্রষ্টব্যঃ, ধর্মার্থস্নানাদৌ, মাহাত্ম্যপ্রকাশাভাবে তন্মুক্তিভাবাসম্ভবাদিতি ভাবঃ। তেন মন্ত্রাভাবেহপি বাণিজ্যাদ্যর্থং পোতাদিনা গমনম্ ॥২৯॥

তত ইতি। কৃতস্বস্ত্যয়নঃ, সোমশর্মণেতি শেষঃ। শাসনমাজ্ঞাম্। মহেন্দ্রং পর্ব্বতম্ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পঞ্চনবতিতমোহধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

নাভিঃ মধ্যমং গর্ভস্থানম্ ॥২৭॥ ইড়া যজ্ঞঃ, বিষ্ণো রেতোধাঃ বিষ্ণোরেতঃ জীবঃ স ধীয়তেহস্মিন্ দেহে অমৃতস্য নাভিঃ মোক্ষস্য সাধনম্ ॥২৮॥ দেবযোনিঃ দেবস্থানম্ ॥২৯—৩০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোহধ্যায়ঃ ॥৯৫॥

'নারায়ণ! পরমাত্মা আপনার কারণ, বাক্য আপনার মূর্ত্তি এবং নিত্যমুক্ত ব্রহ্মের অংশ আপনার বিরাট্ অবস্থার জনক।' পাণ্ডুনন্দন! এইরূপ সত্যবাক্য জপ করিতে করিতে সমুদ্রে অবগাহন করিবে ॥২৮॥

কুরুশ্রেষ্ঠ কুন্তীনন্দন! উক্ত মন্ত্র পাঠ না করিয়া দেবগণের কারণ ও জলের অধিপতি মহাসমুদ্রকে কুশাগ্রদ্বারাও স্পর্শ করিবে না" ॥২৯॥

* '...চতুর্দ্দশাধিকশততমঃ...'—বা ব কা, '...পঞ্চদশাধিকশততমঃ...'—পি নি

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

স তত্র তামুষিত্বৈকাং রজনীং পৃথিবীপতিঃ।
তাপসানাং পরং চক্রে সৎকারং ভ্রাতৃভিঃ সহ ॥১॥

লোমশস্তস্য তান্ সর্ব্বানাচখ্যৌ তত্র তাপসান্।
ভৃগূনঙ্গিরসাংশ্চৈব বাশিষ্ঠানথ কাশ্যপান্ ॥২॥

তান্ সমেত্য স রাজর্ষিরভিবাদ্য কৃতাঞ্জলিঃ।
রামস্যানুচরং বীরমপৃচ্ছদকৃতব্রণম্ ॥৩॥

কদা নু রামো ভগবাংস্তাপসান্ দর্শয়িষ্যতি।
তেনৈবাহং প্রসঙ্গেন দ্রষ্টুমিচ্ছামি ভার্গবম্ ॥৪॥

ভারতকৌমুদী

স ইতি। উষিত্বা বাসং কৃত্বা। পরমত্যন্তম্, সৎকারং পূজাম্ ॥১॥

লোমশ ইতি। আচখ্যৌ পরিচায়িতবান। ভৃগূন্ ভৃগুবংশীয়ান। এবমন্যত্রাপি ॥২॥

তানিতি। স যুধিষ্ঠিরঃ। রামস্য জামদগ্ন্যস্য। অকৃতব্রণং নাম ॥৩॥

কদেতি। দর্শয়িষ্যতি আত্মানমিতি শেষঃ। ভার্গবং তং রামম্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর লোমশ স্বস্ত্যয়ন করিলে যুধিষ্ঠির সমুদ্রে গমন করিলেন এবং লোমশের আদেশ অনুসারে সেই সমস্ত কার্য্য করিয়া, মহেন্দ্রপর্ব্বতে যাইয়া রাত্রিতে বাস করিলেন ॥৩০॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—রাজা যুধিষ্ঠির ভ্রাতাদের সঙ্গে মিলিত হইয়া মহেন্দ্র-পর্ব্বতে সেই একরাত্রি বাস করিয়া তত্রত্য তপস্বিগণের প্রতি অত্যন্ত সদ্ব্যবহার করিলেন ॥১॥

তখন লোমশমুনি ভৃগু, অঙ্গিরা, বশিষ্ঠ ও কশ্যপের বংশসম্ভূত সেই তপস্বি-গণকে যুধিষ্ঠিরের নিকট পরিচিত করাইয়া দিলেন ॥২॥

তখন রাজর্ষি যুধিষ্ঠির তাঁহাদের নিকট যাইয়া অভিবাদন করিয়া কৃতাঞ্জলি হইয়া পরশুরামের অনুচর বীর অকৃতব্রণকে জিজ্ঞাসা করিলেন—॥৩॥

"ভগবান্ পরশুরাম কখন তপস্বীদিগকে দর্শন দান করিবেন; আমি সেই প্রসঙ্গেই তাঁহাকে দেখিতে ইচ্ছা করি" ॥৪॥

অকৃতব্রণ উবাচ।

আয়ানেবাসি বিদিতো রামস্য বিদিতাত্মনঃ।
প্রীতিস্ত্বয়ি চ রামস্য ক্ষিপ্রং ত্বাং দর্শয়িষ্যতি ॥৫॥
চতুর্দ্দশীমষ্টমীঞ্চ রামং পশ্যন্তি তাপসাঃ।
অস্যাং রাত্র্যাং ব্যতীতায়াং ভবিত্রী শ্বশ্চতুর্দ্দশী ॥৬॥

যুধিষ্ঠির উবাচ।

ভবাননুগতো রামং জামদগ্ন্যং মহাবলম্।
প্রত্যক্ষদর্শী সর্ব্বস্য পূর্ব্ববৃত্তস্য কর্ম্মণঃ ॥৭॥
স ভবান্ কথয়ত্বেতদ্যথা রামেণ নির্জ্জিতাঃ।
আহবে ক্ষত্রিয়াঃ সর্ব্বে কথং কেন চ হেতুনা ॥৮॥

অকৃতব্রণ উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি মহদাখ্যানমুত্তমম্।
ভৃগূণাং রাজশার্দ্দূল। বংশে জাতস্য ভারত। ॥৯॥

ভারতকৌমুদী

আযানিতি। আযান্ অত্রাগচ্ছন বিদিতাত্মনো জ্ঞাতব্রহ্মতত্ত্বস্য। প্রীতির্বর্ত্ততে ॥৫॥
চতুর্দ্দশীং। চতুর্দ্দশীমষ্টমীঞ্চ প্রাপ্যেতি শেষঃ। শ্বঃ পরদিনে ॥৬॥
ভবানিতি। অতো ভবান্ যথা তদ্বৃত্তান্তং বক্তুং শক্নুয়াদন্যস্তু ন তথেতি ভাবঃ ॥৭॥
স ইতি। আহবে যুদ্ধে। কথং কেন প্রকারেণ ॥৮॥
হন্তেতি। হন্তশব্দো হর্ষে। জাতস্য রামস্যেতি শেষঃ ॥৯॥

অকৃতব্রণ বলিলেন—"আপনি যখন আসিতেছিলেন, তখনই ব্রহ্মজ্ঞ রাম আপনাকে জানিতে পারিয়াছেন এবং আপনার প্রতি রামের প্রীতিও রহিয়াছে; সুতরাং সত্বরই তিনি আপনাকে দর্শন দান করিবেন ॥৫॥

তপস্বীরা চতুর্দ্দশী ও অষ্টমী তিথিতে রামকে দেখিয়া থাকেন, এই রাত্রি অতীত হইলে আগামী কল্য চতুর্দ্দশী তিথি হইবে" ॥৬॥

যুধিষ্ঠির বলিলেন—"আপনি, মহাবল জমদগ্নিনন্দন রামের অনুচর এবং তাঁহার পূর্ব্বজাত সকল কার্য্যেরই প্রত্যক্ষদর্শী ॥৭॥

অতএব আপনি ইহা বলুন যে, রাম কি কারণে এবং কি প্রকারে যুদ্ধে সকল ক্ষত্রিয়কে জয় করিয়াছিলেন" ॥৮॥

অকৃতব্রণ বলিলেন—"ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! আমি আপনার নিকট ভৃগুবংশজাত রামের বিশাল ও উৎকৃষ্ট উপাখ্যান বলিব ॥৯॥

(৮) স ভবান্ কথয়ত্বেত—বা ব কা নি। (৯) অহং তে—পি।

রামস্য জামদগ্ন্যস্য চরিতং দেবসম্মিতম্।
হৈহয়াধিপতেশ্চৈব কার্ত্তবীর্য্যস্য ভারত ! ॥১০॥
রামেণ চার্জ্জুনো নাম হৈহয়াধিপতির্হতঃ।
তস্য বাহুশতান্যাসংস্ত্রীণি সপ্ত চ পাণ্ডব ! ॥১১॥
দত্তাত্রেয়প্রসাদেন বিমানং কাঞ্চনং তথা।
ঐশ্বর্য্যং সর্ব্বভূতেষু পৃথিব্যাং পৃথিবীপতে ! ॥১২॥
অব্যাহতগতিশ্চৈব রথস্তস্য মহাত্মনঃ।
রথেন তেন তু সদা বরদানেন বীর্য্যবান্ ॥১৩॥
মমর্দ্দ দেবান্ যক্ষাংশ্চ ঋষীংশ্চৈব সমন্ততঃ।
ভূতাংশ্চৈব স সর্বাংস্তু পীড়য়ামাস সর্ব্বতঃ ॥১৪॥ (যুগ্মকম্)
ততো দেবাঃ সমেত্যাহুঋর্ষয়শ্চ মহাব্রতাঃ।
দেবদেবং সুরারিঘ্নং বিষ্ণুং সত্যপরাক্রমম্ ॥১৫॥

ভারতকৌমুদী

রামস্যেতি। কার্ত্তবীর্য্যস্য চ চরিতমিতি সম্বন্ধঃ। দেবসম্মিতং দেবচরিত্রতুল্যম্ ॥১০॥
রামেণেতি। ত্রীণি সপ্ত চ বাহুশতানি সহস্রং বাহব ইত্যর্থঃ ॥১১॥
দত্তেতি। কাঞ্চনং স্বর্ণময়ম্। ঐশ্বর্য্যম্ আধিপত্যম্ ॥১২॥
অব্যাহতেতি। বরদানেন দত্তাত্রেয়মুনেঃ। ভূতান্ প্রাণিনঃ ॥১৩—১৪॥
তত ইতি। আহুঃ পরবচনং ব্রুবন্তি স্ম। সুরারিঘ্নম্ অসুরহন্তারম্ ॥১৫॥

ভরতনন্দন ! জমদগ্নিপুত্র রামের চরিত্র দেবচরিত্রের তুল্য এবং হৈহয়াধিপতি কার্ত্তবীর্য্যার্জ্জুনের চরিত্রও দেবচরিত্রেরই তুল্য ছিল ॥১০॥

পাণ্ডুনন্দন ! রাম, হৈহয়াধিপতি কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বিনাশ করিয়াছিলেন ; তাঁহার একসহস্র বাহু ছিল ॥১১॥

রাজা ! দত্তাত্রেয়মুনির অনুগ্রহে কার্ত্তবীর্য্যার্জ্জুনের স্বর্ণময় বিমান এবং পৃথিবীর সমস্ত প্রাণীর উপরে আধিপত্য ছিল ॥১২॥

এবং সেই মহাত্মার রথের গতি সর্ব্বত্র অব্যাহত ছিল। বলবান্ কার্ত্তবীর্য্যার্জ্জুন দত্তাত্রেয়মুনির বরপ্রভাবে সেই রথে আরোহণ করিয়া সর্ব্বদা সকল দিকের দেবতা, যক্ষ ও ঋষিগণের উৎপীড়ন করিতেন এবং সকল দিকের সকল প্রাণীদিগের উপদ্রব করিতেন ॥১৩—১৪॥

তাহার পর দেবগণ ও দৃঢ়ব্রতপরায়ণ ঋষিগণ—দেবদেব, অসুরহন্তা ও যথার্থ পরাক্রমশালী বিষ্ণুর নিকট যাইয়া বলিলেন—॥১৫॥

ভগবন্! ভূতরক্ষার্থমর্জ্জুনং জহি বৈ প্রভো!।
বিমানেন চ দিব্যেন হৈহয়াধিপতিঃ প্রভুঃ।
শচীসহায়ং ক্রীড়ন্তং ধর্ষয়ামাস বাসবম্ ॥১৬॥
ততস্তু ভগবান্ দেবঃ শক্রেণ সহিতস্তদা।
কার্ত্তবীর্য্যবিনাশার্থং মন্ত্রয়ামাস ভারত! ॥১৭॥
যদ্ভূতহিতং কার্য্যং সুরেন্দ্রেণ নিবেদিতম্।
স প্রতিশ্রুত্য তৎ সর্ব্বং ভগবাল্লোঁকপূজিতঃ ॥১৮॥
জগাম বদরীং রম্যাং স্বমেবাশ্রমমণ্ডলম্।
এতস্মিন্নেব কালে তু পৃথিব্যাং পৃথিবীপতিঃ ॥১৯॥
কান্যকুব্জে মহানাসীৎ পার্থিবঃ সুমহাবলঃ।
গাধীতি বিশ্রুতো লোকে বনবাসং জগাম হ ॥২০॥ (বিশেষকম্)
বনে তু তস্য বসতঃ কন্যা জজ্ঞেঽপ্সরঃসমা।
ঋচীকো ভার্গবস্তাঞ্চ বরয়ামাস ভারত! ॥২১॥

ভারতকৌমুদী

ভগবন্নিতি। ভূতানাং প্রাণিনাং রক্ষার্থম। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তত ইতি। দেবো বিষ্ণুঃ, শক্রেণ ইন্দ্রেণ ॥১৭॥

যদিতি। প্রতিশ্রুত্য কর্ত্তব্যত্বেনাঙ্গীকৃত্য। স্বং স্বকীয়ম্। কান্যকুব্জে দেশে ॥১৮—২০॥

বন ইতি। ঋচীকো নাম ভার্গবো ভৃগুবংশজাতঃ কশ্চিৎ ॥২১॥

"ভগবন্! প্রভু! আপনি প্রাণিগণকে রক্ষা ক'রবার জন্য কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বধ করুন। কারণ, হৈহয়াধিপতি প্রভাবশালী কার্ত্তবীর্য্যার্জ্জুন দিব্য বিমানে যাইয়া শচীর সহিত ক্রীড়ায় প্রবৃত্ত ইন্দ্রকে বিদলিত করিয়া আসিয়াছেন" ॥১৬॥

ভরতনন্দন! তদনন্তর ভগবান্ বিষ্ণু তখনই ইন্দ্রের সহিত মিলিত হইয়া কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বিনাশ করিবার জন্য মন্ত্রণা করিলেন ॥১৭॥

তখন দেবরাজ জগতের হিতের জন্য যে কর্ত্তব্য বিষয় জানাইলেন, সে সমস্তই করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়া ভগবান্ জগৎপূজিত নারায়ণ স্বকীয় মনোহর বদরিকাশ্রমে গমন করিলেন। এই সময়ে পৃথিবীতে কান্যকুব্জদেশে 'গাধি'-নামে বিখ্যাত প্রবলপরাক্রান্ত এক মহারাজ ছিলেন; তিনি বনবাসে গিয়াছিলেন ॥১৮—২০॥

ভরতনন্দন! বনে বাস করিবার সময়ে সেই গাধিরাজার অপ্সরার তুল্য একটী কন্যা জন্মিয়াছিল, যথাকালে ভৃগুবংশীয় ঋচীক সেই কন্যাটিকে প্রার্থনা করেন ॥২১॥

তমুবাচ ততো গাধির্ব্রাহ্মণং সংশিতব্রতম্।
উচিতং নঃ কুলে কিঞ্চিৎ পূর্ব্বৈর্যৎ সম্প্রবর্ত্তিতম্ ॥২২॥
একতঃ শ্যামকর্ণানাং পাণ্ডুরাণাং তরস্বিনাম্।
সহস্রং বাজিনাং শুল্কমিতি বিদ্ধি দ্বিজোত্তম ! ॥২৩॥
ন চাপি ভগবান্ বাচ্যো দীয়তামিতি ভার্গব !।
দেয়া মে দুহিতা চৈব ত্বদ্বিধায় মহাত্মনে ॥২৪॥

ঋচীক উবাচ।

একতঃ শ্যামকর্ণানাং পাণ্ডুরাণাং তরস্বিনাম্।
দাস্যাম্যশ্বসহস্রং তে মম ভার্য্যা সুতাস্তু তে ॥২৫॥

অকৃতব্রণ উবাচ।

স তথেতি প্রতিজ্ঞায় রাজন্ ! বরুণমব্রবীৎ।
একতঃ শ্যামকর্ণানাং পাণ্ডুরাণাং তরস্বিনাম্ ॥২৬॥

ভাবতকৌমুদী

তমিতি। উচিতং মমাপি তদ্রক্ষিতুং ন্যায্যম্। পূর্ব্বৈঃ পূর্ব্বপুরুষৈঃ ॥২২॥

একত ইতি। একতো বহির্দেশে শ্যামকর্ণানাম্, অন্তরে তু রক্তকর্ণানামিতি ভাবঃ, পাণ্ডুরাণাং সমুদায়েন শ্বেতরক্তবর্ণানাম্, তরস্বিনাং বেগবতাম্ ॥২৩॥

নেতি। ভগবান্ ভবান্। দীয়তাং তাদৃশমশ্বসহস্রমিতি শেষঃ ॥২৪॥

একত ইতি। অশ্বেতি লুপ্তষষ্ঠীবহুবচনান্তং পদম্, তল্লোপশ্চার্ষঃ। অন্যথা অশ্বেঃস্য শ্যামকর্ণানামিত্যাদিনা সহান্বয়ো ন স্যাৎ। অথবার্ষত্বাদুক্তবিধৈকদেশান্বয় এব বাচ্যঃ ॥২৫॥

তদনন্তর গাধিরাজা সেই দৃঢ়ব্রত ব্রাহ্মণকে বলিলেন—"পূর্ব্বপুরুষেরা আমাদের বংশে যে কিছু রীতি প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন, তাহা রক্ষা করা আমাদের উচিত ॥২২॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনি ইহা অবগত হউন যে, কাণের ভিতরটা রক্তবর্ণ ও বাহিরটা শ্যামবর্ণ থাকিবে, অন্য সমস্ত অঙ্গ পাণ্ডুরবর্ণ হইবে এবং মহাবেগশালী হইবে, এহেন সহস্র অশ্ব আমাদের কন্যাশুল্ক ॥২৩॥

কিন্তু ভৃগুনন্দন ! আপনাকে আমি এ কথা বলিতে পারি না যে, আপনি সেইরূপ সহস্র অশ্ব আমাকে শুল্করূপে দান করুন ; অথচ আপনার মত মহাত্মাকেই কন্যা দান করা আমার উচিত" ॥২৪॥

ঋচীক বলিলেন—"কাণের ভিতরটা রক্তবর্ণ ও বাহিরটা শ্যামবর্ণ থাকিবে, অন্য সমস্ত অঙ্গ পাণ্ডুরবর্ণ হইবে এবং মহাবেগশালী হইবে, এইরূপ সহস্র অশ্বই আপনাকে দান করিব ; আপনার কন্যা আমার ভার্য্যা হউন" ॥২৫॥

সহস্রং বাজিনামেকং শুল্কার্থং মে প্রদীয়তাম্।
তস্মৈ প্রাদাৎ সহস্রং বৈ বাজিনাং বরুণস্তদা ॥২৭॥ (যুগ্মকম্)
তদাশ্বতীর্থং বিখ্যাতমুত্থিতা যত্র তে হয়াঃ।
গঙ্গায়াং কান্যকুব্জে বৈ দদৌ সত্যবতীং তদা ॥২৮॥
ততো গাধিঃ সুতাঞ্চাস্মৈ জন্যাশ্চাসন্ সুরাস্তদা।
লব্ধ্বা হয়সহস্রন্তু তাংশ্চ দৃষ্ট্বা দিবৌকসঃ ॥২৯॥
ধর্ম্মেণ লব্ধ্বা তাং ভার্য্যামৃচীকো দ্বিজসত্তমঃ।
যথাকামং যথাজোষং তয়া রেমে সুমধ্যয়া ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। স তথা প্রতিজ্ঞায় ইতি বরুণমব্রবীৎ। তস্মৈ ঋচীকায় ॥২৬—২৭॥

তদিতি। তে তাদৃশা বরুণদত্তাঃ। গঙ্গায়াং গঙ্গাতীরে, দদৌ গাধিরিতি শেষঃ ॥২৮॥

তত ইতি। গাধিঃ, তত ঋচীকাৎ, হয়সহস্রং লব্ধা, অস্মৈ ঋচীকায় চ সুতাং দদাবিতি শেষঃ। তদা চ সুরাঃ দেবাঃ, জন্যা বরপ্রিয়া বরযাত্রা ইত্যর্থঃ আসন্। "জন্যো বরবধূজ্ঞাতিপ্রিয়ভৃত্যহিতেঽপি চ" ইতি বিশ্বঃ। তে দিবৌকসশ্চ তান্ বরকন্যোভয়পক্ষান্ দৃষ্ট্বা জগ্মুরিতি শেষঃ। গত্যন্তরাভাবাদীদৃশী ব্যাখ্যা ॥২৯॥

ধর্ম্মেণেতি। যথাজোষং যথাসুখম্, "তূষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

স ইতি ॥১—৪॥ আযান্ আগচ্ছন্ ॥৫—২৪॥ একত ইতি। বহিঃ শ্যামা অন্তরারক্তাঃ কর্ণা যেষাং তে একতঃ শ্যামকর্ণাস্তেষাম্ ॥২৫—২৮॥ জন্যা বরপক্ষীয়াঃ ॥২৯—৩০॥

অকৃতব্রণ কহিলেন—"রাজা! ঋচীকমুনি সেইরূপ প্রতিজ্ঞা করিয়া বরুণের নিকট যাইয়া বলিলেন—"কাণের ভিতরটা রক্তবর্ণ ও বাহিরটা শ্যামবর্ণ থাকিবে, অন্য সমস্ত অঙ্গ পাণ্ডুবর্ণ হইবে এবং মহাবেগশালী হইবে, এইরূপ সহস্র অশ্ব আমাকে শুল্কের জন্য দান করুন।" বরুণ তখনই তাঁহাকে সেই এক সহস্র অশ্ব দান করিলেন ॥২৬—২৭॥

সেই অশ্বগুলি সমুদ্রের যেস্থানে উঠিয়াছিল, সেই স্থানটা 'অশ্বতীর্থ' বলিয়া বিখ্যাত হইয়াছে। তদনন্তর গাধিরাজা কান্যকুব্জে গঙ্গাতীরে যাইয়া ঋচীকের হস্তে সত্যবতীনাম্নী নিজকন্যাটীকে দান করিলেন ॥২৮॥

গাধিরাজা ঋচীকের নিকট হইতে এক সহস্র অশ্ব লাভ করিয়াই তাঁহাকে কন্যা দান করিয়াছিলেন; তখন দেবতারা বরযাত্র হইয়াছিলেন এবং সেই দেবতারা বর ও কন্যাপক্ষকে দেখিয়া চলিয়া গিয়াছিলেন ॥২৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ঋচীক ধর্ম্ম অনুসারে সেই গাধিরাজার কন্যাকে ভার্য্যারূপে লাভ করিয়া ইচ্ছানুসারে এবং যথাসুখে সেই সুমধ্যমার সহিত বিহার করিতে লাগিলেন ॥৩০॥

তং বিবাহে কৃতে রাজন্! সভার্য্যমবলোককঃ।
আজগাম ভৃগুঃ শ্রেষ্ঠং পুত্রং দৃষ্ট্বা ননন্দ চ ॥৩১॥
ভার্য্যাপতী তমাসীনং গুরুং সুরগণার্চ্চিতম্।
অর্চ্চিত্বা পর্য্যুপাসীনৌ প্রাঞ্জলী তস্থতুস্তদা ॥৩২॥
ততঃ স্নুষাং স ভগবান্ প্রহৃষ্টো ভৃগুরব্রবীৎ।
বরং বৃণীষ্ব সুভগে! দাতা হ্যস্মি তবেপ্সিতম্ ॥৩৩॥
সা বৈ প্রসাদয়ামাস তং গুরুং পুত্রকারণাৎ।
আত্মনশ্চৈব মাতুশ্চ প্রসাদঞ্চ চকার সঃ ॥৩৪॥

ভৃগুরুবাচ।

ঋতৌ ত্বঞ্চৈব মাতা চ স্নাতে পুংসবনায় বৈ।
আলিঙ্গেতাং পৃথগ্ বৃক্ষৌ সাহশ্বত্থং ত্বমুডুম্বরম্ ॥৩৫॥
চরুদ্বয়মিদং ভদ্রে! জনন্যাশ্চ তবৈব চ।
বিশ্বমাবর্ত্তয়িত্বা তু ময়া যত্নেন সাধিতম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

তমিতি। অবলোককঃ অবলোকয়িতুম্, "বুণ্ তুমো ক্রিয়ায়াং ক্রিয়ার্থায়াম্" ইতি বুণ্ ॥৩১॥
ভার্য্যেতি। গুরুং শ্বশুরং পিতরঞ্চ। পর্য্যুপাসীনৌ সন্নিধাবুপবিষ্টৌ ॥৩২॥
তত ইতি। স্নুষাং পুত্রবধূম। হে সুভগে! ভাগ্যবতি! ॥৩৩॥
সেতি। গুরুং শ্বশুরম্। স ভৃগুশ্চ প্রসাদমনুগ্রহং চকার ॥৩৪॥
ঋতাবিতি। স্নাতে ভবত্যৌ, পুংসোঃ পুত্রয়োঃ সবনায় প্রসবায় ॥৩৫॥

রাজা! ঋচীক বিবাহ করিলে পর একদিন মহর্ষি ভৃগু, ভার্য্যার সহিত সেই ঋচীককে দেখিবার জন্য আগমন করিলেন এবং শ্রেষ্ঠ পুত্রকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৩১॥

দেবগণপূজিত পিতা ভৃগু উপবেশন করিলে, পতি ও পত্নী উভয়েই তাঁহাকে পূজা করিয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহার সম্মুখে উপবেশন করিলেন ॥৩২॥

তাহার পর ভগবান্ ভৃগু আনন্দিত হইয়া পুত্রবধূকে বলিলেন—"ভাগ্যবতি! তুমি বর গ্রহণ কর, আমি তোমার অভীষ্ট বস্তু দান করিব" ॥৩৩॥

তখন সেই পুত্রবধূ, নিজের ও নিজমাতার পুত্রের জন্য শ্বশুরকে প্রসন্ন করিলেন; শ্বশুরও প্রসন্ন হইলেন ॥৩৪॥

ভৃগু বলিলেন—"তুমি ও তোমার মাতা দুই জনেই ঋতুস্নান করিয়া পুত্র প্রসব করিবার জন্য পৃথক্ পৃথক্ ভাবে দুইটী বৃক্ষকে আলিঙ্গন করিবে—তোমার মাতা অশ্বত্থবৃক্ষকে এবং তুমি উডুম্বরবৃক্ষকে ॥৩৫॥

প্রাশিতব্যং প্রযত্নেন চেত্যুক্ত্বাঽদর্শনং গতঃ।
আলিঙ্গনে চরৌ চৈব চক্রতুস্তে বিপর্য্যয়ম্ ॥৩৭॥
ততঃ পুনঃ স ভগবান্ কালে বহুতিথে গতে।
দিব্যজ্ঞানাদ্বিদিত্বা তু ভগবানাগতঃ পুনঃ ॥৩৮॥
অথোবাচ মহাতেজা ভৃগুঃ সত্যবতীং স্নুষাম্।
উপযুক্তশ্চরুর্ভদ্রে! বৃক্ষে চালিঙ্গনং কৃতম্ ॥৩৯॥
বিপরীতেন তে সুভ্রু! মাত্রা চৈবাসি বঞ্চিতা।
ব্রাহ্মণঃ ক্ষত্রবৃত্তির্বৈ তব পুত্রো ভবিষ্যতি ॥৪০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চর্ব্বিতি। বিশ্বং জগৎ, আবর্ত্তয়িত্বা অনুসন্ধায়, উপাদানসংগ্রহার্থমিতি ভাবঃ ॥৩৬॥

প্রেতি। প্রাশিতব্যং ভোক্তব্যম্। চরৌ চরুভক্ষণে। তে জননীতনয়ে ॥৩৭॥

তত ইতি। স ভৃগুঃ, ভগবান্ মাহাত্ম্যবান্, সুপৌত্রোৎপত্তৌ ভগবান্ যত্নবাংশ্চ ॥৩৮॥

অথেতি। হে সুভ্রু! তে ত্বয়া, বিপরীতেন ভাবেন, চরুঃ, উপযুক্তো ভক্ষিতঃ, বৃক্ষে চালিঙ্গনং কৃতম্। বঞ্চিতাসি বিপর্য্যয়োপদেশেনেতি ভাবঃ। ব্রাহ্মণো জাত্যা ॥৩৯—৪০॥

ভারতভাবদীপঃ

অবলোককোঽবলোকনার্থী ॥৩১—৩৫॥ বিশ্বং বিরাট্পুরুষমাবর্ত্তয়িত্বা মুহুর্মুহুরনুসন্ধায় এতয়োশ্চর্ব্বোর্ভক্ষণেন বিশ্বস্রষ্টৃতুল্যো পুত্রো ভবিষ্যত ইতি ভাবঃ ॥৩৬॥ তে উভে প্রতীত্যুক্তেতীকারলোপঃ সন্ধির্বা আর্ষঃ, আলিঙ্গনে অশ্বত্থোডুম্বরয়োঃ ॥৩৭—৪৬।

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥৯৬॥

ভদ্রে! আমি তোমার ও তোমার জননীর জন্য বিশ্বব্রহ্মাণ্ড অনুসন্ধান করিয়া যত্নপূর্ব্বক এই দুই ভাগ চরু নির্ম্মাণ করিয়াছি ॥৩৬॥

তোমরাও যত্নপূর্ব্বক ইহা ভক্ষণ করিবে।" এই কথা বলিয়া ভৃগু অন্তর্হিত হইলেন। এদিকে তাঁহারা বৃক্ষ আলিঙ্গনে ও চরুভক্ষণে বিপর্য্যয় করিলেন। (অর্থাৎ সত্যবতী অশ্বত্থবৃক্ষকে এবং তাঁহার মাতা উডুম্বরবৃক্ষকে আলিঙ্গন করিলেন; আর সত্যবতী তাঁহার মাতার চরু এবং তাঁহার মাতা সত্যবতীর চরু ভক্ষণ করিলেন) ॥৩৭॥

তাহার পর বহুকাল অতীত হইলে, সৎপৌত্রোৎপাদনে যত্নশীল ভগবান্ ভৃগু দিব্যজ্ঞানে সেই বিপর্য্যয় জানিতে পারিয়া পুনরায় আগমন করিলেন ॥৩৮॥

তৎপরে মহাতেজা ভৃগু পুত্রবধূ সত্যবতীকে বলিলেন—"ভদ্রে! তুমি বিপরীতভাবে চরু ভক্ষণ ও বৃক্ষ আলিঙ্গন করিয়াছ; সুতরাং হে সুভ্রু! তোমার মাতাই তোমাকে বঞ্চনা করিয়াছেন; অতএব তোমার পুত্র ব্রাহ্মণ হইয়াও ক্ষত্রিয়বৃত্তি হইবে" ॥৩৯—৪০॥

ক্ষত্রিয়ো ব্রাহ্মণাচারো মাতুস্তব সুতো মহান্ ।
ভবিষ্যতি মহাবীর্য্যঃ সাধূনাং মার্গমাশ্রিতঃ ॥৪১॥
ততঃ প্রসাদয়ামাস শ্বশুরং সা পুনঃ পুনঃ ।
ন মে পুত্রো ভবেদীদৃক্ কামং পৌত্রো ভবেদিতি ॥৪২॥
এবমস্ত্বিতি সা তেন পাণ্ডব । প্রতিনন্দিতা ।
কালং প্রতীক্ষতী গর্ভং ধারয়ামাস যত্নতঃ ॥৪৩॥
জমদগ্নিং ততঃ পুত্রং জজ্ঞে সা কাল আগতে ।
তেজসা বর্চ্চসা চৈব যুক্তং ভার্গবনন্দনম্ ॥৪৪॥
স বর্দ্ধমানস্তেজস্বী বেদস্যাধ্যয়নেন চ ।
বহূনৃষীন্ মহাতেজাঃ পাণ্ডবেয়াত্যবর্ত্তত ॥৪৫॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয় ইতি। ক্ষত্রিয়ো জাত্যা। মার্গং পন্থানং রীতিমিত্যর্থঃ, আশ্রিত আশ্রিতঃ ॥৪১॥
তত ইতি। সা পুত্রবধূঃ সত্যবতী। ঈদৃক্ ক্ষত্রিয়বৃত্তিঃ। কামং বরম্ ॥৪২॥
এবমিতি। তেন ভৃগুণা। প্রতিনন্দিতা অভিনন্দিতা ॥৪৩॥
জমদগ্নিমিতি। জজ্ঞে জনয়ামাস। তেজসা ব্রাহ্মদীপ্ত্যা, বর্চ্চসা কান্ত্যা ॥৪৪॥
স ইতি। তেজস্বী বুদ্ধিপ্রভাবশালী। অত্যবর্ত্তত অতিক্রান্তবান্ ॥৪৫॥

আর, তোমার মাতার পুত্র ক্ষত্রিয় হইয়াও ব্রাহ্মণাচার, মহাত্মা, মহাবল ও সাধুপথাবলম্বী হইবে" ॥৪১॥

তাহার পর সত্যবতী বার বার এই কথা বলিয়া শ্বশুরের নিকট অনুনয় করিতে লাগিলেন যে, "আমার পুত্র যেন এ প্রকার হয় না, বরং পৌত্র যেন হয়" ॥৪২॥

"এইরূপই হউক" এই কথা বলিয়া ভৃগু সত্যবতীকে আনন্দিত করিলেন। তাহার পর সত্যবতী কাল প্রতীক্ষা করিতে থাকিয়া যত্নপূর্ব্বক গর্ভ ধারণ করিলেন ॥৪৩॥

তদনন্তর কাল উপস্থিত হইলে, সত্যবতী ভৃগুবংশের আনন্দজনক এবং তেজ ও কান্তিসম্পন্ন 'জমদগ্নি'-নামক একটী পুত্র প্রসব করিলেন ॥৪৪॥

পাণ্ডুনন্দন! সেই জমদগ্নি বৃদ্ধি পাইতে থাকিয়া ক্রমে বুদ্ধিমান্ ও মহাতেজা হইয়া বেদাধ্যয়নদ্বারা বহু ঋষিকে অতিক্রম করিলেন ॥৪৫॥

---

(৪৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তস্য কৃৎস্নো ধনুর্ব্বেদঃ প্রত্যভাদ্ভরতর্ষভ!।
চতুর্ব্বিধানি চাস্ত্রাণি ভাস্করোপমবর্চ্চসম্ ॥৪৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং জমদগ্ন্যুৎপত্তৌ ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

অকৃতব্রণ উবাচ।
স বেদাধ্যয়নে যুক্তো জমদগ্নির্মহাতপাঃ।
তপস্তেপে ততো দেবান্ নিয়মাদ্বশমানয়ৎ ॥১॥
স প্রসেনজিতং রাজন্! অধিগম্য নরাধিপম্।
রেণুকাং বরয়ামাস স চ তস্মৈ দদৌ নৃপঃ ॥২॥

ভারতকৌমুদী

তমিতি। তং প্রতি, অভাৎ আবিরভবৎ। চতুর্বিধানি ছেদন-ভেদন-স্তম্ভন-সম্মোহন-জনকানি। ভাস্করোপমবর্চ্চসং সূর্য্যতুল্যতেজস্কম্ ॥৪৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

স ইতি। যুক্তো ব্যাপৃতঃ। ততো নিয়মাৎ তপস্যাত এব ॥১॥
স ইতি। প্রসেনজিতং তদাখ্যম্। রেণুকাং তন্নাম্নীং কন্যাম্ ॥২॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমশঃ সমস্ত ধনুর্ব্বেদ ও চতুর্বিধ অস্ত্র সেই সূর্য্যতুল্য তেজস্বী জমদগ্নির হৃদয়ে প্রকাশ পাইল" ॥৪৬॥

—:*:—

অকৃতব্রণ বলিলেন—"মহাতপা জমদগ্নি বেদপাঠে প্রবৃত্ত থাকিয়া তপস্যা করিতে লাগিলেন; তাহাতেই দেবগণকে বশে আনয়ন করিলেন ॥১॥
রাজা! তিনি একদা প্রসেনজিৎরাজার নিকট যাইয়া তাঁহার কন্যা রেণুকাকে প্রার্থনা করিলেন; প্রসেনজিৎও তাঁহার হস্তে রেণুকাকে দান করিলেন ॥২॥

---

* '...পঞ্চদশাধিকশততমঃ...'—বা ব কা, '...ষোড়শাধিকশততমঃ...'—পি নি।

রেণুকাং ত্বথ সম্প্রাপ্য ভার্য্যাং ভার্গবনন্দনঃ।
আশ্রমস্থস্তয়া সার্দ্ধং তপস্তেপেঽনুকূলয়া ॥৩॥
তস্যাঃ কুমারাশ্চত্বারো জজ্ঞিরে রামপঞ্চমাঃ।
সর্ব্বেষামজঘন্যস্তু রাম আসীজ্জঘন্যজঃ ॥৪॥
ফলাহারেষু সর্ব্বেষু গতেষ্বথ সুতেষু বৈ।
রেণুকা স্নাতুমগমৎ কদাচিন্নিয়তব্রতা ॥৫॥
সা তু চিত্ররথং নাম মার্ত্তিকাবতকং নৃপম্।
দদর্শ রেণুকা রাজন্নাগচ্ছন্তী যদৃচ্ছয়া ॥৬॥
ক্রীড়ন্তং সলিলে দৃষ্ট্বা সভার্য্যং পদ্মমালিনম্।
ঋদ্ধিমন্তং ততস্তস্য স্পৃহয়ামাস রেণুকা ॥৭॥
ব্যভিচারাচ্চ সা তস্মাৎ ক্লিন্নাঽম্ভসি বিচেতনা।
প্রবিবেশাশ্রমং ত্রস্তা তাং বৈ ভর্ত্তাঽন্ববুধ্যত ॥৮॥

ভারতকৌমুদী

রেণুকামিতি। ভার্গবনন্দনঃ স জমদগ্নিঃ। অনুকূলয়া বশবর্ত্তিন্যা ॥৩॥

তস্যা ইতি। কুমারাঃ পুত্রাঃ, রামঃ পঞ্চমো যেষাং তে। অজঘন্যঃ গুণৈরনিকৃষ্ট উৎকৃষ্টঃ এবেত্যর্থ, জঘন্যজঃ অন্ত্যজাতঃ, "জঘন্যোঽন্ত্যোঽধমেঽপি চ" ইত্যমরঃ ॥৪॥

ফলেতি। ফলানামাহারেষু আহরণেষু। ব্যক্তিভেদেন ক্রিয়াভেদাদ্বহুবচনম্ ॥৫॥

সেতি। মৃত্তিকাঽস্যাস্তীতি মৃত্তিকাবান্ প্রশস্তমৃত্তিকো দেশস্তস্যায়মিতি মার্ত্তিকাবতঃ, ততঃ সংজ্ঞায়াং কপ্রত্যয়স্তম্, যদৃচ্ছয়া সঙ্কল্পশূন্যবৃত্ত্যা গমনপ্রসঙ্গেনেত্যর্থঃ ॥৬॥

ক্রীড়ন্তমিতি। দৃষ্ট্বা তীরপথেনাগমনসময় ইত্যাশয়ঃ। পদ্মমালিনং হেমপদ্মমালালম্বিতকণ্ঠম্, ঋদ্ধিমন্তং কান্তিসম্পদ্যুক্তম্, তত ঋদ্ধিমত্ত্বাদেব ॥৭॥

তাহার পর ভার্গবনন্দন জমদগ্নি রেণুকাকে ভার্য্যা পাইয়া আশ্রমে থাকিয়া সেই অনুকূলা ভার্য্যার সহিত তপস্যা করিতে লাগিলেন ॥৩॥

ক্রমে রেণুকার পাঁচটী পুত্র জন্মিল; তাঁহাদের মধ্যে রাম ছিলেন—পঞ্চম; কিন্তু রাম বয়সে সর্ব্বকনিষ্ঠ হইয়াও গুণে সর্ব্বাপেক্ষাই উৎকৃষ্ট ছিলেন ॥৪॥

তাহার পর কোন সময়ে পুত্রেরা সকলে ফলাহরণ করিবার জন্য বাহিরে গেলে, ব্রতপরায়ণা রেণুকা স্নান করিতে গেলেন ॥৫॥

রাজা! সেই রেণুকাদেবী স্নান করিয়া আসিবার সময়ে যদৃচ্ছাক্রমে মার্ত্তিকাবত-দেশের রাজা চিত্ররথকে দেখিলেন ॥৬॥

রেণুকাদেবী (তীরপথ দিয়া আসিবার সময়ে) স্বর্ণপদ্মের মালাধারী ও পরমসুন্দর চিত্ররথকে জলের ভিতরে ভার্য্যার সহিত ক্রীড়া করিতে দেখিয়াই তাঁহার উপরে কামস্পৃহা করিলেন ॥৭॥

স তাং দৃষ্ট্বা চ্যুতাং ধৈর্য্যাদ্‌ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা বিবর্জ্জিতাম্।
ধিক্‌শব্দেন মহাতেজা গর্হয়ামাস বীর্য্যবান্ ॥৯॥
ততো জ্যেষ্ঠো জামদগ্ন্যো রুমণ্বান্ নাম নামতঃ।
আজগাম সুষেণশ্চ বসুর্বিশ্বাবসুস্তথা ॥১০॥
তানানুপূর্ব্ব্যা ভগবান্ বধে মাতুরচোদয়ৎ।
ন চ তে জাতসংস্নেহাঃ কিঞ্চিদূচুর্বিচেতসঃ ॥১১॥
ততঃ শশাপ তান্ ক্রোধাত্তে শপ্তাশ্চেতনাং জহুঃ।
মৃগপক্ষিসধর্ম্মাণঃ ক্ষিপ্রমাসন্ জড়োপমাঃ ॥১২॥
ততো রামোঽভ্যয়াৎ পশ্চাদাশ্রমং পরবীরহা।
তমুবাচ মহাবাহুর্জমদগ্নির্মহাতপাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

ব্যভীতি। অম্ভসি ক্লিন্না আর্দ্রীভূতদেহা "ক্লিদ্ আর্দ্রীভাবে" ইতি ধাত্বর্থানুসারাৎ তদানী-মপ্যপ্রোঞ্ছিতগাত্রীত্যর্থঃ, সা রেণুকা, তস্মাৎ সুন্দররূপপুরুষস্পৃহারূপাদ্ব্যভিচারাদেব, বিচেতনা কামমুগ্ধা, অতএব ত্রস্তা চ সতী আশ্রমং প্রবিবেশ। ভর্ত্তা জমদগ্নিশ্চ তাং তাদৃশীম্, অন্ববুধ্যত, কম্পরোমাঞ্চাদিসাত্ত্বিকভাবদর্শনাদিতি ভাবঃ ॥৮॥

স ইতি। ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা চিরধীরত্বরূপয়া শ্রিয়া। বীর্য্যবান্ তপসা বলবান্ ॥৯॥

তত ইতি। জামদগ্ন্যো জমদগ্নিপুত্রঃ। সুষেণাদয়শ্চ জামদগ্ন্যা এব ॥১০॥

তানিতি। আনুপূর্ব্ব্যা জ্যেষ্ঠক্রমেণ। ভগবান্ জমদগ্নিঃ। বিচেতসঃ স্নেহাদেব মুগ্ধাঃ ॥১১॥

তত ইতি। শশাপ জমদগ্নিঃ। চেতনাং মনুষ্যোচিতং প্রকৃষ্টচৈতন্যম্, জহুঃ তত্যজুঃ। মৃগাণাং পশূনাং পক্ষিণাঞ্চ সমানো ধর্ম্মো যেষাং তে, পশুপক্ষিতুল্যা ইত্যর্থঃ ॥১২॥

জলে আর্দ্রদেহা রেণুকা সেই ব্যভিচারবশতই মুগ্ধা ও ত্রস্তা হইয়া আশ্রমে প্রবেশ করিলেন; কিন্তু জমদগ্নি তাঁহাকে বুঝিয়া ফেলিলেন ॥৮॥

মহাতেজা ও তপঃপ্রভাবসম্পন্ন জমদগ্নি রেণুকাকে ধৈর্য্যচ্যুত ও ব্রাহ্মশ্রীবিহীন দেখিয়া ধিক্ ধিক্ শব্দে নিন্দা করিতে লাগিলেন ॥৯॥

তাহার পর জমদগ্নির জ্যেষ্ঠপুত্র রুমণ্বান্, দ্বিতীয় পুত্র সুষেণ, তৃতীয় পুত্র বসু ও চতুর্থ পুত্র বিশ্বাবসু আশ্রমে আসিলেন ॥১০॥

তখন জমদগ্নি জ্যেষ্ঠক্রমে তাঁহাদিগকে মাতৃবধে প্রণোদিত করিলেন; কিন্তু প্রবল স্নেহ উপস্থিত হওয়ায় আকুল হইয়া তাঁহারা কিছুই বলিলেন না ॥১১॥

তখন জমদগ্নি ক্রোধবশতঃ তাঁহাদিগকে অভিসম্পাত করিলেন; তাহাতে তৎক্ষণাৎ মনুষ্যযোগ্য চৈতন্য ত্যাগ করিলেন এবং পশু-পক্ষীর সমান হইয়া জড়ের মত থাকিলেন ॥১২॥

(১১)···জাতসম্মোহাঃ—পি।

জহীমাং মাতরং পাপাং মা চ পুত্র ! ব্যথাং কৃথাঃ ।
তত আদায় পরশুং রামো মাতুঃ শিরোঽহরৎ ॥১৪॥
ততস্তস্য মহারাজ ! জমদগ্নের্মহাত্মনঃ ।
কোপোঽভ্যগচ্ছৎ সহসা প্রসন্নশ্চাব্রবীদিদম্ ॥১৫॥
মমেদং বচনাত্তাত ! কৃতং তে কর্ম্ম দুষ্করম্ ।
বৃণীষ্ব কামান্ ধর্ম্মজ্ঞ ! যাবতো বাঞ্ছসে হৃদা ॥১৬॥
স বব্রে মাতুরুত্থানমস্মৃতিঞ্চ বধস্য বৈ ।
পাপেন তেন চাস্পর্শং ভ্রাতৃণাং প্রকৃতিং তথা ॥১৭॥
অপ্রতিদ্বন্দ্বতাং যুদ্ধে দীর্ঘমায়ুশ্চ ভারত ! ।
দদৌ চ সর্ব্বান্ কামাংস্তান্ জমদগ্নির্মহাতপাঃ ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। অভ্যযাদাগচ্ছৎ। পরবীরহেতি ভাবিনি ভূতবদুপচারাদুক্তম্ ॥১৩॥

জহীতি। পাপামিত্যনেন বধার্হতা সূচিতা। তপঃপ্রভাবাৎ কামদাতা পিতা নির্ব্বিবাদমাদেশপালনাৎ প্রসন্নঃ পুনরপ্যেনামুজ্জীবয়িষ্যতীতি মত্বৈব রামো মাতৃহত্যায়াং প্রবৃত্ত ইতি বোধ্যম্ ॥১৪॥

তত ইতি। অভ্যগচ্ছৎ তিরোঽভবৎ। প্রসন্নশ্চ নির্ব্বিবাদমাদেশপালনাদিতি ভাবঃ ॥১৫॥

মমেতি। তে ত্বয়া। পিতুরাদেশস্য সর্ব্বথা পালনীয়ত্বজ্ঞানাদ্ধর্ম্মজ্ঞেতি সম্বোধনম্ ॥১৬॥

স ইতি। তেন মাতৃহত্যাকৃতেন। প্রকৃতিং স্বভাবম্। কামান্ অভীষ্টবিষয়ান্ ॥১৭—১৮॥

ভারতভাবদীপঃ

স বেদেতি ॥১—৬। ততস্তস্য স্পৃহয়ামাস তমৈচ্ছৎ ॥৭॥ অম্ভসি সরস্যেব ক্লিন্না দ্রুতা। তথা চোক্তং—"সুন্দরং পুরুষং দৃষ্ট্বা ভ্রাতরং পিতরং সুতম্। যোনিঃ ক্লিদ্যতি নারীণাং সত্যং

তদনন্তর বিপক্ষবীরহন্তা রাম সকলের পরে আশ্রমে আসিলেন, তখন মহাবাহু ও মহাতপা জমদগ্নি তাঁহাকে বলিলেন—॥১৩॥

"পুত্র! তোমার এই পাপিষ্ঠা মাতাকে বধ কর, দুঃখ করিও না।" তাহার পর রাম কুঠার লইয়া মাতার শিরশ্ছেদ করিলেন ॥১৪॥

মহারাজ! তাহার পর তখনই সেই মহাত্মা জমদগ্নির ক্রোধ নিবৃত্তি পাইল এবং তিনি প্রসন্ন হইয়া এই কথা বলিলেন—॥১৫॥

"বৎস! তুমি আমার আদেশমাত্রেই এই দুষ্কর কার্য্য করিয়াছ; অতএব তুমি মনে যতগুলি বিষয় ইচ্ছা কর, তাহাই বর লও" ॥১৬॥

মাতার জীবিত হইয়া উত্থান, তাঁহার সেই হত্যা স্মরণ না করা, আপনাতে সেই পাপস্পর্শ না হওয়া, ভ্রাতাদের স্বাভাবিক অবস্থা এবং নিজের যুদ্ধে

কদাচিত্তু তথৈবাস্য বিনিষ্ক্রান্তাঃ সুতাঃ প্রভো ! ।
অথানূপপতির্বীরঃ কার্ত্তবীর্য্যোঽভ্যবর্ত্তত ॥১৯॥
তমাশ্রমপদং প্রাপ্তমৃষের্ভার্য্যা সমার্চ্চয়ৎ ।
স যুদ্ধমদসম্মত্তো নাভ্যনন্দত্তথার্চ্চনম্ ॥২০॥
প্রমথ্য চাশ্রমাত্তস্মাদ্ধোমধেনোস্ততো বলাৎ ।
জহার বৎসং ক্রোশন্ত্যা বভঞ্জ চ মহাদ্রুমান্ ॥২১॥
আগতায় চ রামায় তদাচষ্ট পিতা স্বয়ম্ ।
গাঞ্চ রোরুদতীং দৃষ্ট্বা কোপো রামং সমাবিশৎ ॥২২॥
স মৃত্যুবশমাপন্নং কার্ত্তবীর্য্যমুপাদ্রবৎ ।
তস্যাথ যুধি বিক্রম্য ভার্গবঃ পরবীরহা ॥২৩॥

ভারতকৌমুদী

কদাচিদিতি। তথৈব ফলাহরণার্থমেব। অনূপপতিঃ সমুদ্রজলপ্রায়দেশস্য রাজা ॥১৯॥

তমিতি। তং কার্ত্তবীর্য্যম্। ঋষের্ভার্য্যা রেণুকা, সমার্চ্চয়ৎ আতিথ্যেন ॥২০॥

প্রমথ্যেতি। প্রমথ্য হোমধেনুমেব নিপীড্য। ক্রোশন্ত্যা আর্ত্তনাদং কুর্ব্বত্যাঃ ॥২১॥

আগতায়েতি। আচষ্ট উক্তবান, পিতা জমদগ্নিঃ। রোরুদতীং ভৃশং ক্রন্দন্তীম্ ॥২২॥

অপ্রতিদ্বন্দ্বতা ও দীর্ঘ আয়ু—এই সকল বর রাম চাহিলেন; মহাতপা জমদগ্নিও সেই সমস্ত বরই দিলেন ॥১৭—১৮॥

রাজা ! তাহার পর কোন সময়ে জমদগ্নির পুত্রগণ সেই ফলাহরণের জন্যই নির্গত হইয়া গেলেন: এমন সময়ে সমুদ্রের তীরদেশের রাজা কার্ত্তবীর্য্যার্জ্জুন সেই আশ্রমে আসিলেন ॥১৯॥

তখন রেণুকাদেবী সেই আশ্রমাগত রাজার যথোচিত সৎকার করিলেন; কিন্তু যুদ্ধমদমত্ত রাজা তাহাতে সন্তুষ্ট হইলেন না ॥২০॥

কিন্তু তিনি উৎপীড়ন করিয়া সেই আশ্রম হইতে বলপূর্ব্বক হোমধেনুর বৎসটীকে হরণ করিলেন, তখন হোমধেনুটি আর্ত্তনাদ করিতে লাগিল; আবার তিনি আশ্রমের উত্তম বৃক্ষগুলিকেও ভগ্ন করিলেন ॥২১॥

তাহার পর রাম আশ্রমে আসিলে. জমদগ্নি নিজেই তাঁহার নিকট সেই বৃত্তান্ত বলিলেন; তাহা শুনিয়া এবং হোমধেনুকে আর্ত্তনাদ করিতে দেখিয়া রামের ক্রোধ জন্মিল ॥২২॥

তাহার পর বিপক্ষবীরহন্তা রাম, আসন্নমৃত্যু কার্ত্তবীর্য্যার্জ্জুনের দিকে ধাবিত হইলেন এবং মনোহর ধনু ধারণ করিয়া যুদ্ধে বিক্রমপ্রকাশপূর্ব্বক নিশিত ভল্ল-সমূহ দ্বারা কার্ত্তবীর্য্যার্জ্জুনের পরিঘতুল্য সহস্র বাহু ছেদন করিলেন। রাজা!

চিচ্ছেদ নিশিতৈর্ভল্লৈর্বাহূন্ পরিঘসন্নিভান্।
সহস্রসম্মিতান্ রাজন্! প্রগৃহ্য রুচিরং ধনুঃ।
অভিভূতঃ স রামেণ সংযুক্তঃ কালধর্ম্মণা ॥২৪॥ (যুগ্মকম্)
অর্জ্জুনস্যাথ দায়াদা রামেণ কৃতমন্যবঃ।
আশ্রমস্থং বিনা রামং জমদগ্নিমুপাদ্রবন্ ॥২৫॥
তে তং জঘ্নুর্মহাবীর্য্যমযুধ্যন্তং তপস্বিনম্।
অসকৃদ্রাম রামেতি বিক্রোশন্তমনাথবৎ ॥২৬॥
কার্ত্তবীর্য্যস্য পুত্রাস্তু জমদগ্নিং যুধিষ্ঠির!।
পীড়য়িত্বা শরৈর্জগ্মুর্যথাগতমরিন্দমাঃ ॥২৭॥
অপক্রান্তেষু চৈতেষু জমদগ্নৌ তথা গতে।
সমিৎপাণিরুপাগচ্ছদাশ্রমং ভৃগুনন্দনঃ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। উপাদ্রবৎ অভ্যধাবৎ। অভিভূতঃ আক্রান্তঃ স কার্ত্তবীর্য্যঃ, কালঃ কলনমেব ধর্ম্মো যস্য তেন মৃত্যুনা সংযুক্তঃ মমারেত্যর্থঃ। পরশ্লোকঃ ষট্‌পাদঃ ॥২৩—২৪॥

অর্জ্জুনস্যেতি। দায়াদাঃ পুত্রাঃ। কৃতো মন্যুঃ ক্রোধো যেষাং তে ॥২৫॥

ত ইতি। তপস্বিনং তপঃপ্রবৃত্তম্। অতএবাভিশাপাদপি নিবৃত্তমিতি ভাবঃ ॥২৬॥

কার্ত্তবীর্য্যস্যেতি। গম্যত ইতি গতং স্থানং যথাগতং যথাস্থানম্ ॥২৭॥

অপেতি। তথা মৃত্যুবশং গতে সতি। ভৃগুনন্দনো রামঃ ॥২৮॥

এইভাবে রামকর্তৃক আক্রান্ত হইয়া কার্ত্তবীর্য্যার্জ্জুন মৃত্যুমুখে পতিত হইলেন ॥২৩—২৪॥

তদনন্তর কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রেরা রামের প্রতি ক্রুদ্ধ হইয়া—রাম যখন আশ্রমে ছিলেন না, সেই সময়ে আশ্রমস্থিত জমদগ্নির প্রতি ধাবিত হইল ॥২৫॥

তখন জমদগ্নি বলবান্ হইয়াও তপস্যায় প্রবৃত্ত ছিলেন বলিয়া যুদ্ধ করিলেন না, কেবল অনাথের ন্যায় বার বার 'রাম' 'রাম' বলিয়া আর্ত্তনাদ করিতে থাকিলেন; সেই অবস্থায়ই কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রেরা তাঁহাকে বধ করিল ॥২৬॥

যুধিষ্ঠির! শত্রুহন্তা অর্জ্জুনপুত্রগণ বাণদ্বারা জমদগ্নিকে বধ করিয়া যথাস্থানে চলিয়া গেল ॥২৭॥

তাহারা চলিয়া গেল, জমদগ্নিরও মৃত্যু হইলে, রাম সমিধ লইয়া আশ্রমে আসিলেন ॥২৮॥

স দৃষ্ট্বা পিতরং বীরস্তথা মৃত্যুবশং গতম্।
অনর্হন্তং তথা ভূতং বিললাপ সুদুঃখিতঃ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং জমদগ্নিবধে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টনবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

রাম উবাচ।

মমাপরাধাত্তৈঃ ক্ষুদ্রৈর্হতস্ত্বং তাত! বালিশৈঃ।
কার্ত্তবীর্য্যস্য দায়াদৈর্বনে মৃগ ইবেষুভিঃ ॥১॥
ধর্ম্মজ্ঞস্য কথং তাত। বর্ত্তমানস্য সৎপথে।
মৃত্যুরেবংবিধো যুক্তঃ সর্ব্বভূতেষ্বনাগসঃ ॥২॥

ভারতকৌমুদী

স ইতি। অনর্হন্তং তপস্বিব্রাহ্মণত্বাত্তাদৃশমৃত্যোরযোগ্যম্, তথা ভূতং ভূপতিতম্ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

বিলাপপ্রকারমাহ মমেতি। বালিশৈর্মূর্খৈঃ, মমাপরাধে মদ্ধেতুকক্ষত্রিয়হননাদিত্যাশয়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ

সত্যং জনার্দ্দন!॥" ইতি ॥৮—২৩॥ কালধর্ম্মণা মৃত্যুনা ॥২৪—২৮॥ ভার্য্যাবধদোষাৎ স্বয়মপি তাদৃশমেব মরণং প্রাপেত্যাশয়ঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৭॥

পিতা জমদগ্নি সেইরূপ মৃত্যুর অযোগ্য ছিলেন, তথাপি তিনি মৃত ও ভূতলপতিত রহিয়াছেন ইহা দেখিয়া বীর রাম অত্যন্ত দুঃখিত হইয়া বিলাপ করিতে লাগিলেন" ॥২৯॥

—:*:—

রাম বলিলেন—"পিতঃ! ক্ষুদ্রপ্রকৃতি এবং মূর্খ সেই কার্ত্তবীর্য্যপুত্রেরা আমারই অপরাধে বনের ভিতরে হরিণের ন্যায় আপনাকে বাণদ্বারা বধ করিয়া গেল! ॥১॥

---

* '...ষোড়শাধিকশততমঃ...'—বা ব কা, '...সপ্তদশাধিকশততমঃ...'—পি নি।

কিং নু তৈর্ন কৃতং পাপং যৈর্ভবান্ তপসি স্থিতঃ ।
অযুধ্যমানো বৃদ্ধঃ সন্ হতঃ শরশতৈঃ শিতৈঃ ॥৩॥
কিং নু তে তত্র বক্ষ্যন্তি সচিবেষু সুহৃৎসু চ ।
অযুধ্যমানং ধর্ম্মজ্ঞমেকং হত্বাঽনপত্রপাঃ ॥৪॥
বিলপ্যৈবং সকরুণং বহু নানাবিধং নৃপ । ।
প্রেতকার্য্যাণি সর্ব্বাণি পিতুশ্চক্রে মহাতপাঃ ॥৫॥
দদাহ পিতরঞ্চাগ্নৌ রামঃ পরপুরঞ্জয়ঃ ।
প্রতিজজ্ঞে বধঞ্চাপি সর্ব্বক্ষত্রস্য ভারত । ॥৬॥
সংক্রুদ্ধোঽতিবলঃ সংখ্যে শস্ত্রমাদায় বীর্য্যবান্ ।
জঘ্নিবান্ কার্ত্তবীর্য্যস্য সুতানেকোঽন্তকোপমঃ ॥৭॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি । কথং যুক্তং, অপি তু কথমপি নেত্যর্থঃ । অনাগসো নিরপরাধস্য ॥২॥
কিমিতি । কিং পাপং ন কৃতং স্যু, অপি তু সর্ব্বং পাপমেব কৃতমিত্যর্থঃ ॥৩॥
কিমিতি । তত্র স্বরাজধান্যাম্ । অনপত্রপা নির্লজ্জাঃ ।৪।
বিলপ্যেতি । বহু প্রচুরম । মহাতপা রামঃ ॥৫।
দদাহেতি । অগ্নৌ তদীয়শ্রৌতাগ্নৌ, তদর্থমেবাগ্নিপদোপাদানাৎ ॥৬॥
সংক্রুদ্ধ ইতি । অতিবলঃ সাতিশয়কায়িকবলবান্, বীর্য্যবান্ মানসিকবলবাংশ্চ ॥৭॥

হা পিতঃ! আপনি ধর্ম্মজ্ঞ ছিলেন, চিরদিন সংপথে রহিয়াছিলেন এবং সকল প্রাণীর প্রতিই নিরপরাধ ছিলেন, সুতরাং আপনার এই প্রকার মৃত্যু কি সঙ্গত হইয়াছে! ॥ ॥

আপনি বৃদ্ধ, তাহাতে আবার তপস্যায় প্রবৃত্ত ছিলেন, যুদ্ধ করিতেছিলেন না, এই অবস্থায় যাহারা নিশিত বাণসমূহদ্বারা আপনাকে বধ করিয়া গিয়াছে, তাহারা কোন পাপ না করিয়াছে? ॥৩॥

আপনি যুদ্ধ করিতেছিলেন না, অথচ ধর্ম্মজ্ঞ ও একাকী ছিলেন, এই অবস্থায় আপনাকে বধ করিয়া রাজধানীতে যাইয়া সেই নির্লজ্জ পাপিষ্ঠেরা মন্ত্রিগণ ও বন্ধুগণের নিকট কি বলিবে!" ॥৪॥

রাজা! মহাতপা রাম এইরূপ নানাবিধ বহুতর সকরুণ বিলাপ করিয়া পিতার সমস্ত প্রেতকার্য্য করিলেন ॥৫॥

ভরতনন্দন শত্রুনগরবিজয়ী রাম তাঁহার পিতাকে (শ্রৌত) অগ্নিতে দাহ করিলেন, তাহার পর সমস্ত ক্ষত্রিয়-বধের প্রতিজ্ঞা করিলেন ॥৬॥

(৫) লালপ্যৈবম্—বা ব কা ।

তেষাঞ্চানুগতা যে চ ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়র্ষভ ! ।
তাংশ্চ সর্ব্বানবামৃদ্নাদ্রামঃ প্রহরতাং বরঃ ॥৮॥
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভুঃ ।
সমন্তপঞ্চকে পঞ্চ চকার রৌধিরান্ হ্রদান্ ॥৯॥
স তেষু তর্পয়ামাস পিতৄন্ ভৃগুকুলোদ্বহঃ ।
সাক্ষাদ্দদর্শ চর্চ্চাকং স চ রামং ন্যবারয়ৎ ॥১০॥
ততো যজ্ঞেন মহতা জামদগ্ন্যঃ প্রতাপবান্ ।
তর্পয়ামাস দেবেন্দ্রমৃত্বিগ্ভ্যঃ প্রদদৌ মহীম্ ॥১১॥
বেদীঞ্চাপ্যদদদ্ধৈমীং কশ্যপায় মহাত্মনে ।
দশব্যামায়তাং কৃত্বা নবোৎসেধাং বিশাংপতে ! ॥১২॥

ভারতকৌমুদী

তেষামিতি। অবামৃদ্নাৎ অবমর্দ্দিতবান্, প্রহরতাং যোদ্ধৄণাম্ ॥৮॥

ত্রিরিতি। ত্রিঃসপ্তকৃত্বঃ একবিংশতিবারান্। সমন্তপঞ্চকে তদাখ্যে স্থানে ॥৯॥

স ইতি। ঋচীকং নাম স্বপিতামহম্। ন্যবারয়ৎ ক্ষত্রিয়বধাদিতি শেষঃ ॥১০॥

তত ইতি। মহীং জয়লব্ধাং ভূমিম্, জয়েন জিতদ্রব্যে স্বাত্মাদয়াৎ ॥১১॥

বেদীমিতি। হৈমীং স্বর্ণময়ীম্। ব্যামো হস্তচতুষ্টয়ম্, "ব্যামো বাহ্বোঃ সকরয়োস্ততয়োস্তির্য্যগন্তরম্" ইত্যমরঃ। দশব্যামায়তাং চত্বারিংশদ্ধস্তদীর্ঘাম্, বিস্তারেঽপি তাবতীমেব, সমানচতুষ্কোণবেদ্যাঃ প্রসিদ্ধত্বাৎ, নবোৎসেধাং নবব্যামোন্নতাং ষট্‌ত্রিংশদ্ধস্তোচ্চামিত্যর্থঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

মর্মে০ ॥১—১১॥ দশব্যামায়তাং ব্যামেন হস্তচতুষ্টয়ম্, চত্বারিংশদ্ধস্তায়ামবিস্তারাম্, নবোৎসেধাং ষট্‌ত্রিংশদ্ধস্তোচ্চাং চেত্যর্থঃ। ব্যামেতি প্রমাদপাঠঃ ॥১২॥ খণ্ডশঃ খণ্ডানি

অনন্তর দৈহিকবল ও মানসিকবলশালী রাম ক্রুদ্ধ হইয়া, অস্ত্র লইয়া, যমের ন্যায় একাকীই যাইয়া, যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রদিগকে সংহার করিলেন ॥৭॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! যে সকল ক্ষত্রিয় তাহাদের অনুগত ছিল, যোদ্ধশ্রেষ্ঠ রাম তাহাদের সকলকেও বিনাশ করিলেন ॥৮॥

প্রভাবশালী রাম এইভাবে একুশ বার পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিয়া (কুরুক্ষেত্রের অন্তর্গত) সমন্তপঞ্চকে পাঁচটা রুধিরের হ্রদ করিলেন ॥৯॥

ভৃগুকুলশ্রেষ্ঠ রাম সেই হ্রদগুলিতে পিতৃলোকের তর্পণ করিলেন এবং নিজের পিতামহ ঋচীককে প্রত্যক্ষ দেখিলেন; তখন ঋচীক রামকে ক্ষত্রিয়বিনাশ হইতে নিবারণ করিলেন ॥১০॥

তাহার পর প্রতাপশালী রাম এক মহাযজ্ঞ করিয়া দেবরাজকে সন্তুষ্ট করিলেন এবং পুরোহিতকে ভূমি দান করিলেন ॥১১॥

তাং কশ্যপস্যানুমতে ব্রাহ্মণাঃ খণ্ডশস্তদা।
ব্যভজংস্তেন তে রাজন্! প্রখ্যাতাঃ খাণ্ডবায়নাঃ ॥১৩॥
স প্রদায় মহীং তস্মৈ কশ্যপায় মহাত্মনে।
তপঃ সুমহদাস্থায় ক্ষত্রিয়ান্তকরো নৃপ!।
অস্মিন্ মহেন্দ্রে শৈলেন্দ্রে বসত্যমিতবিক্রমঃ ॥১৪॥
এবং বৈরমভূত্তস্য ক্ষত্রিয়ৈর্লোকবাসিভিঃ।
পৃথিবী চাপি বিজিতা রামেণামিততেজসা ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

ততশ্চতুর্দ্দশীং রামঃ সময়েন মহামনাঃ।
দর্শয়ামাস তান্ বিপ্রান্ ধর্ম্মরাজঞ্চ সানুজম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তামিতি। খণ্ডশঃ খণ্ডানি খণ্ডানি কৃত্বা। ব্যভজন্ বিভজ্য গৃহীতবন্তঃ ॥১৩॥

স ইতি। মহীং জয়লব্ধাং পৃথিবীম্। পূর্ব্বত্র ঋত্বিগ্ভ্যো যজ্ঞদক্ষিণারূপেণ পৃথিব্যাঃ কিয়দংশদানম্, অত্র তু তদিতরসমগ্রপৃথিবীদানমিত্যবিরোধঃ। আস্থায় অবলম্ব্য, ক্ষত্রিয়ান্তকরো রামঃ। অনেন চ প্রবন্ধেন রামে যুদ্ধবীরত্বং দানবীরত্বং ধর্ম্মবীরত্বঞ্চেতি ত্রয়মেব দর্শিতমনুসন্ধেয়ম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

উপসংহরতি—এবমিতি। তস্য রামস্য ॥১৫॥

তত ইতি। চতুর্দ্দশীং প্রাপ্যেতি শেষঃ। সময়েন নির্দ্দিষ্টবেলয়া ॥১৬॥

এবং নরনাথ! দৈর্ঘ্যে ও বিস্তারে চল্লিশ হাত এবং উচ্চতায় ছাত্রিশ হাত একটা স্বর্ণবেদী নির্ম্মাণ করিয়া তাহা মহাত্মা কশ্যপকে দান করিলেন ॥১২॥

রাজা! তখন কশ্যপের অনুমতিক্রমে ব্রাহ্মণেরা সেই বেদীটাকে খণ্ড খণ্ড করিয়া বিভক্ত করিয়া লইয়া গেলেন; তাহাতেই তাঁহারা 'খাণ্ডবায়ন'-নামে বিখ্যাত হইয়া গেলেন ॥১৩॥

রাজা! তাহার পর অসাধারণ পরাক্রমশালী ও ক্ষত্রিয়ান্তকারী রাম মহাত্মা কশ্যপকে সমগ্র পৃথিবী দান করিয়া গুরুতর তপস্যা অবলম্বনপূর্ব্বক এই মহেন্দ্রনামক পর্ব্বতশ্রেষ্ঠে বাস করিতেছেন ॥১৪॥

এইভাবে জগদ্বাসী ক্ষত্রিয়গণের সহিত রামের শত্রুতা জন্মিয়াছিল এবং অমিততেজা রাম পৃথিবী জয় করিয়াছিলেন" ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহামনা রাম চতুর্দ্দশীর দিন নির্দ্দিষ্ট সময়ে আসিয়া সেই ব্রাহ্মণদিগকে এবং ভ্রাতৃগণের সহিত যুধিষ্ঠিরকে দর্শন দান করিলেন ॥১৬॥

স তমানর্চ্চ রাজেন্দ্র! ভ্রাতৃভিঃ সহিতঃ প্রভুঃ।
দ্বিজানাঞ্চ পরাং পূজাং চক্রে নৃপতিসত্তমঃ ॥১৭॥
অর্চ্চিত্বা জামদগ্ন্যং স পূজিতস্তেন চোদিতঃ।
মহেন্দ্র উষ্য তাং রাত্রিং প্রযযৌ দক্ষিণামুখঃ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং জামদগ্ন্যোপাখ্যানে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

স ইতি। আনর্চ্চ পূজয়ামাস। দ্বিজানামন্যেষাং ব্রাহ্মণানাঞ্চ ॥১৭॥

অর্চ্চিত্বেতি। তেন জামদগ্ন্যেন চ, পূজিতঃ সম্মানিতঃ, উদিতঃ—অদ্য অত্রৈব স্থীয়তা-মিত্যুক্তশ্চ স যুধিষ্ঠিরঃ। মহেন্দ্রে পর্ব্বতে, উষ্য বাসং কৃত্বা ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

খণ্ডানি কৃত্বা, ব্যভজন্ বিভাগং কৃতবন্তঃ ॥১৩—১৬॥ আনর্চ্চ অর্চ্চিতবান্ ॥১৭॥ তেন চ উদিত ইতি চ্ছেদঃ। উষ্য উষিত্বা ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৮॥

—:*:—

রাজশ্রেষ্ঠ! তৎপরে প্রভাবশালী ও নৃপতিশ্রেষ্ঠ যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া রামের পূজা করিলেন এবং অন্যান্য ব্রাহ্মণদেরও সৎকার করিলেন ॥১৭॥

রামের পূজা করার পরে, রামও যুধিষ্ঠিরের সম্মান করিলেন এবং সেদিন সেখানে থাকিবার জন্য বলিলেন; সুতরাং যুধিষ্ঠির সে রাত্রি সেই মহেন্দ্রপর্ব্বতেই থাকিয়া পরদিন দক্ষিণমুখে প্রস্থান করিলেন ॥১৮॥

—:*:—

* '...সপ্তদশাধিকশততমঃ ...'—বা ব কা, '...অষ্টাদশাধিকশততমঃ...'—পি নি।

নবনবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

গচ্ছন্ স তীর্থানি মহানুভাবঃ পুণ্যানি রম্যাণি দদর্শ রাজা।
সর্ব্বাণি বিপ্রৈরুপশোভিতানি ক্বচিৎ ক্বচিদ্ভারত! সাগরস্য ॥১॥
স বৃত্তবাংস্তেষু কৃতাভিষেকঃ সহানুজঃ পার্থিবপুত্রপৌত্রঃ!
সমুদ্রগাং পুণ্যতমাং প্রশস্তাং জগাম পারিক্ষিত! পাণ্ডুপুত্রঃ ॥২॥
তত্রাপি চাপ্লুত্য মহানুভাবঃ সন্তর্পয়ামাস পিতৄন্ সুরাংশ্চ।
দ্বিজাতিমুখ্যেষু ধনং বিসৃজ্য গোদাবরীং সাগরগামগচ্ছৎ ॥৩॥
ততো বিপাপ্মা দ্রবিড়েষু রাজন্! সমুদ্রমাসাদ্য চ লোকপুণ্যম্।
অগস্ত্যতীর্থঞ্চ মহাপবিত্রং নারীতীর্থান্যথ বীরো দদর্শ ॥৪॥

....

ভারতকৌমুদী

গচ্ছন্নিতি। মহান্ অনুভাবঃ প্রভাবো যস্য সঃ "অনুভাবঃ প্রভাবেঽপি" ইত্যমরঃ ॥১॥

স ইতি। হে পারিক্ষিত! পরিক্ষিতঃ পুত্র!। বৃত্তবান্ সদ্বৃত্তিশালী। পার্থিবঃ শান্তনুস্তস্য পুত্রো বিচিত্রবীর্য্যস্তস্য পৌত্র ইতি বংশানুক্রমেণ রাজত্বকীর্ত্তনান্মহাগৌরবং সূচিতম্। প্রশস্তাং নাম তীর্থীভূতাং নদীম্ ॥২॥

তত্রেতি। আপ্লুত্য স্নাত্বা। বিসৃজ্য দত্ত্বা, গোদাবরীং নাম নদীম্ ॥৩॥

ভারতভাবদীপঃ

গচ্ছন্নিতি ॥১॥ বৃত্তবান্ সদ্বৃত্তঃ, পার্থিবঃ পৃথ্বীপতিঃ কশ্যপস্তস্য পুত্রঃ সূর্য্যস্তস্য পৌত্রো যুধিষ্ঠিরঃ, তৎপিতুর্ধর্ম্মস্য সূর্য্যপুত্রত্বাৎ, প্রশস্তাং নাম নদীম্ ॥২—৩॥ নারীতীর্থানি গ্রাহরূপাঃ

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! মহাপ্রভাবশালী রাজা যুধিষ্ঠির মহেন্দ্রপর্ব্বত হইতে প্রস্থান করিয়া পবিত্র ও মনোহর তীর্থসকল দর্শন করিলেন। সমুদ্রের কোন কোন তীর্থে সমস্ত স্থানই ব্রাহ্মণগণে পরিশোভিত ছিল ॥১॥

জনমেজয়! সদ্বৃত্তিশালী, রাজপুত্রের পৌত্র এবং পাণ্ডুর পুত্র যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত সেই সকল তীর্থে স্নান করিয়া সমুদ্রগামিনী পরমপবিত্রা প্রশস্তানদীতে গমন করিলেন ॥২॥

মহাপ্রভাবশালী যুধিষ্ঠির সেখানেও স্নান করিয়া দেবতর্পণ ও পিতৃতর্পণ করিলেন, পরে শ্রেষ্ঠ ব্রাহ্মণদিগকে ধন দান করিয়া সমুদ্রগামিনী গোদাবরীনদীতে গমন করিলেন ॥৩॥

তত্রার্জ্জুনস্যাগ্র্যধনুর্দ্ধরস্য নিশম্য তৎ কর্ম্ম নরৈরশক্যম্।
সম্পূজ্যমানঃ পরমর্ষিসংঘৈঃ পরাং মুদং পাণ্ডুসুতঃ স লেভে ॥৫॥
স তেষু তীর্থেষ্বভিষিক্তগাত্রঃ কৃষ্ণাসহায়ঃ সহিতোঽনুজৈশ্চ।
সম্পূজয়ন্ বিক্রমমর্জ্জুনস্য রেমে মহীপাল! পতিঃ পৃথিব্যাঃ ॥৬॥
ততঃ সহস্রাণি গবাং প্রদায় তীর্থেষু তেষম্বুধরোত্তমস্য।
হৃষ্টঃ সহ ভ্রাতৃভিরর্জ্জুনস্য সঙ্কীর্ত্তয়ামাস গবাং প্রদানম্ ॥৭॥
স তানি তীর্থানি চ সাগরস্য পুণ্যানি চান্যানি বহূনি রাজন্!।
ক্রমেণ গচ্ছন্ পরিপূর্ণকামঃ সূর্পারকং পুণ্যতমং দদর্শ ॥৮॥
তত্রোদধেঃ কিঞ্চিদতীত্য দেশং খ্যাতং পৃথিব্যাং বনমাসসাদ।
তপ্তং সুরৈরত্র তপঃ পুরস্তাদিষ্টং তথা পুণ্যপরৈর্নরেন্দ্রৈঃ ॥৯॥

ভারতকৌমুদী

তেষু ইতি। যত্র বর্গাদয়ঃ পঞ্চাপ্সরসো ব্রাহ্মণশাপাদ্‌গ্রাহা ভূত্বা জলে স্থিতাঃ পুনরর্জ্জুনেনোত্তোলনাৎ স্বস্বরূপং প্রাপ্তাঃ, তানি নারীতীর্থানি। এতদুপাখ্যানমাদিপর্ব্বণি নবাধিকদ্বিশততমাধ্যায়াদৌ দ্রষ্টব্যম্। বীরো যুধিষ্ঠিরঃ ॥৪॥

তত্রেতি। অগ্র্যধনুর্দ্ধরস্য শ্রেষ্ঠধানুষ্কস্য। তৎ কর্ম্ম গ্রাহাণামুত্তোলনরূপং কার্য্যম্ ॥৫॥

স ইতি। অভিষিক্তগাত্রঃ স্নপিতশরীরঃ, কৃষ্ণাসহায়ো দ্রৌপদীসহিতঃ ॥৬॥

তত ইতি। অম্বুধরাঃ সমুদ্রাস্তেষু উত্তমস্য। সঙ্কীর্ত্তয়ামাস যুধিষ্ঠিরঃ ॥৭॥

স ইতি। পরিপূর্ণকামঃ স্নানদানাদিনা। সূর্পারকং নাম প্রাগ্‌বর্ণিতং তীর্থম্ ॥৮॥

রাজা! তাহার পর বীর যুধিষ্ঠির দ্রাবিড়দেশে জন্য পবিত্র সমুদ্রে যাইয়া নিষ্পাপ হইয়া, তৎপরে মহাপবিত্র অগস্ত্যতীর্থ (ইহাও একটী নারীতীর্থ) এবং অপর চারিটী নারীতীর্থ দর্শন করিলেন ॥৪॥

সেখানে শ্রেষ্ঠধনুর্দ্ধর অর্জ্জুনের সেই জলজন্তু উত্তোলনরূপ মানুষের অসাধ্য কর্ম্মের বৃত্তান্ত শুনিয়া এবং মহর্ষিগণকর্ত্তৃক সম্মানিত হইতে থাকিয়া যুধিষ্ঠির পরম আনন্দ লাভ করিলেন ॥৫॥

রাজা! পৃথিবীপতি যুধিষ্ঠির দ্রৌপদী ও ভ্রাতাদের সহিত মিলিত হইয়া সেই তীর্থগুলিতে স্নান করিয়া এবং অর্জ্জুনের বিক্রমের প্রশংসা করিতে থাকিয়া আনন্দ অনুভব করিতে লাগিলেন ॥৬॥

তাহার পর যুধিষ্ঠির সমুদ্রের সেই সকল তীর্থে সহস্র সহস্র গো দান করিয়া আনন্দিত হইয়া ভ্রাতাদের সঙ্গে অর্জ্জুনের গো দানের আলোচনা করিলেন ॥৭॥

রাজা! তদনন্তর যুধিষ্ঠির ক্রমশঃ সমুদ্রের সেই সকল তীর্থে ও অন্যান্য বহুতর তীর্থে গমন করিয়া পূর্ণমনোরথ হইয়া পুণ্যতম সূর্পারকতীর্থ দর্শন করিলেন ॥৮॥

স তত্র তামগ্র্যধনুর্দ্ধরস্য বেদীং দদর্শায়তপীনবাহুঃ।
ঋচীকপুত্রস্য তপস্বিসংঘৈঃ সমাবৃতাং পুণ্যকৃদর্চ্চনীয়াম্ ॥১০॥
ততো বসূনাং বসুধাধিপঃ স মরুদ্‌গণানাঞ্চ তথাশ্বিনোশ্চ।
বৈবস্বতাদিত্যধনেশ্বরাণামিন্দ্রস্য বিষ্ণোঃ সবিতুর্বিভোশ্চ ॥১১॥
ভবস্য চন্দ্রস্য দিবাকরস্য পতেরপাং সাধ্যগণস্য চৈব।
ধাতুঃ পিতৄণাঞ্চ তথা মহাত্মা রুদ্রস্য রাজন্ ! সগণস্য চৈব ॥১২॥
সরস্বত্যাঃ সিদ্ধগণস্য চৈব পূষ্ণশ্চ যে চাপ্যমরাস্তথান্যে।
পুণ্যানি চাপ্যায়তনানি তেষাং দদর্শ রাজা সুমনোহরাণি ॥১৩॥ (বিশেষকম্)
তেষূপবাসান্ বিবিধানুপোষ্য দত্ত্বা চ রত্নানি মহান্তি রাজা।
তীর্থেষু সর্ব্বেষু পরিপ্লুতাঙ্গঃ পুনঃ স সূর্পারকমাজগাম ॥১৪॥

ভারতকৌমুদী

তত্রেতি। সুরৈর্দেবৈঃ, অত্র বনে, পুরস্তাৎ পূর্ব্বম্। ইষ্টং যজ্ঞঃ কৃতঃ ॥৯॥

স ইতি। অগ্র্যঃ শ্রেষ্ঠো ধনুর্দ্ধরস্তস্য। ঋচীকপুত্রস্য জমদগ্নেঃ ॥১০॥

তত ইতি। বৈবস্বতো যমঃ, আদিত্যা সবিতৃদিবাকরপূষেতরে নব। ভবস্য শিবস্য। অপাং-পতের্বরুণস্য। ধাতুর্ব্রহ্মণঃ। সগণস্য প্রমথবর্গসহিতস্য। পূষ্ণ আদিত্যবিশেষস্য। আয়তনানি তপঃক্ষেত্রাণি ॥১১—১৩॥

ভারতভাবদীপঃ

পঞ্চাপ্সরসো মুনিশাপবশাদ্‌যত্র স্থিতা অর্জ্জুনেন চ শাপান্মোচিতাস্তানি নারীতীর্থানি ॥৩—৬॥ অম্বুধরোত্তমস্য সমুদ্রস্য ॥৭—১৩॥ তেষু তীর্থেষু, উপবাসান্ সমীপবাসিনো বিবুধান্ পণ্ডিতা-

সে স্থান হইতে সমুদ্রতীরের কিছু দেশ অতিক্রম করিয়া পৃথিবীবিখ্যাত একটি বনে উপস্থিত হইলেন; সেই বনে পূর্ব্বে দেবতারা তপস্যা করিয়াছিলেন এবং ধর্ম্মপরায়ণ রাজারা যজ্ঞ করিয়াছিলেন ॥৯॥

আয়ত-স্থূলবাহু যুধিষ্ঠির সেই বনের ভিতরে শ্রেষ্ঠধনুর্দ্ধর জমদগ্নির তপস্যার বেদী দর্শন করিলেন; সে বেদীটী ধার্ম্মিকগণের পূজনীয় বলিয়া তখনও তপস্বিসমূহে পরিবেষ্টিত ছিল ॥১০॥

রাজা ! তাহার পর বসুগণ, মরুদ্‌গণ, অশ্বিনীকুমারদ্বয়, যম, আদিত্যগণ, কুবের, ইন্দ্র, প্রভু বিষ্ণু, সূর্য্য, শিব, চন্দ্র, দিবাকর, বরুণ, সাধ্যগণ, ব্রহ্মা, পিতৃগণ, প্রমথগণের সহিত রুদ্র, সরস্বতী, সিদ্ধগণ ও পূষা এবং অন্য যে সকল দেবতা আছেন, তাঁহাদের পুণ্য ও মনোহর আয়তনগুলিকে পৃথিবীপতি মহাত্মা যুধিষ্ঠির দর্শন করিলেন ॥১১—১৩॥

(১৪) তেষূপবাসান্ বিবুধানুপোষ্য—বা ব কা নি।

স তেন তীর্থেন তু সাগরস্য পুনঃ প্রয়াতঃ সহ সোদরীয়ৈঃ।
দ্বিজৈঃ পৃথিব্যাং প্রথিতং মহদ্ভিস্তীর্থং প্রভাসং সমুপাজগাম ॥১৫॥
তত্রাভিষিক্তঃ পৃথুলোহিতাক্ষঃ সহানুজৈর্দেবগণান্ পিতৄংশ্চ।
সন্তর্পয়ামাস তথৈব কৃষ্ণা তে চাপি বিপ্রাঃ সহ লোমশেন ॥১৬॥
স দ্বাদশাহং জলবায়ুভক্ষঃ কুর্ব্বন্ ক্ষপাহঃসু তদাভিষেকম্।
সমন্ততোঽগ্নীনুপদীপয়িত্বা তেপে তপো ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ ॥১৭॥
তমুগ্রমাস্থায় তপশ্চরন্তং শুশ্রাব রামশ্চ জনার্দ্দনশ্চ।
তৌ সর্ব্ববৃষ্ণিপ্রবরৌ সসৈন্যৌ যুধিষ্ঠিরং জগ্মতুরাজমীঢ়ম্ ॥১৮॥

ভারতকৌমুদী

তেম্বিতি। অত্রোদ্দেশ্যানাং বিবিধত্বাদুপবাসানামপি বিবিধত্বম্। অত্র "উপবাসান্ সমীপ-বাসিনঃ, বিবুধান্ পণ্ডিতান্, বিবিধানিত্যপপাঠঃ, উপোষ্য বস্ত্রৈরাবাস্য" ইতি নীলকণ্ঠঃ। তচ্চেয়ম্, কর্ত্তরি উপবাসপদানুপপত্তেঃ "বস আচ্ছাদনে" ইত্যস্য যজাদিত্বাভাবাৎ সম্প্রসারণাসম্ভবেন উপোষ্যেতি পদাসম্ভবাচ্চ। উপোষ্য বিধায়, মহান্তি প্রচুরাণীত্যর্থঃ। পরিপ্লুতাঙ্গঃ স্নাতঃ, শূর্পারকং তীর্থম্ ॥১৪॥

স ইতি। সোদরীয়ৈর্ভ্রাতৃভিঃ। দ্বিজৈঃ সহচরৈর্ব্রাহ্মণৈঃ ॥১৫॥

তত্রেতি। পৃথুনী বিশালে লোহিতে চ অক্ষিণী যস্য সঃ। কৃষ্ণা দ্রৌপদী ॥১৬॥

স ইতি। জলবায়ুভক্ষ ইত্যবধারণপরম্। ক্ষপাহঃসু রাত্রিষু দিবসেষু চ ॥১৭॥

রাজা যুধিষ্ঠির সেই আয়তনগুলিতে নানাবিধ উপবাস এবং প্রচুর রত্ন দান করিয়া এবং সেই সকল তীর্থে স্নান করিয়া পুনরায় শূর্পারকতীর্থে আগমন করিলেন ॥১৪॥

তিনি ভ্রাতৃগণ ও শ্রেষ্ঠ ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়া পুনরায় সমুদ্রের সেই তীর্থপথ দিয়া যাইতে থাকিয়া পৃথিবীবিখ্যাত প্রভাসতীর্থে আগমন করিলেন ॥১৫॥

বিশাল লোহিতনয়ন যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত সেই প্রভাসতীর্থে স্নান করিয়া দেবগণ ও পিতৃগণের তর্পণ করিলেন ; আর দ্রৌপদী এবং সেই সকল ব্রাহ্মণেরাও লোমশের সহিত (যথাসম্ভব) স্নান ও তর্পণ করিলেন ॥১৬॥

তদনন্তর ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠির বার দিন পর্য্যন্ত জল ও বায়ুমাত্র ভক্ষণ করিয়া, রাত্রিতে ও দিনে স্নান করিতে থাকিয়া এবং সকল দিকে অগ্নি প্রজ্বলিত করিয়া তপস্যা করিলেন ॥১৭॥

তাহার পর রাম ও কৃষ্ণ শুনিতে পাইলেন যে, যুধিষ্ঠির ঘোরতর তপস্যা আরম্ভ করিয়া তাহা সম্পাদন করিতেছেন ; তখন বৃষ্ণিবংশশ্রেষ্ঠ রাম ও কৃষ্ণ সসৈন্যে অজমীঢ়বংশসম্ভূত যুধিষ্ঠিরের নিকট গমন করিলেন ॥১৮॥

তে বৃষ্ণয়ঃ পাণ্ডুসুতান্ সমীক্ষ্য ভূমৌ শয়ানান্ মলদিগ্ধগাত্রান্।
অনর্হতীং দ্রৌপদীঞ্চাপি দৃষ্ট্বা সুদুঃখিতাশ্চুক্রুশুরার্ত্তনাদম্ ॥১৯॥
ততঃ স রামঞ্চ জনার্দ্দনঞ্চ কার্ষ্ণিঞ্চ শাম্বঞ্চ শিনেশ্চ পৌত্রম্।
অন্যাংশ্চ বৃষ্ণীনুপগম্য পূজাং চক্রে যথাধর্ম্মমদীনসত্ত্বঃ ॥২০॥
তে চাপি সর্ব্বান্ প্রতিপূজ্য পার্থান্ তৈঃ সৎকৃতাঃ পাণ্ডুসুতৈস্তথৈব।
যুধিষ্ঠিরং সংপরিবার্য্য রাজন্! উপাবিশন্ দেবগণা যথেন্দ্রম্ ॥২১॥
তেষাং স সর্ব্বং চরিতং পরেষাং বনে চ বাসং পরমপ্রতীতঃ।
অস্ত্রার্থমিন্দ্রস্য গতঞ্চ পার্থং নিবেশনং হৃষ্টমনাঃ শশংস ॥২২॥

ভারতকৌমুদী

তমিতি। আস্থায় অবলম্ব্য। চবন্তমনুতিষ্ঠন্তম্। আজমীঢমজমীঢবংশ্যম্ ॥১৮॥
ত ইতি। অনর্হতীং তাদৃশদুঃখভোগাযোগ্যাম্। আর্ত্তো নাদো যস্মিন্ কর্ম্মণি তৎ ॥১৯॥
তত ইতি। কার্ষ্ণিং প্রদ্যুম্নঞ্চ। শিনেঃ পৌত্রং সাত্যকিঞ্চ। অদীনসত্ত্বঃ অনল্পাধ্যবসায়ঃ ॥২০॥
ত ইতি। পার্থান্ পাণ্ডবান্। সৎকৃতা আদৃতাঃ। সংপরিবার্য্য পরিবেষ্ট্য ॥২১॥
তেষামিতি। পরেষাং দুর্য্যোধনাদীনাম্। ইন্দ্রস্য নিবেশনমিতি সম্বন্ধঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

সুপোষ্য সর্ব্বৈরান্নস্য শস্ত্রাণি চ তেভ্য এব দত্ত্বা ॥১৪॥ তেন তীর্থেন সিন্ধুতীরমার্গেণ ॥১৫—১৯॥
কার্ষ্ণিং প্রদ্যুম্নম্, পৌত্রং সাত্যকিম্ ॥২০—২৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৯॥

পাণ্ডবগণ ভূতলে শয়ন করেন এবং তাঁহাদের অঙ্গসকল ধূলিতে পরিপূর্ণ, ইহা দেখিয়া, আর তাদৃশ দুঃখভোগের অযোগ্য দ্রৌপদীকেও দেখিয়া সেই বৃষ্ণিবংশীয়েরা অত্যন্ত দুঃখিত হইয়া আর্ত্তনাদ করিতে লাগিলেন ॥১৯॥

তদনন্তর অত্যন্ত অধ্যবসায়শালী যুধিষ্ঠির—রাম, কৃষ্ণ, প্রদ্যুম্ন, শাম্ব, সাত্যকি এবং অন্যান্য বৃষ্ণিবংশীয়গণের নিকটে যাইয়া তাঁহাদের যথাযোগ্য সম্মান করিলেন ॥২০॥

তখন তাঁহারাও পাণ্ডবদের সকলকেই প্রতিসম্মানিত করিলে, পাণ্ডবেরাও আবার সেইরূপই তাঁহাদের আদর করিলেন। রাজা! তখন দেবগণ যেমন ইন্দ্রকে পরিবেষ্টন করিয়া উপবেশন করেন, তেমন বৃষ্ণিবংশীয়েরা যুধিষ্ঠিরকে পরিবেষ্টন করিয়া উপবেশন করিলেন ॥২১॥

তাহার পর হৃষ্টচিত্ত যুধিষ্ঠির বিশেষ আশ্বস্তভাবেই তাঁহাদের নিকটে দুর্য্যোধন-প্রভৃতির আচরণ, নিজেদের বনবাস এবং অস্ত্রশিক্ষার জন্য ইন্দ্রভবনে অর্জ্জুনের গমন ইত্যাদি সংবাদ বলিলেন ॥২২॥

---

(১৯)…সুদুঃখিতাম্—পি।

শ্রুত্বা তু তে তস্য বচঃ প্রতীতাস্তাংশ্চাপি দৃষ্ট্বা সুকৃশানতীব।
নেত্রোদ্ভবং সংমুমুচুর্মহার্হা দুঃখার্ত্তিজং বারি মহানুভাবাঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং বাষ্ণেয়যুধিষ্ঠিরসমাগমে নবনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

শততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

প্রভাসতীর্থমাসাদ্য পাণ্ডবা বৃষ্ণয়স্তথা।
কিমকুর্ব্বন্ কথাশ্চৈষাং কাস্তত্রাসংস্তপোধন ! ॥১॥
তে হি সর্ব্বে মহাত্মানঃ সর্ব্বশাস্ত্রবিশারদাঃ।
বৃষ্ণয়ঃ পাণ্ডবাশ্চৈব সুহৃদশ্চ পরস্পরম্ ॥২॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। প্রতীতাঃ কৃতপ্রত্যয়াঃ, তান্ পাণ্ডবান্। মহার্হা মহামান্যাঃ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং নবনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

প্রভাসেতি। কথা আলাপাঃ, এষামুভয়েষাং পরস্পরম্ ॥১॥

ত ইতি। অতো বিবিধবিষয়ালোচনা ঞ্চবৈবাসীদিতি ভাবঃ ॥২॥

তখন মহামান্য ও মহাপ্রভাবশালী সেই বৃষ্ণিবংশীয়েরা যুধিষ্ঠিরের কথা শুনিয়া, তাহা বিশ্বাস করিয়া এবং তাঁহাদিগকে অত্যন্ত কৃশ দেখিয়া দুঃখপীড়াবশতঃ অশ্রু মোচন করিতে লাগিলেন ॥২৩॥

—:*:—

জনমেজয় বলিলেন—"তপোধন ! পাণ্ডবগণ ও বৃষ্ণিগণ প্রভাসতীর্থে যাইয়া কি করিয়াছিলেন এবং সেখানে তাঁহাদের পরস্পর কি আলাপ হইয়াছিল ? ॥১॥

তাঁহারা সকলেই মহাত্মা ও সর্ব্বশাস্ত্রবিশারদ ছিলেন এবং বৃষ্ণিগণ ও পাণ্ডবগণ পরস্পর সুহৃদ্‌ও ছিলেন" ॥২॥

* '...অষ্টাদশাধিকশততমঃ...'—বা ব কা, '...উনবিংশত্যধিকশততমঃ...'—পি নি।

বৈশম্পায়ন উবাচ।

প্রভাসতীর্থং সম্প্রাপ্য পুণ্যং তীর্থং মহোদধেঃ।
বৃষ্ণয়ঃ পাণ্ডবান্ বীরাঃ পরিবার্য্যোপতস্থিরে ॥৩॥
ততো গোক্ষীরকুন্দেন্দু মৃণালরজতপ্রভঃ।
বনমালী হলী রামো বভাষে পুষ্করেক্ষণম্ ॥৪॥

ন কৃষ্ণ! ধর্ম্মশ্চরিতো ভবায় জন্তোরধর্ম্মশ্চ পরাভবায়।
যুধিষ্ঠিরো যত্র জটী মহাত্মা বনাশ্রয়ঃ ক্লিশ্যতি চীরবাসাঃ ॥৫॥
দুর্য্যোধনশ্চাপি মহীং প্রশাস্তি ন চাস্য ভূমির্বিবরং দদাতি।
ধর্ম্মাদধর্ম্মশ্চরিতো গরীয়ানিতীব মন্যেত নবোঽল্পবুদ্ধিঃ ॥৬॥
দুর্য্যোধনে চাপি বিবর্দ্ধমানে যুধিষ্ঠিরে চাসুখমাত্তরাজ্যে।
কিং ত্বত্র কর্ত্তব্যমিতি প্রজাভিঃ শঙ্কা মিথঃ সংজনিতা নরাণাম্ ॥৭॥

ভারতকৌমুদী

প্রভাসেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য, উপতস্থিরে সমীপে স্থিতাঃ ॥৩॥

তত ইতি। হলী হলধরঃ। পুষ্করেক্ষণং পুণ্ডরীকাক্ষং কৃষ্ণম্ ॥৪॥

নেতি। ভবায় উন্নতয়ে, জন্তোর্মানুষস্য। জটী জটাভৃৎ, চীরবাসাঃ কৌপীনভৃৎ ॥৫॥

দুর্য্যোধন ইতি। অল্পবুদ্ধিরিত্যনেন মহাবুদ্ধিস্তু নৈব মন্যেতেতি সূচিতম্ ॥৬॥

দুর্য্যোধন ইতি। অসুখং যথা স্যাত্তথা, আত্তং পরৈর্গৃহীতং রাজ্যং যস্য তস্মিন্ সতি, অত্র পুণ্যপাপয়োর্মধ্যে অস্মাভিঃ, কিং পুণ্যং পাপং বা কর্ত্তব্যমিতি শঙ্কা সন্দেহঃ, প্রজাভিঃ,

ভারতভাবদীপঃ

প্রভাসেতি ॥১—৩॥ হলীতি হলধরত্বাৎ ধর্ম্মস্যাপি নিন্দাং করিষ্যতীতি ধ্বনিতম্ ॥৪॥ ভবায় অভ্যুদয়ায় ॥৫॥ বিবরং শরীরগ্রহণায় ন দদাতীত্যর্থঃ ॥৬॥ মিথঃ শঙ্কা, ধর্ম্মাধর্ম্ময়োঃ

বৈশম্পায়ন বলিলেন—বীর বৃষ্ণিগণ মহাসমুদ্রের পুণ্য তীর্থ প্রভাসতীর্থে যাইয়া পাণ্ডবগণকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিলেন ॥৩॥

তাহার পর গোদুগ্ধ, কুন্দপুষ্প, চন্দ্র, মৃণাল ও রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ এবং বনমালাধারী হলধর রাম কৃষ্ণকে বলিলেন—॥৪॥

"কৃষ্ণ! ধর্ম্মের অনুষ্ঠান করিলেও মানুষের উন্নতি হয় না, আবার অধর্ম্মের অনুষ্ঠান করিলেও তাহার অবনতি ঘটে না। যেহেতু মহাত্মা যুধিষ্ঠির জটা ও কৌপীন ধারণ করিয়া বনে থাকিয়া কষ্ট ভোগ করিতেছেন ॥৫॥

আবার দুর্য্যোধন পৃথিবী শাসন করিতেছে; কিন্তু পৃথিবী উহাকে (প্রবেশ করিবার জন্য) বিবর দিতেছেন না; অতএব ধর্ম্মানুষ্ঠান অপেক্ষা অধর্ম্মানুষ্ঠানই ভাল; ইহাই যেন অল্পবুদ্ধি লোক মনে করিবে ॥৬॥

---

(৩)…পুণ্যতীর্থং মহোদধেঃ—বা ব কা। (৭)…কিং ত্বত্র—পি, …কিন্ত্বত্র—বা ব কা।

অয়ং স ধর্ম্মপ্রভবো নরেন্দ্রো ধর্ম্মে ধৃতঃ সত্যধৃতিঃ প্রদাতা।
চলেদ্ধি রাজ্যাচ্চ সুখাচ্চ পার্থো ধর্ম্মাদপেতস্তু কথং বিবর্দ্ধেৎ ॥৮॥
কথং নু ভীষ্মশ্চ কৃপশ্চ বিপ্রো দ্রোণশ্চ রাজা চ কুলস্য বৃদ্ধঃ।
প্রব্রাজ্য পার্থান্ সুখমাপ্নুবন্তি ধিক্ পাপবৃদ্ধীন্ ভরতপ্রধানান্ ॥৯॥
কিং নাম বক্ষ্যত্যবনিপ্রধানঃ পিতৄন্ সমাগম্য পরত্র পাপঃ।
পুত্রেষু সম্যক্ চরিতং ময়েতি পুত্রানপাপান্ ব্যবরোপ্য রাজ্যাৎ ॥১০॥

ভারতকৌমুদী

নরাণাং মধ্যে, মিথঃ পরস্পরং সংজনিতা। তথা চ পাপে সতি দুর্য্যোধনস্য বৃদ্ধিঃ, তস্মিন্নসতি চ যুধিষ্ঠিরস্য ক্ষয় ইতি প্রত্যক্ষদর্শনাৎ পাপমেব কর্ত্তব্যম্? আহোস্বিৎ অন্বয়ব্যভিচারমঙ্গীকৃত্যাপি 'পুণ্যং শ্রেয়সঃ কারণম্' ইতি বৃদ্ধোপদেশাৎ পুণ্যমেব কর্ত্তব্যমিতি ভাবঃ ॥৭॥

অথ কৃতামপি প্রতিজ্ঞামুৎক্রম্য যুধিষ্ঠিরো বলেন কথং ন রাজ্যং গৃহীতবানিত্যাহ—অয়মিতি। ধর্ম্মপ্রভবো ধর্ম্মপুত্রঃ। ধর্ম্মে ধৃতোঽবস্থিতঃ, "ধৃঙ্ অবস্থানে" ইত্যস্য রূপম্। সত্যধৃতির্যথার্থধৈর্য্যঃ। চলেদ্ভ্রশ্যেৎ। বিবর্দ্ধেৎ প্রতিজ্ঞাভঙ্গেন রাজ্যলাভাৎ ॥৮॥

পাণ্ডবনির্ব্বাসনে ভীষ্মাদীনামপি সম্মতিং সম্ভাব্য তান্ নিন্দতি—কথমিতি। রাজা ধৃতরাষ্ট্রঃ। পাপবুদ্ধীন্, পক্ষপাতাদিত্যাশয়ঃ। ভরতেতি তু দ্রোণকৃপয়োরপ্যুপলক্ষণম্ ॥৯॥

কিমিতি। পাপঃ, অবনিপ্রধানো ধৃতরাষ্ট্রঃ, অপাপান্, পুত্রান্, পুত্রস্থানীয়ান্ পাণ্ডবান্, রাজ্যাৎ ব্যবরোপ্য নির্ব্বাস্য, পরত্র পরলোকে, পিতৄন্ সমাগম্য, ময়া পুত্রেষু সম্যক্ চরিতং ব্যবহৃতম্, ইতি কিং নাম বক্ষ্যতি বক্তুং শক্ষ্যতি? কথমপি ন ॥১০॥

ভারতভাবদীপঃ

কিং বলীয় ইতি শাস্ত্রানুভবয়োর্বিরোধাৎ সংশয়ঃ ॥৭॥ রাজ্যাচ্চ সুখাচ্চ চলেন্ন তু ধর্ম্মাদিতি শেষঃ, তত্র হেতুঃ ধর্ম্মাদিতি। কথমিত্যুপহাসার্থম্ ॥৮—৯॥ অবনিপ্রধানো ধৃতরাষ্ট্রঃ ॥১০॥

দুর্য্যোধনের উন্নতি হইতেছে, আর দুঃখ দিয়া রাজ্য হরণ করায় যুধিষ্ঠিরের ক্ষয় হইতেছে; সুতরাং পুণ্য ও পাপের মধ্যে আমাদের কোন্টা কর্ত্তব্য, এইভাবে লোকেরা লোকের মধ্যে পরস্পর সন্দেহ জন্মাইয়া দিয়াছে ॥৭॥

ধর্ম্মের পুত্র, ধর্ম্মে অবস্থিত, যথার্থ ধীরপ্রকৃতি ও দাতা—এই রাজা যুধিষ্ঠির রাজ্য ও সুখ হইতে বিচ্যুত হইতে পারেন বটে; কিন্তু ধর্ম্ম হইতে বিচ্যুত হইয়া কি করিয়া উন্নতি লাভ করিতে পারিবেন ॥৮॥

ভীষ্ম, ব্রাহ্মণ দ্রোণ ও কৃপ এবং বংশের মধ্যে বৃদ্ধ ধৃতরাষ্ট্র—ইহারা পাণ্ডবগণকে নির্ব্বাসিত করিয়া কি করিয়া সুখ পাইতেছেন: সুতরাং পাপবুদ্ধি ভরতবংশীয় বৃদ্ধদিগকে ধিক্ ॥৯॥

পাপাত্মা ধৃতরাষ্ট্র নিষ্পাপ পুত্রস্থানীয় পাণ্ডবগণকে রাজ্য হইতে নির্ব্বাসিত করিয়া পরলোকে পিতৃলোকদের নিকটে যাইয়া ইহা কি বলিতে পারিবে যে, 'আমি পুত্রগণের প্রতি ন্যায্য ব্যবহার করিয়াছি?' ॥১০॥

নাসৌ ধিয়া সম্প্রতি পশ্যতি স্ম কিং নাম কৃত্বাহমচক্ষুরেবম্।
জাতঃ পৃথিব্যামিতি পার্থিবেষু প্রব্রাজ্য কৌন্তেয়মিতি স্বরাজ্যাৎ ॥১১॥
নূনং সমৃদ্ধান্ পিতৃলোকভূমৌ চামীকরাভান্ ক্ষিতিজান্ প্রফুল্লান্।
বিচিত্রবীর্য্যস্য সুতঃ সপুত্রঃ কৃত্বা নৃশংসং বত পশ্যতি স্ম ॥১২॥
ব্যূঢ়োত্তরাংসান্ পৃথুলোহিতাক্ষান্ ইমান্ স্ম পৃচ্ছন্ স শৃণোতি নূনম্।
প্রাস্থাপয়দ্‌যৎ স বনং হ্যশঙ্কো যুধিষ্ঠিরং সানুজমাত্তশস্ত্রম্ ॥১৩॥

ভারতকৌমুদী

ধৃতরাষ্ট্রস্যাবিমৃশ্যকারিতাং নিন্দতি—নেতি। অহং পূর্ব্বজন্মনি কিং নাম পাপং কৃত্বা এবমিত্থম্, অচক্ষুরন্ধো জাতঃ; তন্ন জানামীতি ভাবঃ। সম্প্রতি তু কৌন্তেয়ং স্বরাজ্যাৎ প্রব্রাজ্য, পৃথিব্যাং পার্থিবেষু মধ্যে কিং নাম কীদৃশো জাতো ভবেয়মিতি, ধিয়া ন পশ্যতি স্ম নালোচিতবান্। অতীবঘৃণিতো জাত ইতি ভাবঃ ॥১১॥

ইহলোক ইব পরলোকেঽপি ধৃতরাষ্ট্রস্য নিন্দাং সম্ভাবয়তি—নূনমিতি। সপুত্রো বিচিত্রবীর্য্যস্য পুত্রো ধৃতরাষ্ট্রঃ, নৃশংসং পাণ্ডবনির্ব্বাসনরূপং নিষ্ঠুরং কর্ম্ম কৃত্বা, পিতৃলোকভূমৌ পরলোকে, সমৃদ্ধান্ ধর্ম্মসমৃদ্ধিসম্পন্নান্, অতএব চামীকরাভান্ কাঞ্চনবর্ণান্, ক্ষিতিজান্ অন্যান্যান্ নৃপতীন্, নূনং নিশ্চিতমেব, প্রফুল্লান্ সং প্রত্যুল্লুণ্ঠনহাস্যেন প্রফুল্লবদনান্, পশ্যতি দ্রক্ষ্যতীতি ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা। অতো ধিগিমমুভয়লোকনিন্দার্হং ধৃতরাষ্ট্রমিতি ভাবঃ। বতেতি খেদে, স্মেতি পাদপূরণে ॥১২॥

তেভ্যঃ প্রত্যক্ষত এব ধৃতরাষ্ট্রঃ স্বনিন্দাং শ্রোষ্যতীত্যাহ—ব্যূঢ়েতি। স ধৃতরাষ্ট্রঃ, ব্যূঢ়ৌ প্রগাঢ়ৌ উন্নতৌ উত্তমৌ চ অংসৌ স্কন্ধৌ যেষাং তান্, পৃথুলোহিতাক্ষাংশ্চ, ইমান্ উক্তান্

ভারতভাবদীপঃ

নাসাবিতি। কিং নাম পাপং কৃত্বাহমচক্ষুর্জাতঃ, কৌন্তেয়ং প্রব্রাজ্য কীদৃশো ভবিষ্যামীতি ধিয়া নাসৌ পশ্যতীত্যধ্যাহৃত্য যোজ্যম্ ॥১১॥ চামীকরাভান্ কনকপ্রভান্, এতন্মরণচিহ্নম্, নৃশংসং নিন্দ্যং কর্ম্ম ॥১২॥ ইমান্ ভীষ্মাদীন্ শৃণাতি হিনস্তি, শৃণোতীতি লেখকপ্রমাদঃ, ন শৃণোতীতি গৌড়পাঠে তু—"অয়মগ্নির্বৈশ্বানরো যোঽয়মন্তঃ পুরুষো যেনেদমন্নং পচ্যতে যদিদমদ্যতে তস্যৈষ

'আমি পূর্ব্বজন্মে কি পাপ করিয়া ইহজন্মে এইরূপ অন্ধ হইয়াছি, (তাহা জানি না); আবার এখন যুধিষ্ঠিরকে তাহার আপন রাজ্য হইতে নির্ব্বাসিত করিয়া পৃথিবীর রাজাদের মধ্যে কিরূপ হইব' ইহা বোধ হয় তখন ধৃতরাষ্ট্র মনে মনেও আলোচনা করে নাই ॥১১॥

হায়! ধৃতরাষ্ট্র পুত্রগণের সহিত মিলিত হইয়া, এই নৃশংস কার্য্য করিয়া, পরলোকে যাইয়া, ধার্ম্মিক ও স্বর্ণবর্ণ অন্যান্য রাজাকে নিশ্চয়ই (বিদ্রূপের হাসিতে) প্রফুল্লমুখ দেখিতে পাইবে ॥১২॥

---

(১১)...স্ম রাজ্যাৎ—বা ব কা নি। (১৩)...স শৃণাতি নূনম্—বা ব কা নি।

যোঽয়ং পরেষাং পৃতনাং সমৃদ্ধাং নিরায়ুধো দীর্ঘভুজো নিহন্যাৎ।
শ্রুত্বৈব শব্দং হি বৃকোদরস্য মুঞ্চন্তি সৈন্যানি শকৃৎ সমূত্রম্ ॥১৪॥
স ক্ষুৎপিপাসাধ্বকৃশস্তরস্বী সমেত্য নানায়ুধবাণপাণিঃ।
বনে স্মরন্ বাসমিমং সুঘোরং শেষং ন কুর্য্যা'দতি নিশ্চিতং মে ॥১৫॥
ন হ্যস্য বীর্য্যেণ বলেন কশ্চিৎ সমঃ পৃথিব্যামপি বিদ্যতেঽন্যঃ।
স শীতবাতাতপকর্শিতাঙ্গো ন শেষমাজাবসুহৃৎ স কুর্য্যাৎ ॥১৬॥
প্রাচ্যান্ নৃপানেকরথেন জিত্বা বৃকোদরঃ সানুচরান্ রণেষু।
স্বস্ত্যাগমদ্‌যোঽতিরথস্তরস্বী সোঽয়ং বনে ক্লিশ্যতি চীরবাসাঃ ॥১৭॥

ভাবকৌমুদী

পরলোকস্থান্ ক্ষিতিজান্, পৃচ্ছন্ তেষাং হাস্যকারণং জিজ্ঞাসমানঃ সন্, ননং নিশ্চিতমেব, শৃণোতি এতৎ শ্রোষ্যতি, যৎ, স ধৃতরাষ্ট্রঃ, অশঙ্কো নিরুদ্বেগ এব, আত্তশস্ত্রং লব্ধাস্ত্রবিদ্যমপি সানুজং যুধিষ্ঠিরম্, বনং প্রাস্থাপয়ৎ। পক্ষপাতেন গুণবতামেব যুধিষ্ঠিরাদীনাং নির্ব্বাসনমেব তেষাং হাস্যকারণমিতি ভাবঃ ॥১৩॥

ইদানীং ভাবিবিপদং বিবৃণোতি—য ইতি। পৃতনাং সেনাম্। শকৃৎ পুরীষম্ ॥১৪॥

স ইতি। তরস্বী বলবান্। শেষং ন কুর্য্যাৎ অপি তু নিঃশেষমেব কুর্য্যাৎ ॥১৫॥

নেতি। বীর্য্যং মানসিকী শক্তিঃ, বলঞ্চ কায়িকী শক্তিঃ। আজৌ যুদ্ধে, অসুহৃৎ শত্রুবৃন্দম ॥১৬॥

ভারতভাবদীপঃ

ঘোষো ভবতি। যমেতৎ কর্ণাবপিধায় শৃণোতি স যদোৎক্রমিষ্যন্ ভবতি নৈনং ঘোষং শৃণোতি'' ইতি শ্রুত্যর্থোঽনুসন্ধেয়ঃ ১৩—১৬॥ শেষং ন কুর্য্যাৎ নিঃশেষমেব নাশয়েদিত্যর্থঃ

তা'র পর সেই দৃঢ় পীবরস্কন্ধ ও বিশাল লোহিতনেত্র রাজগণকে সেই হাস্যের কারণ জিজ্ঞাসা করিলে, ধৃতরাষ্ট্র নিশ্চয়ই ইহা শুনিবে যে, 'তুমি ভ্রাতাদের সহিত অস্ত্রবিদ্যায় সুশিক্ষিত যুধিষ্ঠিরকে নির্ব্বাসিত করিয়াছিলে কি না, (তাহা ভাবিয়াই আমরা হাসিতেছি)' ॥১৩॥

যে দীর্ঘবাহু ভীমসেন নিরস্ত্র হইয়াও, অস্ত্রশস্ত্রে সুসজ্জিত বিপক্ষসৈন্যকে সংহার করিতে পারেন, সেই ভীমসেনের শব্দ শুনিয়াই বিপক্ষসৈন্যেরা ভয়ে মলমূত্র ত্যাগ করিয়া থাকে ॥১৪॥

ক্ষুধা, পিপাসা ও পথের পরিশ্রমে কৃশ সেই বলবান্ ভীমসেন নানাবিধ অস্ত্র ও বাণ ধারণ করিয়া যাইয়া, বনবাসের এই ভয়ঙ্কর কষ্ট স্মরণ করিয়া শত্রুপক্ষের শেষ রাখিবেন না ইহাই আমার দৃঢ় ধারণা ॥১৫॥

কি মানসিক বল, কি দৈহিক বল, কোনটাতেই উঁহার সমান অপর কোন লোক পৃথিবীতে নাই; শীত, বায়ু ও রৌদ্রে কৃশীকৃতদেহ সেই প্রসিদ্ধ এই ভীমসেন যুদ্ধে শত্রুদিগকে নিঃশেষই করিবেন ॥১৬॥

তচ্ছ্রুত্বৈব তদা রাজা প্রেষ্যানাহ স বিট্পতে !।
প্রৈষ্যৈরুৎসার্য্যমাণস্তু রাজন্নর্ব্বাবসুস্তদা।
ন ময়া ব্রহ্মহত্যেয়ং কৃতেত্যাহ পুনঃ পুনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

করোত্বিতি। সত্রম্ আরব্ধমিমং দীর্ঘকালীনং যজ্ঞম্। ব্রহ্মহত্যাং তৎপ্রায়শ্চিত্তম্ ॥১০॥
স ইতি। তস্য পরাবসোঃ। পারং গত্বা প্রায়শ্চিত্তং সমাপ্যেত্যর্থঃ ॥১১॥
তত ইতি। হর্ষস্তু ভ্রাতৃনিরাসসম্ভবেনাত্মন এব দক্ষিণাদিসর্ব্বলাভসম্ভবাৎ ॥১২॥
এষ ইতি। ব্রহ্মহা ব্রহ্মহত্যাকারিত্বেন মহাপাতকী। পীড়য়েৎ পাপসঙ্কারেণ ॥১৩॥
তদিতি। প্রেষ্যান্ ভৃত্যান্। হে বিট্পতে! প্রজানাথ! যুধিষ্ঠির!। উৎসার্য্যমাণ-স্তস্মাদ্দেশাদপসার্য্যমাণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

অর্ব্বাবসু বলিলেন—"ভ্রাতঃ! তুমি, ধীমান্ বৃহদ্দ্যুম্নের যজ্ঞ করিতে থাক; আমি যাইয়া সংযতেন্দ্রিয় হইয়া তোমার জন্য ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত করিব" ॥১০॥

লোমশ বলিলেন—"যুধিষ্ঠির! অর্ব্বাবসুমুনি তখনই যাইয়া পরাবসুর ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত শেষ করিয়া পুনরায় সেই যজ্ঞে আগমন করিলেন ॥১১॥

তখন ভ্রাতা উপস্থিত হইয়াছেন দেখিয়া পরাবসু হর্ষগদ্গদভাবে বৃহদ্দ্যুম্ন-রাজাকে এই কথা বলিলেন—॥১২॥

"রাজা! এই ব্রহ্মহত্যাকারী আপনার যজ্ঞ দেখিতেও যেন প্রবেশ করে না। কারণ, ব্রহ্মহত্যাকারী দর্শন করিয়াও নিশ্চয়ই আপনাকে পাপী করিবে" ॥১৩॥

---

(১১) স তস্য ব্রহ্মবধ্যায়াঃ—বা ব কা পি।

উচ্যমানোঽসকৃৎ প্রেষ্যৈর্ব্রহ্মহন্নিতি ভারত ! ।
নৈব স্ম প্রতিজানাতি ব্রহ্মহত্যাং স্বয়ং কৃতাম্ ॥১৫॥
মম ভ্রাত্রা কৃতমিদং ময়া স পরিমোক্ষিতঃ ।
স তথা প্রবদন্ ক্রোধাত্তৈশ্চ প্রেষ্যৈঃ প্রভাষিতঃ ॥১৬॥
তূষ্ণীং জগাম বিপ্রর্ষির্বনমেব মহাতপাঃ ।
উগ্রং তপঃ সমাস্থায় দিবাকরমথাশ্রিতঃ ॥১৭॥
রহস্যবেদং কৃতবান্ সূর্য্যস্য দ্বিজসত্তমঃ ।
মূর্ত্তিমাংস্তং দদর্শাথ স্বয়মগ্রভুগব্যয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

উচ্যেতি। হে ব্রহ্মহন্! ইত্যসকৃদুচ্যমানঃ অর্ব্বাবসুঃ। প্রতিজানাতি স্ম স্বীচকার ॥১৫॥
মমেতি। পরিমোক্ষিতো ব্রহ্মহত্যাপাপাৎ। প্রভাষিতঃ ব্রহ্মহন্নিত্যেবোক্তঃ ॥১৬॥
তূষ্ণীমিতি। বিপ্রর্ষিরর্ব্বাবসুঃ। সমাস্থায় সম্যগবলম্ব্য ॥১৭॥
রহস্যেতি। রহস্যো মন্ত্রময়ো বেদো রহস্যবেদস্তম্, কৃতবান্ প্রকাশিতবান্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১—৩॥ অবলোককঃ অবলোকনার্থী, গৃহান্ ভাষ্যাম্ ॥৪—১৩॥ বিট্‌পতে! হে প্রজাধীশ! ॥১৪—১৬॥ প্রভাষিতো মিথ্যাবাদ্যসীত্যধিক্ষিপ্তঃ ॥১৭॥ রহস্যবেদং সূর্য্যমন্ত্রপ্রকাশকং বেদম্, "ঘৃণিরিতি দ্বে অক্ষরে সূর্য্য ইতি ত্রীণি আদিত্য ইতি ত্রীণি। এতদ্বৈ সাবিত্রস্যাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্তম্" ইতি কাঠকব্রাহ্মণং কৃতবান্ দদর্শ ॥১৮॥ মূর্ত্তিমান্

নরনাথ যুধিষ্ঠির! সেই কথা শুনিয়াই বৃহদ্দ্যুম্নরাজা অর্ব্বাবসুকে তাড়াইয়া দিবার জন্য ভৃত্যদিগকে বলিলেন; ভৃত্যেরাও তাঁহাকে আসিতে বারণ করিতে লাগিল; রাজা! তখন অর্ব্বাবসু বার বার বলিলেন যে, "আমি এ ব্রহ্মহত্যা করি নাই" ॥১৪॥

ভরতনন্দন! তথাপি সেই ভৃত্যেরা 'হে ব্রহ্মহন্!' এইভাবে বার বার তাঁহাকে সম্বোধন করিতে লাগিল; কিন্তু অর্ব্বাবসু সে ব্রহ্মহত্যা নিজকৃত বলিয়া স্বীকার করিলেন না ॥১৫॥

তিনি বলিতে লাগিলেন—"আমার ভাই এই কার্য্য করিয়াছে, আর আমি তাহাকে সেই পাপ হইতে মুক্ত করিয়াছি"। তথাপি সেই ভৃত্যেরা ক্রোধবশতঃ তাঁহাকে সেই কথাই বলিতে লাগিল ॥১৬॥

তখন মহাতপা ব্রহ্মর্ষি অর্ব্বাবসু নীরবে বনেই গমন করিলেন এবং ভয়ঙ্কর তপস্যা অবলম্বন করিয়া সূর্য্যের শরণাপন্ন হইলেন ॥১৭॥

এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ অর্ব্বাবসু সূর্য্যসম্বন্ধে এক বৈদিক মন্ত্র প্রকাশ করিলেন।

(১৫)···ব্রহ্মবধ্যাং স্বয়ং কৃতাম্—বা ব কা খি।

প্রীতাস্তস্যাভবন্ দেবাঃ কর্ম্মণাঽর্ব্বাবসোনৃ‌প ! ।
তং তে প্রবরয়ামাসুর্নিরাসুশ্চ পরাবসুম্ ॥১৯॥
ততো দেবা বরং তস্মৈ দদুরগ্নিপুরোগমাঃ।
স চাপি বরয়ামাস পিতুরুত্থানমাত্মনঃ।
অনাগস্ত্বং তথা ভ্রাতুঃ পিতুশ্চাস্মরণং বধে ॥২০॥
ভরদ্বাজস্য চোত্থানং যবক্রীতস্য চোভয়োঃ।
প্রতিষ্ঠাঞ্চাপি বেদস্য সৌরস্য দ্বিজসত্তমঃ ॥২১॥ (যুগ্মকম্)
এবমস্ত্বিতি তং দেবাঃ প্রোচুশ্চাপি বরান্ দদুঃ।
ততঃ প্রাদুর্বভূবুস্তে সর্ব্ব এব যুধিষ্ঠির ! ॥২২॥
অথাব্রবীদ্‌যবক্রীতো দেবানগ্নিপুরোগমান্।
সমধীতং ময়া ব্রহ্ম ব্রতানি চরিতানি চ ॥২৩॥
কথঞ্চ বৈভ্যঃ শক্তো মামধীয়ানং তপস্বিনম্।
তথা যুক্তেন বিধিনা নিহন্তুমমরোত্তমাঃ ! ॥২৪॥

ভারতকৌমুদী

প্রীতা ইতি। প্রবরয়ামাসুঃ সর্ব্বথোৎকর্ষাৎ প্রবরং চক্রুঃ, নিরাসুঃ প্রত্যাচখ্যুঃ ॥১৯॥
তত ইতি। উত্থানমুজ্জীবনম্। অনাগস্ত্বং নিরপরাধত্বম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। সৌরস্য সূর্য্যসম্বন্ধিনঃ, বেদস্য স্বয়ং প্রকাশিতস্য, প্রতিষ্ঠাং লোকে চিরস্থিতিম্ ॥২০—২১॥
এবমিতি। তে সর্ব্ব এব রৈভ্য-ভরদ্বাজ-যবক্রীতাঃ ॥২২॥
অথেতি। সমধীতং তপসৈব সম্যক্ প্রাপ্তম, ব্রহ্ম বেদঃ, ব্রতানি ব্রহ্মচর্য্যাদীনি ॥২৩॥

তাহার পর যজ্ঞের অগ্রভোজী ও অবিনাশী সূর্য্যদেব মূর্ত্তিমান্ হইয়া নিজেই আসিয়া অর্ব্বাবসুকে দর্শন দান করিলেন ॥১৮॥

আর, রাজা ! অন্য দেবতারাও অর্ব্বাবসুর কার্য্যে তাঁহার উপরে সন্তুষ্ট হইলেন এবং তাঁহারা অর্ব্বাবসুকে শ্রেষ্ঠ করিলেন এবং পরাবসুকে প্রত্যাখ্যান করিলেন ॥১৯॥

তাহার পর অগ্নিপ্রভৃতি দেবগণ অর্ব্বাবসুকে বর দিতে চাহিলেন; তখন আপন পিতার জীবন, ভ্রাতার নির্দ্দোষতা, বধ বিষয়ে পিতার অস্মরণ, ভরদ্বাজ ও যবক্রীতের জীবন এবং আত্মপ্রকাশিত সূর্য্যমন্ত্রের প্রতিষ্ঠা—এই সকল বর ব্রাহ্মণশ্রেষ্ঠ অর্ব্বাবসু প্রার্থনা করিলেন ॥২০—২১॥

'এইরূপই হউক' এই কথা দেবতারা তাঁহাকে বলিলেন এবং সেই সকল বরই দিলেন। যুধিষ্ঠির ! তাহার পর তাঁহারা সকলেই আবির্ভূত হইলেন ॥২২॥

তদনন্তর যবক্রীত অগ্নিপ্রভৃতি দেবগণকে বলিলেন—"দেবশ্রেষ্ঠগণ ! আমি সম্যক্‌রূপে বেদ লাভ করিয়াছিলাম, ব্রত সকলও করিয়াছিলাম ॥২৩॥

দেবা ঊচুঃ।

মৈবং কৃথা যবক্রীত! যথা বদসি বৈ মুনে!।
ঋতে গুরুমধীতা হি সুখং বেদাস্ত্বয়া পুরা ॥২৫॥
অনেন তু গুরূন্ দুঃখাত্তোষয়িত্বাত্মকর্ম্মণা।
কালেন মহতা ক্লেশাদ্ব্রহ্মাধিগতমুত্তমম্ ॥২৬॥

লোমশ উবাচ।

যবক্রীতমথোক্ত্বৈবং দেবাঃ সাগ্নিপুরোগমাঃ।
সঞ্জীবয়িত্বা তান্ সর্ব্বান্ পুনর্জগ্মুস্ত্রিপিষ্টপম্ ॥২৭॥

ভারতকৌমুদী

কথমিতি। অধীয়ানং নিত্যং বেদং পঠন্তম্। তথা যুক্তেন প্রকারেণ ॥২৪॥

মেতি। এবং মনসি মা কৃথাঃ। ঋতে বিনা, অধীতাস্তপসা লব্ধাঃ ॥২৫॥

অনেনেতি। অনেন রৈভ্যেণ তু। আত্মকর্ম্মণা পরিচর্য্যারূপেণ। ব্রহ্ম বেদঃ, অধিগতং লব্ধম্। গুরুসেবয়া লব্ধত্বাত্তব বেদলাভাপেক্ষয়া রৈভস্য বেদলাভো গরীয়ানিত্যয়ং ত্বাং হন্তমশকদিতি ভাবঃ। অতএবোত্তমমিত্যুক্তম্ ॥২৬॥

যবেতি। সাগ্নয়শ্চ তে পুরোগমা অগ্রগামিনশ্চেতি তে। ত্রিপিষ্টপং স্বর্গম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

সূর্য্যস্তং দ্বিজং দদর্শ আত্মানং দর্শয়ামাস ॥১৯॥ তং দেবাঃ প্রকর্ষেণ বরয়ামাসুঃ নিরাহূর্নিবাচক্রুর্ব্বজ্রাদিতি শেষঃ ॥২০॥ প্রতিষ্ঠাং সম্প্রদায়প্রবৃত্তিম্, সৌরো বেদঃ পূর্ব্বমুক্তঃ ॥২১—২২॥ সমধীতং সম্যক্প্রাপ্তম্, ব্রহ্ম বেদঃ ॥২৩—২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৪॥

যথানিয়মে বেদপাঠও করিতাম, তপস্বীও ছিলাম; তথাপি রৈভ্যমুনি কি করিয়া আমাকে সেইভাবে বধ করিতে সমর্থ হইলেন?" ॥২৪॥

দেবগণ বলিলেন—"যবক্রীতমুনি! যেরূপ আপনি বলিতেছেন, সেরূপ মনে করিবেন না। কারণ, আপনি পূর্ব্বে গুরু ব্যতীত সুখে বেদলাভ করিয়াছিলেন ॥২৫॥

আর, রৈভ্যমুনি পরিচর্য্যাদ্বারা অতিকষ্টে গুরুদিগকে সন্তুষ্ট করিয়া দীর্ঘকালে বহু ক্লেশে বেদলাভ করিয়াছিলেন. সুতরাং আপনার বেদলাভ অপেক্ষা রৈভ্যমুনির বেদলাভ উৎকৃষ্ট ছিল" ॥২৬॥

লোমশ বলিলেন—"অগ্নিপ্রভৃতি দেবতারা যবক্রীতকে এইরূপ বলিয়া ভরদ্বাজপ্রভৃতি সকলকেই সঞ্জীবিত করিয়া পুনরায় স্বর্গে চলিয়া গেলেন ॥২৭॥

---

(২৬)…অনেন তু গুরূন্—পি। (২৭)…সেন্দ্রপুরোগমাঃ—বা ব কা নি।

আশ্রমস্তস্য পুণ্যোঽয়ং সদাপুষ্পফলদ্রুমঃ।
অত্রোষ্য রাজশার্দ্দূল! সর্ব্বপাপৈঃ প্রমোক্ষ্যসে ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যবক্রীতোপাখ্যানে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।

উশীরবীজং মৈনাকং গিরিং শ্বেতঞ্চ ভারত!।
সমতীতোঽসি কৌন্তেয়! কালশৈলঞ্চ পার্থিব! ॥১॥
এষা গঙ্গা সপ্তবিধা রাজতে ভরতর্ষভ!।
স্থানং বিরজসং পুণ্যং যত্রাগ্নির্নিত্যমিধ্যতে ॥২॥
এতদ্বৈ মানুষেণাদ্য ন শক্যং দ্রষ্টুমদ্ভুতম্।
সমাধিং কুরুতাব্যগ্রাস্তীর্থান্যেতানি দ্রক্ষ্যথ ॥৩॥

ভারতকৌমুদী

আশ্রম ইতি। তস্য রৈভ্যস্য। সদা পুষ্পাণি ফলানি চ যেষু তে তাদৃশা দ্রুমা যত্র সঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

উশীরেতি। গিরিশব্দঃ প্রত্যেকমভিসম্বধ্যতে। সমতীতঃ অতিক্রান্তঃ ॥১॥

এষেতি। সপ্তবিধা সপ্তপ্রবাহা। বিরজসং নির্ম্মলম্। ইধ্যতে দীপ্যতে ॥২॥

রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! এই সেই পবিত্র রৈভ্যমুনির আশ্রম; এ আশ্রমের বৃক্ষসকল সর্ব্বদাই পুষ্পবান্ ও ফলবান্ থাকে। তুমি এখানে বাস করিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হইবে" ॥২৮॥

—:*:—

লোমশ বলিলেন—"হে ভরতবংশীয় কুন্তীনন্দন রাজা! তুমি উশীরবীজ, মৈনাক ও শ্বেতগিরি এবং কালশৈল অতিক্রম করিয়াছ ॥১॥

ভরতশ্রেষ্ঠ! এই সপ্তপ্রবাহা গঙ্গা শোভা পাইতেছেন; এই স্থানটী নির্ম্মল ও পবিত্র; যে স্থানে সর্ব্বদাই অগ্নি প্রজ্বলিত হইতেছেন ॥২॥

(২৮)…সর্ব্বপাপং প্রমোক্ষ্যসি—বা ব কা। * '…অষ্টত্রিংশদধিকশততমঃ…' —বা ব কা পি, '…চত্বারিংশদধিকশততমঃ…'—নি।

এতৎ পশ্যসি দেবানামাক্রীড়ং চরণাঙ্কিতম্।
অতিক্রান্তোঽসি কৌন্তেয়! কালশৈলঞ্চ পর্ব্বতম্ ॥৪॥
শ্বেতং গিরিং প্রবেক্ষ্যামো মন্দরঞ্চৈব পর্ব্বতম্।
যত্র মাণিবরো যক্ষঃ কুবেরশ্চৈব যক্ষরাট্ ॥৫॥
অষ্টাশীতিসহস্রাণি গন্ধর্ব্বাঃ শীঘ্রগামিনঃ।
তথা কিম্পুরুষা রাজন্! যক্ষাশ্চৈব চতুর্গুণাঃ ॥৬॥
অনেকরূপসংস্থানা নানাপ্রহরণাশ্চ তে।
যক্ষেন্দ্রং মনুজশ্রেষ্ঠ! মাণিভদ্রমুপাসতে ॥৭॥ (যুগ্মকম্)
তেষামৃদ্ধিরতীবাত্র গতৌ বায়ুসমাশ্চ তে।
স্থানাৎ প্রচ্যাবয়েয়ুর্যে দেবরাজমপি ধ্রুবম্ ॥৮॥
তৈস্তাত! বলিভির্গুপ্তা যাতুধানৈশ্চ রক্ষিতাঃ।
দুর্গমাঃ পর্ব্বতাঃ পার্থ! সমাধিং পরমং কুরু ॥৯॥

ভারতকৌমুদী

এতদিতি। সমাধিম্ এতত্তীর্থদর্শনে একাগ্রতাম্, অব্যগ্রা অনাকুলচিত্তাঃ ॥৩॥
এতদিতি। আক্রীড়ং ক্রীড়াস্থানম্, অতএব দেবানামেব চরণাঙ্কিতম্ ॥৪॥
শ্বেতমিতি। শ্বেতং গিরিং কৈলাসম্। মাণিবরো নাম, মণিভদ্রোঽপ্যস্য নাম ॥৫॥
অষ্টেতি। চতুর্গুণা অষ্টাশীতিসহস্রাণামেব। সংস্থানমঙ্গম্ ॥৬—৭॥
তেষামিতি। ঋদ্ধির্ধনসম্পৎ। স্থানাদ্দেবরাজত্বপদাৎ, প্রচ্যাবয়েয়ুঃ ভ্রংশয়েয়ুঃ ॥৮॥

এই অদ্ভুত স্থানটাকে এখন আর মানুষ দেখিতে সমর্থ হয় না; সুতরাং তোমরা অধীর না হইয়া একাগ্রতা অবলম্বন কর; তাহা হইলেই তীর্থগুলি দেখিতে পাইবে ॥৩॥

এই দেবগণের ক্রীড়াস্থান দেখিতেছ, ইহাতে সেই দেবগণের চরণচিহ্ন সকল রহিয়াছে। কুন্তীনন্দন! তুমি কালশৈল অতিক্রম করিয়াছ ॥৪॥

আমরা এখন ক্রমশঃ কৈলাসপর্ব্বত ও মন্দরপর্ব্বতে প্রবেশ করিব; যেখানে মাণিবরযক্ষ ও যক্ষরাজ কুবের অবস্থান করেন ॥৫॥

মনুষ্যশ্রেষ্ঠ রাজা! অষ্টাশী হাজার দ্রুতগামী গন্ধর্ব্ব ও কিন্নর এবং তাহার চতুর্গুণ যক্ষ নানাবিধ রূপ ও অঙ্গশালী হইয়া এবং নানাবিধ অস্ত্র ধারণ করিয়া যক্ষশ্রেষ্ঠ মণিভদ্রের সেবা করিয়া থাকে ॥৬—৭॥

এখানে তাহাদের অত্যন্ত ধনসমৃদ্ধি আছে এবং তাহারা গমনে বায়ুর তুল্য বেগবান্; যাহারা দেবরাজকে নিশ্চয়ই স্বস্থান হইতে ভ্রষ্ট করিতে পারে ॥৮॥

(৪)…এতদ্দ্রক্ষ্যসি—বা ব কা নি। (৫)…অত্র মাণিবরঃ—বা ব কা নি।

কুবেরসচিবাশ্চান্যে রৌদ্রা মৈত্রাশ্চ রাক্ষসাঃ।
তৈঃ সমেষ্যাম কৌন্তেয়! সংযত্তো বিক্রমে ভব ॥১০॥
কৈলাসপর্ব্বতো রাজন্। ষড়্‌যোজনশতোচ্ছ্রিতঃ।
যত্র দেবাঃ সমায়ান্তি বিশালা যত্র ভারত! ॥১১॥
অসংখ্যেয়াস্তু কৌন্তেয়! যক্ষরাক্ষসকিন্নরাঃ।
নাগাঃ সুপর্ণা গন্ধর্ব্বাঃ কুবেরসদনং প্রতি ॥১২॥
তান্ বিগাহস্ব পার্থাদ্য তপসা চ দমেন চ।
রক্ষ্যমাণো ময়া রাজন্! ভীমসেনবলেন চ ॥১৩॥
স্বস্তি তে বরুণো রাজা যমশ্চ সমিতিঞ্জয়ঃ।
গঙ্গা চ যমুনা চৈব পর্ব্বতশ্চ দধাতু তে ॥১৪॥

ভারতকৌমুদী

তৈরিতি। গুপ্তা রক্ষিতাঃ, যাতুধানৈ রাক্ষসৈঃ। সমাধিং গমনে একাগ্রতাম্ ॥৯॥
কুবেরেতি। রৌদ্রা ভয়ঙ্করাঃ, মৈত্রা মিত্রভাবাপন্নাঃ,অবস্থাবিশেষে ইত্যুভয়ত্রাপ্যাশয়ঃ। সমেষ্যাম মিলিতা ভবিষ্যামঃ, বিসর্গলোপ আর্ষঃ। সংযত্তো যত্নবান্ ॥১০॥
কৈলাসেতি। উচ্ছ্রিত উচ্চঃ। বিশালা বদরী নগরী বা ॥১১॥
অসংখ্যেয়া ইতি। সুপর্ণা গরুড়বংশীয়াঃ। কুবেরসদনং প্রতি কুবেরনগরে ॥১২॥
তানিতি। তান্ বিগাহস্ব তেষু প্রবিশ। দমেন ইন্দ্রিয়নিগ্রহেণ ॥১৩॥
স্বস্তীতি। স্বস্তি মঙ্গলম্। সমিতিঞ্জয়ো যুদ্ধবিজয়ী। দধাতু বিদধাতু ॥১৪॥

বৎস পৃথানন্দন! সেই বলবান্ গন্ধর্ব্ব, কিন্নর, যক্ষ ও রাক্ষসগণের রক্ষিত এই সকল দুর্গম পর্ব্বত দেখা যাইতেছে; এ গুলিতে প্রবেশ করিবার জন্য বিশেষ মনোযোগ কর ॥৯॥

ভয়ঙ্করপ্রকৃতি ও কোমলস্বভাব অন্যান্য অনেক রাক্ষসও কুবেরের মন্ত্রী হইয়া রহিয়াছে; আমরা তাহাদের সহিত মিলিত হইব; সুতরাং কুন্তীনন্দন! তুমি বিক্রমপ্রকাশে বিশেষ যত্নবান্ হও ॥১০॥

ভরতনন্দন রাজা! কৈলাসপর্ব্বত ছয় শত যোজন উচ্চ; যেখানে দেবতারা আসিয়া থাকেন এবং যেখানে বিশাল একটী নগরী আছে ॥১১॥

কুন্তীনন্দন! অসংখ্য যক্ষ, রাক্ষস, কিন্নর, নাগ, সুপর্ণ ও গন্ধর্ব্ব কুবেরের নগরে অবস্থান করে ॥১২॥

পৃথানন্দন রাজা! আমি ও ভীমসেন তোমাকে রক্ষা করিব—এই অবস্থায় তুমি আজ তপস্যা ও ইন্দ্রিয়সংযমের প্রভাবে তাহাদের মধ্যে প্রবেশ কর ॥১৩॥

(১০)...সংযত্তো বিক্রমেণ চ—বা ব কা,...যত্তো বিক্রমণে ভব—নি।

মরুতশ্চ সহাশ্বিভ্যাং সরিতশ্চ সরাংসি চ।
স্বস্তি দেবাসুরেভ্যশ্চ বসুভ্যশ্চ বিশাংপতে! ॥১৫॥
ইন্দ্রস্য জাম্বূনদপর্ব্বতাধে শৃণোমি ঘোষং তব দেবি! গঙ্গে!।
গোপায়য়েমং সুভগে! গিরিভ্যঃ সর্ব্বাজমীঢ়াপচিতং নরেন্দ্রম্ ॥১৬॥
দদস্ব শর্ম্ম প্রবিবিক্ষতোঽস্য শৈলানিমান্ শৈলসুতে! নৃপস্য।
উক্ত্বা তথা সাগরগাং স বিপ্রো যত্তো ভবস্বেতি শশাস পার্থম্ ॥১৭॥
যুধিষ্ঠির উবাচ।
অপূর্ব্বোঽয়ং সম্ভ্রমো লোমশস্য কৃষ্ণাং সর্ব্বে রক্ষত মা প্রমাদম্।
দেশো হ্যয়ং দুর্গতমো মতোঽস্য তস্মাৎ পরং শৌচমিহাচরধ্বম্ ॥১৮॥

ভারতকৌমুদী

মরুত ইতি। হে বিশাংপতে! অশ্বিভ্যাং সহ মরুতো বায়বঃ সরিতশ্চ সরাংসি চ তে স্বস্তি বিদধত্বিতি পূর্ব্বানুকর্ষঃ। দেবাসুরেভ্যশ্চ বসুভ্যশ্চ তে স্বস্তি ভবত্বিতি শেষঃ ॥১৫॥

ইন্দ্রস্যেতি। জাম্বূনদপর্ব্বতাৎ স্বর্ণপর্ব্বতাৎ সুমেরুতঃ। গোপায় রক্ষ, আয়প্রত্যয়াস্তাদ্-গুপধাতোশ্চুরাদিত্বাৎ স্বার্থে ইন্। সর্ব্বৈঃ আজমীঢৈরজমীঢ়বংশীয়ৈঃ অপচিতং পূজিতম্ ॥১৬॥

দদস্বেতি। শর্ম্ম মঙ্গলম্, প্রবিবিক্ষতঃ প্রবেষ্টুমিচ্ছতঃ। যত্তঃ শৈলপ্রবেশে যত্নবান্ ॥১৭॥

অপূর্ব্ব ইতি। প্রমাদমনবধানতাম্, মা কুরুতেতি শেষঃ। দুর্গতমঃ অতীবদুর্গমঃ পরমত্যন্তম্, শৌচং বাঙ্মনঃকায়শুদ্ধিম্, আচরধ্বং কুরুত ॥১৮॥

ভারতভাবদীপঃ

উশীরেতি ॥১॥ যত্রাগ্নির্নিত্যমিধ্যত ইতি ত্রিযোগিনারায়ণাখ্যং হরিদ্বারাৎ পরতঃ স্থানমস্তি ॥২—১০॥ বিশালা বদরী ॥১১—১৫॥ ইন্দ্রস্য ইন্দ্রসম্বন্ধিনো জাম্বূনদং সুবর্ণং তন্ময়াৎ পর্ব্বতাম্মেরোঃ গোপায়য়েতি ণিজন্তস্য রূপম্, দেবৈরিতি শেষঃ স্বার্থে বা ণিচ্, আজমীঢ়বংশে

বরুণ, যুদ্ধবিজয়ী যমরাজা, গঙ্গা, যমুনা ও পর্ব্বত সকল তোমার মঙ্গল করুন ॥১৪॥

অশ্বিনীকুমারদ্বয়ের সহিত সমস্ত বায়ু, সমস্ত নদী ও সমস্ত সরোবর তোমার মঙ্গল করুন এবং অন্যান্য দেবতা, অসুর ও বসুগণ হইতেও তোমার মঙ্গল হউক ॥১৫॥

গঙ্গাদেবি! আমি ইন্দ্রের সুমেরুপর্ব্বত হইতে তোমার শব্দ শুনিতেছি। সুভগে! তুমি সমস্ত অজমীঢ়বংশীয়গণকর্ত্তৃক সম্মানিত এই রাজাকে পর্ব্বত হইতে রক্ষা কর ॥১৬॥

শৈলসুতে! রাজা যুধিষ্ঠির এই পর্ব্বতসমূহে প্রবেশ করিবার ইচ্ছা করিতেছেন; অতএব তুমি ইঁহাকে মঙ্গল দান কর"। লোমশমুনি গঙ্গাকে এইরূপ বলিয়া যুধিষ্ঠিরকে উপদেশ দিলেন যে, "তুমি পর্ব্বতপ্রবেশে যত্নবান্ হও" ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ।

ততোঽব্রবীদ্ভীমমুদারবীর্য্যং কৃষ্ণাং যত্তঃ পালয় ভীমসেন!।
শূন্যেঽর্জ্জুনেঽসন্নিহিতে চ তাত! ত্বামেব কৃষ্ণা ভজতে ভয়েষু॥১৯॥
ততো মহাত্মা স যমৌ সমেত্য মূর্দ্ধন্যুপাঘ্রায় বিমৃজ্য গাত্রে।
উবাচ তৌ বাষ্পকলং স রাজা মা ভৈষ্টমাগচ্ছতমপ্রমত্তৌ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরবাক্যে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ॥০॥ *

-:*:-

ভারতকৌমুদী

তত ইতি। অব্রবীদযুধিষ্ঠির ইতি শেষঃ। উদারবীর্য্যং মহাবলম্। যত্তো যত্নবান সন্। শূন্যে লোকরহিতে স্থানে, অর্জ্জুনে চাসন্নিহিতে, কৃষ্ণা দ্রৌপদী॥১৯॥

তত ইতি। যমৌ নকুলসহদেবৌ। বাষ্পকলং স্নেহাশ্রুবিন্দুবিসর্জ্জনপূর্ব্বকম্॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াংপঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

অপচিত' পূজিতং শ্রেষ্ঠমিত্যর্থঃ॥১৬॥ দদস্ব দেহি॥১৭॥ শৌচং বাঙ্মনঃকায়শুদ্ধিম॥১৮—১৯॥
ভৈষ্টমিতি চ্ছেদঃ॥২০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ॥১১৫॥

যুধিষ্ঠির বলিলেন—"লোমশমুনির অভূতপূর্ব্ব ব্যস্ততা দেখা যাইতেছে; অতএব তোমরা সকলে দ্রৌপদীকে রক্ষা কর এবং নিজেরাও সাবধান হও। ইনি এই স্থানটাকে অত্যন্ত দুর্গম মনে করেন; সুতরাং সকলেই সর্ব্বপ্রকার পবিত্র হও"॥১৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুধিষ্ঠির মহাবল ভীমকে বলিলেন—"ভীম! তুমি বিশেষ যত্নবান্ হইয়া দ্রৌপদীকে রক্ষা কর। কারণ, বৎস! শূন্য স্থানে অর্জ্জুন নিকটে না থাকিলে ভয়ের সময়ে দ্রৌপদী তোমাকেই অবলম্বন করেন"॥১৯॥

তাহার পর মহাত্মা যুধিষ্ঠির নকুল ও সহদেবের নিকট যাইয়া তাঁহাদের মস্তকাঘ্রাণ ও গাত্রমার্জ্জন করিয়া স্নেহাশ্রু বিসর্জ্জনপূর্ব্বক তাঁহাদিগকে বলিলেন—"তোমরা ভীত হইও না, সাবধানে আগমন কর"॥২০॥

—:*:—

---

* '...একোনচত্বারিংশদধিকঃ...' —বা ব কা পি, '...একচত্বারিংশদধিকঃ...' —নি।

ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

অন্তর্হিতানি ভূতানি বলবন্তি মহান্তি চ।
অগ্নিনা তপসা চৈব শক্যং গন্তুং বৃকোদর! ॥১॥
সন্নিবর্ত্তয় কৌন্তেয়! ক্ষুৎপিপাসে বলাশ্রয়াৎ।
ততো বলঞ্চ দাক্ষ্যঞ্চ সংশ্রয়স্ব বৃকোদর। ॥২॥
ঋষেস্ত্বয়া শ্রুতং বাক্যং কৈলাসং পর্ব্বতং প্রতি।
বুদ্ধ্যা প্রপশ্য কৌন্তেয়! কথং কৃষ্ণা গমিষ্যতি ॥৩॥
অথবা সহদেবেন ধৌম্যেন চ সমং বিভো।।
সূতৈঃ পৌরোগবৈশ্চৈব সর্ব্বৈশ্চ পরিচারকৈঃ ॥৪॥
রথৈরশ্বৈশ্চ যে চান্যে বিপ্রাঃ ক্লেশাসহাঃ পথি।
সর্ব্বৈস্তৈঃ সহিতো ভীম! নিবর্ত্তস্বায়তেক্ষণ। ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অন্তরিতি। অন্তর্হিতানি অদৃশ্যতয়া তিষ্ঠন্তি, ভূতানি দেবজাতীয়াঃ প্রাণিনঃ। অতএব তান্যনিষ্টমপি কুর্য্যুরিতি ভাবঃ। তেন চ অগ্নিনা অগ্নিগ্রহণেন, তপসা তদ্বলেন ॥১॥

সমিতি। সন্নিবর্ত্তয় সম্যগ্বিজহীহি। দাক্ষ্যং দুর্গমস্থানে গমননৈপুণ্যম্ ॥২॥

ঋষেরিতি। ঋষের্লোমশাৎ। প্রপশ্য পর্য্যালোচয়। কৃষ্ণা দ্রৌপদী ॥৩॥

অথবেতি। সূতৈঃ সারথিভিঃ, পৌরোগবৈঃ পাকশালাধ্যক্ষৈঃ, "পৌরোগবস্তদধ্যক্ষঃ" ইত্যমরঃ। নিবর্ত্তস্ব, পর্ব্বতপ্রবেশাদিতি শেষঃ। হে আয়তেক্ষণ! বিস্তৃতনয়ন! ॥৪—৫॥

যুধিষ্ঠির বলিলেন—"ভীম! এখানে বলবান্ ও বিশালাকৃতি প্রাণী সকল অদৃশ্যভাবে থাকে; সুতরাং অগ্নি গ্রহণ করিয়া তপোবলে যাইতে পারা যায় ॥১॥

কুন্তীনন্দন ভীম! তুমি সহিষ্ণুতার বলে ক্ষুধা ও পিপাসা পরিত্যাগ কর এবং দুর্গম পথে গমনের শক্তি ও নিপুণতা অবলম্বন কর ॥২॥

কুন্তীনন্দন! তুমি লোমশমুনির নিকট কৈলাসপর্ব্বতের বিবরণ শুনিয়াছ; সুতরাং বুদ্ধিদ্বারা পর্য্যালোচনা কর দেখি—দ্রৌপদী কি করিয়া গমন করিবেন ॥৩॥

অথবা, প্রভাবশালী বিস্তৃতনয়ন ভীম! সহদেব, ধৌম্য, সারথিগণ,

ত্রয়ো বয়ং গমিষ্যামো লঘ্বাহারা যতব্রতাঃ।
অহঞ্চ নকুলশ্চৈব লোমশশ্চ মহাতপাঃ ॥৬॥
মমাগমনমাকাঙ্ক্ষন্ গঙ্গাদ্বারে সমাহিতঃ।
বসেহ দ্রৌপদীং রক্ষন্ যাবদাগমনং মম ॥৭॥

ভীম উবাচ।

রাজপুত্রী শ্রমেণার্ত্তা দুঃখার্ত্তা চৈব ভারত !
ব্রজত্যেব হি কল্যাণী শ্বেতবাহদিদৃক্ষয়া ॥৮॥
তব চাপ্যরতিস্তীব্রা বর্ত্ততে তমপশ্যতঃ।
গুড়াকেশং মহাত্মানং সংগ্রামেষ্বপলায়িনম্।
কিং পুনঃ সহদেবঞ্চ মাঞ্চ কৃষ্ণাঞ্চ ভারত ! ॥৯॥
দ্বিজাঃ কামং নিবর্ত্তন্তাং সর্ব্বে চ পরিচারকাঃ।
সূতাঃ পৌরোগবাশ্চৈব যঞ্চ মন্যেত নো ভবান্ ॥১০॥

ভারতকৌমুদী

ত্রয় ইতি। লঘ্বাহারাঃ স্বল্পভোজনাঃ, যতব্রতা সংযতনিদ্রাদিনিয়মাঃ ॥৬॥

মমেতি। আকাঙ্ক্ষন্ প্রতীক্ষমাণঃ, গঙ্গাদ্বারে হরিদ্বারে। বস তিষ্ঠ ॥৭॥

রাজেতি। কল্যাণী কল্যাণকারিণী কৃষ্ণা, শ্বেতবাহদিদৃক্ষয়া অর্জ্জুনদর্শনেচ্ছয়া ॥৮॥

তবেতি। অরতির্বিষাদঃ। গুড়াকেশমর্জ্জুনম্। সহদেবঞ্চ মাঞ্চ কৃষ্ণাঞ্চ অপশ্যতস্তব কিং পুনঃ সা অরতির্ন ভবিষ্যতীতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

দ্বিজা ইতি। কামং যথেপ্সিতম্। মন্যেত সহ গমনায় নানুমন্যেত ॥১০॥

পাকশালাধ্যক্ষগণ, সমস্ত পরিচারক, রথ, অশ্ব এবং অন্য যে সকল ব্রাহ্মণ পথের কষ্ট সহ্য করিতে অক্ষম, ইহাদের সকলের সহিত তুমি নিবৃত্ত হও ॥৪—৫॥

কেবল আমি, নকুল ও মহাতপা লোমশ—আমরা তিন জন অল্প ভোজন করিতে থাকিয়া এবং নিদ্রাপ্রভৃতি নিয়ম সংযত করিয়া গমন করিব ॥৬॥

আমার আগমনের প্রতীক্ষা এবং দ্রৌপদীকে রক্ষা করিতে থাকিয়া সাবধান হইয়া আমার প্রত্যাগমনপর্য্যন্ত এই গঙ্গাদ্বারেই অবস্থান কর" ॥৭॥

ভীম বলিলেন—"ভরতনন্দন ! পরিশ্রান্তা, দুঃখিতা, রাজনন্দিনী এবং সকলেরই কল্যাণকারিণী দ্রৌপদী অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় যাইবেনই ॥৮॥

ভরতনন্দন ! আপনি, যুদ্ধে অপলায়ী ও মহাত্মা একমাত্র অর্জ্জুনকে দেখিতেন না বলিয়াই আপনার গুরুতর বিষাদ চলিতেছে ; এ অবস্থায় আবার সহদেবকে, আমাকে ও দ্রৌপদীকে দেখিতে না পাইলে কি আরও গুরুতর বিষাদ হইবে না ? ॥৯॥

ন হ্যহং হাতুমিচ্ছামি ভবন্তমিহ কর্হিচিৎ।
শৈলেঽস্মিন্ রাক্ষসাকীর্ণে দুর্গেষু বিষমেষু চ ॥১১॥
ইয়ঞ্চাপি মহাভাগা রাজপুত্রী পতিব্রতা।
ত্বামৃতে পুরুষব্যাঘ্র! নোৎসহেদ্বিনিবর্ত্তিতুম্ ॥১২॥
তথৈব সহদেবোঽয়ং সততং ত্বামনুব্রতঃ।
ন জাতু বিনিবর্ত্তেত মনোজ্ঞো হ্যহমস্য বৈ ॥১৩॥
অপি চাত্র মহারাজ! সব্যসাচিদিদৃক্ষয়া।
সর্ব্বে লালসভূতাঃ স্ম তস্মাদ্যাস্যামহে সহ ॥১৪॥
যদ্যশক্যো রথৈর্গন্তুং শৈলোঽয়ং বহুকন্দরঃ।
পদ্ভিরেব গমিষ্যামো মা রাজন্! বিমনা ভব ॥১৫॥
অহং বহিষ্যে পাঞ্চালীং যত্র যত্র ন শক্ষ্যতি।
ইতি মে বর্ত্ততে বুদ্ধির্মা রাজন্! বিমনা ভব ॥১৬॥

ভারতকৌমুদী

নেতি। হাতুং ত্যক্তুম্। দুর্গেষু দুর্গমেষু, বিষমেষু উচ্চাবচেষু স্থানেষু ॥১১॥
ইয়মিতি। ঋতে বিনা। নোৎসহেৎ শক্নুয়াৎ, পতিব্রতারূপত্বাদেবেতি ভাবঃ ॥১২॥
তথেতি। ত্বাং প্রতি অনুব্রতঃ অনুকূলঃ। জাতু কদাচিৎ, মনোজ্ঞঃ অভিপ্রায়জ্ঞঃ ॥১৩॥
অপীতি। সব্যসাচিদিদৃক্ষয়া অর্জ্জুনদর্শনেচ্ছয়া। লালসভূতা উৎসুকা জাতাঃ ॥১৪॥
যদীতি। বহূনি কন্দরাণি গুহা যত্র সঃ। বিমনা উদ্বিগ্নচিত্তঃ ॥১৫॥

সুতরাং সকল ব্রাহ্মণ, পরিচারক, সারথি, পাকশালাধ্যক্ষ এবং আপনি যাঁহাকে যাইবার অনুমতি না দিবেন, তিনি ইচ্ছানুসারে নিবৃত্ত হউন ॥১০॥

কিন্তু আমি এই রাক্ষসাকীর্ণ পর্ব্বতে দুর্গম ও বিষম স্থানে কখনই আপনাকে পরিত্যাগ করিতে ইচ্ছা করি না ॥১১॥

পুরুষশ্রেষ্ঠ! তা'র পর মহাভাগা ও পতিব্রতা এই রাজনন্দিনী দ্রৌপদী আপনাকে ছাড়িয়া নিবৃত্ত হইতে পারিবেন না ॥১২॥

এবং এই সহদেবও সর্ব্বদাই আপনার অনুকূল; সুতরাং সহদেবও কখনই নিবৃত্তি পাইবে না। কারণ, আমি উহার মনের ভাব জানি ॥১৩॥

আর, মহারাজ! সকলেই অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় উৎকণ্ঠিত হইয়াছেন; অতএব আমরা সকলেই আপনার সহিত যাইব ॥১৪॥

তবে, এই পর্ব্বতে বহুতর গুহা আছে বলিয়া যদি রথে গমন করিতে পারা না যায়, তাহা হইলে আমরা পদব্রজেই গমন করিব; আপনি উদ্বিগ্ন হইবেন না ॥১৫॥

সুকুমারৌ তথা বীরৌ মাদ্রীনন্দিকরাবুভৌ।
দুর্গে সন্তারয়িষ্যামি যত্রাশক্তৌ ভবিষ্যতঃ ॥১৭॥

যুধিষ্ঠির উবাচ। *

এবং তে ভাষমাণস্য বলং ভীমাভিবর্দ্ধতাম্।
যত্ত্বমুৎসহসে বোঢ়ুং পাঞ্চালীঞ্চ যশস্বিনীম্ ॥১৮॥
যমজৌ চাপি ভদ্রং তে নৈতদন্যত্র বিদ্যতে।
বলং তব যশশ্চৈব ধর্ম্মঃ কীর্ত্তিশ্চ বর্দ্ধতাম্ ॥১৯॥
যত্ত্বমুৎসহসে বোঢ়ুং ভ্রাতরৌ সহ কৃষ্ণয়া।
মা তে গ্লানির্মহাবাহো! মা চ তেঽস্তু পরাভবঃ ॥২০॥

ভারতকৌমুদী

অহমিতি। বহিষ্যে বক্ষ্যামি, ইড়াগম আর্ষঃ। ন শক্ষ্যতি গন্তুমিতি শেষঃ ॥১৬॥
সুকুমারাবিতি। মাদ্র্যা নন্দিকরৌ আনন্দজনকৌ। দুর্গে দুর্গমস্থানে ॥১৭॥
এবমিতি। উৎসহসে উৎসাহেনেচ্ছসি ॥১৮॥
যমজাবিতি। যমজৌ নকুলসহদেবৌ চাপি বোঢ়ুমুৎসহস ইত্যনুবৃত্তিঃ ॥১৯॥
যদিতি। গ্লানিরায়াসঃ। পরাভবো যুদ্ধে পরাজয়ঃ ॥২০॥

রাজা! পাঞ্চালী যেখানে যেখানে গমন করিতে না পারিবেন, আমি সেইখানে সেইখানেই উঁহাকে বহন করিব; এ-ই আমার ইচ্ছা; আপনি উদ্বিগ্ন হইবেন না ॥১৬॥

তা'র পর কোমলাঙ্গ, বীর ও মাদ্রীর আনন্দজনক নকুল এবং সহদেবও যে দুর্গমস্থানে গমন করিতে অসমর্থ হইবে, সেখানে উঁহাদিগকে আমি পার করিয়া দিব" ॥১৭॥

যুধিষ্ঠির বলিলেন—"ভীম! তুমি যখন যশস্বিনী পাঞ্চালীকে বহন করিবার ইচ্ছা করিতেছ এবং এইরূপ বলিতেছ, তখন তোমার বলবৃদ্ধি হউক ॥১৮॥

এবং যখন নকুল-সহদেবকেও বহন করিবার ইচ্ছা করিতেছ, তখন তোমার মঙ্গল, বল, যশ, ধর্ম্ম ও কীর্ত্তি বৃদ্ধি লাভ করুক। এরূপ ব্যবহার অন্যত্র নাই ॥১৯॥

মহাবাহু! তুমি যখন দ্রৌপদীর সহিত নকুল-সহদেবকে বহন করিবার ইচ্ছা করিতেছ, তখন যেন তোমার গ্লানি ও পরাভব হয় না" ॥২০॥

* রাজোবাচ—পি। (১৮)···পাঞ্চালীং বিপুলেঽধ্বনি—পি নি। (২০)···যত্ত্বমুৎসহসে নেতুম্—বা ব কা নি।

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কৃষ্ণাঽব্রবীদ্বাক্যং প্রহসন্তী মনোরমম্।
গমিষ্যামি ন সন্তাপঃ কার্য্যো মাং প্রতি ভারত! ॥২১॥

লোমশ উবাচ।

তপসা শক্যতে গন্তুং পর্ব্বতং গন্ধমাদনম্।
তপসা চৈব কৌন্তেয়! সর্ব্বে যোক্ষ্যামহে বয়ম্ ॥২২॥
নকুলঃ সহদেবশ্চ ভীমসেনশ্চ পার্থিব।।
অহঞ্চ ত্বঞ্চ কৌন্তেয়! দ্রক্ষ্যামঃ শ্বেতবাহনম্ ॥২৩॥

বৈশম্পায়ন উবাচ।

এবং সম্ভাষমাণাস্তে সুবাহুবিষয়ং মহৎ।
দদৃশুর্মুদিতা রাজন্! প্রভূতগজবাজিমৎ ॥২৪॥
কিরাত-তঙ্গণাকীর্ণং পুলিন্দশতসঙ্কুলম্।
হিমবত্যমরৈর্জুষ্টং বহ্বাশ্চর্য্যসমাকুলম্ ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। গমিষ্যামি স্বয়মেবেত্যাশয়ঃ। সন্তাপ উদ্বেগঃ ॥২১॥

তপসেতি। শক্যত ইতি কর্ত্তরি যন্, ধাতুশ্চায়মুভয়পদী দৈবাদিকঃ ॥২২॥

নকুল ইতি। শ্বেতবাহনম্ অর্জ্জুনম্ ॥২৩॥

এবমিতি। সুবাহোঃ পুলিন্দরাজস্য বিষয়ং রাজ্যম্। ক্লীবত্বমার্ষম্। প্রভূতগজবাজিমৎ প্রচুরহস্ত্যশ্বযুক্তম্। কিরাত-তঙ্গণ-পুলিন্দা অন্ত্যজবিশেষাঃ ॥২৪—২৫॥

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর দ্রৌপদী হাসিতে হাসিতে মনোহর বাক্য বলিলেন—"আমি নিজেই গমন করিতে পারিব; সুতরাং ভরতনন্দন! আপনি আমার বিষয়ে উদ্বেগ করিবেন না" ॥২১॥

লোমশ বলিলেন—"তপোবলেই গন্ধমাদনপর্ব্বতে যাইতে পারা যায়; সুতরাং কুন্তীনন্দন! আমরা সকলেই তপস্যাযুক্ত হইব ॥২২॥

রাজা কুন্তীনন্দন! তাহার পর ভীম, নকুল, সহদেব, আমি এবং তুমি—আমরা সকলে যাইয়া অর্জ্জুনকে দর্শন করিব" ॥২৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! তাঁহারা আনন্দিতচিত্তে এইরূপ আলাপ করিতে করিতে যাইয়া সুবাহুরাজার বিশাল রাজ্য দর্শন করিলেন; সেই রাজ্যে প্রচুর হস্তী, অশ্ব, কিরাত, তঙ্গণ ও পুলিন্দ ছিল, হিমালয়ভাগে দেবতারা বিচরণ করিতেন এবং বহুতর আশ্চর্য্য বস্তু ছিল ॥২৪—২৫॥

---

(২১)—প্রহসন্তী মনোরমা—বা ব কা নি।

সুবাহুশ্চাপি তান্ দৃষ্ট্বা পূজয়া প্রত্যগৃহ্লত।
বিষয়ান্তে পুলিন্দানামীশ্বরঃ প্রীতিপূর্ব্বকম্ ॥২৬॥
ততস্তে পূজিতাস্তেন সর্ব্ব এব সুখোষিতাঃ।
প্রতস্থুর্বিমলে সূর্য্যে হিমবন্তং গিরিং প্রতি ॥২৭॥
ইন্দ্রসেনমুখাংশ্চৈব ভৃত্যান্ পৌরোগবাংস্তথা।
সূদাংশ্চ পারিবর্হাংশ্চ দ্রৌপদ্যাঃ সর্ব্বশো নৃপ ! ॥২৮॥
রাজ্ঞঃ পুলিন্দাধিপতেঃ পরিদায় মহারথাঃ।
পদ্ভিরেব মহাবীর্য্যা যযুঃ কৌরবনন্দনাঃ ॥২৯॥ (যুগ্মকম্)
তে শনৈঃ প্রাদ্রবন্ সর্ব্বে কৃষ্ণয়া সহ পাণ্ডবাঃ।
তস্মাদ্দেশাৎ সুসংহৃষ্টা দ্রষ্টুকামা ধনঞ্জয়ম্ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সুবাহুরিতি। পূজয়া সম্মানেন। বিষয়ান্তে রাজ্যপ্রান্তে। ঈশ্বরো রাজা ॥২৬॥

তত ইতি। সুখেন উষিতা রাত্রাববস্থিতাঃ। বিমলে সূর্য্যে উদিতে সতি ॥২৭॥

ইন্দ্রেতি। পৌরোগবান্ পাকশালাধ্যক্ষান্, সূদান্ পাচকান্, দ্রৌপদ্যাঃ পারিবর্হান্ পরিচারকাংশ্চ। পরিদায় রক্ষণার্থং সমর্প্য ॥২৮—২৯॥

ভারতভাবদীপঃ

অন্তর্হিতানীতি ॥১—২৮॥ পরিদায় রক্ষার্থং সমর্প্য ॥২৯—৩০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৬॥

পুলিন্দরাজ সুবাহুও রাজ্যপ্রান্তে তাঁহাদিগকে দেখিয়া প্রীতি ও সম্মানপূর্ব্বক তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥২৬॥

তাহার পর তাঁহারা সকলেই সুবাহুকর্ত্তৃক সম্মানিত হইয়া রাত্রিতে সুখে বাস করিয়া প্রভাতকালে নির্ম্মল সূর্য্য উদিত হইলে হিমালয়পর্ব্বতের দিকে প্রস্থান করিলেন ॥২৭॥

রাজা ! ইন্দ্রসেনপ্রভৃতি ভৃত্যগণ, পাকশালার অধ্যক্ষগণ, পাচকগণ এবং দ্রৌপদীর পরিচারকগণকে পুলিন্দরাজের নিকট রাখিয়া মহারথ ও মহাবীর পাণ্ডবেরা পদব্রজেই প্রস্থান করিয়াছিলেন ॥২৮—২৯॥

সেই পাণ্ডবেরা সকলেই অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় অত্যন্ত আনন্দিত

---

* '...চত্বারিংশদধিকশততম...' —বা ব কা পি, '...দ্বিচত্বারিংশদধিকশততম...'— নি।

সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

ভীমসেন! যমৌ চোভৌ! পাঞ্চালি! চ নিবোধত।
নাস্তি ভূতস্য নাশো বৈ পশ্যতাস্মান্ বনেচরান্ ॥১॥
দুর্ব্বলাঃ ক্লেশিতাঃ স্মেতি যদ্বহামেতরেতরম্।
অশক্যেঽপি ব্রজামেতি ধনঞ্জয়দিদৃক্ষয়া ॥২॥
তন্মে দহতি গাত্রাণি তূলরাশিমিবানলঃ।
যচ্চ বীরং ন পশ্যামি ধনঞ্জয়মুপান্তিকে ॥৩॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রাদ্রবন্ অগচ্ছন্, কৃষ্ণয়া দ্রৌপদ্যা। সুসংহৃষ্টা আনন্দিতাঃ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভীমেতি। ভূতস্য অতীতস্য পূর্ব্বজন্মকৃতকর্ম্মণ ইত্যর্থঃ, ভোগেন বিনা নাশো নাস্তি। অস্মান্ রাজপুত্রানপি বনেচরান্ পশ্যত। প্রাক্তনকর্ম্মণ এবেদং ফলমিতি ভাবঃ ॥১॥

উক্তার্থে হেত্বন্তরাণ্যাহ—দুর্ব্বলা ইতি। দুর্ব্বলাঃ কৃতাঃ ক্লেশিতাশ্চ শত্রুভিরিতি শেষঃ। ইতরেতরং পরস্পরম্, বহামঃ অনুকূলয়াম ইত্যর্থঃ। বিসর্গাণাং লোপ আর্ষঃ ॥২॥

হইয়া দ্রৌপদীর সহিত ধীরে ধীরে সেই স্থান হইতে গমন করিতে লাগিলেন ॥৩০॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—"ভীম! নকুল! সহদেব! দ্রৌপদি! তোমরা শ্রবণ কর—ভোগ ব্যতীত প্রাক্তন কর্ম্মের নাশ হয় না; তাহার দৃষ্টান্ত দেখ—আমরা রাজপুত্র হইয়াও বনচারী হইয়াছি ॥১॥

তা'র পর শত্রুরা আমাদিগকে দুর্ব্বল করিয়াছে ও কষ্ট দিতেছে এবং আমরা পরস্পর পরস্পরের আনুকূল্য করিতেছি, আর অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় অগম্য স্থানে গমন করিতেছি ॥২॥

মহাবীর অর্জ্জুনকে যে নিকটে দেখিতেছি না, তাহা—অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ আমার অঙ্গ সকল দগ্ধ করিতেছে ॥৩॥

(৩)…ধনঞ্জয়মুপান্তিকাৎ—বা ব কা।

তস্য দর্শনতৃষ্ণং মাং সানুজং বনমাস্থিতম্।
যাজ্ঞসেন্যাঃ পরামর্শঃ স চ বীর! দহত্যুত ॥৪॥
নকুলাৎ পূর্ব্বজং পার্থং ন পশ্যাম্যমিতৌজসম্।
অজেয়মুগ্রধন্বানং তেন তপ্যে বৃকোদর! ॥৫॥
তীর্থানি চৈব রম্যাণি বনানি চ সরাংসি চ।
চরামি সহ যুষ্মাভিস্তস্য দর্শনকাঙ্ক্ষয়া ॥৬॥
পঞ্চ বর্ষাণ্যহং বীর! সত্যসন্ধং ধনঞ্জয়ম্।
যন্ন পশ্যামি বীভৎসুং তেন তপ্যে বৃকোদর! ॥৭॥
তং বৈ শ্যামং গুড়াকেশং সিংহবিক্রান্তগামিনম্।
ন পশ্যামি মহাবাহুং তেন তপ্যে বৃকোদর! ॥৮॥
কৃতাস্ত্রং নিপুণং যুদ্ধেঽপ্রতিমানং ধনুষ্মতাম্।
ন পশ্যামি কুরুশ্রেষ্ঠং তেন তপ্যে বৃকোদর! ॥৯॥

ভারতকৌমুদী

তদিতি। তৎ ধনঞ্জয়াদর্শনং কর্তৃ। উপাস্থিকে অন্তিকে ॥৩॥
তস্যেতি। দর্শনে তৃষ্ণা যস্য তম্। পরামর্শঃ দুঃশাসনেন কেশাকর্ষণম্ ॥৪॥
নকুলাদিতি। পার্থমর্জ্জুনম্। উগ্রধন্বানং ভয়ঙ্করধনুর্দ্ধরম্ ॥৫॥
তীর্থানীতি। তস্যার্জ্জুনস্য। এতদপি প্রাক্তনস্যৈব কর্ম্মণঃ ফলমিত্যাশয়ঃ ॥৬॥
পঞ্চেতি। পঞ্চ বর্ষাণি যাবৎ। সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্ ॥৭॥
তমিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা তং জিতনিদ্রমনলসমিত্যর্থঃ ॥৮॥

বীর! অনুজগণের সহিত বনে আসিয়াছি এবং এখন অর্জ্জুনকে দেখিতে ইচ্ছা করিতেছি, এই অবস্থায় আবার দ্রোপদীর সেই কেশাকর্ষণ স্মরণ করিয়া দগ্ধ হইতেছি ॥৪॥

বৃকোদর! নকুলের অগ্রজ, অমিততেজা, অজেয় ও ভয়ঙ্কর ধনুর্দ্ধর অর্জ্জুনকে যে দেখিতেছি না, তাহাতে আমি সন্তপ্ত হইতেছি ॥৫॥

তাহাতেই তাহাকে দেখিবার ইচ্ছায় তোমাদের সহিত মনোহর তীর্থ, বন ও সরোবরসমূহে বিচরণ করিতেছি ॥৬॥

বীর ভীমসেন! আজ পাঁচ বৎসর যাবৎ সত্যপ্রতিজ্ঞ বীভৎসু অর্জ্জুনকে যে দেখিতেছি না, তাহাতে অত্যন্ত সন্তপ্ত হইতেছি ॥৭॥

ভীম! সিংহের ন্যায় সবিক্রমে গমনকারী, আলস্যহীন, শ্যামবর্ণ ও মহাবাহু অর্জ্জুনকে দেখিতেছি না; তাহাতেই সন্তপ্ত হইতেছি ॥৮॥

বৃকোদর! অস্ত্রে সুশিক্ষিত, যুদ্ধে নিপুণ, ধনুর্দ্ধরদিগের মধ্যে অতুলনীয়

প্রভিন্নমিব মাতঙ্গং সিংহস্কন্ধং ধনঞ্জয়ম্ ॥১০॥ (যুগ্মকম্)
যঃ স শক্রাদনবরো বীর্য্যেণ দ্রবিণেন চ।
যময়োঃ পূর্ব্বজঃ পার্থঃ শ্বেতাশ্বোঽমিতবিক্রমঃ ॥১১॥
দুঃখেন মহতাবিষ্টস্তং ন পশ্যামি ফাল্গুনম্।
অজেয়মুগ্রধন্বানং তেন তপ্যে বৃকোদর! ॥১২॥ (যুগ্মকম্)
সততং য ক্ষমাশীলঃ ক্ষিপ্যমাণোঽপ্যণীয়সা।
ঋজুমার্গপ্রপন্নস্য শর্ম্মদাতাঽভয়স্য চ ॥১৩॥
স তু জিহ্মপ্রবৃত্তস্য মায়য়াভিজিঘাংসতঃ।
অপি বজ্রধরস্যাজৌ ভবেৎ কালবিষোপমঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কুন্তেতি। অপ্রতিমানং নিরুপমম্। কালে আয়ুঃশেষে। প্রভিন্নং মদস্রাবিণম্ ॥৯—১০॥

য ইতি। অনবরঃ অনিকৃষ্টঃ। দ্রবিণেন পরাক্রমেণ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥১১—১২॥

সততমিতি। অণীয়সাপি অতিক্ষুদ্রেণাপি জনেন, ক্ষিপ্যমাণস্তিরস্ক্রিয়মাণঃ। ঋজুমার্গপ্রপন্নস্য সরলপথবর্ত্তিনঃ, শর্ম্মদাতা সুখদাতা, অভয়স্য চ দাতা। জিহ্মপ্রবৃত্তস্য কুটিলপথবর্ত্তিনঃ, মায়য়া কূটভাবেন। কালস্য সর্পস্য বিষোপমঃ ॥১৩—১৪॥

ভারতভাবদীপঃ

ভীমসেন ইতি। ভূতস্য প্রাক্তনকর্ম্মণঃ ॥১—৩॥ পরামর্ষঃ কেশেষু গ্রহণম্ ॥৪—৮॥ অপ্রতিমানং নাস্তি প্রতিমানং সাদৃশ্যং যস্য সোঽপ্রতিমানস্তম্ ॥৯॥ প্রভিন্নং স্রবন্মদম্ ॥১০॥

কুরুবংশের মধ্যে শ্রেষ্ঠ, অন্তকালে ক্রুদ্ধ যমের ন্যায় শত্রুমধ্যে বিচরণকারী, মদস্রাবী হস্তীর ন্যায় বলবান্ এবং সিংহের ন্যায় উন্নতস্কন্ধ অর্জ্জুনকে দেখিতেছি না; তাহাতেই সন্তপ্ত হইতেছি ॥৯—১০॥

ভীমসেন! যিনি বলে ও পরাক্রমে ইন্দ্র অপেক্ষা ন্যূন নহেন, যিনি নকুল ও সহদেবের অগ্রজ এবং যাঁহার অশ্বগুলি শ্বেতবর্ণ ও বিক্রমের তুলনা নাই, সেই অজেয় ভীমধন্বা অর্জ্জুনকে দেখিতেছি না; তাহাতেই গুরুতর দুঃখে অভিভূত হইয়া সন্তপ্ত হইতেছি ॥১১—১২॥

অতি দুর্ব্বল ব্যক্তিও তিরস্কার করিলে যিনি সর্ব্বদা ক্ষমাই করিয়া থাকেন এবং সরল পথে চলিলে তাহাকে সুখ ও অভয় দান করিয়া থাকেন, তিনি আবার যুদ্ধে কুটিলপথগামী এবং ছলপূর্ব্বক জিঘাংসু ইন্দ্রের পক্ষেও কালসর্পের বিষের ন্যায় তীব্র হইয়া থাকেন ॥১৩—১৪॥

---

(১০)...কালং কুদ্ধমিবান্তকম্—পি। (১১) যশ্চ শক্রাদনবরঃ—পি। (১৪)...অপি বজ্রধরস্যাপি—বা ব কা নি।

শত্রোরপি প্রপন্নস্য সোঽনৃশংসঃ প্রতাপবান্।
দাতাঽভয়স্য বীভৎসুরমিতাত্মা মহাবলঃ ॥১৫॥
সর্ব্বেষামাশ্রয়োঽস্মাকং রণেঽরীণাং প্রমর্দ্দিতা।
আহর্ত্তা সর্ব্বরত্নানাং সর্ব্বেষাং নঃ সুখাবহঃ ॥১৬॥
রত্নানি যস্য বীর্য্যেণ দিব্যান্যাসন্ পুরা মম।
বহূনি বহুজাতীনি যানি প্রাপ্তঃ সুযোধনঃ ॥১৭॥
যস্য বাহুবলাদ্বীর! সভা চাসীৎ পুরা মম।
সর্ব্বরত্নময়ী খ্যাতা ত্রিষু লোকেষু পাণ্ডব! ॥১৮॥
বাসুদেবসমং বীর্য্যে কার্ত্তবীর্য্যসমং যুধি।
অজেয়মমিতং যুদ্ধে তং ন পশ্যামি ফাল্গুনম্ ॥১৯॥
সঙ্কর্ষণং মহাবীর্য্যং ত্বাঞ্চ ভীমাপরাজিতম্।
অনুযাতঃ স্ববীর্য্যেণ বাসুদেবঞ্চ শত্রুহা ॥২০॥

ভারতকৌমুদী

শত্রোরিতি। প্রপন্নস্য শরণাগতস্য। অনৃশংসো দয়ালুঃ। বীভৎসুরর্জ্জুনঃ ॥১৫॥
সর্ব্বেষামিতি। সুখাবহঃ বিনয়সৌজন্যাদিনা সুখজনকঃ ॥১৬॥
রত্নানীতি। দিব্যানি উৎকৃষ্টানি। প্রাপ্তঃ দ্যূতে বিজিত্য লব্ধবান ॥১৭॥
যস্যেতি। সভা ইন্দ্রপ্রস্থনগরে ময়দানবেন নির্ম্মিতা ॥১৮॥
বাসুদেবেতি। অমিতং নিরুপমম্। ফাল্গুনম্ অর্জ্জুনম্ ॥১৯॥
সঙ্কর্ষণমিতি। সঙ্কর্ষণং রামম্। অনুযাতঃ অনুকৃতবান্। শত্রুহা শত্রুহন্তা ॥২০॥

সেই প্রতাপশালী, অসাধারণ উদারচেতা ও মহাবল অর্জ্জুন শরণাগত শত্রুর উপরেও দয়ালু হইয়া অভয় দান করিয়া থাকেন ॥১৫॥

এবং তিনি আমাদের সকলেরই অবলম্বন, যুদ্ধে শত্রুবিজয়ী, সর্ব্বপ্রকার রত্নের আহরণকারী এবং আমাদের সকলেরই সুখজনক ॥১৬॥

যাঁহার বাহুবলে পূর্ব্বে আমার বহুজাতীয় বহুতর উৎকৃষ্ট রত্ন হইয়াছিল; যেগুলি এখন দুর্য্যোধন পাইয়াছেন ॥১৭॥

আর বীর পাণ্ডুনন্দন! যাঁহার বাহুবলে পূর্ব্বে আমার (ইন্দ্রপ্রস্থনগরে) সর্ব্বরত্নময়ী ত্রিভুবনবিখ্যাত সভা নির্ম্মিত হইয়াছিল ॥১৮॥

যিনি বলে কৃষ্ণের সমান এবং যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য, সেই অজেয় ও যুদ্ধে অতুলনীয় অর্জ্জুনকে দেখিতেছি না ॥১৯॥

ভীম! শত্রুহন্তা অর্জ্জুন আপন বাহুবলে মহাবীর বলরামের, অপরাজিত তোমার এবং কৃষ্ণের অনুকরণ করিয়া থাকেন ॥২০॥

যস্য বাহুবলে তুল্যঃ প্রভাবে চ পুরন্দরঃ।
জবে বায়ুর্মুখে সোমঃ ক্রোধে মৃত্যুঃ সনাতনঃ ॥২১॥
তে বয়ং তং নরব্যাঘ্রং সর্ব্বে বীরং দিদৃক্ষবঃ।
প্রবেক্ষ্যামো মহাবাহো! পর্ব্বতং গন্ধমাদনম্ ॥২২॥ (যুগ্মকম্)
বিশালা বদরী যত্র নরনারায়ণাশ্রমঃ।
তং সদাঽধ্যুষিতং যক্ষৈর্দ্রক্ষ্যামো গিরিমুত্তমম্ ॥২৩॥
কুবেরনলিনীং রম্যাং রাক্ষসৈরভিরক্ষিতাম্।
পদ্ভিরেব গমিষ্যামস্তপ্যমানা মহত্তপঃ ॥২৪॥
ন স যানবতা শক্যো গন্তুং দেশো বৃকোদর!।
ন নৃশংসেন লুব্ধেন নাপ্রশান্তেন ভারত! ॥২৫॥
তত্র সর্ব্বে গমিষ্যামো ভীমার্জ্জুনগবেষিণঃ।
সায়ুধা বদ্ধনিস্ত্রিংশাঃ সার্দ্ধং বিপ্রৈর্মহাব্রতৈঃ ॥২৬॥

ভারতকৌমুদী

যস্যেতি। প্রভাবে যুদ্ধনৈপুণ্যে। জবে বেগে। সোমশ্চন্দ্রঃ। দিদৃক্ষব ইতি দৃশেঃ সনন্তাদুপ্রত্যয়স্ত নিষ্ঠাদিতয়া কর্ম্মণি ষষ্ঠীনিষেধাদ্দ্বিতীয়ৈব ॥২১—২২॥
বিশালেতি। বদরী কর্কন্ধুবৃক্ষঃ, তথৈব বক্ষ্যমাণত্বাৎ। অধ্যুষিতম্ অধিষ্ঠিতম্ ॥২৩॥
কুবেরেতি। কুবেরস্য নলিনীং সরসীম্। তপ্যমানাঃ কুর্ব্বাণাঃ ॥২৪॥
নেতি। যানবতা রথাদিমতা জনেন। অপ্রশান্তেন কামাদ্যভিভূতচিত্তেন ॥২৫॥

বাহুবল ও যুদ্ধনৈপুণ্যবিষয়ে ইন্দ্র যাঁহার তুল্য, বেগবিষয়ে বায়ু যাঁহার সমান, মুখসৌন্দর্য্যে চন্দ্র যাঁহার সদৃশ এবং ক্রোধবিষয়ে সনাতন মৃত্যু যাঁহার উপমাস্থল, সেই নরশ্রেষ্ঠ মহাবীর অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় আমরা সকলে গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ করিব ॥২১—২২॥

যেখানে বিশাল একটা বদরীবৃক্ষ এবং নর ও নারায়ণ ঋষির আশ্রম রহিয়াছে, সর্ব্বদা যক্ষাধিষ্ঠিত সেই উত্তম পর্ব্বত আমরা দর্শন করিব ॥২৩॥

এবং আমরা গুরুতর তপস্যায় প্রবৃত্ত থাকিয়া পদব্রজেই রাক্ষসরক্ষিত মনোহর কুবেরসরোবরে গমন করিব ॥২৪॥

কারণ, ভরতনন্দন ভীমসেন! কোন যানে আরোহণ করিয়া সে দেশে গমন করিতে পারা যায় না এবং নৃশংস, লুব্ধ ও অসংযতচিত্ত লোকও সেখানে যাইতে পারে না ॥২৫॥

(২৩)…যত্র নারায়ণাশ্রমঃ—পি। (২৪)…রাক্ষসৈরভিসেবিতাম্—বা ব কা নি। (২৫) ন চ যানবতা—বা ব কা, নাতপ্ততপসা শক্যঃ—নি।

মক্ষিকা মশকান্ দংশান্ সিংহান্ ব্যাঘ্রান্ সরীসৃপান্।
প্রাপ্নোত্যনিয়তঃ পার্থ! নিয়তস্তান্ ন পশ্যতি ॥২৭॥
তে বয়ং নিয়তাত্মানঃ পর্ব্বতং গন্ধমাদনম্।
প্রবেক্ষ্যামো মিতাহারা ধনঞ্জয়দিদৃক্ষবঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তত্রেতি। হে ভীম। অর্জ্জুনগবেষিণঃ অর্জ্জুনান্বেষিণঃ। নিস্ত্রিংশঃ খড়্গাঃ ॥২৬॥

মক্ষিকা ইতি। অনিয়ত উপবাসাদিনিয়মরহিতঃ, নিয়ত উপবাসাদিমান্ ॥২৭॥

ত ইতি। নিয়তাত্মানঃ সংযতচিত্তাঃ কামরাগাদিরহিতচিত্তা ইতি যাবৎ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

ভারতভাবদীপঃ

অনবরোহহীনঃ ॥১১—১৪॥ অভয়স্য চ দাতা, অমিতাত্মা মহামনাঃ ॥১৫—১৮॥ অমিত-মহিংসিতমজিতমিতি যাবৎ ॥১৯॥ হে ভীম! ॥২০॥ সোম ইতি মধুরবাক্যত্বং লক্ষ্যতে ॥২১—২৩॥ নলিনীং পুষ্করিণীম্ ॥২৪—২৬॥ অনিয়তোঽশুচিঃ ॥২৭—২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৭॥

—:*:—

ভীম! আমরা সকলেই তরবারি ও অন্যান্য অস্ত্র ধারণ করিয়া অর্জ্জুনকে দেখিবার জন্য মহাব্রত ব্রাহ্মণগণের সহিত সেখানে গমন করিব ॥২৬॥

পৃথানন্দন! নিয়মবিহীন লোক মক্ষিকা, মশক, দংশ (ডাঁশ), সিংহ, ব্যাঘ্র ও সর্প দেখিতে পায়; কিন্তু নিয়মশালী লোক সেগুলি দেখিতে পায় না ॥২৭॥

অতএব আমরা নিয়মশালী ও মিতাহারী হইয়া অর্জ্জুনকে দেখিবার জন্য গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ করিব" ॥২৮॥

—:*:—

(২৭) মক্ষিকাদংশমশকান্—বা ব কা। * '...একচত্বারিংশদধিকশততমঃ...'—বা ব কা পি, '...ত্রিচত্বারিংশদধিকশততমঃ...'—নি।

অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।

দ্রষ্টারঃ! পর্ব্বতাঃ সর্ব্বে নদ্যঃ সপুরকাননাঃ।
তীর্থানি চৈব শ্রীমন্তি স্পৃষ্টঞ্চ সলিলং করৈঃ ॥১॥
পর্ব্বতং মন্দরং দিব্যমেষ পন্থাঃ প্রযাস্যতি।
সমাহিতা নিরুদ্বিগ্নাঃ সর্ব্বে ভবত পাণ্ডবাঃ! ॥২॥
অয়ং দেবনিবাসো বৈ গন্তব্যো বো ভবিষ্যতি।
ঋষীণাঞ্চৈব দিব্যানাং নিবাসঃ পুণ্যকর্ম্মণাম্ ॥৩॥
এষা শিবজলা পুণ্যা যাতি সৌম্যা মহানদী।
বদরীপ্রভবা রাজন্! দেবর্ষিগণসেবিতা ॥৪॥
এষা বৈহায়সৈর্নিত্যং বালখিল্যৈর্মহাত্মভিঃ।
অর্চ্চিতা চোপযাতা চ গন্ধর্ব্বৈশ্চ মহাত্মভিঃ ॥৫॥

ভারতকৌমুদী

দ্রষ্টার ইতি। হে দ্রষ্টারঃ! তীর্থদর্শিনঃ! যুষ্মাভির্দৃশিরে ইতি শেষঃ ॥১॥
পর্ব্বতমিতি। দিব্যং স্বর্গীয়ম্। সমাহিতা অর্জ্জুনদর্শনে একাগ্রচিত্তাঃ ॥২॥
অয়মিতি। বো যুষ্মাকম্। দিব্যানাং স্বর্গীয়াণাম্। নিবাসোঽপি গন্তব্যঃ ॥৩॥
এষেতি। শিবজলা মঙ্গলকরজলা, মহানদী গঙ্গা, বদরীপ্রভবা তত উৎপন্না ॥৪॥

লোমশ বলিলেন—"হে তীর্থদর্শিগণ! তোমরা—সকল পর্ব্বত, নগর ও বনের সহিত সকল নদী এবং সুন্দর তীর্থ সকল দর্শন করিয়াছ, হস্ত দ্বারা সেগুলির জলও স্পর্শ করিয়াছ ॥১॥

পাণ্ডবগণ! এই পথ স্বর্গীয় মন্দরপর্ব্বতে যাইবে; সুতরাং তোমরা সকলে এখন একাগ্রচিত্ত ও নিরুদ্বেগ হও ॥২॥

ঐ দেবনিবাস এবং স্বর্গীয় পুণ্যকর্ম্মা ঋষিদিগের নিবাসভূমিতে তোমাদের গমন করিতে হইবে ॥৩॥

রাজা! শুভজলা, পুণ্যজনিকা, মনোহরা, বদরিকাশ্রমোৎপন্না ও দেবর্ষিগণসেবিতা এই মহানদী গঙ্গা প্রবাহিত হইতেছেন ॥৪॥

আকাশগামী মহাত্মা বাল্যখিল্য ঋষিরা সর্ব্বদা ইহার সেবা করেন এবং মহাত্মা গন্ধর্ব্বেরাও এখানে আসিয়া থাকেন ॥৫॥

অত্র সাম স্ম গায়ন্তি সামগাঃ পুণ্যনিস্বনাঃ।
মরীচিঃ পুলহশ্চৈব ভৃগুশ্চৈবাঙ্গিরাস্তথা ॥৬॥
অত্রাহ্নিকং সুরশ্রেষ্ঠো জপতে সমরুদ্গণঃ।
সাধ্যাশ্চৈবাশ্বিনৌ চৈব পরিধাবন্তি তং তদা ॥৭॥
চন্দ্রমাঃ সহ সূর্য্যেণ জ্যোতীংষি চ গ্রহৈঃ সহ।
অহোরাত্রবিভাগেন নদীমেতামনুব্রজন্ ॥৮॥
এতস্যাঃ সলিলং মূর্দ্ধ্না বৃষাঙ্কঃ পর্য্যধারয়ৎ।
গঙ্গাদ্বারে মহাভাগ ! যেন লোকস্থিতির্ভবেৎ ॥৯॥
এতাং ভগবতীং দেবীং ভবন্তঃ সর্ব্ব এব হি।
প্রয়তেনাত্মনা তাত ! অভিগম্যাভিবাদত ॥১০॥

ভারতকৌমুদী

এবেতি। বৈহায়সৈঃ খেচরৈঃ। উপযাতা সেবিতা ॥৫॥
অত্রেতি। অত্র অস্যা মহানদ্যাস্তীরে। কে তে সামগা ইত্যাহ—মরীচিরিতি ॥৬॥
অত্রেতি। আহ্নিকং দৈনিকমিষ্টমন্ত্রম্, সুরশ্রেষ্ঠ ইন্দ্রঃ। পরিধাবন্তি অনুসরন্তি ॥৭॥
চন্দ্রমা ইতি। জ্যোতীংসি নক্ষত্রাণি। অনুব্রজন্নিতি অড়াগমাভাব আর্ষঃ ॥৮॥
এতস্যা ইতি। বৃষাঙ্কঃ শিবঃ। যেন সলিলেন, লোকস্থিতির্মর্ত্ত্যলোকরক্ষা ॥৯॥
এতামিতি। প্রয়তেনাত্মনা সংযতেন চিত্তেন। অভিবাদতেতি যলোপ আর্ষঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

দ্রষ্টার ইতি। ভো দ্রষ্টারঃ। সর্ব্বে মন্দরাদয়ঃ পর্ব্বতা দৃষ্টা ইতি শেষঃ ॥১--৩॥ মহানদী গঙ্গা অলকনন্দা বা ॥৪॥ উপযাতা ইষ্টসিদ্ধ্যর্থং প্রার্থিতা ॥৫॥ সামগাঃ—তৈত্তিরীয়কে ব্রহ্মবিদ্গেয়ং সাম শ্রূয়তে "এতৎ সাম গায়ন্নাস্তে হা ৩ বুহা ৩ বুহা ৩ বু অহমন্ন"মিত্যাদি মরীচ্যাদয়োঽত্র সাম্নাত্মানং স্বস্য পশ্যন্তো গায়ন্তীত্যর্থঃ ॥৬॥ আহ্নিকং নৈয়মিকং জপম, পরিধাবন্তি

মরীচি, পুলহ, ভৃগু ও অঙ্গিরা—এই সকল সামগায়ী পুণ্যধ্বনিকারী ঋষিরা ইহার তীরেই সামগান করিয়া থাকেন ॥৬॥

ইন্দ্র অন্যান্য দেবতাদের সহিত মিলিত হইয়া এইখানেই দৈনিক ইষ্টমন্ত্র জপ করিয়া থাকেন, তখন সাধ্যগণ ও অশ্বিনীকুমারেরা তাঁহার অনুসরণ করেন ॥৭॥

সূর্য্যের সহিত চন্দ্র এবং অন্যান্য গ্রহের সহিত নক্ষত্রমণ্ডল দিন ও রাত্রিবিভাগ অনুসারে এই নদীরই অনুসরণ করিয়া আসিতেছেন ॥৮॥

মহাভাগ ! মহাদেব হরিদ্বারে এই নদীর জলই মস্তকে ধারণ করিয়াছিলেন; যে জলদ্বারা মর্ত্ত্যলোকের রক্ষা হয় ॥৯॥

তস্য তদ্বচনং শ্রুত্বা লোমশস্য মহাত্মনঃ।
আকাশগঙ্গাং প্রয়তাঃ পাণ্ডবা অভ্যবাদয়ন্ ॥১১॥
অভিবাদ্য চ তে সর্ব্বে পাণ্ডবা ধর্ম্মচারিণঃ।
পুনঃ প্রযাতাঃ সংহৃষ্টাঃ সর্ব্বৈ ঋষিগণৈঃ সহ ॥১২॥
ততো দূরাৎ প্রকাশন্তং পাণ্ডুরং মেরুসন্নিভম্।
দদৃশুস্তে নরশ্রেষ্ঠা বিকীর্ণং সর্ব্বতো দিশম্ ॥১৩॥
তান্ প্রষ্টুকামান্ বিজ্ঞায় পাণ্ডবান্ স তু লোমশঃ।
উবাচ বাক্যং বাক্যজ্ঞঃ শৃণুধ্বং পাণ্ডুনন্দনাঃ! ॥১৪॥
এতদ্বিকীর্ণং সুশ্রীমৎ কৈলাসশিখরোপমম্।
যৎ পশ্যসি নরশ্রেষ্ঠ! পর্ব্বতপ্রতিমং স্থিতম্ ॥১৫॥
এতান্যস্থীনি দৈত্যস্য নরকস্য মহাত্মনঃ।
পর্ব্বতপ্রতিমং ভাতি পর্ব্বতপ্রস্তরাশ্রিতম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। প্রয়তাঃ সংযতচিত্তাঃ সন্তঃ ॥১১॥
অভিবাদ্যেতি। প্রযাতাঃ প্রস্থিতাঃ, সংহৃষ্টা অর্জ্জুনদর্শনাশয়া আনন্দিতাঃ ॥১২॥
তত ইতি। প্রকাশন্তং প্রকাশমানম্, পাণ্ডুরং শ্বেতম্, মেরুসন্নিভমুচ্চম্ ॥১৩॥
তানিতি। কিং বাক্যমুবাচেত্যাহ—শৃণুধ্বমিত্যাদি ॥১৪॥
এতদিতি। সুশ্রীমৎ অতীবোজ্জ্বলম্। ভাতি, এতদস্থিবৃন্দমিতি শেষঃ ॥১৫—১৬॥

অতএব বৎস! তোমরা সকলেই যাইয়া সংযতচিত্তে এই মাহাত্ম্যবতী গঙ্গাদেবীকে নমস্কার কর" ॥১০॥

মহাত্মা লোমশমুনির সেই কথা শুনিয়া পাণ্ডবগণ সংযতচিত্ত হইয়া মন্দাকিনীকে নমস্কার করিলেন ॥১১॥

ধর্ম্মাচারী পাণ্ডবেরা সকলে মন্দাকিনীকে নমস্কার করিয়া আনন্দিত হইয়া ঋষিগণের সহিত পুনরায় গমন করিতে লাগিলেন ॥১২॥

তদনন্তর সেই মনুষ্যশ্রেষ্ঠেরা সকলেই দূর হইতে প্রকাশমান, শ্বেতবর্ণ, সুমেরু-পর্ব্বতের ন্যায় উচ্চ এবং সর্ব্বদিগ্ব্যাপ্ত একটা পদার্থ দেখিতে পাইলেন ॥১৩॥

পাণ্ডবেরা সেই পদার্থটার বিষয় জিজ্ঞাসা করিবেন ইহা বুঝিয়াই বাক্যাভিজ্ঞ লোমশমুনি এই কথা বলিলেন—"পাণ্ডবগণ! শ্রবণ কর—॥১৪॥

নরশ্রেষ্ঠ! বিক্ষিপ্ত, অত্যন্ত উজ্জ্বল, কৈলাসপর্ব্বতের শৃঙ্গের ন্যায় শুভ্রবর্ণ এবং পর্ব্বতপ্রমাণ বিস্তৃত এই যাহা দেখিতেছ, এগুলি—বিশালদেহ নরকা-

পুরাতনেন দেবেন বিষ্ণুনা পরমাত্মনা।
দৈত্যো বিনিহতস্তাত। সুররাজহিতৈষিণা ॥১৭॥
দশ বর্ষসহস্রাণি তপস্তপ্য মহামনাঃ।
ঐন্দ্রং প্রার্থয়তে স্থানং তপঃস্বাধ্যায়বিক্রমাৎ ॥১৮॥
তপোবলেন মহতা বাহুবেগবলেন চ।
নিত্যমেব দুরাধর্ষো ধর্ষয়ন্ স দিতেঃ সুতঃ ॥১৯॥ (যুগ্মকম্)
স তু তস্য বলং জ্ঞাত্বা ধর্ম্মে চ চরিতং ব্রতম্।
ভয়াভিভূতঃ সংবিগ্নঃ শক্র আসীত্তদাঽনঘ! ॥২০॥
তেন সঞ্চিন্তিতো দেবো মনসা বিষ্ণুরব্যয়ঃ।
সর্ব্বত্রগঃ প্রভুঃ শ্রীমানাগতশ্চ স্থিতো বভৌ ॥২১॥
ঋষয়শ্চাপি তং সর্ব্বে তুষ্টবুশ্চ দিবৌকসঃ।
তং দৃষ্ট্বা জ্বলমানশ্রীর্ভগবান্ হব্যবাহনঃ ॥২২॥

ভারতকৌমুদী

পুরেতি। পুরাতনেন আদিমেনেত্যর্থঃ। হে তাত! বৎস! ॥১৭॥
দশেতি। তপ্য তপ্ত্বা। স্বাধ্যায়ো বেদাধ্যয়নম্। স নরকঃ ॥১৮—১৯॥
স ইতি। ধর্ম্মে ধর্ম্মবিষয়ে, ব্রতমুপবাসাদি। সংবিগ্নঃ অস্থিরচিত্তঃ ॥২০॥
তেনেতি। তেন শক্রেণ। অব্যয়ঃ অবিনশ্বরঃ। শ্রীমান্ কান্তিমান্ ॥২১॥

সুরের অস্থি; এগুলি পার্ব্বত্য প্রস্তরে থাকিয়া পর্ব্বতেরই মত শোভা পাইতেছে ॥১৫—১৬॥

বৎস! আদিদেব পরমাত্মা বিষ্ণু দেবরাজের হিতের জন্য এই নরকাসুরকে বধ করিয়াছিলেন ॥১৭॥

মহামনা নরকাসুর দশ হাজার বৎসর পর্য্যন্ত তপস্যা করিয়া, সেই তপোবলে এবং বেদাধ্যয়ন ও বিক্রমের প্রভাবে ইন্দ্রের পদ প্রার্থনা করিয়াছিল। কারণ, সে নরকাসুর গুরুতর তপস্যার বলে এবং বাহুবেগের প্রভাবে সর্ব্বদাই দেবগণকে উৎপীড়ন করিতে থাকিয়া তাঁহাদের পক্ষে দুর্দ্ধর্ষই হইয়াছিল ॥১৮—১৯॥

হে নিষ্পাপ রাজা! তখন ইন্দ্র তাহার বল ও ধর্ম্মসঞ্চয়ের বিষয় জানিয়া ভয়ে অভিভূত হইয়া অস্থির হইয়া পড়িয়াছিলেন ॥২০॥

তাই তিনি মনে মনে চিন্তা করিলে আদিদেব, অবিনাশী, সর্ব্বত্রগামী, জগদীশ্বর ও সুন্দরাকৃতি বিষ্ণু আসিয়া তাঁহার সম্মুখে শোভা পাইতে লাগিলেন ॥২১॥

(১৭)…দৈত্যো বিনিহতস্তেন—কা নি। (১৮)…তপস্তপ্তং মহাত্মনা—পি

নষ্টতেজাঃ সমস্তবস্তস্য তেজোঽভিভৎ´সিতঃ।
তং দৃষ্ট্বা বরদং দেবং বিষ্ণুং দেবগণেশ্বরম্ ॥২৩॥
প্রাঞ্জলিঃ প্রণতো ভূত্বা নমস্কৃত্য চ বজ্রভৃৎ।
প্রাহ বাক্যং ততস্তূর্ণং যতস্তস্য ভয়ং ভবেৎ ॥২৪॥ (বিশেষকম্)

বিষ্ণুরুবাচ।

জানামি তে ভয়ং শক্র! দৈত্যেন্দ্রান্নরকাত্ততঃ।
ঐন্দ্রং প্রার্থয়তে স্থানং তপঃসিদ্ধেন কর্ম্মণা ॥২৫॥
সোঽহমেনং তব প্রীত্যা তপঃসিদ্ধমপি ধ্রুবম্।
বিযুনজ্মি দেহাদ্দেবেন্দ্র! মুহূর্ত্তং প্রতিপালয় ॥২৬॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। জলমানশ্রীঃ জ্বলৎকান্তিঃ, হব্যবাহনঃ অগ্নিঃ, নষ্টতেজা অভিভূততেজাঃ। তেজসা অভিভৎ´সিতস্তিরস্কৃতঃ। বজ্রভৃৎ ইন্দ্রঃ। ততস্তস্মিন্ নরকাসুরবিষয়ে, যতো যস্মান্নরকাসুরাৎ তস্য বজ্রভৃতঃ, ভয়ং ভবেদভবৎ ॥২২—২৪॥

জানামীতি। স্থানং পদম্। তপসা সিদ্ধেন সম্পন্নেন, কর্ম্মণা বলোদ্রেকেণ ॥২৫॥

স ইতি। বিযুনজ্মি পৃথক্ করোমি। অত্রাক্ষরাধিক্যমার্ষম ॥২৬॥

ভারতভাবদীপঃ

পরিচরন্তি, তমিন্দ্রম্ ॥৭—৯॥ অভিবাদত অভিবাদয়ত, অক্ষরলোপ আর্ষঃ ॥১০—১২॥ পাণ্ডুরং শ্বেতম, অম্নাং রাশিমিতি শেষঃ ॥১৩—১৫॥ নরকস্য ভৌমাসুরস্য ॥১৬—২৬॥ পাণিনা চপেটা-

তখন ঋষিরা ও দেবতারা সকলেই তাঁহার স্তব করিলেন ; উজ্জ্বলকান্তি ভগবান্ অগ্নিদেব তাঁহাকে দেখিয়া তাঁহার তেজে অভিভূত হইয়া হীনতেজা হইয়া পড়িলেন্ এবং ইন্দ্র সেই বরদাতা, আদিদেব এবং দেবগণেরও অধীশ্বর বিষ্ণুকে দেখিয়া, কৃতাঞ্জলি ও অবনত হইয়া, নমস্কার করিয়া—যাহা হইতে তাঁহার ভয় হইয়াছিল, সেই নরকাসুরের কথা সত্বরই বলিলেন ॥২২—২৪॥

তখন বিষ্ণু বলিলেন—"দেবরাজ! আমি জানি যে, সেই দৈত্যরাজ নরকাসুর হইতে তোমার ভয় জন্মিয়াছে। কারণ, সেই নরকাসুর আপন তপস্যানিষ্পন্ন বলপ্রভাবে ইন্দ্রত্বপদ প্রার্থনা করিতেছে ॥২৫॥

দেবরাজ! নরকাসুর তপঃসিদ্ধ হইলেও, আমি তোমার প্রতি প্রণয়বশতঃ উহাকে উহার দেহ হইতে বিযুক্ত করিতেছি ; তুমি মুহূর্ত্তকাল প্রতীক্ষা কর" ॥২৬॥

(২৪)···প্রাহ বাক্যং ততস্তথম্—বা নি। (২৫) জানামি তে ভয়ং তাত!—পি।

তস্য বিষ্ণুর্মহাতেজাঃ পাণিনা চেতনাং হরৎ।
স পপাত ততো ভূমৌ গিরিরাজ ইবাহতঃ ॥২৭॥
তস্যৈতদস্থিসংঘাতং মায়াবিনিহতস্য বৈ।
ইদং দ্বিতীয়মপরং বিষ্ণোঃ কর্ম্ম প্রকাশতে ॥২৮॥
নষ্টা বসুমতী কৃৎস্না পাতালে চৈব মজ্জিতা।
পুনরুদ্ধরিতা তেন বরাহেণৈকশৃঙ্গিণা ॥২৯॥

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! বিস্তরেণেমাং কথাং কথয় তত্ত্বতঃ।
ইচ্ছামি বিবুধেশস্য তস্য শ্রোতুং মুনে! কথাম্ ॥৩০॥
কথং তেন সুরেশেন নষ্টা বসুমতী তদা।
যোজনানাং শতং ব্রহ্মন্! পুনরুদ্ধরিতা তদা ॥৩১॥

ভারতকৌমুদী

তস্যেতি। পাণিনা পাণিস্পর্শমাত্রেণৈব। হরৎ অহরৎ, অড়ভাব আর্ষঃ। বিষ্ণুস্পর্শেন নরকনিবৃত্তিশ্চ বৈবেত্যাখ্যায়িকাতাৎপর্য্যমূহ্যেম্ ॥২৭॥

তস্যেতি। সংঘাতপদস্য নপুংসকত্বমার্ষম্। কর্ম্ম কর্ম্মণঃ ফলম্ ॥২৮॥

নষ্টেতি। বরাহেণ বরাহমূর্ত্তিনা, একশৃঙ্গিণা শৃঙ্গবদেকদন্তশালিনা ॥২৯॥

ভগবন্নিতি। তত্ত্বতো যাথার্থ্যেন। বিবুধেশস্য দেবাধীশ্বরস্য, তস্য বিষ্ণোঃ ॥৩০॥

(এই কথা বলিয়াই যাইয়া) মহাতেজা বিষ্ণু হস্তদ্বারা স্পর্শ করিয়াই নরকাসুরের চৈতন্য হরণ করিলেন, তখন বজ্রতাড়িত পর্ব্বতরাজের ন্যায় নরকাসুর ভূতলে পতিত হইল ॥২৭॥

বিষ্ণুমায়া-নিহত সেই নরকাসুরেরই এই অস্থিসমূহ দেখা যাইতেছে। বিষ্ণুর এই আর একটী কার্য্যের ফল প্রকাশ পাইতেছে ॥২৮॥

সমগ্র পৃথিবী পাতালে মগ্ন হইয়া অদৃশ্য হইয়া গিয়াছিলেন, তাহার পর বিষ্ণু, পর্ব্বতশৃঙ্গের ন্যায় বিশাল এক-দন্তশালী বরাহরূপ ধারণ করিয়া পুনরায় তাহাকে উত্তোলন করিয়াছিলেন" ॥২৯॥

যুধিষ্ঠির বলিলেন—"ভগবন্ লোমশমুনি! আপনি বিস্তরক্রমে ও যথার্থরূপে এই বৃত্তান্তটা বলুন; আমি বিষ্ণুর সেই বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি ॥৩০॥

ব্রাহ্মণ! পৃথিবী তখন অদৃশ্য হইয়া গিয়াছিলেন কেন? এবং বিষ্ণুই বা তাঁহাকে আবার একশত যোজন উপরে তুলিয়াছিলেন কেন? ॥৩১॥

---

(২৭)...পাণিনা প্রাহরদ্বপুঃ—পি। (২৯ শ্লোকাৎ পরম্...'বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' —পি। (৩০) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা নি নাস্তি।

কেন চৈব প্রকারেণ জগতো ধারিণী ধরা।
শিবা দেবী মহাভাগা সর্ব্বশস্যপ্ররোহিণী ॥৩২॥
কস্য চৈব প্রভাবাদ্ধি যোজনানাং শতং গতা।
কেনৈতদ্বীর্য্যসর্ব্বস্বং দর্শিতং পরমাত্মনঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
এতৎ সর্ব্বং যথাতত্ত্বমিচ্ছামি দ্বিজসত্তম ! ।
শ্রোতুং বিস্তরশঃ সর্ব্বং ত্বং হি তস্য প্রতিশ্রয়ঃ ॥৩৪॥

লোমশ উবাচ।

যত্তেঽহং পরিপৃষ্টোঽস্মি কথামেতাং যুধিষ্ঠির ! ।
তৎ সর্ব্বমখিলেনেহ শ্রূয়তাং মম ভাষতঃ ॥৩৫॥
পুরা কৃতযুগে তাত ! বর্ত্তমানে ভয়ঙ্করে।
যমত্বং কারয়ামাস আদিদেবঃ সনাতনঃ ॥৩৬॥
যমত্বং কুর্ব্বতস্তস্য দেবদেবস্য ধীমতঃ।
ন তত্র ম্রিয়তে কশ্চিজ্জায়তে বা তথাঽচ্যুত ! ॥৩৭॥

ভারতকৌমুদী

কথমিতি। যোজনানাং শতং যাবৎ, উদ্ধরিতা উদ্ধৃতা। ইড়াগম আর্ষঃ ॥৩১॥
কেনেতি। শিবা মঙ্গলকারিণী। পরমাত্মনঃ পরমাত্মনা বিষ্ণুনা ॥৩২—৩৩॥
এতদিতি। তস্য বৃত্তান্তস্য, প্রতিশ্রয়ো জ্ঞানেনাশ্রয়ঃ জ্ঞাতেত্যর্থঃ ॥৩৪॥
যদিতি। তে ত্বয়া। অখিলেন প্রকারেণ শ্রূয়তাম্, ভাষতো ভাষমাণস্য ॥৩৫॥
পুরেতি। ভয়ঙ্করে বর্ত্তমানে, মরণাভাবেন প্রাণিভারাধিক্যাদিতি ভাবঃ ॥৩৬॥
যমত্বমিতি। তথা পূর্ব্ববদেব, জায়তে বা উৎপদ্যতে চ। হে অচ্যুত ! ধর্ম্মাদভ্রষ্ট ! ॥৩৭॥

জগতের আধার, মঙ্গলকারিণী ও সর্ব্বশস্যোৎপাদিনী মহাভাগা পৃথিবীদেবী কাহার প্রভাবে কি প্রকারে একশত যোজন নিম্নে গিয়াছিলেন ? আবার পরমাত্মা বিষ্ণুই বা কি কারণে এই বলের পরাকাষ্ঠা দেখাইয়াছিলেন ? ॥৩২—৩৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি যথার্থরূপে ও বিস্তরক্রমে এই সকল বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি। কারণ, আপনি সে সমস্তই জানেন” ॥৩৪॥

লোমশ বলিলেন—“যুধিষ্ঠির ! তুমি আমার নিকট এই যে উপাখ্যানের বিষয় জিজ্ঞাসা করিলে, তাহা সমস্তই আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৩৫॥

বৎস ! পূর্ব্বকালে একদা সত্যযুগ ভয়ঙ্করই হইয়াছিল। কারণ, আদিদেব নারায়ণ তখন যমের কার্য্য করিতেন ॥৩৬॥

(৩২)…ধারিণী ধ্রুবা—পি। (৩৬)…আদিদেবঃ পুরাতনঃ—বা ব কা।

বর্দ্ধন্তে পক্ষিসংঘাশ্চ তথা পশুগবৈড়কম্।
গবাশ্বঞ্চ মৃগাশ্চৈব সর্ব্বে তে পিশিতাশনাঃ ॥৩৮॥
তথা পুরুষশার্দ্দূল! মানুষাশ্চ পরন্তপ!।
সহস্রশো হ্যযুতশো বর্দ্ধন্তে সলিলং যথা ॥৩৯॥
এতস্মিন্ সঙ্কুলে তাত! বর্ত্তমানে ভয়ঙ্করে।
অতিভারাদ্বসুমতী যোজনানাং শতং গতা ॥৪০॥
সা বৈ ব্যথিতসর্ব্বাঙ্গী ভারেণাক্রান্তচেতনা।
নারায়ণং বরং দেবং প্রপন্না শরণং গতা ॥৪১॥
পৃথিব্যুবাচ।
ভগবংস্ত্বৎপ্রসাদাদ্ধি তিষ্ঠেয়ং সুচিরং ত্বিহ।
ভারেণাস্মি সমাক্রান্তা ন শক্নোমি স্ম বর্ত্তিতুম্ ॥৪২॥

ভারতকৌমুদী

বর্দ্ধন্ত ইতি। পশবো মহিষাদয়ঃ গাবঃ স্ত্রীগব্যঃ এড়কা মেষাশ্চ তৎ। গাবঃ পুঙ্গবা অশ্বাশ্চ তৎ। পিশিতাশনা মাংসভোজিনো রাক্ষসাদয়শ্চ ॥৩৮॥

তথেতি। সলিলং নদ্যাদৌ পূরাগমনসময়ে যথা বর্দ্ধতে, তথা ॥৩৯॥

এতস্মিন্নিতি। সঙ্কুলে প্রাণিনাং সংঘর্ষে। যোজনানাং শতমধস্তাদ্‌গতা ॥৪০॥

সেতি। আক্রান্তচেতনা অভিভূতচৈতন্যা। প্রপন্না বিপন্না ॥৪১॥

ভগবন্নিতি। ইহ যুস্মন্নির্দ্দিষ্টে স্থানে। বর্ত্তিতুং তত্র স্থাতুম্ ॥৪২॥

ভারতভাবদীপঃ

ঘাতেন, চেতনাং হরৎ প্রাণান্ জহার॥২৯—৩০॥ কেন চ প্রকারেণ উদ্ধরিতা পুনরুদ্ধৃতেতি শেষঃ ॥৩১—৩২॥ গতা অধস্তাদিতি শেষঃ ॥৩৩—৩৭॥ পশবশ্চ গাবশ্চ এড়কা মেষাশ্চ পশু-

ধার্ম্মিক রাজা! সেই জ্ঞানী নারায়ণ যখন যমের কার্য্য করিতেন, তখন কেহই মরিত না, পূর্ব্বের ন্যায় কেবল জন্ম গ্রহণই করিত ॥৩৭॥

তাহাতে পশু, পক্ষী, গাভী, মেষ, ষাঁড়, অশ্ব, হরিণ এবং মাংসভোজী সকল প্রাণী কেবল বৃদ্ধিই পাইতেছিল ॥৩৮॥

এবং পরন্তপ নরশ্রেষ্ঠ! জোয়ারের সময় জল যেমন কেবলই বৃদ্ধি পায়, তেমন মানুষও সহস্র সহস্র ও অযুত অযুত সংখ্যায় বৃদ্ধিই পাইতে লাগিল ॥৩৯॥

বৎস! এইরূপ সেই ভয়ঙ্কর প্রাণিসংঘর্ষ উপস্থিত হইলে, পৃথিবী সেই গুরুতর ভারে শতযোজন নিম্নে চলিয়া গেলেন ॥৪০॥

এবং সেই ভারে তাঁহার সর্ব্বাঙ্গ ব্যথিত হইল এবং চৈতন্যও লুপ্তপ্রায় হইয়া পড়িল; তাই তিনি বিপন্ন হইয়া দেবপ্রধান নারায়ণের শরণাপন্ন হইলেন ॥৪১॥

মমেমং ভগবন্! ভারং ব্যপনেতুং ত্বমর্হসি।
শরণাগতাস্মি তে দেব! প্রসাদং কুরু মে বিভো! ॥৪৩॥
তস্যাস্তদ্বচনং শ্রুত্বা ভগবানক্ষরঃ প্রভুঃ।
প্রোবাচ বচনং হৃষ্টঃ শ্রব্যাক্ষরসমীরিতম্ ॥৪৪॥

বিষ্ণুরুবাচ।

ন তে মহি! ভয়ং কার্য্যং ভারার্ত্তে। বসুধারিণি!।
অহমেব তথা কুর্ম্মি যথা লঘ্বী ভবিষ্যসি ॥৪৫॥

লোমশ উবাচ।

স তাং বিসর্জ্জয়িত্বা তু বসুধাং শৈলকুণ্ডলাম্।
ততো বরাহঃ সংবৃত্ত একশৃঙ্গো মহাদ্যুতিঃ ॥৪৬॥
রক্তাভ্যাং নয়নাভ্যান্তু ভয়মুৎপাদয়ন্নিব।
ধূমঞ্চ জনয়ন্নঙ্ক্যা তত্র দেশে ব্যবৰ্দ্ধত ॥৪৭॥

ভারতকৌমুদী

মমেতি। ব্যপনেতুমপসারয়িতুম্। প্রসাদমনুগ্রহম্ ॥৪৩॥
তস্যা ইতি। অক্ষরঃ অবিনশ্বরঃ। শ্রব্যাক্ষরসমীরিতং মধুরবর্ণসম্বদ্ধম্ ॥৪৪॥
নেতি। তে তব। "বা কর্ত্তরি কৃত্যা" ইতি কর্ত্তরি ষষ্ঠী। কুর্ম্মি করোমি ॥৪৫॥
স ইতি। শৈলঃ পর্ব্বত এব কুণ্ডলং যস্যাস্তাম্। একশৃঙ্গঃ শৃঙ্গবদেকদন্তঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

গৌরবভূকম্ ॥৩৮—৪৪॥ ন তে ত্বয়া, হে মহি! কুর্ম্মি করোমি ॥৪৫—৪৬। ধূমং ধূপং জনয়ন্নিতি হেতৌ শতৃপ্রত্যয়ঃ, যথা যথা ধূমো জগতি তথা তথাঽবৰ্দ্ধতেত্যর্থঃ ॥৪৭॥ অক্ষরো বেদাত্মা।

তখন পৃথিবী বলিলেন—"ভগবন্! আপনার অনুগ্রহেই আমি দীর্ঘকাল যথাস্থানে ছিলাম; কিন্তু ভারাক্রান্ত হইয়া এখন আর সেখানে থাকিতে পারিলাম না ॥৪২॥

অতএব ভগবন্! আপনি আমার এই ভার অপনীত করুন; দেব! আমি আপনার শরণাগত হইয়াছি; প্রভু! আপনি আমার প্রতি অনুগ্রহ করুন ॥৪৩॥

অবিনশ্বর ভগবান্ নারায়ণ পৃথিবীর সেই কথা শুনিয়া আনন্দিত হইয়া এই মধুর বাক্য বলিলেন ॥৪৪॥

বিষ্ণু বলিলেন—"পৃথিবী! ভারার্ত্তে! বসুন্ধরে! তুমি ভয় করিও না। আমিই তাহা করিব, যাহাতে তুমি লঘু (হাল্‌কা) হইবে" ॥৪৫॥

লোমশ বলিলেন—"তাহার পর মহাতেজা নারায়ণ পর্ব্বতকুণ্ডলা পৃথিবীকে বিদায় দিয়া এক বিশালদন্ত শূকর হইলেন ॥৪৬॥

(৪৭)...ধূমঞ্চ জনয়ন্নঙ্ক্যা—বা ব কা নি।

স গৃহীত্বা বসুমতীং শৃঙ্গেণৈকেন ভাস্বতা।
যোজনানাং শতং বীর ! সমুদ্ধরতি সোঽক্ষরঃ ॥৪৮॥
তস্যাঃক্ষোদ্ধার্য্যমাণায়াং সংক্ষোভঃ সমজায়ত।
দেবাঃ সংক্ষুভিতাঃ সর্ব্বে ঋষয়শ্চ তপোধনাঃ ॥৪৯॥
হাহাভূতমভূৎ সর্ব্বং ত্রিদিবং ব্যোম ভূস্তথা।
ন পর্য্যবস্থিতঃ কশ্চিদ্দেবো বা মানুষোঽপি বা ॥৫০॥
ততো ব্রহ্মাণমাসীনং জ্বলমানমিব শ্রিয়া।
দেবাঃ সর্ষিগণাশ্চৈব উপতস্থুরনেকশঃ ॥৫১॥
উপসর্প্য চ দেবেশং ব্রহ্মাণং লোকসাক্ষিণম্।
ভূত্বা প্রাঞ্জলয়ঃ সর্ব্বে বাক্যমুচ্চারয়ংস্তদা ॥৫২॥

ভারতকৌমুদী

রক্তাভ্যামিতি। অক্ষা অনলবন্নেত্রযুগলেন, ধূমঞ্চ জনয়ন্নিবেত্যর্থঃ ॥৪৭॥
স ইতি। শৃঙ্গেণ শৃঙ্গতুল্যেন দন্তেন। স প্রসিদ্ধঃ, অক্ষরঃ অবিনশ্বরঃ ॥৪৮॥
তস্যামিতি। সংক্ষোভঃ সঞ্চলনম্। সংক্ষুভিতাঃ সঞ্চলিতাঃ ॥৪৯॥
হেতি। হাহাভূতং হাহাশব্দযুক্তম্। পর্য্যবস্থিতঃ স্থিরঃ সন্ স্থিতঃ ॥৫০॥
তত ইতি। জ্বলমানং জ্বলন্তমিব, শ্রিয়া তেজসা। উপতস্থুরুপগতাঃ ॥৫১॥
উপেতি। উপসর্প্য উপসৃপ্য। উচ্চারয়ন্ উদচারয়ন্। গুণোঽড়াগমাভাবশ্চার্ষঃ ॥৫২॥

সেই শূকর রক্তবর্ণ নয়নযুগলদ্বারা সকলেরই যেন ভয় জন্মাইতে থাকিয়া এবং সেই নয়নদ্বারা যেন ধূম উৎপাদন করিতে প্রবৃত্ত হইয়া সেইস্থানে বৃদ্ধি পাইতে লাগিল ॥৪৭॥

সেই বরাহমূর্ত্তি অবিনশ্বর নারায়ণ উজ্জ্বল একটা দন্ত দ্বারা পৃথিবীকে ধারণ করিয়া একশত যোজন উর্দ্ধে উত্তোলন করিলেন ॥৪৮॥

পৃথিবীকে উত্তোলন করিবার সময়ে গুরুতর কম্পন হইল; তাহাতে সমস্ত দেবতা ও সমস্ত ঋষি কম্পিত হইলেন ॥৪৯॥

